বাইপ্তকেমিক ভৈষজ্যভত্ত্ব

ও চিকিৎসা-প্রদৰ্শিকা।

Biochemic Materia Medica AND Practice of Medicine IN BENGALI

হোমিওপ্যাথিক সরল গৃহ-চিকিৎসা, পুরাতন রোগ, হোমিওপ্যাথিক চিকিৎসা-দর্পণ, কালাজর ও উহার হোমিওপ্যাথিক চিকিৎসা. বাইওকেমিক রিপার্টরী প্রভৃতি গ্রন্থপ্রণেতা এবং ঢাকা হোমিওপ্যাথিক কলেজ অব ফিজিসিয়ান্স এও সার্জ্জন্মের মেটিরিয়া মেডিকা ও প্রাাক্টিস্ অব মেডিসিনের ভৃতপুর্ব লেকচারার

> **ডাঃ নৃপেন্তাচন্দ্র র**1য় এম্, ডি, বি. এইচ্. এম্ প্রশীত

> > Revised & Enlarged By

Dr. Manindra Chandra Roy II. M. B.

Rabindra Chandra Roy B. A. (Biochemist)

৭ম সংস্করণ

1942

দৰ্কাশ্বন্ধ সংশ্বক্ষিত]

[মূল্য 🔍 মাত্র

প্রকাশক — শ্রীরবীক্ষচক্র রায় বি, এ. হোমিও পাবলিশিং হাউস্ ২নং ওয়ারব্রীট, উরারী, ঢাকা :

Printed By

Kanai Lal Sarkar

At the Hema Printing House, Dacca.

স্বর্গীয় পিতৃদেবের চরণোদ্দেশ্যে অপিত হইল।

প্রথম সংস্করণের বিজ্ঞাপন।

বাইওকেমিক ভৈষজাতত্ত্ব ও চিকিৎসা-প্রদর্শিকার প্রথম সংস্কবণ প্রকাশিত হইল: ইহা মহামতি জব্জ ইউলিয়ম কেরীর স্থবিখ্যাত "বাইওকেমিক সিষ্টেম অব মেডিসিন" নামক প্রস্তুক অবলম্বনে লিখিত। সতোর গতি অপ্রতিহত। অবিশাসীর ফুংকারে উহানিকাপিত হইবার নতে। তাই হোমিওপ্যাথির কায় বাইওকেমিষ্টীর প্রসারও দিন দিন জগদ্যাপ্ত হইয়া পড়িতেছে। যাহার ভিত্তি পূর্ণ সত্যের উপর প্রোথিত, আজকালকার শিক্ষিত জগতে তাহার প্রচার না হইবে কেন? আজ ৪:৫ বংসর যাবং আমবা অভিশয় সাবধানতা ও আগ্রহের সহিত এই ঔষধ ব্যবহার করিয়া চমৎকার ও আশাতিরিক্ত ফল পাইতেছি। তাই, যাহাতে রোগ-শোক ও ছভিক্ষ-প্রপীড়িত নিঃম্ব বাঙ্গালীর গ্রহে গ্রহে এই নবপ্রবর্ত্তিত চিকিৎসা-প্রণালা আদৃত ও পরীক্ষিত হইতে পারে, তন্মানসে এই পুস্তক সম্বলিত হুইল। এতদ্বারা সে উদ্দেশ্য কতদর সাধিত হুইবে বলিতে পারিন।। এৎ নব প্রবর্ত্তিত প্রণালীর চিকিৎসায়, চিকিৎসক ও রোগী উভয়েরই বিশেষ স্থবিধা আছে: প্রথমতঃ, বাইওকেমিষ্ট্রা মতে চিকিৎসায় কেবল মাত্র বারটা 'টিস্ক'' ঔষধ দারা যাবতীয় রোগের চিকিৎসা করিতে হয় ; দিত যৈতঃ, টিম্ম ঔষধের সমস্ত গুলিই আমাদের দেহের উপাদান বিশেষ, মুতরাং নির্দোষ। ইহার সকলগুলিই বিযক্তিয়াবিহান। অভি-প্রয়োগ বা অপপ্রয়োগ জন্ম কোনও প্রকার আশস্কার কারণ নাই। তৃতীয়তঃ,— এই চিকিৎসা স্বল্প সাক্ষেপ। চতুর্থত:—দীর্ঘকাল থাকিলেও প্রবধগুলি নষ্ট হয় না। পঞ্চমতঃ, যৎসামান্ত লেখা পড়া শিথিয়াও এই মতে চিকিৎসা করা যাইতে পারে।

যে চিকিৎসায় এতগুলি স্থবিধা, তাহা সর্বাত্ত বিস্তৃতরূপে প্রচারিত হওয়া বাঞ্চনীয় নহে কি ? যে উদ্দেশ্যে এই পুস্তক সঙ্কলিত হইল এই ক্ষুদ্র পুস্তক দারা তাহার কিয়দংশ সাধিত হইলেও শ্রম সফল জ্ঞান করিব। পুস্তকের কলেবর অত্যন্ত বৃদ্ধি হইবে আশঙ্কায় এসংস্করণে কেবল কয়েকটা প্রধান প্রধান রোগ ব্যতীত, অপর কোনও রোগের লক্ষণ ও কারণ-তত্ত্ব বর্ণিত হয় নাই। সাধারণের উৎসাহ পাইলে পরবর্ত্তী সংস্করণে সে অভাব দ্র করিবার ইচ্ছা রহিল।

সর্বশেষে বিনীত নিবেদন এই যে, এই গ্রন্থের স্থানে ২ মুদ্রান্ধন দোষ থাকিবার সম্ভাবনা ; পাঠক পাঠিকাগণ তাহা মাপ করিবেন।

হোমিওপ্যাথি প্রচার কার্য্যালয় নবাবপুর, ঢাকা। শ্রাবণ। ১৩১৮ সন।

শ্রীনৃপেশুচন্দ্র রায়।

সপ্তম সংস্করণের বিজ্ঞাপন।

অতি অল্পলা মধ্যেই ষষ্ঠ সংস্করণের পৃস্তক নিঃশেষিত হওয়ায় তাড়াতাড়ি করিয়া এই ৭ম সংস্করণ বাহির করিতে হইল। কিরপ জতগতিতে এই নব-প্রবর্ত্তিত চিকিৎসা-প্রণালী এতদেশে সমাদৃত হইতেছে ইহা তাহারই প্রকৃষ্ট প্রমাণ। এ চিকিৎসায় চিকিৎসক ও রোগী উভয়েই তুল্য ফল না পাইলে এই বিদেশা ও বিজ্ঞাতীয় চিকিৎসা-প্রণালী কথনও এ দেশে এইরপ জতগতিতে বিস্কৃতি লাভ করিতে পারিত না। যে উদ্দেশ্রে সর্ব্ব-প্রথম এই গ্রন্থ লিখিত ও প্রচারিত হইয়াছিল তাহা কথনও বার্থ হয়় নাই, বরং সিদ্ধই হইয়াছে বলিতে হইবে। অধিকস্ক, আমি বিশেষরূপে অবগত আছি, কেবলমাত্র এই একখানি গ্রন্থের সাহায়েই চিকিৎসা করিয়া বহু বাঙ্গালী মুবক এই গ্রন্ধিনে সংসার প্রতিপালন করিতেছেন এবং কতিপয় লন্ধ-প্রতিষ্ঠ বিশ্ববিত্যালয়ের উপাধিষারী এলো-প্যাথিক ডাক্তার ও কবিরাজ (B. A. & M. B.) এই চিকিৎসার চমৎকার স্কৃচল দর্শন করিয়। ইহা গ্রহণ করিতে দ্বিধা বোধ করেন নাই।

ভারত তাহার ক্কৃষ্টি ও সভ্যতার দান যেমন অতি প্রাচীনকাল হইতেই সমগ্র বিশ্বকে দান করিয়া আসিয়াছে, তেমনি অন্তের যাহা কিছু ম্ল্যবান্—
যাহার উৎকর্ষ সত্যের উপর প্রতিষ্ঠিত, তাহাও সে গ্রহণ করিতে দিধা
বোধ করে নাই। এই সত্যাকুসন্ধিৎসা এবং গ্রহণনালতা ভারতীয় জাতীয়
চরিত্রের অন্ততম বৈশিষ্ট্য। বাইওকেমিষ্ট্রার ন্তায় অতি আধুনিক চিকিৎসাবিজ্ঞানের এ দেশে অতি ক্রত প্রসার ইহার অন্ততম নিদর্শন।

চিকিৎসা-বিজ্ঞান আৰুও তাহার অত্রাপ্ত ও পূর্ণাঙ্গ অবস্থায় পৌছিতে পারে নাই। কিন্তু এ কথা আমাদের স্বীকার করিতেই হইবে যে, বর্ত্তমান্ মুগে এই বিজ্ঞানে যে উৎকর্ষ দেখিতে পাইতেছি, সভ্যতার অতি আদিম শবস্থায় ইহা মানবের কল্পনাতীত ছিল। ভবিশ্বতে যে ইহা সমধিক উৎকর্ষ লাভ করিয়া একদিন পূর্ণাঙ্গ অবস্থায় পৌছিতে পারিবে না, ইহা আজ একমাত্র শুক্ত ও হঃখবাদীরা (ignorants & pessimists) ভিন্ন আর কেহই বিশ্বাস করেন না।

আজ বাইওকেমিষ্ট্রীর এই অসাধারণ উৎকর্ষের জন্ম পূর্ববর্ত্তী অন্থান্থ চিকিৎসা-বিজ্ঞানের আবিদ্ধর্তাদের নিকট আমাদের ঝণ অকপটে স্বীকার করিতেই হইবে। বাইওকেমিষ্ট্রীর এই উন্নতির মূলে রহিয়াছে বিভিন্ন চিকিৎসা-বিজ্ঞানের মনীষীদের নিগৃত্ সাধনার ফল। হোমিওপ্যাথি এবং বাইওকেমিষ্ট্রির আবিদ্ধর্তা মহামতি হানিম্যান্ ও মেডি স্থসলার উভয়েই জার্ম্মেণীর খ্যাতনামা এলোপ্যাথিক চিকিৎসক ছিলেন। কিন্ত তাহারা যে মুহুর্ত্তে তাহাদের অবলম্বিত চিকিৎসা-বিজ্ঞানের ভ্রম বুঝিতে পারিলেন, তন্মুহুর্ত্তেই তাহা ত্যাগ করিতে কুষ্ঠাবোধ করেন নাই। ইহাদের ক্যায় জগদ্বিখ্যাত আরও কতিপয় এলোপ্যাথিক চিকিৎসকও তাহাদের অবলম্বিভ চিকিৎসা-বিজ্ঞান সম্বন্ধে অভি সরলভাবে তাহাদের অভিজ্ঞতালন্ধ যে সত্য ও মতামত প্রকাশ করিয়াছেন, তাহা আমরা পাঠক পাঠিকাগণের অবগতির নিমিত্ত এই গ্রন্থের পরিশিষ্টে "কতিপয় অভিজ্ঞ চিকিৎসকের অভিমত" নার্যক প্রবন্ধ উদ্ধৃত করিলাম।

আমি আশাবাদী এবং আমি আমার স্বদেশবাসীর আন্তরিকতার বিশ্বাস করিয়া এই আশা পোষণ করি যে, যাহা আছে ্হাহা হইতে উন্নত-তর এবং উৎকৃষ্টতর চিকিৎসা-পদ্ধতি তাঁহারা চাহেন। কিন্তু এমনও কেহ কেহ আছেন, যাহার। ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্ত, গোড়ামীর বনাভূত হইরা, রোগী—তথা স্বদেশবাসীর স্বার্থেরদিকে বিন্দুমাত্রও দৃক্পাত করেন না। তাঁহারা বিজ্ঞানের অগ্রগতির পথ রোধ করিতে দ্বিধা বোধ করেন না; প্রাণশক্তির উৎস স্বরূপ প্রভাতের স্থ্যালোক হইতে নিঃসঙ্কোচে

চকু ফিরাইয়া লইয়া যান। কিন্তু আমাদের বিশ্বাদ করিতে হইবে তাঁহাদের সংখ্যা অতি অল্ল; অধিকাংশ লোকই এই নৃতন বিজ্ঞানের উৎকর্ষে মুগ্ধ হইয়া ইহাকে সাদরে গ্রহণ করিবে।

শৃত্যে সৌধ নির্মাণ করা যায় না। তাই, বাইওকেমিট্রির ন্থায় এই অতি আধুনিক বিজ্ঞানও স্বকীয় গুণে ভারতবর্ষের ন্থায় স্বদ্ব প্রাচ্যে প্রদার লাভ করিয়াছে। ডাঃ স্প্লার বাইওকেমিট্র স্বরূপ যে বীজ্ব বপন করিয়া গিয়াছিলেন ভাষা ক্রমে ক্রমে অঙ্কুরিত ও পরিবন্ধিত হইয়া আজ শাখা-প্রশাখা ও পত্তে-পুম্পে পরিশোভিত হইয়াছে এবং পৃথিবীর স্বস্থাতি রোগক্রিষ্ট নরনারা ইহার স্থাতিক ছায়ায় আশ্রম লাভ করিয়া শান্তিলাভ করিতেছে।

ক্রমশংই এই পুস্তকের চাহিদা বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে দেখিয়া উৎসাহিত হইয়া, এবং পাঠক-পাঠিকাগণের অভাব দ্রীকরণ মানসে এই সংস্করণের প্রায় সর্বত্রই বহু নৃতন বিষয় সংযোজিত করিয়া দিয়াছি। অভিজ্ঞতালক বহু বিষয় এবং চিকিৎসিত বহু রোগীর বিবরণও এই সংস্করণে সন্নিবেশিত হইয়াছে। ইহাতে গ্রন্থের কলেবর প্রায় শতাধিক পৃষ্ঠা বৃদ্ধিত হইয়াছে।

বর্ত্তমানে বিশ্বব্যাপী যুদ্ধের দরুণ কাগক একরপ ছল্রাপ্য এবং উহার মূল্যও প্রায় চতুর্গুণ বন্ধিত হইরাছে। আমার পরম হিতৈষী ও অরুক্তিম বন্ধু "হরদেও গ্লাস ফ্যাক্টরীর" অক্সতম স্বত্বাধিকারী শ্রীযুক্ত রামধন টোড়ি এবং শ্রীযুক্ত ব্রজ্ঞলাল টোড়ি এই পুস্তকের সম্পূর্ণ কাগক এককালীন পূর্ব্বেই প্রদান করিয়া আমার বিশেষ উপকার করিয়াছেন। ইহাদের এই সাহায্য বাতীত এই সমর এইরূপ বৃহৎ-গ্রন্থ কথনও প্রকাশ করিছে পারিভাম না। একর আমি তাঁহাদের নিকট চিরক্তক্ত রহিলাম। কাগকের মূল্য এবং গ্রন্থের আকার বন্ধিত হওয়ার পুস্তকের মূল্য সামান্ত বন্ধিত করিয়া ৩ টাকা মাত্র ধার্য্য করা হইল। এই নৃত্তন সংক্ষরণের

পরিবর্জনে আমার প্রন্ধর শ্রীমান্ মণীক্রচক্র রায় ও শ্রীমান্ রবীক্রচক্র রায় বি. এ আমার বিশেষ সহায়তা করিয়াছে। এখন পাঠক-পাঠিকাগণ গ্রন্থথানিকে পূর্ব্বের জায় প্রীতির চক্ষে দেখিলে এবং ইহালারা রোগক্রিষ্ট-জনগণের কিঞ্চিন্মাত্রও উপকার হইলে শ্রম সফল জ্ঞান করিব। পরিশেষে নিবেদন, অতি ক্রত এই প্স্তুক মুদ্রিত হওয়ায় এবং স্বয়ং "প্রফ-শিট" দেখিতে না পারায়, স্থানে স্থানে মুক্তক্রন-দোষ থাকিতে পারে; পাঠক-পাঠিকাগণ মরালধর্ম অনুসরণকরতঃ গ্রন্থের দোষাংশ বর্জন করিয়া গুণাংশ গ্রহণ করিলে চিরক্লতক্ত থাকিব। ইতি—

দোল-পূৰ্ণিমা. ১৩৪৮ সন **শ্রীনৃতপক্রচন্দ্র রায়** হোমিও পাবলিশিং হাউস্, উয়ারী, ঢাকা।

অবতরণিকা

বাইওকেমিপ্টির উৎপত্তি।

"প্রকৃত বস্ত দারা অভাব পূরণ করা" অর্থাৎ "শরীরে যে যে পদার্থের অভাব বা ন্যুনতা বশতঃ রোগোৎপর হয়, ঠিক সেই সেই পদার্থ দারাই উক্ত অভাব বা ন্যুনতার পরিপূরণ করা" ইহাই বাইওকেমিক চিকিৎসার মূলস্ত্ত । Bios (বাইয়স) ইহা একটা গ্রীক্ শব্দ । ইহার অর্থ নিতি অর্থাৎ জীবন । Chemistr; (কেমিষ্টা) শব্দের অর্থ রসায়ন-শাস্ত্র । অতএব বাইওকেমিষ্টা শব্দের অর্থ—জৈবনিক রসায়ন শাস্ত্র ।

প্রাণী-দেহ সাধারণতঃ অর্গানিক (organic) অর্থাৎ জান্তব, এবং ইন্অর্গানিক (inorganic) অর্থাৎ ধাতব এই তুই প্রকার পদার্থের সমবায়ে
রাসায়নিক প্রক্রিয়ায় নির্মিত হইয়া পরিপুষ্ট, পরিবর্দ্ধিত ও পরিরক্ষিত
হইয়া থাকে। জীবিত শরীরে পূর্ব্বোক্ত জান্তব ও ধাতব এই তুই প্রকার
পদার্থের মধ্যে পরম্পর অংশ বিশেষের আদান প্রদান হইয়াই এরপ ১ইয়া
থাকে।

জীবিত শরীরে কথনও জাস্তব পদার্থের অভাব ঘটে না। অভাব হইলে ধাতব পদার্থেরই হইয়া থাকে। যদি কথনও কোন ধাতব পদার্থের অভাব হয়, তবে তথন সেই পদার্থের সহিত রাসম্বনিক সম্বন্ধ কোনও জাস্থব পদার্থ, কার্য্যকারীর অভাবে, দেহের পক্ষে উপদ্রন্ধকারী হইয়া উঠে এবং প্রাক্ততিক উপায়ে দেহ হইতে নিজ্ঞাস্ত হইতে চেষ্টা করে। জাস্তব পদার্থ সকল এবম্প্রকারে দেহ হইতে বাহির হইবার কালে কতকগুলি লক্ষণ প্রকাশ করে। উহাই—

রোগনামে অভিহিত হইয়া থাকে।

লক্ষণ দৃষ্টে, যে ধাতব পদার্থের অভাব ঘটিয়াছে তাহা ঔষধ স্বরূপ গ্রহণ করিলে শীঘুই তাহার পরিপূর্ণ হয়, অর্থাৎ রোগলক্ষণ দূরীভূত হট্য়া যায়।

১৮০২ খৃষ্টাকে একথানি জার্দ্মাণ সংবাদ পত্রে কোনও বিজ্ঞ চিকিৎসক লেখেন "মন্থ্য দেহের অত্যাবশুকীয় উপকরণ সমূহই উত্তম ঔষধ।" তৎপর, ১৮৪৬ খৃঃ অঃ অপর জনৈক অভিজ্ঞ চিকিৎসক উক্ত পত্রিকায় লেখেন "মন্থয় দেহের যে যে যন্ত্র যে যে অত্যাবশুকীয় পদার্থ দ্বারা নির্মিত, তাহারা তত্তৎ দ্বানেই কার্য্যকারী।" ইহার পর ১৮৭৩ খৃঃ অঃ জার্মেণীর অন্তর্গত ওল্ডেনথার্গ নিবাসী ডাক্তার মহামতি মেডি সূসলার লিপ্জিক্ হোমিওপ্যাথিক গেজেট নামক সংবাদপত্রে একটা প্রবন্ধ লেখেন—"এক বংসর হইল আমি এই সকল টিম্ম ঔষধ দ্বারা রোগারোগ্য করা যায় কিনা ভাহা পরীক্ষা করিয়া বিশেষরূপে কুত্রকার্য্য হইয়াছি।"

এই প্রবন্ধ বাহির হইবার পরই জনৈক ডাক্তার উহার প্রতিবাদ করেন ও ডাঃ মহামতি স্পলারকে তাঁহার পরীক্ষিত নৃতন চিকিৎসার বিস্তারিত বিবরণ প্রকাশ করিবার জ্ঞ অমুরোধ করেন। তাহাতে তিনি উক্ত পত্রিকার "Abridged System of Therapeutics" নামক এক বিস্তৃত প্রবন্ধ লেখেন। এইচ্ সি, জি, লুটিস্ নামক আমেরিকার জনৈক স্থপ্রসিদ্ধ ডাক্তার প্রথমে উক্ত জার্মাণ প্রবন্ধের ইংরেজী অমুবাদ করিয়া Homeopathic News নামক পত্রিকার প্রকাশ করেন। এই অমুবাদ বাহির হইবার পরই চারিদিকে মহা হুলুমুল পড়িরা যায়। ইহার পর ডাঃ হেরিং "দ্বাদশ টিস্থ রেমিডি" সম্বন্ধ একথানি পুস্তিকা প্রকাশ করেন। এই পুস্তিকায় তিনি ডাঃ স্বস্থারকে প্রচুর ধন্থবাদ প্রদান করেন এবং তাঁহার প্রচারিত মতের পরীক্ষা করিয়া সভ্যতা উপলব্ধি করিবার জন্ম জনসাধারণকে অমুরোধ

করেন। প্রথম প্রকাশিত হইবার পর, অতি অল্প কাল মধ্যেই এই পুপ্তিকার কতিপর সংস্করণ নিঃশেষিত হইরা যায়। ইহার পর, শীঘই প্রেটব্রিটেন, জার্মেণী ও আমেরিকায় এই নৃতন মতের কতকগুলি পুস্তক ও পুস্তিকা প্রকাশিত হওয়ায় নৃতন মত প্রচারের বিশেষ স্থবিধা ও জগতের মহান্ অভাব দ্রীভূত হইয়াছে। আজ সমগ্র জগৎ এই মহা সত্যের সত্যতা নিরীক্ষণ ও উপলব্ধি করিতে সমর্থ হইয়াছে। দিন দিনই ইহার প্রসার জগদ্যাপী হইয়া উঠিতেছে। তাই আজ বাঙ্গালার স্দ্র পল্লীতে পল্লীতে পর্যান্ত ইহার নাম প্রতিধ্বনিত।

কোনও কোনও অজ ব্যক্তির মতে "বাইওকেমিট্রী" ও "হোমিওপ্যাথি" একই জিনিষ; কিন্তু এই সিদ্ধান্ত সম্পূর্ণ ভ্রমাত্মক। উভয় চিকিৎসার মূলমন্ত্র বা মত সম্পূর্ণ স্বতন্ত্র। হোমিওপ্যাথির মূল স্ত্র, "সমঃ সমং শময়তি" আর বাইওকেমিট্রীর মত—"যে বল্পর অভাব, সেই বল্প দারাই তদভাবের পূরণ করা।"

বাইওকেমিক মতে, রোগীর লক্ষণ দৃষ্টে, শরীরে কোন্ কোন্ লাবণিক পদার্থর অভাব হইরাছে তাহা স্থির করিয়া ঐ সব লাবণিক পদার্থই ঔষধরূপে রোগীকে সেবন করিতে বিধি দেওয়া হইয়া থাকে। এই সব "লাবণিক পদার্থ মানব-দেহেরই উপাদান বিশেষ, স্মৃতরাং বাইও-কেমিটগণ এই সকল লাবণিক পদার্থকে ঔষধ না বলিয়া টিগু-ডায়েট (tissue-diet) আখ্যা দিয়া থাকেন। ইহাই অধিকতর সমীচীন বলিয়া বোধ হয়। বাইওকেমিক মতে, মানব-দেহের কোন কোন উপাদানই ঔষধরূপে ব্যবস্থা করা হয়য়া থাকে; শরীরের উপাদান নয়, এয়ন কোনও পদার্থই ব্যবস্থা করা হয় না। হোমিওপ্যাথি, এলোপ্যাথি এবং কবিরাজী প্রভৃতি অপরাপর চিকিৎসাপদ্ধতিমতে, দেহের উপাদান নয়, এয়প বছ পদার্থই (য়হা উগ্র বিষ বিশেষ এরূপ পদার্থন্ত) প্রয়োজিত হইয়া থাকে এবং

সময় সময় ঐ সব বিষাক্ত পদার্থের অপ-প্রয়োগে দেহের গুরুতর ক্ষতি এবং প্রাণহানি পর্যান্তও ঘটিয়া থাকে। এজন্ত স্পলার ঐ সব চিকিৎসা-প্রণালার (যদিও উহা ঘারা জগতের মহান্ উপকার সাধিত হইওেছে) দোষ প্রদর্শন পূর্বেক বিশেষ নিন্দা করিয়াছেন। তাঁহার মতে, একমাত্র বাইওকেমিক চিকিৎসাই প্রকৃত যুক্তিযুক্ত ও বিচার-সম্মত চিকিৎসা বা rational treatment. স্প্লারের পর, জার্মাণীর অপর মনীধী, ডাঃ লুইকুনে Nature cure বা জল ও মাটী ঘারা চিকিৎসা-প্রণালীর উদ্ভাবন করেন। ইহাও স্প্লারের স্বভাব চিকিৎসারই অন্তর্গত বটে।

বাইওকেমিক মতে যে সব লাবানক পদার্থ ঔষধরূপে বাবহৃত হইয়া থাকে উহার সকলই নিদোষ। রোগীর লক্ষণ দৃষ্টে যে সব ''টিণ্ড' ঔষধ ব্যবহার করা হয়, ভাহার অভিপ্রয়োগ বা অপ প্রয়োগেও শরীরের কোন হানি জন্মে না। শরারের যাবতীয় টাক্তই রক্ত হইতে তাহাদের প্রয়োজনীয় পদার্থ গ্রহণ করিয়। মভাবের পুরণ করিয়া থাকে, প্রয়োজনের অভিরিক্ত পদার্থ গ্রহণ করিবার ভাহাদের। টিভগুলির) ক্ষমভাই নাই। দৃষ্টান্ত স্বরূপ দেখান ষাইতে পারে যে, একগ্রাস সরবং তৈয়ার করিতে যে পরিমাণ চিনির দরকার. তদতিরিক্ত চিনি ঐ প্লাসে দিলে, জল সবগুলি চিনিই গ্রহণ করিতে সমর্থ इहेरव ना, ज्ञानत প्रमान्शिन रा প्रिमान हिनि গ্রহণ করিতে সমর্থ, কেবল ভাহাই ভাহারা গ্রহণ করিবে, অভিরিক্ত চিনি গ্লাসের নিমে জমিয়া थाकित्व। এইরূপ আমরা দেখিতে পাই, সূর্য্য কিরণে সকল প্রকার ৰৰ্ণক পদাৰ্থ (colouring matter) বিজ্ঞমান থাকিলেও সকল বুক বা লভাপাতাই উহার সকলগুলিই গ্রহণ করে না, নিজ নিজ প্রয়োজন মত বিশেষ বিশেষ পদার্থ মাত্র গ্রহণ করিয়া থাকে। এইরূপ মৃত্তিকার রুদে জাবজগতের নিশ্মাণ ও সংরক্ষণের পক্ষে যে যে পদার্থের প্রয়োজন এক কথায় সর্বাপ্রকার ভৌতিক পদার্থ ই, বিখ্যমান্ আছে। কিন্তু তাই

বলিয়া সকল বৃক্ষ বা লভাপাভাই ঐ মৃত্তিকা-রস হইতে যাবভীয় দ্রবাই গ্রহণ করে না. নিজ নিজ প্রয়োজন মত দ্রব্যাদি গ্রহণ করিয়া থাকে। এই জন্তই আমরা দেখিতে পাই—একই ভূমিতে উৎপন্ন নানা প্রকার বক্ষের নানা প্রকার পাতা, উহা নানা বর্ণ এবং বিভিন্ন প্রকারের বক্ষের ফলের বিভিন্ন প্রকার আস্বাদ। সকলেই যদি একই জিনিষ গ্রহণ করিত তবে সব জিনিষেরই একই স্বাদ এবং একই আকার ও প্রকৃতি হইত। কিন্তু তাহা না হইয়া একটা ভিক্ত, একটা অমু ও একটা মধুর স্বাদ বিশিষ্ট হইল কেন ? আম কঠি, নিম কঠি শাল কঠি প্রভৃতি বিভিন্ন প্রকার কাঠের উৎপত্তি হইল কি করিয়া? ভগবান স্বষ্টির প্রাক্কালে প্রভ্যেক জিনিষকেই বিভিন্ন উদ্দেশ্যে সৃষ্টি করিয়াছেন এবং এই সৃষ্টিকালেই জীব-জগতের বীজের পরমাণুগুলির ভিতর বিশেষ একটা বাক্ষী শক্তি (power of selection) দিয়া সৃষ্টি করিয়াছেন। এই বিশেষ নির্বাচনী-শক্তির বলেই প্রত্যেক টিশু তাহার পক্ষে প্রয়োজনীয় পদার্থ রক্ত হইতে গ্রহণ করিয়া থাকে এবং এইরূপ শক্তির বলেই অপ্রয়োজনীয় পদার্থ দেহ হইতে নিজ্ঞান্তও করিয়া থাকে। (thrown out of the system)

আমরা এই জাগতিক ব্যাপারে দেখিতে পাই, ইন্টক-নির্দ্মিত ঘর মেরামত করিতে হইলে ইট চূল, স্ফুকি, সিমেন্ট এবং লোহ ও কাষ্ঠ ব্যতীত অপর কোনও পদার্থের প্রয়োজন হয় না। তজ্ঞপ খড়ের ঘর মেরামত করিতেও বাঁশ, খড় এবং বেত বা রশি ব্যতীত অপর কোনও বিসদৃশ (dis-similar) পদার্থের প্রয়োজন হয় না। সেইরূপ রুগ্গ, মাবব-দেহ রোগ মুক্ত (বা মেরামত) করিতে গেলেও যে যে উপাদানে উহা গঠিত, ঠিক সেই সেই পদার্থই ব্যবহার করা উচিং। ইহাই অধিকতর বিজ্ঞান সন্মত, বিচার-সন্মত ও যুক্তি সঙ্গত চিকিংসা-প্রণালী. (more scientific, logical and rational treatment.)

বাইওকেমিক ঔষধ সকলের পূর্ণ ও সংক্ষিপ্ত নাম।

> 1	ক্যাঙ্কেরিয়া ফ্লোরিকা—	(ক্যাব্ধ-ফ্লোর)।
٦ ١	ক্যান্ধেরিয়া ফসফরিকা—	(ক্যান্ধ-ফস্)।
01	ক্যান্ধেরিয়া সলফিউরিকা—	(ক্যান্ত সলফ)।
8 1	ফিরম ফসফরিকম—	(ফিরম-ফস)।
e 1	ক্যালীমিউরিয়েটিকম—	(ক্যালী-মিউর)।
७।	কাালী ফসফরিকম্—	(ক্যালী-ফ্স)।
9 1	ক্যালী-সলফিউরিকম্—	(कारानी मनक)।
61	ম্যাগ্রেশিয়া ফসফরিকম্—	(ম্যাগ্র-ফস)।
۱۵	নেট্রম-মিউরিয়েটিকম্—	(নেট্রম-মিউর)।
> 1	নেট্রম ফসফরিকম্—	(নেট্রম ফস)।
>> 1	নেট্রম সলফিউরিকম্—	(নেট্রয-সলফ)।
>२ ।	শিলিশিয়া—	(সিলি)।

এই বারটী ধাতব লাবণিক পদার্থ ই মানবদেহ রক্ষার প্রধান উপকরণ।
পূর্ব্বোক্ত দ্বাদশটী লাবণিক পদার্থ ব্যতীত শরীরে আরও কতিপয় ধাতব
লবণ দৃষ্ট হয় বটে কিন্তু ঔষধার্থে ঐগুলির কোন্তু আবশুক হয় না।

পূর্বেই উল্লেখিত হইয়াছে যে মানব দেহ **ধাতৰ ও জান্তৰ** এই হুই প্রকার পদার্থের সমবায়ে গঠিত। এতন্মধো জান্তব পদার্থের অংশ ১০ ভাগ; চর্বির, শর্করা ও অগুলাল প্রভৃতিরূপে ইহারা দেহে বর্ত্তমান। অবশিষ্ট 🖧 ভাগ ধাতব পদার্থে গঠিত। এই 🖧 ভাগের 🖧 ভাগই জল বক্রী 🖧 অংশ পূর্বোক্ত দ্বাদশ বা ততোধিক ধাতব-লবণ। পূর্বে ইহাও

উল্লেখিত হইয়াছে যে এই ধাতব লবণ ব্যতীত জ্বাস্তব পদার্থ সকল দেহে কার্য্যকারী হইতে পারে না।

কি প্রকারে এই ধাক্ষব-লবণ সকল গৃহীত হইয়া থাকে ?

স্থাকিরণ, নিঃশ্বনিত-বায়ু এবং আহাগ্য ও পানীয় দ্রব্যের সহিত পুর্বোক্ত ধাতব পদার্থ নিচয় শরীরাভান্তরে গৃহীত হইয়া থাকে। ভুক্ত ও পীত (যাহা পান করা হইয়াছে) দ্রব্য সকল লালা, আমাশয়-রস (গ্যান্ত্রিক যুস্) ক্লোমনরস প্রভৃতির সহিত মিলিত হইয়া পরিপাচিত হইবার পর, আচুষিত হইয়া রক্তবহানাড়ী মগুলীতে প্রবেশ করে। রক্তবহানাড়ীতে প্রবেশ করিবার পূর্বের ইহার বর্ণ হয়বং শুল্র থাকে। তথন ইহাকে কাইল (chyle) বলে। এই কাইলমিল্রিত রক্ত তৎপর রক্তসঞ্চলন প্রক্রিয়ায় কুসকুসে প্রবেশ করে। কুসফুসের ভিতর নিঃশ্বাস যোগে গৃহীত বায়ু হইতে অক্সিক্তেন প্রাপ্ত ইয়া এই কাইল মিল্রিত রক্ত বিশোধিত হয় ও উজ্জ্বল-লোহিত বর্ণ ধারণ করে। এই বিশোধিত রক্ত তৎপর ধমনী ও কৈশিকা নাড়ীর সাহায্যে সর্বাঙ্গে সঞ্চালিত হইয়া শরীরের প্রত্যেক বিধান বা টিস্ক্রকে (রক্তের সহিত মিল্রিত পূর্ব্বোক্ত লাবণিক পদার্থ নিচয়ের মধ্য হইতে) বাহার যে দ্রব্যের প্রয়োজন ভাহাই সরবরাহ করিয়া থাকে।

কেন রোগ হয় ?

প্রতিনিয়তই আমাদের শরীর ক্ষয় প্রাপ্ত হইতেছে। প্রতিদিন পানাহারাদি ঘারা আমরা ঐ ক্ষরেয় পূরণ করিয়া থাকি। কিন্তু যদি কোনও
কারণে আমাদের পরিপাক-মন্তের বিশৃন্ধলা ঘটিয়া ভুক্তদ্রব্য আশোষণে
ব্যাঘাত ঘটার, তবে নিশ্চিতই আবশুকীয় লাবণিক পদার্থের অভাব নিবন্ধন
আমাদের নানা প্রকার রোগ জন্মিবার সন্তাবনা। (প্রথমে একটি পদার্থের

মভাব হুইলে বদি শীঘ্রই ঐ অভাব পূরণ করা না যায়, তবে সম্বরই আবার প্রথম অভাবটার পরিণাম স্বরূপ অক্যান্ত পদার্থের অভাব ঘটবার সম্ভাবনা):

যেমন ক্যাল্ক-ফদ, এই ধাতব পদার্থের সহিত দেহস্থ আগুলালিক পদার্থের বিশেষ বাসায়নিক সম্বন্ধ আছে। আগুলালিক পদার্থের সহিত মিশ্রিত হইয়া ইহা পেশী, অন্থি প্রভৃতি বিধান (টিন্থ) নির্মাণ করে। কিন্তু যদি কোনও কারণে রক্তে এই ক্যাল্ক-ফদের অভাব হয়, তবে দেহস্থ আগুলালিক পদার্থ কার্য্যকারীর অভাবে দেহ হইতে নিজ্ঞান্ত হইতে চেষ্টা করিবে। যথা, শরারের কোনও পথে আগুলালিক পদার্থ নিজ্ঞান্ত হইতে দেখিলে ক্যাল্ক-ফদের অভাব ব্ঝিতে হইবে। এইরূপে, লক্ষণ দৃষ্টে, যে বস্তুর অভাব ঘটিয়াছে ভাহা জানিয়া তদভাবের পূরণ করিতে পারিলেই—

বাইওকেমিক চিকিৎসকের কর্ত্তব্য

করা হইল। যে দ্রবোর অভাব ঘটিয়া থাকে উহাই

সূক্ষ মাত্রায়

সেবন করিতে দিলে ব্যাধির উপশম হইয়া থাকে। স্ক্র মাত্রায় ঔষধ
দ্রব্য কেন ব্যবহার কবিতে হয় ভাহার কারণ এই—থাত বা ঔষধ আশোষিত
হইয়া রক্তে মিশ্রিত না হইতে পারিলে কার্য্যকারী হইতে পারে না।
পরিপাক-য়য় হইতে রক্তসঞ্চলন ময়ে মিলিত হইতে অভিস্ক্র কৈশিকানাড়ী
(capillary) সমূহ একমাত্র পথ। এই স্ক্রপথে প্রবেশ করিতে পারে এজন্ত
ঔষধ সমূহ স্ক্রাকারে ব্যবহার করা একান্ত প্রয়োজনীয়। স্থল মাত্রায় ঔষধ
প্রয়োগ করিলে উহার অভি অল্লাংশই আশোষিত হইয়া রক্তে প্রবেশ করিতে
সমর্থ হয়। বিশেষতঃ কয় শরীরে পরিপাক-য়য় স্বভাবতঃই অল্লাধিক
কয়য় হইয়া পড়ে। এমভাবস্থায় কয় পরিপাক-য়য়কে কায়্য করিতে দিয়া
আরপ্ত ত্র্বল করা অপেক্ষা স্ক্রে মাত্রায় ঔষধ দিয়া উহাকে বিরাম লাভ

করিতে দেওয়া সঙ্গত নহে কি ? বিশেষতঃ পুরাতন রোগাদিতে পরিপোষণা-ভাবে পাকস্থলীর অভ্যস্তরে নানা প্রকার অকার্য্যকরী পদার্থ সমূহ সঞ্চিত থাকায় আশোষণ কার্য্য উত্তমরূপে নির্ব্বাহ হইতে পারে না। এই জ্বভূই হোমিওপ্যাথিক এবং বাইওকেমিক চিকিৎসায় পুরাতন রোগে সাধারণতঃ উচ্চ ক্রমের ঔষধ ব্যবহৃত হইয়া থাকে এবং এই কারণেই রোগীকে যতদুর লঘু পথ্য সম্ভব ভাহাই ব্যবস্থা করা চিকিৎসক্রের অপর প্রধান কর্ত্তব্য কর্ম।

শর্করা মানব দেহের একটা প্রধান উপকরণ। হগ্ধ-শর্করা ভৈষজ্ঞ গ্র-বিহীন পদার্থ। মানবদেহে রাসায়ণিক পরীক্ষায় স্পিরিট বা তত্ত্ব্য কোনও পদার্থই পাওয়া যায় না। স্তরাং স্পিরিট অপেক্ষা ত্বপ্ত করা সম্বিক সমাচীন।

রোগ বিশেষে ব্যবহৃত ঔষধের ক্রম বা শক্তি।

ডাঃ স্মলার প্রম্থ বিজ্ঞ চিকিৎসকগণ তরুণ পীড়ায় ৩× ও ৬× ক্রম, এবং পুরাতন পীড়ায় ১২×, ৩০× এবং আবশুক হইলে ২০০× ক্রম ব্যবহার করিতে উপদেশ দেন।

ঔষধের পুনঃপ্রয়োগ কাল।

সদি, কাসি, দ্বর ও অভিসারাদি তরুণ পীড়ায় সাধাণত হ।০ ঘণ্টাস্তর এবং প্রাতন পীড়াদিতে দিবসে মাত্র হা০ বার ঔষধ দেওয়া কর্ত্ব্য। খাস কাস, ওলাউঠা বা শূল-বেদনাদিতে আবশুক মত ৫।১০।১৫ মিনিট অন্তর ঔষধ দেওয়া উচিত। উপকার দর্শিতে থাকিলে ক্রমে ক্রমে দীর্ঘকাল পর পর দেওয়া যাইতে পারে। উষ্ণ জলের সহিত গুলিয়া খাইলে ঔষধের ক্রিয়া আভি সন্থর দর্শে। শূল বেদনা, তরুণ সদ্দি প্রভৃতি রোগে উষ্ণ জলের সহিত মিশ্রিত করিয়া থাইতে দেওয়া কর্ত্ব্য। পুন: পুন: ঔষধ সেবনের প্রয়োজন হইলে ১৫ গ্রেণ পরিমিত ঔষধ ৮ আউন্স উষ্ণ জলের সহিত গুলিয়া পুন: পুন: এক এক চামচ করিয়া থাইতে দিবে।

মাত্ৰা।

বাইওকেমিক ঔষধের মাত্রা পূর্ণ বয়স্ক ব্যক্তির পক্ষে ৪ গ্রেণ। ছই বা ভভোধিক ঔষধ এককালে ব্যবহার করিবার আবশুক হইলে মাত্র। কিছু কম করিয়া দেওয়া উচিত। কোন কোন ডাক্তারের মতে

তুই বা ততোধিক ঔষধ এক কালে ব্যবস্থেয়

হইলে পৃথকরূপে পর্য্যায়ক্রমে, এবং কাহারও কাহারও মতে একত্র মিশ্রিত করিয়া দেওয়া কর্ত্তব্য। বাহাহউক, ইহাতে বাবস্থেয় ঔষধের ক্রিয়ার বিশেষ কোন বিদ্ন ঘটে না। শেষোক্ত মতের পক্ষপাতিগণ ফদফেট সকল একত্র মিলাইয়া এবং অক্যান্ত ঔষধ সকল পর্য্যায়ক্রমে পৃথকরূপে দিতে উপদেশ দেন।

ঔষধের বাহ্য-প্রয়োগ।

শাভ্যন্তরিক ঔষধ সেবন কালে কোন কোন ঔষধের বাহ্য প্রয়োগও প্রয়োজনীয় হইয়া পড়ে। ইহা নানাপ্রকারে সংসাধিত হইতে পারে। উষ্ণজন,ভেদিলিন গ্লিদিরিণ বা পুল্টিদ সহযোগে ব্যবহার করা যাইতে পারে। কোন কোন চর্মরোগে ৩ × ক্রমের বিচুর্ণন ১৫ গ্রেণ ২৩ দের উষ্ণ জলের সহিত মিশ্রিত করিয়া, এবং ক্ষত, কাটা ঘা, বা প্রদাহাদিতে প্রয়োগ করিতে হইলে উক্ত পরিমাণে ঐ ঔষধ অর্দ্ধদের পরিমিত জলের সহিত মিশ্রিত করিয়া লোশন বা ধাবন রূপে ব্যবহার করা কর্তব্য। ক্ষতাদিতে লোশন বাতিরেকে উক্তপরিমাণ প্রযধ ১ আউষ্ণ পরিমিত ভেদিলিন বা গ্লিদিরিণের সহিত মিশ্রিত করিয়া মলমরূপেও ব্যবহার করা যায়। পুল্টিসের উপর প্রষধ দ্রব্য ছড়াইয়া অথবা পীড়িত স্থানে সামান্ত পরিমাণ জলের সহিত প্রষধ দ্রব্য করিয়া লাগাইয়া তত্পরি পুল্টিস দিবে।

পিচকারী প্রয়োগ।

কোন কোন সময় আভ্যন্তরিক ঔষধ সেবন কালে গুহুদার বা জননে দ্রিয় মধ্যে পিচকারীর সাহায্যে ঔষধ প্রয়োগ করার প্রয়োজন হইয়া পড়ে। পিচকারীতে ব্যবহার জন্ম উষ্ণ ও নাতল উভয় প্রকার জলই ব্যবহৃত হয়। পিচকারী দেওয়া কালে রোগীকে বাম পার্শ্বে শয়ন করাইয়া পিচকারী দেওয়া কর্ত্তবা : ঽয়৸ ভেদে জলের পরিমাণেরও তারতম্য ইইয়া থাকে। শিশু দিগের পক্ষে ১ আউন্স, বালকদিগের পক্ষে ২ ইইতে ৪ আউন্স, ৫—১০ বৎসর ব্যক্ত বালকদিগের পক্ষে ৬—৮ আউন্স এবং যুবকদিগের পক্ষে ১ ইইতে ২ পাইণ্ট পর্যান্ত জল ব্যবহার করা যায়। স্ত্রীলোকদিগের নানা প্রকার রোগে ১০০ ডিগ্রী উত্তপ্ত গরম জলের সহিত প্রযোজ্য ঔষধ গুলিয়া জননে দ্রিরের ভিতর পিচকারী দিতে হয়। ঋতু বা প্রস্বান্তিক আবের অবক্ষকতার ইহ; সচরাচর ব্যবহৃত হয়। প্রস্বান্তিক রক্ত আবে ১০০ ডিগ্রী উত্তপ্ত গরম জলের পিচকারী সচরাচর ব্যবহৃত হয়।

সূচী-পত্ৰ।

প্রথম অধ্যায়।

	ঔষধের নাম।	পৃষ্ঠা।	V	डे घरधत्र नाम	পৃষ্ঠা।
۱ د	ক্যালকেরিয়া ফ্লোরিকা			কাালী সলফিউ	রকম্ ··· ৮২
۱ ۶	ক্যালকেরিয়। ফসফরিব	इ∤}३	61	মাাগেশিয়া ফসফ	রিকা ৯১
٥ ا	ক্যালকেরিক। সলফিউ	রিকা৩১	7 6	নেট্রম মিউরিয়ো	টকম · · · ১০৪
8	ফিরম ফসফরিকম	•••৩৯	١٥٠	নেট্রম ফদফরি	কম …১১৭
œ į	ক্যালী মিউরিয়েটিকম	··· @ 8	221	নেট্ৰম সলফিডা	রিকম ০০১২৯
હા	ক্যালী ফসফরিক্য	७9	>> 1	সিলিশিয়া	>8₹

দ্বিতীয় অধ্যায়।

ইংরেজী বর্ণমাল। অনুসারে	বোগের	বাঞ্চাৰ	না নাম।	શુ	। हि
রোগের নাম।					
Abscess (এব্দেস্)			স্ফোটক	•••	>@@
Addisions Disease (এডিসন্স	ডিভিজ)			• • •	228
Amenorrhoea (এমেনোরিয়া)	নষ্টরক্ত,	প্রথম	রজোদর্শনে	বিলম্ব	>4¢
Anæmia (এনিমিয়া)		;	রক্তহীনভা	•••	>90
Aneurism (এনিউরিজ্ম)			ধমগ্ৰব্দ	•••	>9¢
Angina Pectoris (এঞ্জাইনাপেট	ক্টাবিস)		হাৎশূল	•••	১৭৬
Aphonia (এফোনিয়া)	স্	ারনাশ	, স্বরলোপ	•••	292
Aphthæ (এফপি)	,	উপক্ষ	ত, মুথক্ষত	•••	292
Apoplexy (এপোপ্লেক্সি)			সংস্থাস।	•••	>6-95

		পৃষ্ঠা	1
Appendicitis (এপেণ্ডিসাইটিস)	উপান্ধ-প্রদাহ	۶۰۰ >۱	79
Appetite (এপিটাইট)	ক্ষুধা	۶۱ ۰۰۰	76
Arthritis (মার্থাইটিস)	সন্ধিবাত, সন্ধিপ্ৰদাহ	··· >b	77
Ascites (এসাইটিস)	শোথ	>:	0
Asthma (এজমা)	খাস-কাশ, হাপানি	>;	0
Atrophy এট্রফি)	একান্স বা সর্বান্সের শীর্ণভা	>:	8
Back Ache (न्यांक এक)	কটি বেদনা	>;	36
Bites of Insects (বাইটদ্ অব	हेन्रमञ्जेम) की छोलित छल ८	বধ ১৯	9
Bones Diseases of (বোনস বি	ড়জি জে স অব) অস্তির রোগ	न ५३	94
Brain Diseases (ব্ৰেইন ডিঙ্গিঃ	জন) মস্তিক্ষের বোগ	>	۶,
Brainfag (থ্ৰেইন ফ্যাগ)	মস্তিক্ষের অবসরতা	۰۰۰ ۶۰) (
Brights Disease (ব্রাইটস্ ডিজি	জ) বাইটাখারোগ	۰۰۰ ۶۰	9.6
Bronchitis (ব্ৰশ্বাইটিস)	বায়ুন্দী-ভুজ প্ৰদাহ	۰۰۰ ۶۰	9
Burns and Scalds (বার্ণদ এণ্ড	স্ক্যাল্ড্স) অগ্নিদাহ	٠٠ ২	۲,
Cancer (ক্যানসার)	কক ['] টরোগ ; দ্ধিত অর্ক্	٠ ২:	১২
Carbuncle (কাৰ্কাংকৰ)	পৃষ্ঠাগাত	३५	22
Cataract (ক্যাটার্যাক্ট)	ছানি, বিদগ্ধদৃষ্টি	عر	92
Catarrh (ক্যাটার)	প্রতিশায় সদি	>	2
Chicken Pox (চিকেন পক্স)	জলবসন্ত, পানি বসন্ত	٠٠	১৯
Chlorosis (ক্লোরোসিস)	মৃৎপাভূ, হরিৎপাভ্	٠٠٠	3 0
Cholera (কলেরা)	ওলা উঠা	۰۰۰ ۶۱	35
্ তাণ্ডৰ	, হস্ত পদ বা মূথের		
Chorea (কোরিয়া	দ্দীপক কম্প	٠٠٠ ٢١	35

Calling		পৃষ্ঠা।
Cold in the head	মন্তকের প্রতিশার বা সদি	२৫৩
(কোল্ড ইন দি হেড) 🕽	TOUTH CHOOK TO THE	
Colic ' किंक)	উদর বেদনা, শূল বেদনা	₹€8
Concussion of the Brain)	
(কঙ্কঃসন অব দি ত্রেইন	মন্তিকের বিকম্পন	२७९
Constipation (কন্টিপেশন)	কোষ্ঠ বন্ধ	২ ৬8
Convulsions (কন্ভ:লসনদ্)	ভড়কা	२४ •
Coryza (কোরাইজ্ঞা)	নাসিকারসদ্দি	২৬৯
Consumption (কঞ্চশশন)	ক্ষয়কাস, যক্ষাকাস	290
Cough (কঃফ)	কাসি	२१৫
Croup / 蚕內)	ঘুংড়িকাশি	२१৮
Delirium (ডিলিবিয়াম)	প্রনাপ	२४०
Dentition (ডেণ্টিশন)	দক্ষোদগম	२৮১
Diabetes Mellitus (ভারেবি	টস মেলিটঃস) বহুমূত্র	२৮२
Diarrhoea (ডায়েরিয়া)	অতিসার, উদরাময়	२৮७
Diphtheria (ডিপথিরিয়া)	ঝিল্লীক প্রদাহ	२৮৯
Dizziness (ডিজিনেস)	শিরোঘুর্ণন	২৯৪
Dropsy (ডুপদি)	শোথ	२৯९
Dysentery (ডিম্পেন্ট্রি)	আমরক্ত, রক্তাতিসার	२ २ १
Dysmenorrhoea (ডিসমেনো	রিয়া) বাধক বেদনা, কন্টরক্ষঃ	900
Dyspepsia (ডিসপেপদিয়া)	অগ্নিমান্দ্য	৩০৪
Ear, Diseases of (ইয়ার ডি	জিজেদ অব) কর্ণরোগ	೨.8
Eczema (একজিমা)	পামা	904

			পৃষ্ঠা।
Endo Carditis (এণ্ডোকার্ডইটিস) হৃদস্তর-বেষ্ট প্রদাহ	•••	७०७
Enuresis (এত্মবিসিস)	অবারিত মূত্র	•••	904
Epilepsy (এপিলেঞ্সি)	মৃগী	•••	೨೦ನಿ
Epistaxis (এপিস্ট্যাক্সিস)	নাদিকা হইতে রক্তপাত	•••	৩১২
Erysepelas (ইরিসিপেল:স)	বিদর্প, নারাঙ্গা	•••	৩১২
Eye, Diseases (আই, ডিজিজেস) চক্ষুরোগ	•••	৩১৪
Felon (ফেলন)	আঙ্গু লহাড়া	•••	०८०
Fever, simple (ফিবার, সিম্পাল)	সামান্ত জ্ব	•••	৩১৯
,, Intermittent (ইণ্টারমিটেণ্ট ফি	বার) সবিরাম জ্বর	•••	৩২৩
,, Typhoid (টাইফয়েড ফিবার)	সন্নিপাত জ্বর	•••	৩২৬
" Puerperal (পিউয়ারপারেল ফিবা	ার) সৃতিকা জর	•••	৩২ ৭
,, Yellow (ইয়ালো ফিবার)	পীতজ্ঞর	•••	৩২৮
Fistula ano (ফিষ্টুলা য্যানো, ভগন	নর) মলদারে নালীক্ষত	•••	৩২৮
Gall-stone (গল ষ্টোন)	পিত্তশিলা	•••	৩২৯
Gastric Derangements (গ্যা ট্টিক ডিরেঞ্জমেন্টস)	মাশয়ের বা পাকস্থলীর বে	ৱাগ	೨೦೦
Glandular Affections (গ্লাপ্তিউৰ	ার এফেকসন্স) গ্রন্থির :	বোগ	৩৩৪
Goitre (গয়টার)	গলগণ্ড, ঘ্যাগ	•••	୬୬৬
Gonorrhæa (গনোরিয়া)	প্রমেহ	•••	৩৩৭
Gout (গাউট)	গ্রন্থিবাত	•••	085
Hæmoptysis }	ফুসফুস হইতে রক্তস্রাব	•••	085
(হিমপ্টিসিস)) Headache (হে ডেক)	শির:পীড়া, মাথাধরা		و83

			शृष्ट्री।
Heart Affections (হার্টয়াফেব	ষ্ট্রসম্ম) হৃৎপিণ্ডের রো গ	•••	৩8७
Hemorrhage (হিষরেজ)	রক্তপ্রাব	•••	984
Hemorrhoids (হেমরয়েডস)	রক্তপ্রাবী অর্শ		৩৪৯
Hiccough (হিক:ফ)	হিকা	•••	062
Hipjoint Disease (হিপ্ৰয়েণ্ট	ডি জি জ) উরু সন্ধির রোগ	•••	৩৫৩
Hoarseness (হোদ নেস)	স্বরভঙ্গ	•••	৩৫৩
Hydrocele (হাইড্রোগিল)	কুরও	•••	oe8
Hysteria (হিষ্টিরিয়া)	গুলাবায়ু, মৃচ্চাবায়ু	•••	৩৫৬
Insomnia (ইনসম্নিয়া)	নিদাহীনতা	•••	৩৫৯
Jaundice (জণ্ডিস)	কামলা	•••	৩৬۰
Kidneys, Affections of (কিড	নিস,য়্যাফেক্সন্স অব্) বৃক্ক	করোগ	1000
Labour and Pregnancy } (লেবার এণ্ড প্রেগ্নান্সি)	গৰ্ভ ও প্ৰসব বেদন৷	•••	৩৬২
Leucorrhœa (লিউকোরিয়া)	শেত-প্রদর	•••	৩৬৬
Liver, Affections of (লিভার,	য়াফেকসন্স অব্; যক্	দ্রোগ	৩৬৮
Lumbago (লম্বেগো)	কটিবাভ	•••	৩৭০
Mamary abscess (এবসেস জন্ত্র	ব্য)		>66
Measles (মিজেন্স)	হাম, লুস্তি, ফেরা	•••	590
Meningitis (মিনিঞ্জাইটিস)	মন্তিক-ঝিল্লী-প্রদাহ	•••	৩৭৩
Menorrhagia (মেনরেজিয়া)	রক্তপ্রদর, রঙ্গসাধিক্য	•••	৩৭৪
Mental conditions } (মেণ্টাল কণ্ডিসন্স)	মানসিক ভাব বা অবস্থা	•••	৩৭৮
Metritis (মিট্রাইটিস)	জরায়ু-প্রদাহ	•••	৩৮১

			পৃষ্ঠা।
Miscarriage (মিদ্কাারেজ)	গৰ্ভস্ৰাৰ	•••	৩৮২
Morning sickness 2	গভিণীদিগের প্রাত:-		
(मर्लिश निकत्नन)	কালীন বিবমিষা	•••	OF 3
Mouth, Diseases of) (মাউথ, ডিজিজেস অব্))	মুখের রোগ	•••	৩৮ <i>১</i>
Mucous Membrances } (মিউকঃদ মেম্বেন্দ্র)	শ্লৈত্মিক ঝিল্লীর বোগ	•••	৬৮৩
Mumps (মম্প:স)	কৰ্ণমূল-প্ৰদাহ	•••	৩৮৪
Neuralgia (নিউব্যালজিয়া)	का गुण् ग	•••	৩৮৫
Ophthalmia (অপথ্যালমিয়া)	চক্ষু উঠা	•••	৩৮৭
Orchitis (অৰ্কাইটিস)	অণ্ড প্রদাহ	•••	೨৮৮
Pain (পেইন)	বেদনা	•••	946
Paralysis (প্যারাণিসিস)	পক্ষাঘাত	•••	೨৯۰
Pthisis Pulmonalis (থাইপিস পংলমোনেলিস)	য ন্দাক স		৩৯২
Pleurisy(প্লুরিসি)	ফুসফুসবেষ্ট প্রদাহ		৩৯২
Pneumonia (নিউমোনিয়া)	ফুসফুস প্রদাহ		೨৯೨
Rheumatism (বিউমেটিঙ্গম)	বাভ, আমবাভ		৩৯৭
Rachitis (রেকাইটিস)	অস্থির কোমলতা		8 0 >
Scarlatina (স্বালে টিনা)	আরক্ত জ্ব		8•3
Sciatica (সামেটিকা)	কটিবাত		C • 3
Self Abuse (সেলফ এবিউস)	इन्छ रेमथून		8 • 8

			र्शि ।
Skin, Affections of the (স্থিন, য্যাফেক	সন্স অব দি) চর্মা	রোগ	800
Sleep (혦প)	নি জা	•••	8 • 9
Small Pox (প্ৰল পঞ্জ)	বসস্ত	•••	8.4
Sore Throat (সোর থ্রোট)	গল-ক্ষত	•••	8>>
Spasms (স্প্যাজ্ম্স)	আক্ষেপ, থেচুনি	•••	852
Spermatorrhoea (স্পার্শ্বেটোরিয়া)	ও ক্রমেহ	•••	820
Suntroke (সন ষ্ট্রোক)	সদি সন্মি	•••	848
Syphilis (দিফিলিস)	উপদংশ, গন্মি	•••	878
Testicles, Diseases of (টেষ্টিকেল্স, বি	ডজিক্ষেস অব) অৎ	ণ্ডকে।	যের
	পীড়	···	8>9
Tongue And Taste (টঃঙ্গ এণ্ড টেষ্ট)	জিহ্বা ও মাসা	म न	856
Tonsilitis (টম্পিলাইটিস)	তালুমূল প্রদাহ	•••	6 ¢8
Tooth Ache (টুণেক)	मञ्ज-ण्व	•••	8 २ ०
Tumor And Cancer (টিউমার এণ্ড ক্য	ান্সার) অর্বাদ	•••	8२२
Ulcers And Ulcerations)			
অ:লগারস্ এণ্ড অ:লগারেপন্স	ক্ষত		8২৩
Urinary Disorders			
}	মৃত্রযন্ত্রের রোগ		8 \$ 8
(ইউরিনারি ডিস্মডার্স্)			
Uterus Diseases of			
(ইউটিরঃস ডিজিজেস্ অব)	জরায়ুর বোগ		8₹₡
Vaccination (ভ্যাক্সিনেশন)	টীকা দেওয়া	•••	8२स
Vertigo (ভাটিগো)	শিরোঘূর্ণন		829
Vomitting (ভাষটিং)	ব্যন		824
Writers Cramp (রাইটাস ক্র্যাম্প)	7-1-1	•••	852
Whooping cough (তুপিংকঃপ)	ত্পশক্ষক কাসি	•••	800
Worms (श्वादम्म)	কৃমি		808
WOLLD (CALACI)	4.1.4		

বাইওকেমিক ভৈষজ্যতত্ত্ব চিকিৎসা প্রদর্শিকা 1

ক্যালকেরিয়া ফ্লোরিকা।

(Calcarea Fluorica)

ইছা একপ্রকার খনিজ ধাড়ু বিশেষ। ইছাতে শতকরা ৫৮'২ ভাগ চূণ আছে। ইছা স্ফটিকেরস্তার উজ্জ্বল এবং নানা বর্ণের ও আকারের পরিদৃষ্ট হইরা থাকে। ইহা জলে জবীভূত হয় না। হোমিওপ্যাধিক বিচূর্ণন পদ্ধতি জন্মসারে খল করিয়া ঔষধার্থে ব্যবহৃত হয়।

ইহা অপর নাম ফ্রোরাইড্ অব লাইম। সংক্ষিপ্ত নাম ক্যাক্-ফ্রোর।
ইহা দেহত্ব অগুলাল বা এবুমেনের সহিত মিলিত হইরা কার্য্যকরী হইরা
থাকে। অগুলালের সহিত মিলিত হইরা এই পদার্থ দন্তের ও অস্থির
বহিরাবরণ (enamel of teeth and bone), মাংস পেশীর স্থিতিস্থাপক
হত্ত্ব (elastic fibre) এবং সর্ব্যপ্রকার সংযোজক টিম্ন (connective
tissues) সকল নির্দাণ করে। যদি কোন কারণ বশতঃ দেহত্ব এই
পদার্থ স্বাভাবিক পরিমাণাপেক্ষা হ্রাস প্রাপ্ত হয়, তবে পুর্কোক্ত বিধান
স্থাৎ টিম্ন মকল প্রসারিত ও শিথিল (dilated and relaxed) হইরা
পড়ে। যদি শিরা বা ধ্যনীর প্রাচীরের (walls of vessels) অথবা

রসবাহী-প্রণাদীর (lymphatic system) এই প্রকার অবস্থা উৎপর হয়, তবে ঐ সকল স্থানে কঠিন পদার্থ সমূহ (আচ্বিত হইতে না পারায়) সঞ্চিত হইতে থাকে ও ঐ সকলম্বানে কঠিন স্ফীত্তা উৎপর করে।

জরায়ৢর আলম্বন পেশীতে এই পদার্থের অভাব হইলে, পেশীর শিথিলতা প্রযুক্ত জরায়ু নীচের দিকে নামিয়া পড়ে, ধমনী ও শিরায় আবরণ পেশীতে ইহার অভাব ঘটিলে উহাদের ফীততা জন্মে, উদরের ছিতিছাপক (elastic) পেশীতে ইহার স্বল্লতা ঘটিলে উদরের মুহত্ততা (hanging belly) জন্ম জরায়ুর পেশীতে ইহার অভাব ঘটিলে জরায়ু হইতে প্রবল রক্তমাব হয় এবং প্রস্বান্তিক প্রাবের অভাব ঘটে। স্বকের বহিরাবরণে ইহার অভাব ঘটিলে উহা হইতে কিরেটিন (Keratin) নামক পদার্থ নিঃস্ত হইয়া স্বাক্তন হয়, যাহার ফলে হস্ত ও পদতলের বিদারণ জন্মে। (Keratin নামক পদার্থ স্বকের বহিরাবরণ, চুল এবং নথে পরিদৃষ্ট হইয়া পাকে)। সরলায়ের পেশীতে ইহার অভাব ঘটিলে অর্শ ও কোষ্টবদ্ধতা উৎপন্ন হয়। অন্তি এবং দক্তের বহিরাবরণের পীড়া সমূহ, যাবতীর প্রস্থির ফ্টাততা ও প্রস্তরবং কঠিনতা, অন্ত, প্লীহা ও যক্ততের বিবদ্ধন ও প্রস্তরের স্থায় কঠিনতা, জিহ্বা এবং হস্ত-পদের বিদারণ (ফাটা) এই পদার্থের অভাব হেতুই উৎপন্ন হয়়য় থাকে।

আময়িক প্রয়োগ (Therapeutic use)

অন্থির যে কোন রোগে, অন্থির বহিরাবরণ (enamel) আক্রান্ত হইলে, দস্ত রোগে দন্তের বহিরাবরণ বা enamel আক্রান্ত হইলে (অর্থাৎ দন্ত ক্ষয় প্রাপ্ত হইলে) এবং অকের বা শরীরের যে কোন স্থানের সংযোজক বিধান-তন্ত বা Connective tissueর পীড়ান্ন এবং মাংস পেশীর স্থিতি স্থাপক স্ত্রের শ্লথতা প্রযুক্ত যে সকল পীড়া হয় অথবা শিরা (vein) বা ধমনীর (artery) পেশীর যে কোন রোগে ইছা অবশু ব্যবহার্য। এই জন্মই এই ঔষধ শিরা বা ধমনীর পেশী শ্লথ হইয়া পড়িলে (relaxed condition of the elastic fibres, including dilatation of blood vessels) ভংপিতের বিবর্জনে (dilated heart) শিরা বা ধমনীর উপর অর্ক্ দ বা টিউমার জ্বিলে, অর্শে এবং শিরার ফ্লীভভার, (varicose veins) সর্ক প্রকার গ্রন্থির প্রস্তরের ন্যায় কঠিন স্ফ্লীভভার (indurated glands of stony hardness)।

অন্থির বা দন্তের অসম্যক পরিপোষণে (malnutriton of bones and teeth), বৃহৎ উদর (হাত পা কাঠি কাঠি কিন্তু গণেশের স্থায় লাখোদর—pendulous abdomen); জরায়ু নামিয়া পড়া বা জরায়ুর যে কোন প্রকারের অবস্থানের বিচ্যুতিতে (displacements of uterus) এবং জরায়ুর কাঠিস্তে; প্রসব কালে জরায়ু মুনেপ কাঠিস্তে (hard and indurated Os); অগুকোষের কঠিন ক্ষ ততায়; যক্তৎ ও প্রীহার বিবৃদ্ধি ও কঠিন ক্ষীততায়, শরীবের যে কোন প্র্যাণ্ড বা গ্রন্থির কঠিন ক্ষীততায় এবং হার্ড স্থান্ধারে ইহার সক্ষ্মতার সহিত ব্যবহৃত হইয়া থাকে।

বিশেষ লক্ষণ

শ্বীবের যে কোনও স্থানের প্রস্তরবং কঠিনতা ইহার অভাবস্চক সর্ব-প্রধান বিশেষ লক্ষণ। রোগ যাহাই কেন হউকনা, রোগাক্রাস্ত স্থান প্রস্তরের স্থায় শক্ত হইয়া উঠিলে ইহা অতিশয় সফলতার সহিত ব্যবহৃত হইয়া থাকে।

রক্তে এই পদার্থের অভাব হইলে, স্থান ও বস্ত্রভেদে নিম্নিথিত লক্ষণ

সমূহ উৎপন্ন হইতে পারে। স্থতরাং ঐ সকল লক্ষণ দৃষ্টে ইহা ব্যবহার করিলে উত্তম ফল দর্শে।

প্রধান প্রধান লক্ষণ

কাক ।—অতিশয় নিরুৎসাহিতা। আর্থিক বিনাশ শধ্যের বুথা ভর, কোন বিষয়েই হির নিদ্ধান্তে উপনীত হইতে পারা যায় না। মনে করে যে ছনিয়ায় অথের ভায় আর কিছুই নাই; এই অর্থ বিনাশের ভয়েই কে সর্বাণা চিন্তাগ্রন্ত।

মস্তব্দ ।— সম্প্রাত শিশুদিগের শিরো-গুরা (টিউমার); রক্তগুরা;
মস্তকের অন্থির ম্বাইতা জনিত কঠিনতা ও ধরস্পর্শতা; অস্থির ক্ষত; মস্তকের
অন্থির কঠিন বিরুদ্ধি, মাথার হাত দিলে শক্ত অর্ক্ দের ন্যার হাতে লাগে।
অপরাক্টে মৃচ্ছাকির বিবমিষা সহকারে শিরংপীড়া (মাথাধরা); সন্ধ্যার
সমর উহার হ্যাস প্রাপ্তি। মস্তকের অন্থিতে অসমপ্রাপ্ত বিশিষ্ট ক্ষত।
মস্তকে একপ্রকার কড় কড় ধর থর শক্ষ শুনা ও তজ্জ্জ্ঞ নিজার ব্যঘাত।
অপরাক্টে মৃচ্ছাকির বিবমিষা (বিমি ব্যক্তাব) সহ শিরংপীড়া। মস্তকের
অন্থিতে টিউমার। গ্রন্থকার ক্যান্তফোর ৬×ক্রম ব্যবহার করিরা জনৈক
ডাক্ত বের ২২ বৎসর বয়স্ক পুত্রের বহুদিনের পুরাতন মস্তকের প্রকাঞ্
কর্মিন টিউমার সম্পূর্ণ রূপে আরোগ্য করিয়াছেন।

চক্ষু।—ছালি। চকুর অতিরিক্ত চালনা জনিত অক্ষিণোলকে বেদনা এবং অস্পঠ দৃষ্টি। চকুর বিশ্রামে উহার উপশম। চকুর সমুখে ঝিলিমিলিও ফুলিজ দর্শন। কার্ণরায় (চকুর ক্লঞ্চবর্ণ মণ্ডল) দাগ; চকুর পাতার টিউমার বা অঞ্জনী। কণিরায় ক্লেডে ক্লেডের প্রান্ত দাকিলে ইহা অভিশয় ফলপ্রদ। অক্ষিণোলকে বেদনা, আত্তে চাপদিলে বা চকু বুজিলে উহার উপশম। আংশিক দৃষ্টিহীনতা। অভি ব্যবহার জন্ম বাপশ দৃষ্টি।

কে । কর্ণের যে কোনও রোগে অন্থি এবং অন্থি-বেষ্ট (periosteum) আক্রাপ্ত হইলে ইহা বিশেষ উপযোগী। কর্ণপটহে চূর্ণময় (calcareous) পদার্থ সঞ্চয়। যাষ্ট্রেড অন্ধির রোগে অন্থিবেষ্ট (পেরিঅষ্টিরম) আক্রাপ্ত হইলে ইহা স্থলার উপযোগী।

লাজিকা।—নাগাবরোধক মন্তকের প্রভিশ্যার (সর্কি) সহকারে গাঢ়, পীতবর্ণ, থানা থানা, হরিভাভ আব নিঃসরণ। থানা থানা হুর্গরি আব ; ওজিনা (নাগারক্স হইতে হর্জন্য হুর্গর্জময় আব নিঃসরণ)। (ক্যালী ফস, সিলি)। নাসিকার রোগে অস্তি আক্রান্ত হইলে ইহা বিশেষ ফলপ্রদ (ক্যান্ক-ফস)। হাঁচিবার বিজল প্রান্তান্ত অন্তিময় বিবর্জন (osseous growth)। নাসিকার অন্থিপচিয়া হুর্গন্ধ বাহির হুইলে এই ঔষধ ব্যবহারে উহা নিবারিত হয়। নাসার পশ্চাৎ রক্ষের ও গলকোবের (ফ্যারিংস) শুনীতভা।

সুখে সপ্তল—বেদনা অথবা দস্তবেদনা সংযুক্ত গণ্ডের (গালের)
কঠিন দ্বীততা। মাড়ি অথবা গণ্ডান্থির অন্থিমন্ন বিবর্দ্ধন। দাসিকা বা
ওঠের বিদারণ (ফির ফল)। ঠাঙালাগার দরুণ ওঠে বেদনাশুন্য ক্ষত।
ছত্ত্বর অর্থাৎ চৌরালের অন্থির (Jaw-bone) নালীক্ষত, উহা হইতে
ক্ষণ্ডবর্ণ রক্তাক্ত গুর্গন্ধি প্রাব ক্ষরণ।

মুখন্স-বিদারিত ওঠ ; মাড়ির প্রস্তরের স্থায় কঠিনতা সংযুক্ত স্ফীততা। মাড়ির স্ফোটক (gum boil); মুথের অতিশর শুফতা। কৌলিক উপদংশ; মুখ ও গলায় কত। মুখের কোণে বেদনাশ্স কত।

ফ্স্ড।—দন্তমূল-গহবরে দন্তের শিথিলতা, তজ্জন্ত বেদনা বা বেদনার অভাব। ধরম্পর্শ, পাতলা এবং ভক্ষপ্রবণ দন্ত। শীঘ্র শীঘ্র দন্ত কর বিকাশ-ক্ষেত্র সহিত পর্যায়ক্রমে । দক্ষেক্রমে বিলয়। খাছদ্রব্যের

সংস্পর্শে দস্তবেদনা। দস্তের শিথিলতা সহ দস্ত বেদনা। দস্তের বহি-রাৰরণের থরস্পর্শতা। দস্তের পরিপোষণের অভাব।

ক্তিন্তা।—বেদনাযুক্ত বা বেদনাশৃষ্ঠ, কঠিন, বিদারিতবং জিহ্বা, বিশেষতঃ প্রদাহের পর (মিলি)। জিহ্বার পুরাতন কঠিনতা, বিশেষতঃ প্রদাহের পর।

গল মধ্য ।—কণ্ঠের শিথিলতা। আলজিহ্বার বিরুদ্ধি, তজ্জন্ত শুক্ষ থক থক কাসি (নাট-ফদ্)। ডিফথিরিয়াব (নিল্লীক প্রদান) প্রদাহ বায়ুবালী-নল পর্যান্ত সম্প্রদারিত হুইয়া থাকিলে ইছা বিশেষ উপযোগী (ক্যাল্কফস সহকারে পর্যায়ক্রমে)। গল গণ্ড (goitre)। গলার রক্তবহা নাড়ীর শিথিলতা। টন্সিলের বৃহত্ততা ও কঠিনতা (ব্যারাইটা কার্ম্বের পর) গলার অতিশয় শুক্ত।; প্রাতে কাসিতে কাসিতে শ্লেমা উত্তোলন; গলায় জ্বালা, উষ্ণ পানীয় গ্রহণে উহার উপশ্য।

কামাশহা (পাকস্থলী)।—অপরিপাচিত ভুক জব্য বমন।
এই লক্ষণে ফির-ফর্মই প্রধান ঔষধ। উহা দ্বাবা বিশেষ ফল না পাইলে
ক্যান্ধ-ফ্রোর প্রয়োগ করিয়া দেখিবে। থক্ থক্ করিয়া কাসিয়া প্রেশা
ভূলিয়া ফেলিবার পর হিকা। পেটফাঁপা। যক্তে কর্তনবং বেদনা।
নড়িলে চড়িলে উহার উপশ্বন।

তদের এবং মলা।—্রক্তরাবী অর্শ। কণ্ডুয়নকর বহিব লিযুক্তর আরাবী অর্শ, বিশেষতঃ উহার সহিত বেদনা এবং কোঠ কাঠিত থাকিলে, মলের বর্ণ এবং রক্তের লক্ষণের সহিত অপর কোন ঔবধের সাদৃত্ত থাকিলে সেই ঔবধের সহিত পর্য্যায়ক্রমে। অর্শ সহকারে মন্তকে রক্তের প্রধাবন (ফির-ফ্সেরও প্রেয়েজন)। মলদারের পেলীর শক্তিহীনতা বশতঃ মল নিঃসারণে অক্ষমতা, একতা প্রভূত মলস্ক্রয় সংযুক্ত মলরোধ। প্রস্বের প্র

প্রারই এইরপ হইরা থাকে। <u>মলদারের বিদারণ।</u> দক্ষিণ কুক্ষিদেশে বেদনা। ঐ পার্শ্বে বৃদ্ধি। নিয়োদরে প্রভূত বায়ু সঞ্চর। গেঁটেবাতের রোগীদিগের অতিসার। কুদ্রকৃষি জনিত মলদারকগুরুন। অন্তর্শবি অথবা প্রাবহীন অর্শ ও তজ্জ্য কটিবেদনা ও কোঠকাঠিয়।

সূত্র।—প্রভৃত মৃত্র প্রাব, বিশেষতঃ মৃত্রযন্ত্রের পেশীর শিধিলতা লক্ষণ বিভাষান থাকিলে। পুনঃ পুনঃ মৃত্রবেগ। স্বর, আরক্ত ও উগ্র-গন্ধযুক্ত মৃত্র।

পুথ-জ্বে নাল্ড থাকিলে ইছা ব্যবহার্য। অণ্ডের শীর্ণতা সহ অবিরাম শুক্র ও প্রষ্টেটিক রস ক্ষরণ। <u>ছাইড্রোসিল (কুরগু)</u>; কঠিন উপদংশ। অণ্ডের ঝুলায় শানতা।

জ্ঞী-জ্বন ক্রিছা।—জরায়ুর সকল প্রকার অবস্থানের পরিবর্ত্তনে (স্থান বিচ্যুতি, displacements) এই ও্রধ্যের প্রয়োজন (ক্যাল ফস ক্যালী-ফস)। জরায়ু নামিরা পড়া। জরায়ুর সম্মুখাবর্ত্তন, (এন্টিভার্সন) এবং উহার উর্দ্ধাংশের পশ্চাৎ দিকে ও নিয়ে অবনতি এবং নিয়াংশের উপরের দিকে ও সমুখদিকে উন্নতি বিশিষ্ট অবস্থান বিচ্যুতি (রিট্রোভার্সন) কটীতে এবং কুচকি প্রদেশে আকর্ষণী বেদনা। উরুপর্য্যন্ত বেদনার সম্প্রদারণ। বেদনা সংযুক্ত প্রভূত রজ্ঞাবা। শিথিল, নরম, অথবা, প্রস্তরের কায় কঠিন জরায়ু। প্রভূত রজ্ঞাবাবে এই ও্রধ দীর্ঘকাল ব্যবহার করিলে অতি উৎক্রষ্ট ফলদর্শে। রোহিণীরোগ (অতিরক্তঃ) ও তৎসহ উদরস্থ সমস্ত পদার্থ ভগপথে নামিরা পড়িবার আশস্কা; জরায়ুর ফাইব্রয়েড টিউমার। উপদংশ। স্তনে ছোট ছোট কঠিন অর্ক্ত্বণ; যোনির শিরার স্ফীততা উপদংশ। উপদংশক্ত কঠিন প্রান্তবিশিষ্ট ক্ষত।

প্রাভ্যা — অপ্রচুর প্রস্বান্তিক বেছনা। জরায়্র সংলাচনাভাব বশতঃ রক্তবাব। গুন-গ্রন্থির কাঠিন্ত এবং ক্ষীততা (ক্যালী-মিউর)। গর্ভাবস্থায় নিয়মিতরূপে ইহা ব্যবস্থার করিলে অভি সহজে প্রস্ব হইরা থাকে (বিশেষ পরীক্ষিত)।

শ্বাস-ইব্র — আলজিহবার বিবর্দ্ধন বঁশতঃ শুক্ক, থক থক কাস।
কাসিতে কাসিতে ক্র দানা দানা, হুশ্ছেন্ত পীতবর্ণ নিটাবন পরিত্যক্ত হয়
(সিলি)। শ্বাসকাসে (হাঁপানি) কফ তুলিয়া ফেলিতে অভিশন্ন কট
হইলে এবং থণ্ড থণ্ড পীত বর্ণ শ্লেমানিটাবিত হইলে ইহা বিশেষ উপকারী
(ক্যালীফস)। রোগীর অভিশন্ন অবসন্নতা ও ক্লাস্তি। স্বর্ণপ্রের শুক্তা
ও স্বরভঙ্গ। উচ্চস্বরে অধ্যান বা বক্তাদির পর স্বরভঙ্গ। তুপ্রোগের প্রধান ঔষধ। শুক্ক থক্ থক্ কাশ, মনে হন্ন স্বর্গপ্রের ভিতর
কোন বাহ্য বস্তব্য অবস্থান জন্ত এই কাস উদ্রিক্ত হইতেছে। শ্বাস
রোধের ন্তান্ন অফ্তব। শরিতাবহান্ন আলজিহবান্ন উপদাহ বনতঃ শুক্ক
থক্ থকে কাস।

ব্যক্ত সাক্ষলন আন্তল—শিরা-ফীতি বা এরপ হইবার সম্ভাবনা;
শিরা দেখিরা মনে হর বেন উহা বিদীর্ণ হইবে (এই ঔষধের লোশন বা
বাহ্য প্রয়োগও ব্যবহার্য্য)। ধমনীর অর্ব্দে, আইওডাইড অব্পটার
ব্যবহাত হইরা না থাকিলে, এই ঔষধ ফিরম-ফলের সহিত পর্যায় ক্রমে
ব্যবহার করিলে উৎকৃষ্ট ফল দর্শে।

হুৎপিণ্ডের বিবর্দ্ধন (ক্যা**লী-**মিউর), হুৎপিণ্ডের ক্রিয়ার বৈষম্য। হুৎপি**ণ্ডের** মুগুদুপানি।

গলো, পৃষ্ঠ এবং অঙ্গ-প্রত্যঙ্গ-পৃষ্ঠের নিমদেশে (কটিদেশে)বেদনা ও ক্লাস্কি অমূভব। ত্রিকাস্থিতে (মেকদণ্ডের নিমে শুহার্বারের উপরে যে ত্রিকোণ অস্থি আছে, sacrum) জালাকর বেদনা

সহকারে কোঠ বদ্ধ। অস্থির উপর কঠিন আব বা বৃদ্ধি (tumor);
ক্ষীততা। পদ্ধির বাতজনিত ক্ষীততা। (ম্যাগ-ফন্)। পরাতন
কটিবাত। প্রথম সঞ্চলনে বৃদ্ধি, ক্রমাগত সঞ্চলনে প্রাস্থান-প্রস্থির
প্রস্তরবং কঠিনতা। ঘ্যাগ।গলার ছইপার্যের ক্ষুদ্র প্রাস্থালির কঠিন
ক্ষীততা; গ্রেনার্ড-ডিজিজা।

তিক্স ও নিক্সাঞ্জ — মণিবন্ধ অর্থাৎ কল্পার পৃষ্ঠ দেশে ঝিল্লিমর থলীতে আবৃত টিউমার (encysted tumors); আঙ্গুলহাড়া (felon) অঙ্গুলি সন্ধির বাতজনিত ফীততা। একভাবে অনেকক্ষণ বনিয়া বনিয়া কাল্প করার দক্ষণ কটিবাত। জাগুসন্ধির প্রদাহ। পুরাতন শিবামুগু (সাইনোভাইটিস) সন্ধির কড়কড়ি (cracking); কণুইসন্ধির স্ফীততা; অস্থিতে পুজসঞ্চয়।

প্রের : — সপ্তাহ বা তদধিক কালব্যাপী পিপাসা সংযুক্ত জ্বর।
শুক্ত পাংশুটে (brown) বর্ণের জিহবা।

নিদ্রা :—জাজ্জন্যমান দৃষ্ট স্বপ্ন (vivid dreams) ; ন্তন দৃষ্ট ও নৃতন স্থান স্বপ্নে দর্শন ।

আৰু মণ্ডল।—গারাদিন বিশেষতঃ প্রাতঃকালে অতিশর কুর্মলতা অমুভব।

ক্রক।—শীতকালে ওঠ ও হাত পা ফাটা। পা বা হাতের তালু ফাটিলে উক্তহান সাবান বারা উত্তযক্ষপে ধৌত করিয়া এই ঔষধ কিঞ্চিৎ ভ্যাসিলিনের সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করিবে। গুহাবার বিদারণে এবং দুবিত নালীক্ষতে ঘন পীতাত পুষ নিঃস্ত হইলে এই ঔষধ ব্যবস্থেয় (সিলি, ক্যাক্ষ-সলক)। কার্ক্তকল, আঙ্গুল হাড়া। পুনঃ পুনঃ প্রত্যাবর্ত্তনশীল ইরিলিপেলাস। যে কোনও স্থানের কঠিন ফীততা বা

টিউমার। মংস্তের আঁইশের স্থায় কঠিন ও শুদ্ধ আইশ বিশিষ্ট চর্মরোগ। হস্ত বা পদতলের বিদারণ, বা উহার কঠিনতা প্রাপ্তি। অর্শ সহকারে মলন্বারের একজিমা।

মন্তব্য।—অন্থি এবং অন্তবেষ্টের পুযোৎপত্তিতে এই উষধ অতিশয় ফলপ্রদ। ক্ষন্ত এবং আঙ্গুলহাড়ার, স্তনের এবং সর্বপ্রকার গ্রন্থির স্থাততায় তন্তুময় পদার্থ পুযে পরিণত না হইয়া স্ফীত কঠিনাকার ধারণ করিলে এই উষধ অবশুই প্রয়োগ করিবে (স্থসলার)। ছদ্রোগ জনিত শোর্থ। কৌষিক (সিষ্টিক) টিউমার। পেশী-তন্তু, বন্ধনী (লিগামেন্ট) ও কণ্ডরার উপরিস্থ প্রস্তরবং কঠিন স্ফীততায় ইছা উৎকৃষ্ট ঔষধ। অন্তিপ্রিয়া নষ্ট ছইলে ইহার তায় ঔষধ আর নাই।

উষ্ণতার উপশম (বিশেষতঃ স্ফীততা কঠিনাকার ধারণ করিলে)। কোন স্থানের সঙ্কোচন আবশুক হইলে কথন কথন শীতল বাহ্য প্রয়োগও উপকারী।

ত্রুক্তন ।—এই ঔষধের ৩×৬×ও ১২×ক্রম বিশেষ উপকারী। অন্থিরোগে এই ঔষধের উচ্চক্রম (১২×) অতীব ফলপ্রদ। মলদার বিদারণে, অস্থিময় বিবর্দ্ধনে (bony growths), অর্শে, শিরার স্ফীততায় এবং আঙ্গুল হাড়ায় ইহার বাহ্য প্রয়োগও হইয়া থাকে। এই সবস্থলে ৬×বা ১২×চুর্ব ২০ গ্রেণ ৪ আউন্স পরিমাণ জলে মিশ্রিত করিয়া লিন্ট বা তুলা ভিজাইয়া স্থানিক প্রয়োগ করিবে। অর্থবা এক আউন্স ভেসিলিনে ১ ড্রাম চুর্ণ উত্তমরূপে মিশাইয়া দিনে ৪।৫ বার স্থানিক প্রয়োগ করিবে। কঠিন স্ফীততা বিশিষ্ট টিউমারে এবং গুহান্বার বিদারণ প্রভৃতিতে এইভাবে বাহ্য প্রয়োগ করিয়া আমরা চমৎকার ফল পাইয়াছি। প্রীহা ও যক্ততের কঠিনাকার বিবৃদ্ধিতেও আভ্যন্তরিক ঔষধ ব্যবহারের সঙ্গে সঙ্গে ইহার বাহ্য প্রয়োগ অতীব উপকারী।

সম্ভাৱন :-মনের ও স্বর্যন্তের রোগে ক্যান্তেরিয়া-কার্ম্বের সহিত্ত নিজা লক্ষণে ফ্লোরিক এসিডের সহিত, এদ্রি ও পেশীতস্তুর প্রস্তরবৎ काठिल नकर्प कांद बाहरबाए, कानी-बाहरबाए, मान मिछेब ए कानाग्रायत महिल हेहात मामुख पृष्टे हहेब्रा शास्त्र। कमकताम, मार्क, কটা. অরম ও সিলিশিয়া প্রভৃতি ঔষধের অনেকানেক লক্ষণের সহিত্ব এই ঔষধের লক্ষণের সাদশু আছে। কটি বাতে রসটক্স বিফল হইলে অনেক সময় এই ঔষধ প্রয়োগে ফলপাওয়া যায়। পুষত্রাবে সিলিশিয়া বিফলান্তে, সন্ধির বাতে ও ফীততায় ব্রাই ও ক্যাত্মের পর: সাইনোভাইটিন অর্থাৎ শিবামুণ্ড রোগে ষ্টিক্টা ও ফ্রিম-ফ্সের পর ; বেদনাপরিশুত ক্ষতে त्मिष्टीय-मिडेटवत भन्न, नांधात्रगण्डः देशा वावशादा त्यम क्न भाष्या यात्र । শিশুদিগের মন্তকান্তির স্ফাততার সিলিশিরার সহিত ; অন্থির পুষোৎ পত্তিতে ক্যাল্ক-ফ্স, এসাফিটিডা ও সিলির সহিত : ঘোডায় পায়ের ক্ষুরের সমীপবত্তী সন্ধির প্রানাহ ও স্ফীততায় এসিড-ফস ও সিলির সহিত ইহার তলনা হইতে পারে। রক্তহীনতার ক্যাক্ত-ক্ষের পর ইহা ছারা মুফল পাওয়া যায়। Arterio Sclerosis অর্থাৎ ধমনীর সুলত্বে ব্যারাইটা ক্যাল আয়োড, প্রথম ও ব্যারাইটা মিউরের সহিত ইহার তুলনা হইয়া थाटक ।

তুলশার স্থবক—(>) কঠিন ফীডভার-ক্যান্ধ ফ্লোর,
ব্যারাইটা আমোড, ক্যান্ধ-আয়োড, হেক্লা লাভা, এষ্টিরিয়াস, কোনায়ম,
ফাইটো লাকা, কার্বেনা এনিমেলিস, মার্ক-প্রোটো আয়োড, সিলি।
(২) নাপিকার ছর্গন্ধি আবে—ক্যাড্মিয়াম, ক্যান্ধ-ফ্স, এপিড-নাইট,
কালী বাইক্রম, অরম, হিপার, এণ্টিম-সলফ, অর, অরম-মিউর-নেট্রোনেটাম
আস-মায়োড্, নেট্রাম কার্ব্ব, সিফিলিনাম।

ক্যালকেরিকা ফসফরিকা;

Calcarea Phosphorica

ক্যালসিয়াম ফসফেট বা ফস্ফেট অব লাইম।

চুণের জলের মধ্যে ডাইলিউট ফসফরিক এসিড মিপ্রিত করিলে এক প্রকার সাদা তলানি পড়ে। চুয়ান জলে উত্তমরূপে ধৌত করিয়া ও পরে শুক্ষ করিয়া ইহা ঔষধার্থে ব্যবহৃত হয়। ডাঃ হেরিং সর্ব্বপ্রথম এই প্রক্রিয়ায় ফদ্ফেট অব লাইম প্রস্তুত করিয়া ঔষধার্থে ব্যবহার করেন।

এই পদার্থ জল বা এলকোহলে অদ্রবনীয়। ডাইলিউট নাইট্রিক এসিড ও অস্থান্ত এসিডে দ্রবীভূত হয়। হোমিওপ্যাথিক ফাম্মাকোপিয়ার বিচূর্ণন পদ্ধতি অনুসারে মর্জন (খল) করিয়া ইহা উধ্ধার্থে ব্যবহৃত হয়।

মানবদেহ নির্মাণ ও সংরক্ষণের পক্ষে ইহা একটা অত্যাবশুকীয় পদার্থ রক্ত, লালা, আমাশরিক রস (gastric juice) অস্থি, সংযোজক তম্ভ (connective tissue), দস্ত ও চগ্ধ প্রভৃতির বিধানোপাদানে ইহা প্রাপ্ত হওয়া যায়। এই পদার্থের জন্মই অস্থির দৃঢ়তা জন্মে। দেহও অগুলালের সহিত এই পদার্থের বিশেব ঘনিষ্ঠ সম্বন্ধ আছে।

ক্যাকেরিয়া ফ্রোরের স্থার অগুলালের দহিত মিশ্রিত হইরা এই পদার্থ দেহে কার্য্যকরী হইরা থাকে। অগুলালের সহিত এই পদার্থের সংমিশ্রণে অস্থিও দস্ত নির্দ্মিত হইরা থাকে। অস্থিতে শতকরা ৫৭ ভাগ ফলফেট অব্ লাইম আছে। এই পদার্থ ব্যতীত অস্থিও দস্ত নির্মিতই হইতে পারে না। শরীরে যথন এই পদার্থের স্বল্লতা ঘটে, তথন কার্য্যকারীর অভাবে দেহস্থ অগুলাল (এবুমেন) নানা দার দিয়া শরীর হইতে বাহির হইয়া যায়। এবুমেন বৃক্কক পথে (কিড্নি) নিস্পাস্ত ইইলে— আইটন ডিজিল, কুসকুস-পথে নিস্পাস্ত হইলে—কাসি, এবং নাসা-পথে ৰাহির হইলে—প্রতিশ্রায় বা দর্দ্দি নাম ধারণ করে। স্বক-পথে এবুমেন বাহির হইলে—নানাপ্রকার চর্মরোগ উৎপর হইয়া থাকে। লক্ষণভেদে উহাদের বিভিন্ন নাম দেওয়া হইয়া থাকে। শরীরের কোন প্রস্থিতে ইহা প্রচুর পরিমাণে সঞ্চিত হইলে তাহাকে গণ্ডমালা বা ক্ষ্ফিউলা (Scrofula)

বলে। পাকস্থলী হইতে নিঃস্ত রসে (gastric juice) কৃস্কেট অব লাইমের স্বপ্নতা ঘটিলে অপাক (indigestion) জন্মিয়া থাকে।

আময়িক প্রয়োগ

ভগ্নান্থির সংযোগ স্থলে অন্থির অসম্যক বা অস্বাভাবিক বিবর্দ্ধন বশতঃ থরস্প্তিয় (in unnatural and callous growths at the ends of fractured bones) ইহা অতীব ফলপ্রদ। অন্তির কোমলতা, বক্ততা ও সর্ব্যপ্রকার বিক্ষতির ইহা এক মাত্র অবার্থ মহৌষধ বিকেটসু। শিশুদের দস্যোদামকালীন সর্বাপ্রকার উপদ্রবে যথা—অতিসার, জর, কনভঃলসন প্রভৃতিতে, বিশেষতঃ ফ্রফিউগাগ্রস্থ শিশুদিণের পক্ষে ইহা মন্ত্র-শক্তির ন্যায় কার্যা করিয়া পাকে। সর্বপ্রকার ক্ষরকর রোগে, বিশেষভঃ তৎসহ ঘ্রঘ্যে জর থাকিলে ইছা অন্তর্কতী ঔষধরূপে মধ্যে মধ্যে ব্যবহার করিলে পরিপাকের সহায়তা করিয়া শরীরের ক্ষর ও শীর্ণতা বিদুরিত ও রুক্তের লোহিতকণা বৃদ্ধি করিয়া পাকে। এজন্ত, কি শিশু, কি বয়স্ক, কি বৃদ্ধ যাহাদেরই রোগে শারীরিক শীর্ণতা ও চুর্বলতা ভুক্তদ্রব্য সমীকরণের অসম্ভাব বশতঃ উৎপন্ন হইয়াছে (arising from non-assimilation of food) বলিয়া বুঝিতে পারিবে, তাহাদের রোগেই ইহা দিধা না করিয়া প্রায়েগ করিবে। এই সব স্থলে ইহা 'টনিকের" ন্যায় কার্য্য করিয়া থাকে। মুত্রের সহিত অধিক পরিমাণ ফসফেট নির্গত হইলে এবং যে সকল যুবক ক্রত বদ্ধিত হয় ও যাহাদের রক্ত**হীনতা আ**ছে এবং যে **সভল** স্ত্রীলোক

বছ সস্তান প্রদাব করিয়া তুর্বলীভূত হইরা পড়িরাছেন অথবা সন্তানকে অধিক দিন তন্য দান জন্য বাঁহাদের স্বাস্থ্যভঙ্গ হইরা পড়িরাছে, অতিরিক্ত রজঃ আব বা প্রদর্ভাব জন্য বাহাদের বলক্ষয় ও শ্রীরের শীর্ণতা জন্মিরাছে ত'হাদের পক্ষে ইহা সঞ্জীবনী স্থার ন্যায় ফলপ্রদ। ব্রদ্ধাইটিস ও প্রাতন শ্বাস-কাস প্রভৃতি রোগে অতিরিক্ত শ্লেঘা নিটাবন হেতু তুর্বলিতা যক্ষা জনিত উদরাময় ও নৈশ-দর্ম্ম এবং ক্ষোটকাদি হইতে অতিরিক্ত পুয আব, ইহা ব্যবহারে হ্রাস প্রাপ্ত হইরা থাকে।

বার্কির হেতু মাধুম ওলের ক্ষর নিবারণের ইহা শ্রেষ্ঠ ওবদ (কালীফস ও এতং সহকারে ব্যবহার্য। দীর্ঘকাল রোগভোগের পরবন্তী শারীরিক ছর্কলতা বিদ্রিত করিতে, ত্বপ্রদোষ ও হস্তুমৈথুনের কুফল নিবারণ করিতে এবং স্ত্রীলোকদিগের ছর্ক্ননীয় কামপ্রবৃত্তি নিবারণ করিতে ইহার অন্তৃত্ত ক্ষমতা। যুবতীদিগের কোরিয়া এবং ক্লেরোসিস রোগেও ইহা চমৎকার কলপ্রদ। ক্ষয়কাল ও তৎসহ শরীরের শীর্ণতা, নৈশ্যর্ম ও রক্তকাল প্রভৃতি লক্ষণে এই ওয়ব নিয়ক্রমে (৬×) ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে। বিবাহিত যুবকদিগের অপ্রদোষে এবং হস্তুমৈথুনকারীদিগের প্রক্ষেও ইহা অতীব ফলপ্রদ। মন্তকান্থির সংযোগন্থলে ও উপান্থি নারা অন্তির সংযোগন্থলে বেদনা, তৎসহ শীত শীত অন্তব্ধ, আর্দ্রতার বৃদ্ধি, হম্ম প্রবের প্রবণ্ডা এবং গ্রন্থির বিবৃদ্ধি ইহার বিশেষ প্রযোগ লক্ষণ।

অস্থির সংযোগস্থলে বেদনা, বেদনাক্রান্ত স্থানের অবশ্তা ও সিড্সিড়ানি এবং তৎসহ শীত শীত অমুভব, সহজেই ঘর্মপ্রাব ও গ্রন্থির ফীতভার প্রবণতা, আর্দ্রতায় রোগ লক্ষণের রুদ্ধি, ক্ষুদ্র ক্ষুদ্র স্থানে বেদনা, শরীরের শীতলতা (কিছুতেই শয়ীর উঞ্চহয় না), এ গুলিও এই ঔষধের

বৈশেষ পরিচালক লক্ষণ।

ত্বকে এই পদার্থের অভাব ঘটিলে ক্ষুদ্র ক্ষুদ্র জলপূর্ণ উদ্ভেদ বা গুটিকা প্রকাশ পাশ্ন; ক্যাক্ষন সক্ষ মাত্রায় ব্যবহার করিলে এগুলি বিদুরিত হইয়া থাকে।

রক্তহীনতা হইতে বেদনা ও আক্ষেপ (Spasm) উৎপন্ন হইলেও ইচা অভিশয় ফলপ্রদ।

কথন কথন দেহে এই পদার্থের (ক্যাক-ফস) স্বল্পতা নিবন্ধন আমবাত (Rheumatism) জন্ম। সোডির্ম ফসফেট (Natrum Phos) নামক লাবনিক পদার্থের অভাবই এই রোগের মুখ্য কারপ। উপযুক্ত পরিমাণে ভাটফদ রক্তে বর্ত্তমান থাকিলে বাতরোগ জন্মিতেই পারে না। বথন রক্তে ফসফেট অব লাইমের (Calcarea phos) অভাব হর, তথন প্রাকৃতিক নিয়মে সোডির্ম ফসফেট হইতে অংশ বিশেষ আদিরা স্বল্প মাত্র ফসফেট অব লাইমের সহিত সংমিলিত হয় এবং এই প্রকারেই অভাব পূর্ণ করিরা থাকে। সোডির্ম ফসফেট হইতে অংশ বিশেষ চ্যুত হইয়া ফসফেট অব লাইমের সহিত মিলিত হওয়ার দোডির্ম ফসফেটের পরিমাণ কম হইয়া পড়ে। এজন্ত বাত্তবোগে ক্যাক্তকল অবশ্র প্রযুক্তা। সোডির্ম ফসফেটের (Natrum Phos) এই ন্যুনতাই রিউমেটিজমের কারণ। ম্যার্মেরিরা-ফস নামক লাবণিক পদার্থের সহিত্ও ফসফেট অব লাইমের ক্রিয়ার অনেকটা লৌসাদৃশ্য আছে। এজন্ত ম্যাগফল প্রয়োগোপবোগী রোগে উহা ছারা বিশেষ কোন উপকার না দর্শিশে অনেক সময় ফসফেট অব লাইম ছারা উত্তম ফল প্রাপ্ত হওয়া যার।

প্রধান প্রধান লক্ষণ।

ন্দ্ৰ-শিশুর অত্যন্ত ক্রোধ ও থিটখিটে স্বভাব। মানসিক চাঞ্চল্য;
স্থৃতি ক্ষীণতা; চিস্তাসংগ্রহে অসমর্থতা। বিষয় হইতে বিষয়ান্তরে মন ধাবিত
হয়। হস্ত-মৈথুনকারী অথবা যাহারা পুর্বেষ হস্তমৈথুন করিত, তাহ'দের

ক্ষীণ স্মৃতিশক্তি (ক্যালী ফস); নিরুৎসাহিতা ও বিষয়তা; একাকী থাকিতে ইচ্ছা এবং শোক, ক্রোধ ও প্রেমভঙ্গ জনিত নিরাশার পর এই ঔষধ জাল খাটে। শিশুর ক্ষণরাগিতা ও ছ্র্বলিচিত্ত; সহজে কোন বিষয় ব্ঝিতে অসমর্থ; হাবার স্থায় ব্যবহার।

বেরপ অবস্থায় ফিরম উপবোগী সেই সব লক্ষণে রুমেক্সও বাবছত হইরা থাকে। একোনাইট ও জেলসিমিরমের মধ্যবর্তী স্থানই ফিরম কর্তৃক অধিক্রত হইরা থাকে। উৎকণ্ঠা ও অন্থিরতা সহ পূর্ব উল্লফ্চনশীল নাড়ী থাকিলে একোনাইট; কোমল প্রবহমান নাড়ী সহ তন্ত্রাপূতাব ও হতর্দ্ধিতা বিশ্বমান থাকিলে জেলস্ প্রবোজ্য। রোগীর রক্তহীনতা বিশ্বমান থাকিলে চারনার সহিত ভূলনা করিবে, কেননা চারনার সহিত ইহার (ফিরম) বছ লক্ষণের সাদৃশ্য আছে। আশ্চর্যোর বিষয়, যে ভূমিতে চারনা জ্বিয়া থাকে তৎপ্রদেশীয় ভূমি হইতে আয়রণ ও উত্তোলিত হইরা থাকে।

খাদ-যন্ত্রের রোগে ইহার স্থান ফিরম-মেট ও ফদফরাদ এই উভয়ের পরবর্ত্তী স্থলে। শ্বাস যন্ত্রের প্রদাহে ফিরম-মেটের ভার রোগীর অতি উচ্চগাত্রোভাপ থাকিলেও ইহা ব্যবহার্য্য, বক্ষ:স্থলে যাতনা সহ খাস-কষ্ট উভয়েই পরিদৃষ্ট হইয়া থাকে। এই শেষোক্ত লক্ষণ বিশেষভাবে বর্ত্তমান থাকিলে ফিরম-ফল অধিকতর উপযোগী। ব্রাই, বেল ও আর্ণিকার সহিতও অনেক বিষয়ে ফিরম-ফলের সাদগু আছে : মধ্যকর্ণের তরুণ প্রদাহে হিণার ও মার্কের সহিত, শিশুদের চুর্কুলতা ও জীবনী শক্তির অবসাদনে, রোগীর দ্চপেশী, স্কুকুমার বদন এবং কেশ সুক্ষ ও কৃষ্ণিত থাকিলে ফিরম-ফস এবং মলিনবর্ণ, শিথিল পেশী এবং কৃঞ্চিত কেশ বিশিষ্ট রোগীদিগের পক্ষে সলফ অধিকতর উপযোগী। বুদ্ধদিগের আমবাতিক উপসর্গে পেশীর আড়েষ্টভাব (stiffness) ও (वननायुक धतो (pain-ful cramps) थाकित हिक्निया-ननरकत সহিত তুলনীয়। ক্লোরোসিদ রোগে ক্যান্ধ-ফদের পুর্বের বা পরে; অর্শে ক্যাব-ফ্রোরসহ, ডায়াবিটিস অর্থাৎ বহুমূত্রে নেট্রাম-সলফের সহিত ; কর্ণের রোগে ও প্রতিশায়জনিত বধিরতায় ক্যালেণ্ডুলা ও হাইড়াষ্টিসের সহিত ; এবং শির:পীড়ায় ইহার পর নেট্রাম-ফলে व्यत्नक नमग्रहे अक्न प्रनीहेश थारक

ক্যালী মিউরিয়েটিকম্।

Kuli Muriaticum.

ইং। অপর নাম কোরাইড অব্পটাশ। সংক্ষিপ্ত নাম ক্যালী-মিউর।
অন্থি ভিন্ন, শ্রীরের আর সর্ব্যান্ত ইহা বর্ত্তমান আছে ও সর্প্রেই এই
পদার্থের প্রয়োজন : আওলালিক পদার্থের সহিত মিলিত হইয়া ইহা
দেহস্থ কাইব্রিণ নামক পদার্থ (প্রাণী ও উদ্দিদ দেহের তন্ত্রময় উপাদান)
উৎপন্ন করিয়া থাকে । এই পদার্থ ব্যতীত নৃতন ব্রেইন-সেল
(brain cell) উৎপন্ন হইতে পারে না । রক্তের অণুকোষ, মাংশ পেশী,
য়ায়ু এবং মন্তিক্ষের অণুকোষ এবং অন্তঃকেটিফিক বিধানে (intercellular
tissue) ইহার বিভ্যমানতা পরিদৃষ্ট হইয়া থাকে । দেহে ইহার ক্রিয়া
অনেকটা সোডিয়ম ক্লোরাইডের অয়ুরূপ। রক্তে একমাত্র নেট্রাম-মিউর
ব্যতীত অন্যান্ত লাবণিক পদার্থ অপেক্ষা ইহার পরিমাণ অধিক।

যদি কোন প্রকার উপদাহ (ইরিটেশন) বশতঃ উপত্তকর অনুকোষ হাতে কালী-মিউর (প্রাশিয়ম ক্লোরাইড) নামক পদার্থের কিয়দংশ ঝালিত বা চ্যুত হয়, তবে খেত বা খেতাছ-ধূসর বর্ণ বিশিষ্ট ফাইব্রিণ ত্বকপথে নির্গত হইয়া য়য়। ইহা তদ্ধ হইলেই এক প্রকার কোমল উদ্ভেদরূপে (mealy cruption) প্রকাশিত হয়। বদি প্রদাহ আরও গভীরতর প্রদেশ পর্যান্ত হড়াইয়া পডে, তবে ফাইব্রিণ ও 'সিরম" (মন্ত, রক্তের জলবৎঅংশ, রসানি) উভয়ই নিংস্তে হইয়া থাকে এবং প্রদাহিত অংশ ফোদার আকার ধারণ করে। এই ফোদা দেখিতে অনেকটা বসন্ত, গোবসন্ত বা টিকার ফোদার আদ্ধ (vaccine disease); ত্বকর্তায় এপিথিলিয়েল অর্থাৎ ঔপত্বকিক বিধানেও প্রেমিকরূপ অবস্থা জন্মিতে পারে। এইরূপ অবস্থায়

যদি শীঘ শীঘ রোগীকে কালী-মিউর দেওরা যায়, তবে শীঘই ইহার ফলে নিঃস্ত রঙ্গ আংশাধিত হয় এবং ত্বক বা উপত্বক স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হয়।

এই ফাইবিণ রক্তে যথেষ্টরূপে বিভ্রমান আছে। রক্তে যথেষ্টরূপ কোরাইড্ অব পটাশ বা ক্যাণী-মিউর বর্তমান আছে ব্লিয়াই ফাইবিণ নামক পদার্থ উৎপন্নও কার্য্যকারী হইরা থাকে। রক্তে এই পদার্থের অভাব হইলে এই ফাইব্রিণ নামক পদার্থ রক্তন্সোত হইতে বাছির হইয়া ঘাইতে চেষ্টা করে বা স্থানবিশেষে আবদ্ধ হইয়া থাকে। রক্তস্থ ফাইব্রিণের উপর পোটাসিয়ম ক্লোরাইডের বিশেষ প্রভাব আছে। এজন্ম, ইহার (পটাশ ক্লোরাইড) স্বর্ম্ভা ঘটিলে ব্যবহারকারীর অভাবে রক্তস্থ ফাইব্রিণ শরীরে নানারূপ বিশৃত্থলা ঘটাইয়া থাকে এবং প্রকৃতির সাহায্যে দেছ হইতে বাহির হইতে চেষ্টা করে। এই "ফাইব্রিণ শ্রীরের বিভিন্ন পথে বাহির হইলে বিভিন্ন রোগ নামে অভিহিত হইলা থাকে। যথা, নাস-পথে বাহির হইলে সন্দি, ফুসফুস-পথে বাহির হইলে কাসি; ফুসফুস্ পথে নির্গমন কালে ফুসফুস বিধান বিশেষরূপে প্রদাহিত ও ক্ষাত হইয়া উঠিলে ডাক্তারেরা উহার <u>নিউমোনিয়া</u> আখ্যা দিয়া থাকেন। সকল প্রকার প্রাদাহিক পীড়ারই ক্ষরিত নিঃস্রবে (exudation) ইহার বিভয়ানত। প্রত্যক্ষ করা যায়। প্লুরিসিও পেরিটোনাইটিস রোগে ফুসফুসাবরণ (plura) ও অস্তাবরণ (peritoneum) দরের মধ্যভাগে এবং ক্রুপ, ডিফথিরিয়া, সন্দি প্রভৃতি রোগে তত্ত্বং স্থানের মৈশ্মিক ঝিলীতে এই ফাইবিণ শেলার সহিত সঞ্চিত দৃষ্ট হয়।

আময়িক প্রয়োগ।

জিহবা ও টন্সিলে শেতবর্ণের লেপ ইহার অভাব ত্রাপক বিশেষ লক্ষণ। রক্তে খ্যালীমিউরের অভাব নিবন্ধন ফাইব্রিণ কার্য্যকারীর

অভাবে নিজ্রিয় হইয়া সঞ্চিত থাকে। জিহ্বা, টন্সিল বা শরীরের অপর কোনও শ্লৈম্মিক বিল্লীর খেতলেপ এই ফাইব্রিণ ব্যতীত আর কিছই নহে। সকল প্রকার গ্রন্থির কোমল ফীততা, প্রদাহিত স্থানের রসসঞ্চর-জনিত ক্ষীততা এবং যে সকল শৈল্পিক ঝিল্লীর স্রাবে ক্ষরিত পদার্থের খেতবর্ণ, স্থত্তবৎ পদার্থ বিশিষ্ট ও আঁটাল অর্থাৎ চট্টটে প্রকৃতি থাকে, তাহাতেই ইহা পরম উপকারী। এজন্ম সর্দি, প্রমেহ, খেতপ্রদর, বাত हाम, तमल, तार्जी, व्यक्षिणाह, हेतिनिर्णलाम, श्लीहा-यक्र ७ विकारणत वित्रक्षि প্রেগ, কর্ণমূল স্ফীতি, স্তন-প্রদাহ প্রভৃতি বছপ্রকার রোগে লক্ষণের সাদুখে উপকারিতায় সহিত ইহা ব্যবহৃত হুইয়া থাকে। সর্বাহকার প্রদাহেরই দ্বিতীয়াবস্থায় যথন একজুডেশন অর্থাৎ রস নির্গত বা সঞ্চিত হইতে থাকে ও উল্লিখিত প্রকারের স্রাব দেখা যায় তথনই ইহা স্থব্যবস্থেয়। যদি কালী মিউর প্রয়োগের ফলে ফাইত্রিণ আশোষণের পরও লিউকোসাইট (রক্তের খেতকণা) অবশেষ থাকে তবে তথন নেট্রাম-ফস প্রয়োগ করিলে সম্পূর্ণ আরোগ্য জন্মে। ক্রুপ, ডিফথিরিয়া, রক্তামাশয় ক্রুপঃস নিউমোনিয়া, সাস্তর বিধানের অন্তর্মত্তী (fibrinous exudation in the interstitial connective tissue) তান্তব রসক্ষরণ, লসিকাগ্রন্থির (lymphatic enlargement), প্রদাহের পরবর্তী বৈধানিক ফীততা (infiltrated inflamation), খারাপ বীজে টাকা পেওয়ার ফলে চর্ম্বে নানা প্রকার উদ্ভেদের প্রকাশ প্রভৃতি রোগে ইহা প্রয়োগে আশ্চর্য্য উপকার দেখা যায়। হাম ও বসস্ত রোগের ইহা আমোঘ ঔষধ। বসস্তের প্রাত্রভাবকালে প্রতিষেধকরূপে প্রত্যহ ৩× ক্রম ব্যবহার করিলে উহার ছাত হইতে অব্যাহতি পাওয়া যায়। টিকা লইবার পুর্বেব বাপরে ইহা সেবন করিলে টিকা উঠে না। হাম রোগে বা হাম বসিয়া গিয়া গুরুতর লক্ষণ সকল প্রকাশ পাইলেও ইহা ফলপ্রদ। ইহা প্রয়োগে বিলুপ্ত হাম

পুন: প্রকাশিত হইয়া থাকে। জিহ্বায় খেত বা খুসর (gray) বর্ণের লেপ, নি:স্ত আবের (exudation) খেত বা খুসর বর্ণ; গ্রন্থির কোমল ক্ষীত্তা; শ্লৈমিক ঝিলী হইতে গাঢ় সাদা আঠাল বা আঁশ আঁশ (সৌত্রিক) পদার্থ যুক্ত নিষ্ঠীবন বা শ্লেমা কালী-মিউর প্রয়োগের প্রধান লক্ষণ। চর্ম্মরোগে ছক হইতে ময়দার ন্তায় পদার্থ ক্ষরিত হইলে ও ইহা ব্যবহার্যা। যক্ততের নিক্রিম্বতায়ও ইহা ফলোপধায়ক কর্ণ রোগেও প্রদাহের দিতীয় বা তৃতীয় অবস্থায় ইহা বিশেষ ফলপ্রশ। উপদংশ (সিফিলিস্) ও প্রমেহ রোগের ইহা প্রধান ঔষধ।

বিশেষ বিশেষ লক্ষণ।

অন। – রোগী ভাবে তাহাকে উপবাস থাকিতেই হইবে।

মস্তক ।—শ্বেত লেপাবৃত জিহনা সহকারে শিরংপীড়া; ওঁল্ল শ্লেমা বমম অথবা গাঢ় খেতবর্গ শ্লেমা থক্ থক্ করিয়া কাসিয়া তোলা। যক্তের ক্রিয়ার বৈষম্য নিবন্ধন (পিত্তের অভাব জনিত) শিরংপীড়াও তংসহ কোঠকাঠিত। মস্তিজ-বিল্লীর প্রাণাহ (মিনিঞ্লাইটিন)। খুস্কী; শিশুর মন্তকের পামা (crusta lactea).

চক্র ।— চক্র সকল প্রকার রোগেই খেতবর্ণ গাঢ় শ্লেমা-স্রাব লক্ষণে ইহা ব্যবহার্যা (স্রাবের পীতাভ সব্ধবর্ণ থাকিলে কালী সলফের সহিত পর্য্যায়ক্রমে)। কিরেটাইটিস; চক্রর ক্ষত; চক্ষের পাতার ক্ষ্প্র পুষ বিন্দু বা পীতবর্ণ মামড়ি (কালী সলফ)। ত্রণ হইতে উৎপন্ন চেপ্টা অগজীর ক্ষত। দানার স্থায় উদ্ভেদ বা পীড়কা বিশিষ্ট অক্ষিপুট (চক্ষ্র পাতা), তৎসহ চক্ষে বাশুকণা বিভ্যমানতার স্থায় অম্ভব (পর্যায়ক্রমে — ক্রিফ্স); রেটিনার প্রদাহ। কর্ণিয়ার ফোস্কা। তারকামগুল প্রালহ। ছানি (ক্যান্ধ-ফ্লোরের পরে)। অক্ষিত্রণ (হাই

পোপিয়ন); চক্ষুউঠা। টুকোমা; রেটিনাইটিন (আব ক্ষরিত হইলে)।

ক্রেন্তা—প্রন্তির ক্ষাত্তা এবং খ্রেত বা ধ্ররবর্গ লেপার্ড জিহ্বা
সহকারে কর্ণ বেদনা। আলজিহ্বার এবং ইটেকিয়ান টিট্বের ক্ষাত্তা
সহকারে কর্ণশূল (ফির-ফন)। মধ্যকর্ণের প্রাত্তিগায়িক অবস্থা (ফির-ফন); মধ্যকর্ণের ক্ষাত্তা বশতঃ বধিরতা নাসিকায় কৃৎকার
করিলে বা ঢোক গিলিবার কালে কর্ণে চড় চড় বা চিড় চিড় শন্ধ।
ইটেকিয়ান টিট্বের বা কর্ণপটের ক্ষাত্তা জনিত বধিরতা। গলবোগ
বা মধ্যকর্ণের রোগ নিবন্ধন ক্ষাত্তা জনিত বধিরতা। গলবোগ
বা মধ্যকর্ণের রোগ নিবন্ধন ক্ষাত্তা। কর্ণ হইতে দানা দানা নরম
স্থুসরবর্ণ গাঢ় খেতবর্ণ প্রস্রাব। কর্ণের চঞুদ্দিকস্থ গ্রন্থির ক্ষাত্তা,
কর্ণনাদ; কর্ণে পট্পট্ চড় চড় শন্ধ (ফিরফস । বাহাকর্ণের ক্ষাত্তা
জনিত বধিরতা। কর্ণপটহের উপত্বক অলন। ইটেকিয়ান টিউবের
অবরুজ্তা। (কর্তিপয় মাত্রা ব্যবহারেই ফল পা হয়া যায়)। টিম্পেনিক
মেথে ণের কুঞ্চিত্তা। কর্ণমূল গ্রন্থির ক্ষাত্তা। কর্ণে পট্ পট্

না স্থিন ক্রা— নাসাপথের অবরুদ্ধকর প্রতিখ্যায় সহ খেত শ্লেমা নিঃসরর্ণ এবং তৎসহকারে জিহ্বায় খেত বা ধুসর বর্ণের লেপ। প্রতিখ্যায় সহকারে অম্বচ্ছ খেতবর্ণ শ্লেমাপ্রাব। মন্তকের শুক্ত প্রতিখ্যায় সহকারে নাসাবরোধ। অপরাক্তে নাসিকা হইতে রক্তপাত।

মুখাম গুলা।—গালের বেদনা সংযুক্ত ক্ষীততা (ফির-ফলের সহিত পর্যায়ক্রমে) গাল বা মাড়ির ক্ষীততা বশতঃ মুথমগুলের বেদনা।

সুখ্য স্থা সূত্র বা মুখের ঘা। গ্রন্থির অথবা মাড়ির স্ফীততা।
শিশু বা স্তন্ত সামিনীদিগের মুখের খেতবর্ণ ক্ষত ; খেত লেপারত
জিহ্বা; প্রচুর লালাম্রাব। মাড়ির ও গ্রীবাগ্রন্থির স্ফীততা।

চ্ছে ।— মাজির বা গালের স্ফীততা সহকারে দস্ত বেদনা। এই ঔষধ শরীরস্থ অসার (উৎপাদন শক্তিহান) পদার্থ নিঃসারণে সহারতা করে। মাজির ক্ষোটকে পুয উৎপন্ন হইবার পুর্বের্ধ ফির-ফসের সহিত পর্যায়ক্রমে ব্যবহার্য্য (সিলিশিয়া)।

জিল্পা। — জিহবার শুক্ষ, আঠা, আঠা খেত বা ধূপরাত খেতবর্ণের লেপ। জিহবার প্রদাহ ও স্ফীততা (ফির-ফ্স)। ম্যাপেরতায় চিত্রিত জিহবা।

পাহন-আহ্বা ।—শ্বেত অথবা ধুসরাভ খেতবর্ণ বিশিষ্ট গল-কত। খেত বা ধুসরবর্ণ জিহবা। আলজিহবার প্রদাহ ও ক্ষীততা। তালুমূল প্রদাহ (তরুণ বা পুরাতন)। স্ফুতিতা জ্মিবামাত্রই ইহা ব্যবহার করিতে হয়। ডিফথিবিয়ার (ঝিল্লীব প্রদাহ) প্রায় সকল রোগীব পকেই ইহা একমাত্র ঔষধ (ফির-ফসেব সহিত পর্যায়ক্রমে)। ডিফ্পি-রিয়ার এবং প্রায় সকল প্রকার গলরোগেই ইছার বাছা প্রয়োগও বিশেষ উপকারী (২× বা ৩× ক্রমের ১০৷১৫ গ্রেণ এক গ্লাস জলের সহিত মিশ্রিত করিয়া উহাতে এক খণ্ড নেকডা ভিজাইয়া স্থানিক প্রয়োগ)। স্বর-নাশ ও কর্ণ-মূল স্ফীভিতে (মঃম্পস) ফির-ফসের সহিত পর্যায়ক্রমে: প্রচর লালাম্রাব বা অঞ্চের স্ফীততা থাকিলে ভাট-মিউরের সহিত পর্যায়প্রমে। ফ্যারিঞ্চাইটিস (গলকোষ প্রদাহ): গলার স্ফীততা সহ স্ফীতস্থান হইতে খেত বা ধুসুরাভ খেতবর্ণের শ্লেম্মা নি:সর্ণ। গলগ্রন্থির প্রদাহ ইহা ধারা প্রায়ই আবোগা হইয়া থাকে। কাসিতে কাসিতে হর্গন্ধ ছানার স্থায় কুদ্র টুকড়া উত্থিত হয়। গিলিতে বেদনা বোধ হয়। উপদংশজনিত গ্ৰহ্মত। টব্সিলাইটিসে স্ফীতভা দৃষ্ট হইবামাত্র ইহা ব্যবহার্যা। টন্সিলের এত অধিক ক্ষীতভা তে.

ভজ্জন্য খাস-প্রখাসে প্রায় অসমর্থতা। ফ্যারিংসের উপর মামড়ির উৎপত্তি (০×বা ৬×ক্রমের বিচূর্ণ অভিশয় ফলপ্রদ)।

উদর এই নিলে।—পিত্তরাবের অপ্রচ্রতাস্চক মলের মিলিনপীত (ফেঁকাশে), গিরিমাটির স্থায় বা কর্দ্দমবং বর্ণ ও তৎসহ জন্তির। যক্ত-প্রদেশে বা দক্ষিণ স্করাস্থির নিমে বেদনা। যক্তের ক্রিয়ার বৈষম্য সহকারে কোঠকাঠিস, খেত লেপারত জিহ্বা এবং প্রলম্বিত (বহিরাগত) অক্ষিগোলক। পাঞ্ (কামলা) রোগে খেত লেপারত জিহ্বা ও ফেঁকাশে বর্ণ বিশিষ্ট মল। টাইফয়েড জ্বরে খেত লেপারত জিহ্বা এবং পাতলা মল্লাব, অপ্রগাঢ় বর্ণ বিশিষ্ট মল; উদরের ক্ষীততা ও ক্র্পায়ন্তব্তা। কোঠবদ্ধ সংযুক্ত টাইফঃস ফিবার।

কোশে পীত বা কর্দম বর্ণ মলবিশিষ্ট অতিসার; উদরের স্ফীততা; শেওলা শেওলা বা আঠা আঠা মল; বসাময় দ্রব্য ভক্ষণের পর অতিসার। শেওলা শেওলা বা আঠা আঠা প্যময় মল ও উদর বেদনাসংযুক্ত রক্তাতিসার; পুন: মল-বেগ। মলত্যাগকালে অতিশন্ন বেগ দিতে হয়, এজন্ত মলদ্বাবে অতিশন্ন বেদনা জন্ম। রক্তাতিসারে এই ঔষধ ফিরম-ফলের সহিত পর্যায়ক্রমে ব্যবহার করিলে বিশেষ ফল দর্শে (ম্যাগ-ফলের সহিত ভ্লনা করন)। মলিন, গাঢ়, রক্তশ্রানী অর্শ।

আৰু ব্ৰহ্ম ক্রান্ড কা ক্রান্ড আঠ। আঠ। শ্লেমান্রাবী তরুণ মুত্রাশন্ন প্রদাহ (সিষ্টাইটিস)। এই রোগের দ্বিতীয়াবস্থায় এবং পুরাতনাবস্থায় ইহা বিশেষ উপকারী। মলিন ও ইউরিক এসিড সংযুক্ত মূত্র। বৃক্কক প্রদাহের দ্বিতীয়াবস্থা (প্রথমাবস্থায় ফিরফস)।

পূৎজননৈ ক্রিকা। —প্রমেষ এবং অণ্ড প্রদাহের ইষা প্রধান
এবং প্রায়ট অমোঘ ঔষ্ধ। প্রমেষ-স্রাবের বিলুপ্তি বশতঃ অপ্তের
প্রদাহ ও ফাততা। বাগীর কোমল ফ্রীততা, পুরাতন উপদংশ এবং
তৎসহ খেতবর্ণ স্রাব। খেত বা ধ্সর লেপার্ড জিহ্বা। কোমল
আদিম উপদংশন্ধ ক্ষত। ৩× ক্রমের চুর্ণ আভ্যন্তরিক এবং স্থানিক
প্রয়োগ বিশেষ ফলপ্রদ।

প্রতিকলনৈ ক্রিক্রা— হধের ভার খেতবর্ণ, গাঢ় ও অপ্রাণাহিক গ্রেমা প্রাবী খেতপ্রদর। প্রাব জন্ত জরায়ুমুথে ও জরায়ুত্রীবার ক্ষত। এই ঔষধের স্থানিক প্রয়োগও উপকারী। বিলুপ্ত, বিলম্বিত বা শীদ্র শীদ্র প্রত্যাগত ঋতু। মলিন, সংযত, কঠিন, ও প্রভৃত রক্তশ্রাবী ঋতু, জরায়ুতে রক্তসঞ্চয় (বিতীয় বা পুরাতনাবস্থা), শীদ্র শীদ্র ঋতু প্রত্যাগত হয় (ক্যান্ত-ফ্স)। দীর্ঘকালস্থায়ী ঋতু (কালীফ্স);এই সকল রোগীর জিহবার বর্ণ দেখা নিতাস্তই প্রয়োজনীয়। পার্ক্ত ।—গর্ভিণীদিগের প্রাতঃকালীন বিবমিষা ও খেত শ্লেমা বমন সহকারে খেত লেপারত জিহবা। স্তন-প্রদাহ (পূষ সঞ্চয়ের পূর্ব্বে); স্থতিকাজরের প্রারম্ভাবস্থার (ফিরফদের সহিত পর্য্যায়ক্রমে) ইহা একটী সূল্যবান ঔষধা উন্মন্ততা, মস্তিক বিকৃতি ইত্যাদি। স্থন-প্রদাহে এই ঔষধ ব্যবহার করিলে শীঘ্র শীঘ্র শীত্রতা বিলীন হইরা যায়।

শ্বাহ্ন-শ্বাস্যন্তের প্রদাহের দিতীয়াবস্থা। গাঢ় চশ্ছেদ্য, থেত বা চথের স্থায় নিষ্ঠীবন; পূর্ব্বোক্ত লক্ষণ সংযুক্ত নিষ্ঠীবন বিশিষ্ট ক্ষয়কাস। উচ্চ, সশন্ধ, আমাশর হইতে উথিত, নিষ্ঠীবন বিশিষ্ট কাস। এই প্রকার বোগীর জিহ্বার খেত লেপার্ভতা ও চক্ষ্র প্রলম্বিতা। হুপিংকাসের স্থায় হুম, আক্ষেপিক কাস (ফির-ফস)। ক্রুপ কাসের স্থায় ম্বরভঙ্গ বিশিষ্ট কাস; ক্রুপ রোগের ইহা প্রধান ঔষধ (ফিরফস)। নিউমোনিয়া; প্লুরিসি (জিহ্বার বর্ণ দ্রন্থর) খেত লেপারত জিহ্বা ও খেত নিষ্ঠীবন বিশিষ্ট খাস কাস। ম্বর-নাশ; শৈত্য জনিত ম্বরভঙ্গ (কালী-সল); হুপিংকাফ। কাসিবার সময় শিশুর গলার হন্ত প্রদান। হুপিংকাসে ফির-ফসের সহিত পর্যায় ক্রমে ব্যবহার করিলে চমংকার ফল দর্শে।

ব্রক্ত সাঞ্চলন অস্ত্র—হদপিণ্ডের দপ দপ। হৎপিণ্ডের অভ্যন্তরে রক্তের সংঘত হইবার প্রবণতা বা আশকা। পেরিকার্ডাইটিসের বিতীয়াবস্থায় হৎপিণ্ডে অত্যধিক রক্ত সংপ্রবেশ জ্ঞা দপ দপ ও হংবৃদ্ধি

পুষ্ঠ এবং অঞ্চ প্রত্যেজ্য—খেত লেপারত জিহনা সহ
শরীরের যে কোন স্থানের ক্ষীততা সংযুক্ত আমবাতিক বেদনা।
সঞ্চলন কালে অমূভূত হয় অথবা বৃদ্ধিপ্রাপ্ত হয়, এরপ আমবাতিক
বেদনা (ফিরফস)। পুরাতন বাতের বেদনা, সঞ্চলনে উহার বৃদ্ধি। বাত

প্রকারে হ্বর ও সন্ধির স্ফীততা। স্ফীততার কাঠিতে ক্যান্ধ-ফ্রোর সহ পর্যায়ক্রমে। পদের পুরাভন স্ফীততা, উরুসন্ধির স্ফীততায় পুয জন্মিবার পূর্ব্বে; হস্তপদের শীতক্ষোট। গ্রীবাগ্রস্থির ক্ষীততা। গ্রন্থির আমবাতিক ক্ষীততা। রাত্রিকালে ও শ্যার উঞ্চায় বাতের বেদনার বৃদ্ধি। কটি হইতে পা পর্যান্ত বিচাতের ন্যান্ন বেদনা: এজন্স উঠিয়া বদিবার আবশুকতা। লিখিবার কালে হস্তের স্তর্কতা (Stiffness): পদ এবং পদতলের পুরাতন ক্ষীততা ও চলকানি। হস্ত-পুষ্ঠের কণ্ডড়ার কড় কড় শব্দ। হস্ত, পদ বা যে কোন স্থানে নীহার-ক্ষোটক (চিলব্রেন)।

আহামগুল '—ৰেত লেপাৰত জিলা ও বহিৰাগত চকু লক্ষণাপন্ন মৃগীরোগের সর্ব্বপ্রধান ঔষধ (ম্যাগ-ফস)। পামারোগ সংযুক্ত অথবা উহা বিলুপ্ত হটবার পর মুগীরোগ; মেরুরজ্জুর ক্ষয়।

🛥 কা ।— নর্বাপ্রকার চর্মারোগে উদ্ভেদ গুলির ভিতর হইতে শ্বেতবর্ণ পদাৰ্থ ক্ষরিত হটলে অথবা চর্মা হটতে ময়ৰার নাম গুডি গুডি পদার্থ অথবা খেতবর্ণ শক্ষ বাহির হইলে ইহা উপযোগী। মৃত্রযন্ত্রের ক্রিয়ার বৈষম্য বশতঃ পামা (জিহ্বার বর্ণ র্চন্টব্য)। ফোফাকার বিদর্পে (ইরিসিপেলাস) ইহা প্রধান ঔষধ (জ্বর থাকিলে ফির-ফসের সহিত পর্যায়ক্রমে)। কোটক, বিক্রোটক (কার্বাঙ্কল) প্রভৃতি রোগে পুষোৎপন্ন হইবার পুর্বের ; রোগের দিতীয়াবস্থায় ; হার্পিঞ্জ (ভাট-মিউ) ছাম ও হামের লোপজনিত অস্থব। কালেটি ফিবার। সাইকোসিসের প্রধান ঔষধ ৷ বয়সফোড়া বিথাউন্ধ প্রভৃতি চর্মরোগের উদ্ভেদের অভ্যস্তর ছইতে গাঢ়। খেতবর্ণ পদার্থ নি:স্টত হইলে। রজ:রোখের ফলে একজিমা।

হুদ্দায় একজিমা অর্থাৎ বিথাউজ রোগে ইহার ফলবন্ধা পুন: পুন: প্রমাণিত হইরাছে। ফোলা অথবা যে কোনও প্রকারের পোড়া ঘারে ইহা সবিশেষ উপযোগী। দর্ম ক্ষতে ইহার বাহ্য প্রয়োগও হইরা থাকে। অভিশর উপ্র প্রকৃতির দর্ম ক্ষতে ৩× ক্রমের বিচূর্ণ বাহ্য প্রয়োগ করিলে তৎক্ষণাৎ আলা যন্ত্রণা দূর হয়। ইরিসিপেলাসের ইহা প্রধান ঔষধ। দক্র, শিক্ষেল্স (কটিবন্ধের আর দক্র), বুক (লুপঃস) হাম ও তৎসহ স্বরভঙ্গ বিশিষ্ট কাসি ও গ্রন্থির ক্ষাত্রতা অথবা এই সকল চর্মরোগের কুফলে ইহা অতি উৎকৃষ্ট ঔষধ। মুখমগুলে ও গলার ঘামাচির আরক্ষ্ কুক্ উদ্বেদ (pimples)। ব্দস্ত রোগের ইহা প্রধান ও অবার্থ ঔষধ প্রথম হইতেই ফিরম-ফ্স কহ পর্যায়ক্রমে ব্যবহার করিলে গুটি গুলি নিয়মিত্ররণে প্রকাশিত হয়। সাইকোসিসের প্রধান ঔষধ। কুণী; হত্তে আঁচিল।

ক্রে — শরীরের যে কোন ও যন্ত্রের (বা অংশের) প্রদাহের দিনীরা বিছার। টাইফরেড জরে, আক্রান্ত বিধানের বিশুদ্ধনা উৎপাদনার্থ। কালে টি ফিভারে ফির-ফদের সহিত পর্য্যায়ক্রমে ও উহার প্রতিষেধার্থ। টাইফস ফিবারের কোষ্ঠবদ্ধতায় এবং স্থতিকা দ্বরের প্রারম্ভাবস্থায় (ফির-ফদের সহিত পর্য্যায়ক্রমে) ইহা একটি উৎকৃষ্ট ঔষধ (কালী-ফস)। আমবাতিক জরে রস অশোষণার্থ; সকল প্রকার জরে ব্সরাভখেত, শুদ্ধ অথবা আঠা জিহ্বা লক্ষণে ইহা ব্যবহার্য্য। সবিরাম জরে এই ঔষধের অন্তান্ত লক্ষণ বিশ্বমান থাকিলে। প্রাতিশ্রাহ্নিক জরে অত্যন্ত শীতামুদ্ধর, একটু ঠাণ্ডা বাতাস লাগিলেই অত্যন্ত শীত বোধ, এজক্র অগ্নির চুল্লীর নিকট বসিবার প্রয়োজন। বিহানার গা ঢাকিয়া বসিলে উপশ্ম বোধ।

ব্দিদ্রো — যংসামার শব্দেই চমকিত হইরা উঠা। অস্থির নিতা। অভিশয় নিতালুতা।

আপ্তলাঃ—রক্তালভাগহ চন্মরোগ বিশ্বমান থাকিলে উপযুক্ত প্রধান গাহিত পর্যালক্রমে ইবা ব্যবহার করা কর্ত্তবাঃ সর্কপ্রকার পোড়াহারে আভাদারিক ও তানিক প্রধান বিশেষ উপকারী। যে কোন ও রোগেই বিধান হঠতে গাছ শ্বেত মাঠা আগা আন ক্রাব্ত হঠলে বিধান বিশ্বমান করিব। হাম ও বসক্ত রোগের ইহা সক্ষেপ্রান প্রধা। জুফিউলা জনিত গ্রন্থির শ্লীতভায় ও আভি রোগের ইহা প্রধান প্রধা। জুফিউলা জনিত গ্রন্থির শ্লীতভায় ও আভি রোগের ইহা প্রধান প্রধা। চর্কি অথবা অধিক মসল্লা সংযুক্ত দ্রবা ভক্ষণে পেটের অন্ধ্রের উৎপত্তি অথবা বৃদ্ধি এবং সঞ্জননে বেদনার বৃদ্ধি এই প্রধার বিশেষ লক্ষণ। ক্ষতে মাংসাল্পরের উৎপত্তি। খারাপ বীজে টাকা দেওছার ফলে কোন ও অন্ধ্রের উৎপত্তি। যারাপ বীজে টাকা

তিশিত্য ও তিশিক্ষা ।— ঘুতাদি বসামন্ত জিনিষ অথবা পুচি কচুনী ও পিইকাদি অথবা অপন কোনও প্রকার গুরুপাক দ্রবাদি ভোজনের ফলে উৎপন্ধ বা বৃদ্ধি। আমবাত ও সর্কপ্রকার বেদনার সঞ্চলনে বৃদ্ধি। এণ্টিফুফিউলাস, এন্টিসাইকোটিক ও এন্টিসিফিলিটিক এই ত্রিবিধ মন্থর লক্ষণ ও মন্থরগতি বিশিষ্ট ধাতু-দোষের ইং। একটা মন্থর ক্রিয়াশীল ঔষধ। (It is a sulggish remedy for the sluggish symptoms and sluggish constitutions, being antiscrofulous, antisycotic, and syphilitic)

ক্রেন্স ,—এই ঔষধেৰ ৩×, ৬× ও ১২× সাধারণতঃ ব্যবস্ত হুইয়া থাকে। ডিফথিরিয়া রোগে ৩× ক্রমের বিচুর্ণ ১০ ১৫ গ্রেণ এক গ্রাস উষ্ণ ক্রেল ফিলিড কবিয়া কুলি কবিলে বিশেষ উপজার হয় (এতং সহ এই ঔষধ আভ্যস্তরিক প্রতি অর্দ্ধ ব) এক ঘণ্টান্তর গরম জলে গুলিয়া সেব্য)। পোড়াঘা, স্ফোটক, কার্বস্থল, জাঁচিল ও অক্সান্ত প্রকার চন্মরোগেও ইহার বাহ্য প্রয়োগ হইয়া থাকে। এই সব স্থলে জলে গুলিয়া লিণ্ট বা নেকড়াথও ভিজাইয়া স্থানিক প্রয়োগ করিতে হয়।

স্বাহ্ন ।—সর্বপ্রকার প্রদাহের বিতীয়াবন্থায় যথন একজ্ডেশন অর্থাৎ রসক্ষরণ আরম্ভ হয়, তথন বাই, মার্ক, এপিস, থুজা, স্পঞ্জিয়া, আইওডিন, পলসেটিলা, রসটক্স সলফার ও কালী-কার্ম প্রভৃতির সহিত তুলনীয়। ফাইটোলাকা, আস্কুইনেরিয়া, ষ্টিলিঞ্জিয়া, পাইনংস, এসক্ষেপ, এইলাছ, এনিস, ষ্টেল, হেমে-ভার্জ্জ, সিমিসি ও বার্মেরিস এই কয়টী ঔষধ বিশ্লেখণ করিয়া দেখা পিয়াছে যে ইহাদের মধ্যে যথেষ্ট পরিমাণ কালী-মিউর বিশ্লমান আছে। এবং এই সকল ঔষধের অধিকাংশ লক্ষণের সহিতই কালী-মিউরের লক্ষণের অনেকটা সাদৃশ্রপ্ত আছে। ভবিষ্যতে যথন সমগ্র প্রাণীঞ্জ ও উদ্ভিত্মা ঔষধগুলির এই প্রকার বিশ্লেষণ হইবে তথন সেই সকল ঔষধের আংশিক লক্ষণের সহিত এইসব (বাইওকেমিক) ঔষধের লক্ষণের তুলনা চলিবে। ইষ্টেকিয়ান টিউবের পীড়ায় মার্কসলের সহিত তুলনীয়। উনদংশ য়োগে ইহায় পর কালী-সলফ ও সিলি ব্যবহার্য্য। লুপংস অর্থাৎ বৃক রোগে ক্যাভ্রুমসের সহিত তুলনীয়।

হোমিওপ্যাথিক মতে গভীরমূল ঔষধ বলিয়া সলফার যেরূপ বছ প্রকার বিষদোষ দেহ হইতে নিষ্ক্রাস্ত করিবার নিমিত্ত ও অস্তর্বর্তী ঔষধ রূপে মধ্যে ব্যবহৃত হইয়া থাকে স্থসলারের আবিদ্ধৃত বাইওকেমিক শাস্ত্রমতে কালী-মিউরও সেই স্থানটী অধিকার করিয়াছে। যথন উপযুক্ত কোনও ঐষধ বাবস্থা করিবার লক্ষণ পরিদৃষ্ট হয় না, তথন এই শুষধ মধ্যে মধ্যে বাৰহার করিলে এমন লক্ষণ সকল প্রকাশিত চইরর।
গড়ে যে, তাহা দৃষ্টে একটা ক্ষলর শুষধ ব্যবস্থের ছইতে পারে।
কালী-মিউরের পর প্রায়ই ক্যাক্ষ-সলফ প্রয়োজিত হইরা থাকে ও
তথন ইহা উহার অন্পূর্ক শুষধরূপে কার্যাকরিয়া থাকে। প্রদাহে
যথন উপত্তের গভীরতর অংশ আক্রান্ত হইরা থাকে, তথন নেট্রান
মিউরের পরিবর্তে ইহা ব্যবস্থেয়।

আমালরান্ত্রের (gastro-intestinal) প্রবল উপদাহ বলতঃ যথন কত গ্যাংগ্রিণের আকার ধারণ করে তথণ কালী-মিউর অপেক্ষা কালী ক্লোর অধিকতর উপধোগী। একথি (মুখকত) রক্তামাণর ও এপিণে লোমা অর্থাৎ ঔপত্তিক টিউমারে কালী-ক্লোবের সহিত তুলনীর

কালী-ফসফরিকম!

Kali Phosphoricum

ইহার অপর নাম কক্ষেট্ অব্পটাশ। সংক্ষিপ্ত নাম কালী-ফন। আন্তবশরীরের প্রায় সর্বতিই, বিশেষতঃ মন্তিক্ষের ত্রেমাটারেই, স্বায়ু এবং ম'ংশ পেশীতে এই পদার্থ বহুলরূপে পরিদৃষ্ট ইইয়া থাকে। যে সকল পদার্থের সাহায়ো টিশু সকল নির্মিত ইইয়া থাকে তাহাতে এবং স্ব্রিফার পৃষ্টিকর তরণ বিধানেই এই জিনিষ বর্ত্তমান আছে। অতএব অমুমান করা হয় যে, টিশু সংগঠনের পক্ষেইহা অপরিহ্র্যা।

অওলালের সহিত মিশ্রিত হইয়া ইহা মন্তিক্ষের 'গ্রে-ম্যাটার' (grey-matter) নামক পদার্থ প্রস্তুত করে। গ্রে-ম্যাটারের মধ্যে

আরও কতিপয় জান্তব ও লাবণিক পদার্থের বিভ্যানতা পরিল ক্ষিত হইয়া थारक वरहे, किन्त कानी-कमृत्रे উद्दात मर्सा मुद्ध श्रामा । कीवनी किन भः दक्षण अ भवर्क नार्थ मदौदा जात त्य त्य भार्षित आहासन , এই कानी-২-গের সাহায়েই ভাষা সংগ্রহীত হইয়া থাকে। প্রকৃতপক্ষে, জীবনী শক্তি সংৰক্ষণে যে যে উপাদাদের প্রয়োজন তন্মধা এই কণ্ডেট অব গটাশট স্কাল্ডান। মন্তিষ্কে এই পদার্থের অভাব বাপয়তা ঘটিণেই लामा श्रकाव आधावक वक्षण छेरला इडेबा शादक। मिखका व कामछ প্রকার মকল প্রকার। বিক্রতির ইতা সকাপ্রধান ঔষধ। গ্রে-ম্যাটারের ক্রত ক্ষর নিএরন বাহার। স্বাধাবক দৌকাল্য বা অপর কোনও সাংঘাতিক বোগাক্রাম্ব (যেমন কলেরা প্রভতি) হইগাছেন, তাহারা ইহা বাবহার माद रेक्षत উপকারিত। উপলব্ধি করিতে পারিবেন। বৃদ্ধ ও লামবিক বেংক্রাগ্রন্থ প্রেক কাল্-ফ্র ৩ ৯ ট্যাবলেট সর্বাদা সঙ্গে রাখা একাড কর্যা। ভাহ। হটলে জগৎ হটতে বছ বেশগ ভোগের অবস্থান হছবে। ম্প্তিদ্ধের অভিচালনা বা আফ্রিরে অভাধিক ২: টুনতে ভালনাৰ দেহ ও মন অবদল হইরা পড়িরাছে 👂 কালীফদের (ex) शक्ति हेरावटन्हे यूर्थ क्लिया पिन, श्रृष्ठ प्रटब छ अन्बहिर्छ গড়ে প্রভাগের্ডন করিতে পারিবেন। রুধ আত্মীয়-সজনের সেবা ভ্রমায়া कविट श्रांति जागहन वा छेरमवामि छेननक्य थाँहिन श्र बादि-লাগালের ফলে আপনি অবসর ও ক্লাক্ত ইয়া পডিয়াছেন ও আপনার भवीत खद खद करिएटाइ ? कांगी-कम ७x, शारी है।वरनहे शत्र सरन ভালিয়া সেবন করুন, দেখিবেন কেমন সত্ত্ব আপনি হস্ত ও প্রকৃতিস্থ বোধ করেন। স্কুল-কলেজের ছাত্রগণের রাত্রি জাগরণ করিয়া মণ্ডিছ পরি-চাসনার কুকলে বা উকীল মোক্তার বারিষ্টার প্রভৃতির আফিষে মৃত্তিকপরিচালনা করিয়া সওয়াল জ্বাব করার দক্ষণ অথবা কুল মাটার খা প্রফেসারগণের অধ্যাপনা জনিত মন্তিক্ষের অবসাদে ও স্থৃতিক্ষীণতায় ইহা অমুল্য ঔষধ।

প্টএগতে প্রকৃতির কার্য্য নিরীক্ষণ করুন। উদ্ভিজ্জ্যে, ফুলে-ফণে কেমন ধীরে ধীরে, অল্লে অল্লে, বাছিয়া বাছিয়া আকর্ষণ ও বিকর্ষণ অর্থাৎ গ্রহণ ও ত্যাগ হারা অভাবের পুরণ চালভেছে। দেত্র প্রেরাজনীর বস্তুর বিশ্বমানতার স্বাস্থ্য; অভাবে —রোগ; রোগ হইলে শরীরে কোন্ কোন্ পদার্থের অভাব ঘটিয়াছে তাহা জানিয়া অভাবের পূরণ করুণ—দেখিবেন, শীঘ্রই স্বাস্থ্য পুন: প্রাত্তিত হইয়াছে।

ষধন চিকিৎসক্ষপ্তণী এই পদার্থের অসাধারণ গুণাশুণ বিশেষ করেপ পরিজ্ঞাত হইয়া, অভাব স্থানে ইহা, বাবহা করিতে শিক্ষা করিবেন, তথনই দেশে পাগলা গারদ (Lunatic Asylum) রাধার আবশ্রকতা আর থাকিবেনা, এবং জগত হইতে বহু রোগের অবসান ঘটিবে, এই মর-জগতই আবার অমরধামে পরিণত হইবে। মানবজাতির কল্যাণার্থে ইহা শীভগবানের স্ক্রেন্ড দান, মন্ত্রের আবিজ্ ত পদার্থ সমূহ সধ্যে স্ক্রেন্ড আবিজ্যের এবং রোগারোগ্যে স্ক্রেন্ড মহৌষধ, একথা বলিলে বোধহর কিছুমাত্র অত্যুক্তি ইইবেনা।

শরীরে কালী-ক্ষের স্বল্পতা ঘটিলেঃ—(১) লজ্জাশীলতা, উবেগ, অন্থিয়তা, ভর, অঞ্চল্লালতা, সন্দেহ, স্থাহে ফিরিয়া যাইতে উৎস্ক্য (Home sickness) স্বৃতিক্ষীণতা এবং অবসাদ প্রভৃতি মানসিক লক্ষণ; (২) প্রথমতঃ নাড়ীর ক্ষুদ্রতা ও ক্রততা (Small and freqent) এবং পরিশেষে উহার বেগের প্রতিবন্ধকতা বা বিগ্রিততা (retardation); (৩) বোধক স্নায়ুতে (sensory nerves) বেদনা সহ স্পর্শাক্তির বিলোপ; (৪) পেশী ও স্নায়ুর দৌর্বল্য জনিত গতি-জনক স্নায়ুর পক্ষাণাত বা অবশতা এবং (৫) সহাস্ক্তেতিক সায়ুতে ইহার

স্বরতা নিবন্ধন পরিপোষণের অভাবহেতু ঐ সকল স্নায়ুর কোমলতা ও বিগলনশীলতা (degeneration) উৎপন্ন হইয়া থাকে।

শর্কপ্রকার স্নায়বিক দৌর্কল্যের (নিউরেন্থিনিয়া) মহৌষধ বলিয়া ইহাব যথেষ্ট খ্যাতি আনচে।

সর্বপ্রকার আবের—(মল মৃত্র, রক্ত, শ্লেমা ও নিষ্ঠীবন প্রভৃতির এবং কত হইতে নিঃস্ত আবের ও প্রদরাদি আবেরও) ভ্রম্ব পৃতিগন্ধ (পচাগন্ধ) এবং টিগুর পচন বা বিগলনশীলভা কালী-ফ্স প্রয়োগের অপর বিশেষ লক্ষণ। বৃদ্ধদিগের শীর্ণভা (এটুফি) এবং যে কোন প্রকার কত বা আবাদির সেন্টিক হইবার আশঙ্কায় ইহা সন্ধ্লভার সহিত্বাবহৃত হইয়া থাকে।

প্রধান প্রধান লক্ষণ।

নাল ।—কালী-ফ্স সায়ু ও মণ্ডিছের রোণের সর্বপ্রধান ঔবধ।

সায়ু এবং মন্ডিছের গুর্বলতা জনিত সর্বপ্রকার মানাসক বিকাততেই ইচা

বিশিপ্ত রূপে উপযোগী। মিডিছের এই উপাদানের স্বর্লা ঘটিলে

নিয়নিথিত লক্ষণ সমূহ উপস্থিত হয়; যথা—মন্ডিছের গুর্বলতা (অভাধিক শ্রমজনিত) নিরুৎসাহিতা, ক্রোধপ্রবিল্তা, অসহিষ্ণুতা এবং অভিশন্ত প্রারবীয়তা, শিশুদিগের থিট্থিটে স্বভাব; ক্রণরাগিতা, ক্রন্দন ও

চিৎকার; ভর; স্মৃতিক্ষ্ণিতা (ক্যাল্ড্রুসের সহিত পর্যায়ক্রমে) বাজিতে

নিজিতাবস্থায় শিশুদিগের চিৎকার (ক্রথন ক্র্থন ক্র্মিক্র্রুপ্ত)। পূর্ব্বোক্র লক্ষণের সহিত জিহ্বার বর্ণও এইবা।

অন্থিরতা, বিষয়তা, নানারূপ কল্পনা, বিনাকারণে ভন্ন, পূর্ব্বেই ভবিশ্বৎ বিপদ সম্বন্ধে স্থিনন্দ্রনতা বা বুঝিতে পারা; বিষয়কর্ম্ম এবং আর্থিক বিনাশ সম্বন্ধে স্থিরনিকাস্ক, লোকান্ধে যাইতে বা লোকের স্থিতৃ মিশিতে ভর বা লজা; গুরুশুমজনিত মান্দিক ছর্বলতা; সহজেই ক্রোধের উদ্রেক ও স্থৃতিক্ষীণতা, লিখিবারকালে শব্দ বা অক্ষর ভূল পড়ে, সমস্ত বিষয়ই গুলাইরা যার; গোলমাল বা শব্দে বিদ্বেষ; উল্পমহীনতা, দামান্ত কাজও বৃহৎ বলিয়া মনে হর, বিষয় হইতে বিষয়ান্তরের আলাপ বা প্রলাপ; ভরের কুফল; শোকের কুফল; বিজ্ঞা দৃষ্টি; ভিষ্টিরিয়া পর্যায়ক্রমে হাল্ড ও ক্রন্দন; উন্মন্ততা; বিষাদ বায়ু, সর্বাদা চুপকরিয়া থাকিবার প্রবৃত্তি; নিত্রাহীনতা রাত্রিকালীন ভর, জীবনের অসার-ভাগ দর্শন। উৎসাহ-হীনতা, স্নায়বীয় বাক্তিগণের মৃদ্ধিবণতা, সকল বিষ্যেরই মন্দ দিক দর্শন এবং অস্থান্ত বহু প্রকার মান্দিক বিকৃতি। মনের সামান্ত আবেগের ফলে হিষ্টিরিয়ার উদ্ভব।

ভিলিরিয়ন ট্রিমেন্স (বালাকেপ) মন্তিক্ষের কোমলতা, শৃত্যে করিত বস্ত ধরিবার নিমিন্ত হস্ত প্রসারণ। অভিশর লজ্জাশীলতা; জ্বরণালে প্রলাপ বকা (ফির-ফল, ফাট-মিউ)। স্থতিকোনাল; হাস্ত বা ক্রেন্দনের আবেশ; বিযাদবার; অত্যধিক মানসিক পরিশ্রম জনিত অবসাদ; অপ্রে বাক্রোধ। মানসিক বিভ্রম।

নস্তক।—সায়বীর ব্যক্তিগণের শিরংপীড়া; শব্দে অমুভবাধিক্য, জোধপ্রবণতা; মন্তিষ্কের রক্তহীনতা। রক্ষপ্রোব কালীন শিরংপীড়া, তৎসহ কুধা। বাম মাটেরেড অন্থিতে দারুণ বেদনা। শুম, তুর্বলতা, চিন্তা করিতে অপারগতা, ক্লান্তি, হাঁইতোলা, আড়ামোড়াভাঙ্গা (হন্ত-পদের প্রসারণ—স্ট্রেচিং) অবসরতা ও হিষ্টিরিয়া সহকারে শিরংপীড়া। কর্ণে গুণ গুণ শব্দ সহকারে শিরংশূল, মানসিক প্রফুল্লতার উহার হ্রাস এবং একাকী থাকিলে বৃদ্ধি; অশ্রুপ্রাব প্রবণতা। আহার করিলে ইংার কিঞ্ছিৎ উপশ্য। মন্তক-পৃঠে বেদনা ও গুরুত্ব,

স্ত্রীলোকের ঋতুকালীন শিরঃপীড়া ও তৎসহ কুধা। স্নায়বিক শিবঃপীড়া। মস্তকত্বক কণ্ডুবন। নড়িলে চড়িলে ও থোলা বাতাসে বৃদ্ধি।

চিক্র ।— দৃষ্টিদৌর্কলা, উত্তেজিত, একদৃষ্টিবিশিষ্ট চকু। প্রামারত আফিতারা। পেশীর ছকাণতা বশত: চকুর পাতার পতন। ডিফ্রিরিয়ার পরবর্ত্তী তির্যাকৃদৃষ্টি। চকুর পাতার পকাঘাত বশত: পতন; চকে বাশু, কুটা ইত্যাদি থাকার স্থায় অনুভব। পাতার স্পন্দন। চকুর সম্মুধে ক্ষাবিদ্দ দশন। ঝাপুসা দৃষ্টি।

ক্র ।— মন্তকে এবং কর্ণে নানারপে শব্দ প্রবণ সংযুক্ত বধিরতা।
সায় মন্তলের ত্র্পণতা জন্ত প্রতিফীণতা। কর্ণেক্ষত ও উহা হইতে ত্র্গীর পৃষ্ময়, রক্তাক্ত প্রাব সিঃস্রণ। মেম্বেণের ক্ষত। কর্ণের অভ্যন্তরে চুলকানি। যে কোন প্রকার শব্দ অবহা বোধ হয়।

নাতিনকা।— হুগদ্ধিলাববিশিষ্ট, শ্লেমালাবী বিলীতে সীমাবদ প্রতিশার (সিলিশিরা জুইব্য)। হুর্গদ্ধি পুতিন্ত (সিলি)। <u>নাসিকা</u> হুটতে পাত্রলা ক্ষাভ বক্ষপাতে। এই বক্ত জ্মাট হয় <u>না।</u> নাসিকা হইতে রক্তলাবের প্রবণতা (ফির-ফস সহ পর্যায়ক্তমে)। নাসিকা হইতে হরিজ। বর্ণের আব নিঃসরণ।

মুখ্ম গুল্প — মুখ্ম গুলের সায়ুশূল। মুখ্ম গুলের নীলাজভা ও নিমগ্ন ; পাঞ্র ও রোগা মুখ্ম গুলের আরক্তা, উত্তপ্তা ও জালা। বাম পংখেঁর উপরের মাড়ি হইতে বাম কর্ণ পর্যান্ত বেদনা।

সু-খ-স্থা— মুখের শচাক্ষত (কালী মিউরের সহিত পর্যায়ক্রনৈ)
ওঠে জগক্ষে টক ; ওঠের ছাল উঠা; মুখমধ্যের প্রদাহ। মুখ হইতে
হর্গন্ধ নিঃদরণ। প্রভৃত লবণাক্ত গাঢ় লালা নিঃদরণ। স্পজের স্থার
মাডি।

হৃত্ত ।—সার্প্রধান ব্যক্তিদিগের দ্যুবেদনা (ম্যাগ-ক্স)। ত্র্বলতা, মানস্কি পরিশ্রম অথবা নিজাহীনতার পর দ্যুবেদনা। যংসামার
সঞ্চলনে এই বেদনার উপশম। ধীর ক্ষম্পাই ভাষণ (কথা বলা); শীত
ব্যতীত স্নায়বীয় কারণে দন্তে দন্তে ঠক্ ঠক্ করা। সহক্রেই দন্তমূল হইতে
রক্তপাত। ক্ষয়প্রাপ্ত দক্তে অত্যন্ত বেদনা; সার্বিক প্রকৃতির ব্যক্তিগণের দন্তশ্ল।

ক্তিন্ত্রা—বাসি সরিষা গোলার শ্রায় লেপ বিশিষ্ট ভিছ্বা। মুখ কইতে ছর্গন্ধ নিঃস্বণ প্রতে ভিছ্বার অভিশয় শুক্তা, মনে হয় ভিছ্বা উপর ভালুতে লাগিয়া থাকিবে। অভিশয় ছর্বগতা বা শুক্তা সহকারে জিহ্বার প্রদাহ (স্থাট-মিউ)।

পালা নালা ।—ভিক্থি বিরার পরবর্তী উপসর্গ, যথা দৃষ্টির ক্ষীণভা, আংশিক পকাবাত ইত্যাদি। গল-মধ্যের পচাক্ষত (প্রারম্ভাবস্থার); ক্রুপ রোগের শেষাবস্থার মৃচ্ছা, বিবর্ণ ও বলক্ষরে এই রোগের প্রধান ঔষধ কালী-মিউরের সহিত পর্যারক্রমে ব্যবহার্যা। স্বর্গভঙ্গ ও স্বর-নাশ। নাকাস্বরে কথা বলা, ধীরে ধীরে, অনুচচস্বরে কথা বলা। স্বর-রঞ্জুর

পক্ষাঘাত। মানসিক অথবা সায়বিক ছৰ্বলত। বৰ্ত্তমান থাকিলে সকল প্ৰকার গল-রোগেই ইহা ব্যবহার্য। বৃহৎ ক্ষত বিশিষ্ট টফিল ভছপরি গাঢ়খেত লেপ। সর্বাধা ঢোক গিলিবার ইচ্ছা।

ত্রাক্রাক্রা ।—আমাশরের প্রদাহ ও ক্ষত। শোকতাপাদিবশতঃ
ছর্মিণতা ও অবসরতা হইতে উৎপর আমাশরের বেদনা; জরাদি রোগের
পর অতি কৃষা ও অস্বাভাবিক ক্ষা। উদর পূর্ণ কবিরা আহার
করিলেও ক্ষা যার না, আবার খাইতে ইক্রা হয়। উদরের ক্ষীততা।
বাতোদগার বিবমিষা সহ তিক্র বা অমুভুক্ত দ্রব্য বমন।
রক্ত বমন, তিক্ত বা অমু বাপ্পোদগার। পাকস্থলীর কোন ও এক
ক্ষেত্র ছানে অবিরাম বেদনা। মন্তিক্রের রোগসহ গাঢ় সবুজ বা নীল
পদার্থ বমন। পাকস্থলীর প্রদাহ। ভন্ন বা উত্তেজনার পর পাকস্থলীতে
বেদনা। অতিশয় পিপাসা; বিবমিষা সহ অমু তিক্ত পদার্থ বা রক্ত
বমন। থালি পেটে থাকিলে পেট কামড়ার, বিছু থাইলে উহার শান্তি।

তিদ্বা ত চকা!—উজ্জন রক্ত সংযুক্ত রক্তামাশর। উদরের শ্লীততা, রোগীর প্রশাপ বকা; মশের পচা গন্ধ, জিহ্বার শুন্ধতা ইত্যাদি।
পচা হর্মন মল সংযুক্ত অতিসার ও তৎসহকারে অতিশন্ধ হর্মেলতা ও
স্মবস্ত্রতা। যে সকল রোগের সহিত উদরের উপসর্গ বিভ্যমান থাকে,
ভাহাতে প্রধান ঔষ্ধের সহিত এই ঔষধ পর্যায়ক্রমে ব্যবহার করিবে।
উদ্বের প্রদাহ ও মলে হর্মন্ধ থাকিলে ইহা বিশিষ্ট্রমণে উপযোগী। উদ্বের

বামণার্থে হৃৎপিত্তের নীচে বেদনা। প্লীহার রোগ সহ আমাশরের বাম পার্থে বারু সঞ্চয় ও বেদনা। ভন্ন বা অপর কোন দৌর্বাল্যকর কারণে বেদনা শুক্ত জ্ঞলবৎ অতিসার ও তৎসহ বলক্ষা। চেলেনি জলের ক্লায় বর্ণ বিশিষ্ট অতিশন্ন তুর্গদ্ধ বিশিষ্ট মল প্রাব। টাইকরেড ডিসেন্টি। উদরের স্থীততা সহকারে বামপার্শ্বে ক্লান্তিকর বেদনা ও হৃৎপ্রদেশে যন্ত্রণ। চাউল ধোয়া জলের ন্থায় বর্ণ বিশিষ্ঠ প্রভৃত যন্ত্র সংযুক্ত ওলাউঠার ইচা বিশেষ উপকারী। এই মল সশব্দে নির্গত চয়। টাইফরেড ফিবারের আদ্রিক লক্ষণে। সরলান্ত্রনির্গমন (ফির-ফস সহ পর্যায়ক্রমে)। আদ্রিক ক্রের ক্ষুদ্র হর্বস নাড়ী ও মুখমগুলের নীলাভা। সল্প্রদিকে অবনত হইলে উদর বেদনার উপশম। খাইতে বিসিলেই মল বেগ, তংকণাৎ উঠিতে চয়। মল্লাবেও মলবেগের শান্তি ক্লেম্ম না। নড়া চড়ায় মলম্ব রে জালা; কোঠ কাঠিয়। হাড়িশে ক্ষত, বেদনা ও চুলকানি; কোলন ও সরলান্ত্রের পক্ষাঘাতের ন্থান অবস্থা।

সুক্র ব্যায় ত্রান পুনঃ প্রভুত সুত্রজাব ও তৎপরে মৃত্র-পথে ঝলসিয়া যাওয়ার ভায় বেদনা। স্নায়র দৌর্বলারশতঃ মৃত্রবেগধায়ণে অসমর্থতা।
অবারিত সৃত্রজাব। যুবক ও শশুদিগের শ্যাসূত্র (।ফর ফস সহ
পর্যায়ক্রমে, ক্রমিজনিত রোগে গুটি-ফসের সহিত); মধুমেন। বাইট্রন
ডিজিজ (মৃত্রে এবুমেন থাকিলে ক্যাজ-ফসের সহিত পর্যায়ক্রমে)।
বহুমূত্র সহ অতিক্রধা। কুল্পমেরভায় পীতবর্ণ মৃত্র। মৃত্রমার্গে কণ্ডুরন।
প্রমেন্থরোপে রক্তমৃত্র। মৃত্রাশর ও মৃত্রনালীতে কর্ত্রনবং বেদনা।
বাইটস্ ডিজিজ। স্নায়বিক দৌর্বলা জনিত অবারিত মৃত্র। সিপ্তাইটিস

পুথ জননৈ ক্রিয়া — গণিত, আদিম উপদংশক কত (স্থান্ধার)
রক্তরাবী প্রমেন্থ। তর্জনা সক্ষেচ্ছা। ধ্বজন্তক ; রাজিকালে লিকোখান
ব্যতীত বন্ধণাকর শুক্রবাব। কামেচ্ছার সম্পূর্ণ বিলোপ। স্ত্রীসক্ষমের
পর অত্যন্ত হর্মবাত। অমুভব ও দৃষ্টিদৌর্মবায়। ব্যালেনাইটিস
(ণিক্ষেম্ভের শৈক্ষিক ঝিলীর প্রদাহ)।

জ্ঞীজনতন ক্রিয়া—পাত বুবা ক্রোধী ও সায় প্রধান স্ত্রীলোক দিগের বহু বিশ্বিত ও ব্যল্পাব বিশিষ্ট ঋতু। উজ্জ্ব গোহিত অধবা ক্ষণাত লোহিত, পাতনা, অসংগত, মুগন্ধি প্রভৃত ঋতু । অনিয়মিত ঋতু ; ঋতুকালে উপর বেদনা (ম্যাগ-ফদ) ; রজলোপ । ঋতুকালে হিটিরেরা ; গলা বাহিয়া বলের স্থার গোলাকার একটা পিশু উঠিতেছে, রোগনীর করণ অমুভব। বিশাহী শেতপ্রদর (শুটি-মিউ পণ্যারক্রমে)। স্নারবিক প্রকাতর স্ত্রীলোকদিগের নির্মিত সমবের বছপুর্বে অভাধিক পরিমাণ ঋতুআব। ছকালতা, উল্লমহীনতা ও অপ্রযুগ্তা সহ ঋতুলোপ। ঋতুকালে মাথাধরা, অবসন্ধতা, নিদ্রাস্থা, পারের কামড়ানি এবং নিম্নেদ্বের প্রায় সর্ব্বেই চিড়িক্মারা বেদনা। উদরেশ্ব বাম পার্শ্বেও বাম ভিষাশরে (ওভেরি) বেদনা। কটির নিম্নে ত্রিকাল্থ (সেক্রাম) প্রদেশে অসহা বেদনা। পীতাল, ক্ষত্র জ্বালাকর প্রারবিক প্রকৃতির স্বেদর। ঋতুর গর ছন্দ্রমা সন্ধনেছে। অভিশন্ধ স্নায়বিক প্রকৃতির বেংগলী হুকালতা ও শুরিহীনতা সহ ব্য ঋতু (এমেনােবিয়া)।

প্রতি।— ছবল স্ত্রীলোক দিগের গর্জজাব। শকা (কাাক্-ফ্লোর)। দ্বনপ্রদাহে হুর্গন্ধি পিঙ্গণবর্ণ পৃহজাবে আভ্যন্তারিক ও বাহা প্রয়োগ ফলপ্রদ। স্তিকা জ্বর; গর্জাবহায় বা প্রনাহের পরবর্তীব উন্মন্তহায় বা সর্বাপ্রকার মানসিক নির্কাক্তে ইহা বিশেষ উপক্রী। ক্ষীণ প্রসববেদনা। প্রসবের একমাদ পূর্ব হইতে নিয়মিত রূপে ইহা ব্যবহার করিলে প্রসবের কোন কষ্ট হন্ন না। প্রসব বেদনা উপস্থিত হইলে ১৫।২০ মিনিট পর পর ৪% ক্রম ৪০৫ গ্রেণ মান্তায় উষ্ণ জলের সহিত্

প্রায়েগ করিলে অভি শীঘ ও সহতে প্রস্ব ভটয়া থাকে ৷

ক্রাজন-আক্রা ।—শর্ষদ্রের অভিচালনা বশতঃ শ্বরভঙ্গ ও চুর্বলেডামুক্তব। হুপিং কাস। খাস প্রখাসে অভিশর কট চইলে অধিক মাত্রায়
এবং অল্ল সময় পর পর ৩×ক্রম বাবচার করিলে উৎকৃষ্ট ফলদর্শে।

শ্বনাশ। খাদবোধের আখন্ধ। (অলবৎ ফেণা নিষ্ঠীবন পরিতাক্ত হইলে স্থাট-মিউ সহ পর্যায়ক্রমে)। ক্রুপ রোগের শেষাবস্থায় (পর্যায়ক্রমে কালীমিউ)। খাস-কাসে খাসের ছুম্মভা, পরিশ্রমে বা বৎসামায় সঞ্চলনে বৃদ্ধি। খাসনগার উপদাহ বশতঃ কাস। বক্ষে ক্ষতবৎ বেদনা। ফুসমুসে জলসঞ্চা। প্রমঙ্গনক কার্যা বা উপরতালার উঠিবার সময় মারাদিত ও দ্রুত খাস-প্রখাস। স্বায়বিক প্রকৃতির রোগীদিগেব স্থাপিং কাস ও তৎসক্ ক্ষত্যক্ত অবসনতা। শ্বরহজ্বে (ভোকাল-কর্ড) পক্ষাঘাত সনিত মর নাশ।

ক্রাপ্ত সাক্ষ্ণকাক্র ক্রান্ধ্র নাড়ী। উৎকণ্ঠা, অন্থিরতা, খালের ভ্রতা ও নিজাহীনতা সহকারে হংগিঙের দপ্দপ্। উভ্নতানে উঠিতে স্থাপিঙের দপ্দপ্। ভর অথবা স্থাপিঙের ওর্গতাবশতঃ মূর্ছা। স্থাপিঙের জিলার স্বিরামতা।

পুঠি ও অক্ প্রত্যক্ষ ,— নেক্ রজ্ব কোমণতা ও রক্তন হানতা। হস্ত পদের আংশক বা সমগ্রের পক্ষাঘাত। চলং-শক্তির বিপথ্যর; ই:টিতে গিয়া পড়িয়া যায়। আমবাতিক বেদনা, রোগাক্রাক্ত হানের ওজতা ও আড়ইতা; প্রবল পরিশ্রমে র্দ্ধি, সামান্য সঞ্চলনে উপশম। থোঁড়াইয়া থোঁড়াইয়া হাঁটিতে হয়। বিশ্রাম কালে ঘুইবং বেদনা, আত্তে আত্তে নড়িলে চড়িলে ক্রমে ক্রমে উপশম বোধ; তরুণ হা পুরাতন বাতের বেদনা। প্রাতে বিশ্রামের পর, অথবা উপবিষ্ট অবস্থা হইতে উত্থানকালে রোগাক্রান্ত হানে আছেইতামুভ্র (ইফনেস্)। হস্ত পদের সায়ু শুল ও তংসহ অবশতামুভ্র (ক্যাক্রক্রস); হস্ত পদ বা কর্ণে শীতক্ষোট (আভাক্রিক ও বাহ্য): হস্ত ও পদ তলের কণ্ডুরন ও আলা।

আছুমগুলা—শরীরের বে কোন ও স্থানের বা বে কোন ও

প্রকারের পক্ষাঘাতেই কালীফদ প্রধান ঔষধ। শরীরের যে কোন যন্ত্রের সায়ুশুলে অবদরতা, বলকর গোলমালে বা আলোকে বেষ এবং সামাস্ত সঞ্জলনেও মনের প্রকৃত্রতায় উপশম ও একাকী বা ত্রিভাবে থাকিলে অতিশর বৃদ্ধি লক্ষণ থাকিলে ইছা বিশেষ ফলপ্রদ অতিশর স্বায়বীর প্রকৃতির রোগী, বিনা কাংণে সহজেই উৎক্তিত হয়।

সহকেই ক্রোধের উদ্রেক। সামান্ত বিষয়কে রহৎ করিয়া ভোলে; ব্যোগের বর্ণনাকালে দ্যোগীর অঞ্জ্রাব। সামান্ত মনোবিকারে চিষ্টিরিয়ার আবেশ, শিশুদিগের পক্ষাঘাত, মৃগী; কটিবাত; উরুর পশ্চাংদিয়াইটুপর্যান্ত আকর্ষণবৎ বেদনা এবং সহকেই হর্মাণতা ও অবসন্নতা। মৃগী ও চিষ্টিরিয়া, বিশেষতঃ ভর প্রাপ্তির পর। সহকেই চমকিত হইয়া উঠা। দম্যভম্বরের ভয়। সাম্মিক ছ্র্মাণতা, বিশেষতঃ ইন্দ্রিয়ের অভি চালনার কলে নিদ্রাহীনতা, কটি, পৃষ্ঠ ও মন্তকপৃঠে বেদনা সময় সময় বেশনার আবেশ ও তৎপর অবসন্নতা। চলৎ-শক্তির লোপ (loco-motor paralysis); পক্ষাঘাত সহ রোগাক্রান্ত অক্ষের শীর্ণতা। একাকী বা চুপক্রিয়া থাকিলে বেদনার বৃদ্ধি। সামেটকা, উরুর পশ্চাৎ দিয়া হাটু পর্যান্ত বেদনা; চকিত প্রবণ্ডা, সহজেই চমকিয়া উঠে।

ক্রেক ।— গাত্র কণ্টু আঙ্গুণ্ডাড়া, পেন্দিগঃস (জল বিষের ন্থায় ফোছা বিশিষ্ট এক প্রকার চর্মা রোগ)। ফোছা, কুঞ্চিত ত্বক, বসস্ত রোগের পচনশীল অবস্থা। সূত্স্থড়ি অনুভব সহকারে ত্বকের অভিশব্ধ কণ্ডুরন; সামান্ত ঘর্ষণে উপশম অনুভব কিন্তু জোড়ে চুগক।ইলে ক্ষতবৎ বেদনা (ক্যাক্ষ্ক্স), হস্ত ও পদের ভালুর কণ্ডুয়ন; শীতন্দোট; মন্তক্ষেত্র।

নি দ্রা দেউৎকণ্ঠা বা উত্তেজনার পর নারবিক কারণে স্থানিজা।
স্থপ্ন সঞ্চরণ : শিশুরা স্থপ্ন দেখিয়া উঠিয়া পড়ে। অনিজা নশক: হাঁই-

তোলা, আড়ামোড়াভালা, ছর্বলতা এবং উদরে শুক্ততামূভব।
সমগ্র নিদ্রাকাল ব্যালিয়া অগ্নি, দম্যভক্ষর ও ভূত প্রেভাদির অগ্ননলন;
অপ্লকালে মনে হয় নীচে পড়িয়া গেলাম। শিশুদের রাত্রির ভয়
(night terrors)। গভীর নিদ্রাকালে ভয়ে চিৎকার দিয়া জাগিয়া
পড়ে। রভি বিষয়ক বা কাম সংক্রান্ত অপ্ল দর্শন। প্রাতে শ্ব্যা হইডে
উঠিতে ইচ্ছা হয় না। নিদ্রিত হওয়া মাত্র পেশীর স্পালন বা উল্লফন।
ভ্রেল্লা—সর্বপ্রকার মৃত্রপ্রকৃতির অনিষ্টকর বা সাংঘাতিক জ্বের
ইচা বাবহার্য। নিদ্রাহীনতা, বিড্বিড় করিয়া প্রলাপ বকা, ভক্রা, উচ্চ

ইহা ব্যবহার্য। নিজাহীনতা, বিড্বিড় করিয়া প্রকাপ বকা, তন্তা, উচ্চ গাজোভাপ, নাড়ীর বেগ স্বাভাবিক অপেক্ষা মৃত্ব অথবা ক্রত ও কদাচিৎ অমুভববোগ্য (ক্রাটমিউ)। সবিরাম অবে প্রভুত হুর্গন্ধি, দৌর্বলাকর মর্ম। টাইফয়েড ও কালে টিফবারের পচনশীল অবস্থার। উচ্চ গাজোভাপ। হুর্গন্ধবৃক্ত, প্রভূত, দৌর্বলাকর মর্ম। সর্বপ্রকার সাংঘাতিক অর ও লক্ষণে ইহা বিশেষ ফলপ্রদ। টাইফয়েড অরে এই ঔষধের জিহবা লক্ষণ দুইবা। আহারকালে আমাশয়ে হুর্বলতা সহকারে প্রভূত দৌর্বলাকর মর্ম। টাইফয়েড অরের ইহা একটা প্রধান ঔষধ বিশেষতঃ শুক্ষ কটাবর্ণের (brown) বা সরিষা বাটার স্থায় বর্ণ বিশিষ্ট জিহবা, নিজাহীনতা ও প্রলাপ থাকিলে।

আন্তর্য।—ক্ষয়কর রোগের পচনশীল অবস্থার ;শরীরের যে কোন স্থান হইতে রক্তপাতে রক্ত কৃষ্ণাত ও উহা সংযত না হইলে; সর্বালীন দৌর্বল্য ও অবসরতার ; পচাক্ষতের প্রথমাবস্থার এবং ভোগ লালসার সংযম বা অতিরিক্ত ইন্দ্রিরচালনার কৃষ্ণলে ইহা বিধা না করিরা বাবহার করিবে। সর্বপ্রকার হিষ্টিরিয়া ও উন্মাদ রোগের ইহা সর্বপ্রধান ঔষধ। ইহার বেদনার উপচয় ও উপশ্মের লক্ষণ গুলি বিশেষ মূল্যবান। মন্তিক্ষের রোগে ইহা সর্বপ্রধান ঔষধ। শরীরের অভিশন্ত পালতা ও

উহার উত্তরোত্তর বৃদ্ধি, তৎসহ তুর্গদ্ধি মলস্রাব। ক্ষতের পচনশীলতা।
দূষিত রক্তস্রাব (সেপটিক হেমরেজ)। বৃদ্ধাদিসের জীবনী শক্তির জীবতা
সহ শরীরের ক্রমশঃ শীর্ণতা, অকের শুদ্ধতা ও শুল্র শক্ষরৎ উপজ্বক স্থানন।
রক্তহীনতা, শীর্ণতা; তুর্গদ্ধি মল সংযুক্ত ক্ষরকর রোগে ইহার বিশেষ
প্রবেশিকন। ক্যাক্সার রোগে তুর্গদ্ধি স্রাব ও বেদনার উপশ্যার্থ ইহার
বিশেষ প্রয়োজন। রিকেটস্ রোগে তুর্গদ্ধ মলস্রাব হইলে ইহার
ক্রকান্ত প্রয়োজন। শীতল বাতাসে রোগীর লক্ষণের বৃদ্ধি।

ভাপ ভাল ও উপশাস।—বিশ্রাম, উত্তাপ ও পুষ্টিকর থাছাদি গ্রহণে এই ঔষধের লক্ষণ সমূহ উপশমিত এবং উত্তেজনা, শারীরিক বা মানদিক শ্রম, ছশ্চিস্তা, গোলমাল, উপবিষ্ট অবস্থা হইতে উত্থান, বিশ্রামের পর এবং ক্রমাগত পরিশ্রমে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে। সকল প্রকার বেদনারই শীতল বাতাস লাগিলে বৃদ্ধি এই ঔষধ প্রয়োগের বিশেষ লক্ষণ। সামাল্ত সঞ্চলনে, ভোজনে এবং প্রকৃত্নকর আলাপাদি শ্রবণে এই ঔষধের রোগী ভাল বোধ করে এবং একাকী থাকিলে স্বর্জাই খারাপ বোধ করে। সামেটিকা ভোগে প্রথম সঞ্চলনে বেদনার বৃদ্ধি, কিন্তু ক্রমাগত চলিতে থাকিলে বেদনার লোপ।

ক্রেনা—নিয়ক্রমে এই ঔষধে ভাল ফল দর্শে। এওল ডাঃ
স্থানার খাস-কাসিতে ইহার ২× বা ৩× ক্রম ব্যবহার করিছে বিধি
দিয়া থাকেন। ৬×, ১২× ক্রম ব্যবহার করিয়াও অনেক রোগে ও
রোগীতে উপকার পাওয়া গিরাছে। গর্ভাবস্থার ইহার ৫× ক্রম এবং
প্রস্ব বেদনা উপস্থিত হইলে অথ-প্রস্বের নিমিন্ত ৪× ক্রম ব্যবহার
করিয়া আমরা চমৎকার ফল পাইয়াছি।

সহাত্র ও প্রভেদ বিভার — রস্টর ও ফস্ফরাসের লক্ষণের সহিত ইহার অনেক সাদৃশ্র আছে। পলসেটিলার ভিতর কালী-

ফস বিস্তমান আছে। এজন্ত উত্তর ঔষধেরই সায়বিক লক্ষণ সমূহে অনেকটা সাদশ্র পরিলক্ষিত হটয়া থাকে। পলসেটিলার বিশেষ মানসিক শক্ষণ ও ইহাতে বিশ্বমান আছে। ফাইটোলাকার অনেক লক্ষণের স্হিত্ত ও কালী-ফ্সের ৰক্ষণের সাদৃশ্য পরিদৃষ্ট হইয়া থাকে। ইয়েশিয়ার মধ্যেও সম্ভবত: কালী-কদ আছে। বেছেত উভন্ন ঔষ্পের হিষ্টিরিয়ার শক্ষণ সমূহ প্রায় একই রূপ। স্নায়বিক শক্ষণসমূহের শান্তি জন্মাইতে ইহার ক্রিগা অনেকটা ইপ্লেশিয়া, কফিয়া, হায়োসায়েমাস ও ক্যামোমিলার মত। রজ্ঞান কালীন বিরংপীড়ার, জিল্পম, বিমিবিফুগা জেলব ও বাইক্রেমেনের সহিত তলনীয়। মূত্রাশয়ের রোগে কালী-ফসের পর অনেক সময় ম্যাগ-ফস অনুপুরক ঔষণরূপে ব্যবহৃত হইয়া থাকে। রক্তশ্রাবে, রক্ত উজ্জন আরক বা মলিন যাহাই কেন হউকনা, রক্তস্রাবের পর উহা সংযত না হুচলে কালা-ফুস ব্যবহৃত হয়। কথন কথন ইহার পর নেটাম-মিউর বা নাইটিক-এসিডেরও প্রয়োজন হইতে পারে। মানসিক বিভয়ে পাইক্রেমেনের সহিত ইহার তুলনা করুন। স্থতিকা-ম্বরে কালী-মিউরের স্হিত তুলনীয়। ডিফ্ণিরিয়ার পরবত্তী কুফলে ল্যাকেসিস ও কৃষ্টিক্মের স্থিত ইহার তুলনা হইরা থাকে। প্রাক্তিক কালী-ক্লোরিকমের স্থিত ত্রনা করা কর্ত্ব্য।

কালী সলফিউরিকম।

Kali Sulphuricum

ইহার অভ্য নাম পটাশিয়ম সলফেট বা সলফেট অবু পটাশ। সংক্ষিপ্ত নাম ক্যালী-সলফ। এপিডার্মিস অর্থাৎ উপত্বক এবং ওঠ, স্তনাগ্র এবং শ্লৈষ্মিক, স্নৈহিক ও মন্তিক-ঝিল্লীর উপরিস্থ পাতলা আচ্ছাদ্ন-ত্বকে ইহা পরিদৃষ্ট হইয়া থাকে। শরীরে এই পদার্থের অভাব হইলে জিহ্বার উপর পীতবর্ণ চট্টচটে এক প্রকার পদার্থ সঞ্চিত হয় এবং শরীরের অক্সান্ত স্থানের শ্রৈত্মিক-ঝিল্লী হইতে পীতাভ সবুজ, পাতলা জলবং প্রাব নিঃস্ত হইতে থাকে। ফিরম-ফদের আলোচনাকালে বলা হইয়াছে, ফিরম-ফন ও কালী-সলফ এই ছুই দ্রব্যের সাহায্যে শরীরে অক্সিঞ্নে নামক গ্যাস বাহিত হইয়া থাকে। স্থতরাং শরীবে এই পদার্থের অভাব বা ন্যুনতা ঘটলে, উপযুক্ত পরিমাণ অক্সিজেন বাহিত হইতে পারে না। তর্জন্ত খাদ-রোধের ভার অন্তভব এবং শীতলবায়ু প্রাপ্তির প্রবল আকাজ্জা জন্মে। দেহত তৈলাক পদার্থের উপরও ইহার বিশেষ প্রভাব আছে এই পদার্থের অভাবে শরীরস্থ তৈলাক্ত পদার্থ সমূহ অকাধ্যকারী হইগা থাকে। শরীরে এই পদার্থ পরিমাণে থাকিলে তৈলাক্ত পদার্থ সকল ইহার সাহায্যে কার্য্যকারী হইয়া চর্ত্মকে মস্থল ও পরিষ্কার রাখে। চর্ত্ম মস্থা ও পরিষ্ণার থাকিলে লোমকৃপ সকলও পরিষ্ণার থাকে। লোম-কৃপ পরিষ্ণার থাকিলে শরীরের নানাপ্রকার মল (মরলা) লোমকুপ-প্থে বাহির হইরা যায় এবং বায়ু হইতে অক্সিজেন নামক গ্যাস রক্তে প্রবেশ করিয়া রক্তকে পরিষ্কার রাথে। কিন্তু যথন শ্রীরে এই পদার্থের অভাব হয় তথন চর্মের উক্ত কার্য্যসমূহ সম্পাদনে ব্যাঘাত ঘটে। চর্মপ্থে উপস্ক পরিমাণ অঞ্জিজেন রক্তে প্রবেশ করিতে না পারায় ফুস্-ফুসকে

বাধ্য হইরা বাহ্য-বায়ু হইতে অধিকতর অক্সিজেন সংগ্রহ করিতে হয়। এই প্রচুয় অক্সিকেন সংগ্রহের জন্ম ফুসকুসকে ক্রততরবেগে কার্য্য করিতে হয়। ফুসফুসের এই ক্রত ক্রিয়া দারাই "অস্থিরতা", খাসের ১কি ও "শীতল বায়ু প্রাপ্তির আকাজ্ঞা স্পষ্ট প্রকাশ পায়।

পুর্বেই বলা হইরাছে, শরীরের তৈলাক্ত পদার্থ সমূহের উপর ইহার
ক্রিয়ার ঘনিষ্ঠ সম্বন্ধ আছে। এজন্ম ইহার নানতায় শরীরস্থ তৈলাক্ত
পদার্থ সমূহ অপরাপর ময়লার সহিত দেহ হইতে বাহির হইরা য়ায়।
এই জন্ম ইহার অভাব স্চক যে আব নিঃস্ত হয়, তাহা চট্চটে
অর্থাৎ আঠা আঠা ও পিচ্ছিল হয় এবং ইহার বর্ণ সাধারণতঃ
হরিদা বা সমূহ থাকে।

ইছা ব্যবহারে ঘর্মপ্রার বিবন্ধিত এবং ও লোমকুপসকল পরিক্ষত হয়। কোন প্রকার চন্মরোগে (বথা, হাম বদন্তাদি) গুটি বা দানাগুলি বসিয়া গেলে ইহা ব্যবহারে উহা পুন: প্রকাশিত হয়। সন্ধার প্রাক্রালে রোগলক্ষণের বৃদ্ধি। বিশেষতঃ জরের প্রত্যাবক্তন) এবং মধ্যরাত্রে হাল প্রাপ্তি এই ঔষধের একটা প্রধান প্রিচালক লক্ষণ। এই ঔষধের অপর বিশেষ লক্ষণ হইল খোলা, শীতল বাতালে রোগার বিশেষ উপশ্বম বোধ।

আময়িক প্রয়োগ।

প্রদাহের তৃতীয়াবস্থায়, যথন নিঃস্ত প্রাব হরিদ্রাভ, পিচ্ছিল চটচটে অথবা জলবং কিংবা সব্জাভ জলবং হয়, তথন ক্যালী-সলফ বিশেষ উপযোগী হইয়া থাকে। এজন্ত শাস যদ্ভের পীড়া, যথাক্ষয় কাস (যক্ষা) ফুস্ফুস প্রদাহ (নিউমোনিয়া), বায়ুনলীভুজ প্রদাহ (বিহ্নকাইটিস)

প্রভৃতিতে পিচ্ছিল পাতলা হরিদ্রাবর্ণের, বা সর্জাভ হরিদ্রাবর্ণের পাতলা আব নিঃস্ত হইলে ইহা স্থপ্রযোজ্য।

স্থালে টি ফিভার হাম, সমস্ত প্রভৃতি রোগে গুটিকা গুলি ভালরূপে বাহির না হইলে, অথবা কি ু কিছু বাহির হইয়া আবার বিসিয়া গেলে, এই উধধ ব্যবহাব করিলে গুটিকা গুলি সম্বর প্রকাশ পায় এবং পুর্বোক্ত রোগ সমূহে যগন শুক্তর্ম বা বা উপত্বক স্থালিত হইতে থাকে, তথন ইহা ব্যবহার করিলে শীঘ্র শীঘ্র শুক্ত আইসবৎ থোদা স্থালিত হইয়া নুতন চর্ম উঠিয়া থাকে।

এই ঔষদেব একটা প্রধান লক্ষণ হইল অপরাহ্ন কালে বোগের বৃদ্ধি বা প্রজ্যাবৃত্তি এবং মধ্যরাত্তিব পর ছইতে বোগীর উপশম বোধ। ইহার কারণ এই যে মানুষ 🍦 দ্রাকালে জাগ্রভ্রাতা অপেকা জোরে ও ক্রত খাস গ্রহণ করে। পুর্নেই বলা ছইয়াছে যে, বক্তে বা শরীরে এই জিনিষের অভাব হই*লে ১-পু*রুদ নিয়মিত অংশুক্ষা অধিক মাত্রার কার্য্যকরিতে বাধ্য হয়। তের্মপে নিয়মিতের অধিক কার্য্য করার জন্ম শরীর অবসয় ও অবমাণগ্রস্ত হয় —ইহার ফলেই মধ্যরাত্তির পর নিদার আবেশ উপস্থিত হইয়া থাকে। নিদাবস্থায় খাস-বায় সজোরে ও ঘন ঘন গুণীত সা বলিয়া রক্তে অপেকারুত অণিক পরিমাণ অক্সিজেন গুংীত হয় এবং ওজ্জ্জ কিয়ং পরিমাণে ক্যালী-সলফের সভাব পুরণ করে ও লোমকুপ সকল পুনরায় কার্যাকারী হয়। এবস্প্রকাবে সচরাচর উক্ত ক্রিয়'দির আরম্ভ হইতে প্রায় মধ্যরাত্রি পর্যান্ত অপেকা করিতে হয়। পুনবায় প্রাতে উঠিলে, জাগ্রভাবস্থায় খাস-বায়ু তত ঘন ঘন গৃহীত না হওয়ার দরুণ শরীরস্ত রক্তে তত বেশী পরিমাণ অক্সিজেন গৃহীত হইতে পারে না, কাজেই পুনরায় এই দ্রব্যের (কালী-সলফ) অভাব আরম্ভ ছইতে থাকে। এই ভাবে অপরাক্ত কালেই পুনরায় পুর্বোক্ত লক্ষণ সকলের বৃদ্ধি হইতে থাকে।
এই কারণেই, যে সকল রোগে অপরাক্তে লক্ষণের বৃদ্ধি ও মধ্যরাত্রির পর
হইতে লক্ষণ সকল হ্রাস পড়িতে থাকে, তাহাতেই কালী-সলফ
সফলতার সহিত ব্যবহৃত হইয়া থাকে।

প্রধান প্রধান লক্ষণ।

আৰু।—নিমে পড়িয়া যাইবার ভয়। অত্যস্ত থিটথিটে স্বভাব। অপরাক্তে উদ্বেগ ও উৎকণ্ঠা; মানসিক শ্রমে উহার বৃদ্ধি। সর্ব্বদাই ব্যস্তসমস্ততা ও সকল কার্য্যেই ফ্রততা ও ভয়শীলতা।

মস্ত — শিরোঘূর্ণন, বিশেষতঃ উঠিয়। লাড়াইলে ও তাকাইবার কালে। কেশপতন; মস্তকের স্থানে স্থানে টাকপডা; খুস্কি। আভ্যন্তরিক ও বাহা, —ভাট-মি) কেশপতন। শ্রংগীড়া, থোলা শীতল বাতাসে উপশম এবং উষ্ণগৃছে বা সন্ধাব সময় উপচয় এই ওবংবর বিশেষ লক্ষণ। আমবাতিক শিরংপীড়ার সংগার সময় বৃদ্ধি। মস্তকে এক প্রকার উদ্ভেদ এবং উহা হইতে পাতলা পীতবর্ণ রসাণি নিঃসরণ। জিহ্বার বর্ণ দ্রেইবা। করোটি (মস্তকের কেশবুক্ত ত্বক) হইতে আইসবৎ উপত্বক স্থানন ও আঠা আঠা প্রাব নিঃসরণ।

চি ক্র্ ।— চক্ষু অথবা চকুর পাতা হইতে পীত, পীতাত সৰ্জ, আঠা আঠা অথবা জলবং প্রাব নিঃসরণ। চকুর পাতায় পীতবর্ণ মামজি। পূর্বোক্ত প্রকারের প্রাব সংযুক্ত চকুর বেতমগুলের প্রকাহ। ছানি ও অক্সিমুকুরের অস্বচ্ছতা জন্ম অস্পাইদৃষ্টি (ন্যাই-মিউ)। কর্ণিয়ার স্ফোটক। অক্সিবণ।

ক্রভা ।— পীতবর্ণ জলবং প্রাব সংযুক্ত কর্ণশ্ল। কর্ণের নীচে জীর কর্তনবং বেলনা। কণ্ঠ ও কর্ণের প্রতিশায়, ই.ইক্য়ানাট্টব পর্যান্ত উহার সম্প্রসারণ এবং তৎসহ পীতবর্ণ আঠা আঠা প্রাব নি:সরণ ও তজ্জন্ম বধিরতা। কিঞ্চিৎ ঔষধ জলের সহিত মিপ্রিত করিয়া পিচকারী দিয়া দিনে একবার কর্ণ ধৌত করা বিধেয়। মধ্যকর্ণের স্ফীততাবশতঃ বধিরতা এবং এই ঔষধের প্রকৃতিসিদ্ধ প্রাব (পাতলা পীত বা পীতাভ সরজ) নিঃসরণ ও আপরাহ্নিক উপচয়। ক্রিহ্বার বর্ণ দ্রষ্টবায়। (পীতবর্ণ গাঢ় প্রাবে ক্যান্ধ-সলফ উপযোগী)।

কা কি কা। — কণ্ঠ ও মন্তকের তরুণ বা পুরাতন প্রতিশার, তৎসহ এই ঔষধের প্রকৃতিসিদ্ধ স্রাব নিংসরণ এবং আপরাহ্নিক ও উষ্ণ গৃহে উপচয়। প্রতিশারের প্রারম্ভাবস্থায় ক্রিন্দস সহ পর্য্যায়ক্রমে বা তৎপর ব্যবহার করিলে স্ফানাতেই রোগ সারিগ্রা যায়। নাসাবরোধক প্রতিশায়। দ্রাণশক্তির বিলোপ। পৃতিনস্ত (ওজিনা) ও নাসা কণ্ডুয়ন; নাসিকার ক্যান্সার।

মুখা শু কা ।— মুখমগুলের স্নায়ু-শূল; থাকিয়া থাকিয়া বেদন। উপস্থিত হয় ও এক স্থান হটতে স্থানান্তবে সঞ্চালিত হয়; উষ্ণ গৃহে ও অপরাক্তে বৃদ্ধি; শীতল বাতাসে উপশ্য। এপিণেলোমা (ঔপস্থকিক অর্কুদ্)।

🕿ক। — মুখমগুলের ও নাগিকার ক্যান্সার।

মুখ মধ্য :— এঠের ক্যান্দার ও উহা হইতে এই ঔষধের প্রকৃতিদিদ্ধ স্থাব নিঃসরণ। নিয়োগ্রের শুক্ষতা ও উহা হইতে উপত্তক খলন। মুখাভাত্তরে জালাকর উত্তাপ।

দেশ্ত ।—দন্ত বেদনা; উঞ্ভায় ও সন্ধ্যাকালে বৃদ্ধি, শীতল বিমুক্ত বায়ুতে উপশ্য।

পাল্ল হা ।— গুলাভ্যন্তরে গুলতা ও সংস্থাচন অনুভব। কাসিয়া কাসিয়া শ্লোভ ভূলিতে হয়। ট্লিলের বৃদ্ধি। গিলিতে কট্ট। নাসায় পশ্চাৎ-বিবরের অবরোধ জ্বন্ত হাঁ করিয়া খাস নিতে হয় ও <u>খাসে বড়যভি</u> শব্দ জন্মে।

ক্তিক হবা :— আঠা আঠা, পীত লেপারত জিহবা, কথন কথন উভয় পার্শ্বেত লেপ। মুখের বিস্বাদ। ওয়দ্বয়, জিহবা ও মাড়ির খেতবর্ণ। স্বাদশ্যতা।

আমাশস্ম।—আমাশরের প্রতিখ্যার সহকারে জিল্পার প্রকৃতিপিদ্ধ লেপ। অমরোগ সহ জিল্পার পূর্বে বর্ণিত লেপ। আমাশরে
পূর্ণতা ও গুরুত্ব অমুভব সহকারে অপাক। উদর বেদনা। (ম্যাগফস বিফল হইলে) উষ্ণ পানীর গ্রহণে ভর। পিপাসাহীনতা। গ্যাপ্তিক
ফিবার। পাকস্থলীতে ভালাকর উত্তাপ। ভালাকর পিপাসা, বিবমিধা
ও বমন। আমাশরাম্বের প্রতিখ্যার জন্ম পাণ্ডু।

উদ্বেশ্ব প্রত্থ মলা।—সকল প্রকার পেটের অমুথেই এই
উষধের প্রকৃতি-সিদ্ধ জিহ্বার লক্ষণ ও মলের বর্ণ বর্ত্তমান থাকিলে ইহা
অবশু ব্যবহার্যা। পীতবর্গ, শেওলা শেওলা বা আঠা আঠা, পৃষ্বৎ,
মল। গ্রমের পর হঠাৎ ঠাণ্ডা পডার দক্ষণ শূল বেদনার ন্যায় উদর
বেদনা (জিহ্বার বর্ণ দ্রষ্টব্য)। স্পর্শে উদরে শীতলতামূভব। বাতকর্ম্মে
গন্ধকের ত্যায় গন্ধ। আভ্যন্তরিক ও বাহ্যবলিযুক্ত অর্শে। অর্শে এই
উষধের জিহ্বা-লক্ষণ বর্ত্তমান থাকিলে ক্যান্ক-ফ্লোরের সহিত পর্য্যায়ক্রমে
ব্যবহার্য্য; উদরের ফ্লীততা। প্রবল উদর বেদনা ও অতিসার। মলত্যাগ
কালে সরলাম্নে ও মলন্বারে বেদনা। আগ্রিক জ্বরে অপরাক্তে জ্বের
বৃদ্ধি ও প্রাতঃকালে হাস; স্পর্শে উদর শক্ত ও শীতল বোধহয়। মলন্বারে
প্রবল কণ্ড্রন, স্টি-বিদ্ধবৎ বেদনা ও ক্রন্থন। কলেরার হায় লক্ষণের

সূত্র হাত্র।—পিষ্টাইটিসে মৃত্রদার দিয়া এই ঔষধের প্রক্লতিসিদ্ধ পীতবর্ণ আটাল স্রাব নিঃস্থত হইলে উপকারী। রাত্রে পুনঃ পুনঃ জালাকর মৃত্রত্যাগ। কোটা ফোটা মৃত্রপাত। মৃত্রে এলুমেন দৃষ্ট হয়।

পুংজনে ব্রিহা।—প্রমেষ; পীত, আঁটাল অথবা সর্জাভ আব; উপদংশ ও শ্লীট রোগের আপরাহ্নিক উপচয়। অগুপ্রদাহ (প্রমেষ্ট্রের বিলোপের ফলে)। লিঙ্গমুণ্ডের শ্লৈমিক ঝিল্লীর প্রদাহ (ব্যালেনাইটিস্)

জ্বী জ্বান ক্রিক আকারের আব নিশিষ্ট প্রমেষ । উদরে পূর্ণতা ও গুরুত্ব সহকারে বিলিধিত ও স্বল্প রজঃ। জিহ্বার বর্ণ র্যন্তি। খেত-প্রপর। পূর্ববর্ণিত আব নিঃসরণ। যোনিতে জালা। অপরাক্তে রন্ধি লক্ষণ সহকারে উপদংশ। বন্তিগহ্বরে আবেগ সহ জরারু হইতে প্রভৃত রক্ত্রান।

শ্বাস-হাত্র—আঠ। আঠ। পীতাত সব্জবর্ণের প্রাব সংযুক্ত খাসপথের প্রদাহ। পূর্ব্বণিত নিষ্ঠীবনবিশিষ্ট ব্রহাইটিস ও ক্ষয়কাস।
সন্ধ্যাকালে জ্বরের বৃদ্ধি। জিহ্বার বর্ণ দ্রষ্টব্য। পীতবর্ণ প্রাববিশিষ্ট খাস
কাস। (আয়ানিত খাস-প্রখাসে কালী-ফস)। পীতবর্ণ নিষ্ঠাবনবিশিষ্ট
কাস; সন্ধ্যাকালে এবং উষ্ণ বায়ুতে বৃদ্ধি, বিমৃক্ত শীতল বাতাসে
ভাস। ছশ্ছেত্য রজ্জুবং শ্লেম্মা, এজন্ত কাসিয়া তুলিবার পরে উহা গলার
ভিতরে পড়িয়া যায়। কথা বলিতে ক্লান্তি। ছপিংকাফ (পুর্ব্বোক্ত
প্রকারের নিষ্ঠীবন সহ)। নিউমোনিয়া; পীতবর্ণ শ্লেম্মার
ঘ্রু ঘড় শক্ষ ও উষ্ণ বায়ুতে খাসরোধাশস্কা। শীতল বাতাস প্রাপ্তির

আকাজ্ঞা। ক্রুপঞ্চিত স্বরভঙ্গ।

ক্রক্ত কর্প করেন হাক্র। — ক্রত, দপ্দপ্কর নাড়ী। সন্ধ্যার প্রাক্তালে গাত্রোত্তাপের বৃদ্ধি। অতিশয় ধীর, মৃত্, প্রায় অপ্রাপ্য নাড়ী; শুদ্ধ রুক্ষ ও উত্তথ্যক। সর্বাধ্যীরেই ধ্যনীর স্পন্ধন অফুডব হয়।

পৃষ্ঠ ও অঞ্চলপ্রত্য স্থানির আমবাতিক বেদনা। এই বেদনা একস্থান হইতে স্থানান্তরে সঞ্চালিত হয়। সকল প্রকার বাতের বেদনার ও স্নায়ুশ্লের সন্ধ্যাকালে ও উষ্ণগৃতে বৃদ্ধি এবং ঠাগু। বিমৃক্ত বায়ুতে উপশ্ম। পৃষ্ঠে, গ্রীবাপৃষ্ঠে অথবা হন্ত পদে স্থানবিকল্পীল বেদনা (বেদনা নড়া চড়া করে)।

সাহ্ মণ্ডল।—এক স্থান হইতে স্থানাস্তরে সঞ্চরণশীল সাম্শ্ল;
কোরিয়া।

ক্রক।—সকল প্রকার ক্ষত এবং চর্মরোগেই পাতলা, পীতবর্ণ হলবং প্রাব নিঃসরণ, কথন কথন ক্ষতের চতুঃপার্মস্থ স্থান হইতে শুরুবং উপত্বক স্থান। শুক্ষ উত্তপ্ত, জালাকর ত্বক; ঘর্মের অভাব। স্থালেট ফিবার, হাম, বসন্ত, ইত্যাদি যে কোন প্রকার চর্মরোগ বসিয়া যাইবার পর। সকল প্রকার উদ্ভেদ বিশিষ্ট রোগেই এই উষ্ধ উপত্বক পড়িয়া যাইয়া নৃতন চর্ম উৎপাদনে সাহায্য করে! নখের পীড়া (লিলিশিয়া উৎক্রপ্ত উষ্ধ)। কেশ পতন। মন্তক হইতে প্রতিবর্ণ, আঠা আঠা প্রযময় প্রাব নিঃসরণ।

ত্রের। —সকল প্রকার জরেই সন্ধার প্রাক'লে উত্তাপের রুদ্ধি
(ফির-ফস সহ পর্যায়ক্রমে ব্যবহার্য্য)। মধ্যরাত্রি পর্যান্ত জরের ন্থিভি।
ফিরম-ফস সহ পর্যায়ক্রমে ঘন ঘন ব্যবহার করিলে প্রচুর ঘর্ম-আব
হইয়া জরের বিরাম জন্মে (বিশেষরূপে পরীক্ষিত)। এই ঔষধ
ব্যবহারকালে উষ্ণ বস্তু দ্বারা শরীর আবৃত রাথা কর্ত্ব্য। টাইফরেড
টাইফস, স্থতিশা প্রভৃতি জর, যাহাতে রক্ত দ্বিত হয়, তাহাতেই এই
ঔষধ বিশেষ উপযোগী। শুক, ঘর্মশৃত্য ঘক।

নিদ্রা। – অতি স্থপষ্ট স্থা (vivid dreams)। নিদ্রাকালে মুখ-চাপা বোবায় ধরা)। অত্যন্ত অন্তির নিদ্রা। পুনঃ পুনঃ ও অতিপ্রত্যুবে নিদ্রা হইতে জাগরণ।

পথ্য পথ্য—এই রোগে শর্করা বা শর্করা সংযুক্ত দ্রব্য এবং তৈল ও ঘুতাক্ত দ্রব্য একেবারেই নিষিদ্ধ। অধিক আহার সর্বতোভাবে বর্জনীয়। দিনের মধ্যে এও বার লঘু আহার করিবে সে-ও ভাল, তথাপি এককালে অধিক আহার করিবে না। ঘোল ও নালা প্রকার ফল উপকারী। অন্ত কোন প্রকাবের চিকিৎসায়ই বহুমুত্রে তত স্কুফল প্রাপ্ত হওয়া যায় না, কিন্তু খুব সাবধানতা ও স্থবিচেনার সহিত বাংওকেমিক ঔষধ ও পথ্যাদি ব্যবস্থা করিলে অতি চমৎকার ফল পাওলা যায়।

(চিক্ৎিসত রোগী)।

(১) ৪২ বংসর বয়স্কা জনৈক রমণীর ২৪ ঘণ্টায় প্রায় ৪ গ্যালন (৩ সের ১০ ছটাকে ১ গ্যালন) মূত্রপ্রাব হইত; স্পেসিফিক গ্র্যাভিটি ১০৪০ ছিল; অভিরিক্ত স্বামী সহবাসের ফলেই এই রোগ উৎপন্ন হইয়াছে বলিয়া জ্ঞাত হওয়া যায়; লক্ষণ দৃষ্টে, নেট্রম-সলফ, নেট্রম ফল ক্যালী-ফল ও ম্যাগ্রেশিয়া-ফল এই ৪টি ঔষণ, যথন যেটীর প্রয়োজন তথন দেটী ব্যবহার করিয়া ৩ মাস মধ্যেই রোগিণীকে সম্পূর্ণ আরোগ্য করা হয়; ইহার পর ৩ বৎসর মধ্যে তাহার রোগ আর প্রত্যাবৃত্ত হয় নাই।

- ২) মাক্রাজের সেরিফের রিপোর্টে জানা যায় মে তাঁছার জ্ঞাতসারে ছইটী ভারাবিটিসের রোগী নেট্ম সলফ ৬× সেবনে সম্পূর্ণ আরোগ্য হ:রাছে।
- (৩) ডা: E. B. Rankin এর রিপোর্টে প্রকাশ, নেট্রম ফস ৬× প্রয়োগে ১টা রোগীর কুধা. পিপাসা ও শার্ণভায় বিশেষ উৎকর্ষ সাধিত হংরাছিল।
- (৪) ডা: স্পলারের নিকট স্কটলও ও ইটালীর ২ জন ডাক্তার জানা-ইয়াছেন যে, কেবলমাত্র নেট্রম সলফ দারা তাঁহার। ডায়াবিটিসের ছুইটা রোগা সম্পূর্ণ রূপে আরোগা করিয়াছেন; তাঁহাদের প্রেরিভ সংবাদে কেহই রোগীর বিস্তভ বিবরণ প্রদান করেন নাই
- (৫) ডা: Coilhol M. D. কতকগুলি স্নায়বিক কারণে উৎপন্ন ডামেবিটিলের রোগী নেট্রম-সলফ ও ম্যাগ্রেশিয়া-ফস দ্বারা সম্পূর্ণ রূপে আরোগ্য করিয়াছেন; সকল রোগীতেই উক্ত ছই ঔষধ ১ ঘণ্টা অন্তর পর্য্যায়ক্রমে ব্যবহার করা হইয়াছিল

Diarrhoea—ডায়েরিয়া, অতিসার, উদরাময়

(চিকিৎসা)

ফিল্রাম ফাস।—মলে অপরিপাচিত দ্রব্যের বিশ্বমানতা; পুন: প্রন: জলবৎ, তরল মলপ্রাব সহকারে জর এবং পিপাসা; মলের বর্ণ দৃষ্টে অপর কোনও ঔবধ বাবস্থের হইলে ইছার সহিত পর্যারক্তমে দিবে; উদরাময়ের প্রারভাবস্থার মলঘার দিরা প্রচুর পরিমাণ গরম জলের পিচকারী দিলে বিনা ঔবধেই অধিকাংশ সময়ে উপকার দর্শিরা থাকে; ঠাণ্ডা লাগিরা এই রোগ জিমিলে এই ঔবধেই বিশেষ ফল দর্শে।

ন্যাট্ ম-কস। — অমাধিক্য জন্ত পীড়া জন্মিয়া থাকিলে; সব্ধবন, অমগন্ধি মল; পূর্ব্জ্যেক্ত লক্ষণাপম শিশুদিগের দন্তোন্তেদকালীন উদরামর; মলে কুমির বিশ্বমানতা; জিহ্বার পশ্চান্দিকে পীত বর্ণের লেপ; অপক ফল ভোজন জনিত বা গ্রীম্মকালীন অভিসার।

ক্রাক্স ন — শিশুদিগের দক্তোত্তেদ কালীন অতিসারের ইছ।
একটা সুল্যবান শ্বইধ; মলের বর্ণ ও প্রকৃতি দৃষ্টে অপর কোনও শুইধ
ব্যবস্থের হইলে উহার সহিত পর্য্যারক্রমে দিবে; গণনালা ধারুর শিশুদিগের অতিসার; শিশুদিগের ও বালকদিগের অতিসারে, বিশেষতঃ
ভূক্তম্বব্য পরিপাচিত না হওয়ার দক্ষণ পরিপোধণে ব্যাঘাত জন্মিয়া
রোগের উৎপত্তি হইয়া থাকিলে প্রায় সকল রোগীর পক্ষেই ক্যাম্ম-ফন,
কিরম-ফন, বা নেট্রম ফন উপযোগী হইয়া থাকে। উক্ত, জলবৎ, তুর্গন্ধি
ও প্রভূত মল সশব্দে নিঃস্ত হইলে এই শ্বীধ্যে চমৎকার ফল দশ্যে।

[ু] কালী-মিউল্ল।—ফেকাশে, খেতাত বা কৰ্দমের স্বায় বৰ্ণ বিশিষ্ট

ভরল মলস্রাব (কালী-সলফ)। টাইফরেড্জরে পুর্বোক্ত প্রকারের মল লক্ষণে। ভৈলাক্ত বা বসাময় দ্রব্য ভোজনের পর খেত বা পিচ্ছিল মলস্রাব জিহ্বায় খেতবর্ণের লেপ। রক্তাক্ত বা আঠা আঠা মলস্রাব

কালেনী-ফজন :--পচা, তুর্গন্ধি মলপ্রাব। চাউল ধোরা জলের স্থার বর্ণ বিশিষ্ট মলপ্রাব। অতিশয় তুর্বলতা ও অবসরতা বেদনা সংযুক্ত বা বেদনাবিহীন অতিশয় তুর্গন্ধি মলপ্রাব।

কাহনী-সাল ফা। — হরিদ্রা বর্ণ, জলবং তরল, অথবা আঠা আঠা গোলা সংষ্ক্ত মলবিশিষ্ট অভিসার। কথন কখন অন্তে (নাড়ি ভূড়ি) খালধরাও বিদ্যমান থাকে। জিহ্বা মূলে পীতাভ লেপ।

নেট্রাম মি ভিল্ল —জনবং, স্বচ্চ, আঠাল মল বিশিষ্ট্র অথবা অতিরিক্ত লবণ সেবন জনিত উজ্জন শ্লেমা-স্রাব।

স্থা 😇 স্ক্রক। — গাড় সব্সবর্গ পৈত্তিক মলপ্রাবী অতিসার; পরাতন প্রাতঃকালীন অতিসার। শীতল আর্দ্র বৃত্তে বৃদ্ধি।

ক্যান্ধ ক্লোক্স।-পৃষাক্ত অথবা পৃষ ও বক্তস্ৰাবী অতিসার।

স্যাপ-স্কস্ ।— আধান, উদর বেদনা অথবা আক্রেণিক বেদনা বংযুক্ত অভিসার। বাহ্যিক উন্দাপ প্রদানে উপশম। মলের বর্ণ দৃষ্টে অপর যে ঔষধ ব্যবস্থের হয় ভাহার সহিত পর্য্যায়ক্রমে ইহা ব্যবহার করিবে।

াত্র ক্রান্থি — শিশুদিগের অতিসার। মলে অতিশয় ছর্গন্ধ;
টিকা দেওরার পরবর্তী অতিসার, তৎসহকারে মন্তকে প্রভৃত অমুগদ্ধি দর্ম্ম
এবং কঠিন, উঠপ্ত ক্ষীত উদর।

চিকিৎসিত রোগী।

(>) ২ মাসের ১টা শিশুর নির্নলিধিত লক্ষণ সংযুক্ত অতিসার ছিল।
যথা:—বেদনা সংযুক্ত অতিসার, বালিসের উপর অবিরাম মন্তকের সঞ্চালন,
উদ্ধৃষ্টি বিশিষ্ট চকু, জিহবার প`তাভ কটাশে বর্ণ, স্তম্ভপানে সময় ২

অনিচ্ছা। প্রায় ১ সপ্তাহ পর্যান্ত শিশুটী ভূগিতে থাকে। এই সময় ভাষার माजा नानः त्रकरमत खेरथ श्रातात कतिराजिहातन। किन्नु यथन किहूर छहे কিছু হইলনা তথন বাইওকেষিক চিকিৎসক ডাকান হয়। মাাগ্রেশিয়া-ফল ১৫ মিনিট পর পর পর্য্যায়ক্রমে প্রয়োগ করা যায় প্রাতে নয়টার नमद रहेट अथम खेर्य आद्यांग कता रहा। निकृति वाहिया चाट्ड কিনা দেখিবার জন্ম চিকিৎসক অপরাফ তটার সময় আবার যান। এই সময় শিশুটীর লক্ষণের বিশেষ পরিবর্ত্তন দেখিয়া চিকিৎসক জাতিশয আশ্চর্য্য বোধ করেন। এখন আর মস্তকের সঞ্চালন ছিল না. চকু স্বাভাবিক, হই একবার স্বক্ত ও পানও করিয়াছিল তথন একট দীর্ঘকাল वावधारन के 55 खेवहर वाबशंत कतिएक उपराम राज्या हम । भविषन প্রাতে রোগীর অবস্থা আরে। ভাল দেখা যায়। কিন্তু এই সময় তাহার ঞ্জিহবার গাঢ় খেত লেপ ও মুথের ভিতর ঘা দেখা যায়। ইছা দেখিয়া ক্যাত্তেরিয়া-ফদ বন্ধ করিরা উহার প্রলে কালী-বিউর ও ম্যাগ্র-ফদ ১ঘণ্টাঅন্তর পর্যায়ক্রমে ব্যবহার করিতে বলা যায়। পর দিনই জিহবা পরিষ্ঠার হর। বহার পর আর ২।১ দিন মাত্র এই ছই ঔষধ কয়েক মাত্রা ব্যবহার করায় শিশুটী সম্পূর্ণ আবোগ্য হয়।

(২) ডাঃ লিপি ১টা প্রাতঃকালীন অতিসারের রোগী নেট্রম-সলফ
দারা সুন্দররূপে আরোগ্য করেন। তাহার নিয়োক্ত লক্ষণ ছিলঃ—
প্রাতে জাগরিত হওরা মাত্র হঠাৎ অদম্য বেগের সহিত মল ও বারু
নিঃস্ত হইত। নিঃসর্ল কালে মল চতুর্দিকে ছিটকাইরা পড়িত
সি এম (c, m.) শক্তির ঔষধ ব্যবহার করা হইরাছিল।

⁽৩) ডা: Goullon ২ বংশরের পুরাতন টী অভিনারের রোগী ক্যাত্র-শশক প্ররোগ করিয়া আয়োগ্য করেন। রোগীর জিহ্বার শেপ ও মলের প্রকৃতি দেখিতে ফল চটকাটলে বেরূপ হয় সেইরূপ ছিল।

- (৪) একটা রোগিণীর বছদিন বাবং প্রভাষ প্রান্তে নড়া করিবা মাত্রই মলবেগ হইত। ডাঃ এলেন নেট্রম সলফ ৬× প্ররোগ করিরা উহা আরোগ্য করেন।
- (৫) বছদিনের প্রাতন অতিবারের ১ট রোগীর অতি প্রতাবে অধিক পরিষাণ মল সবেগে ছড়্ছড়্করিরা বাহির হইত। নেট্রম-সলফ ৬× বাবহারে এই রোগী ভাল হয়।

Diptheria—ডিফ্ থিরিয়।

বিল্লীক প্রদাহ।

এই বেংগে গলার মধ্যে এক প্রকার ক্ষত ও গ্রন্থের পর্দা জন্মে। এই পর্দা জন্মশঃ বিস্তৃত হইরা মূথ, নাসিকা ও কুসকুসের উপরিভাগ পর্যন্ত প্রসারিত হয়। এতৎসহকারে জ্বর ও নানাপ্রকার স্নায়বীর লক্ষণও বিশ্বমান থাকে। ইহা অতীব সাংঘাতিক রোগ; স্থতরাং শীদ্র শীদ্র চিকিৎসক ডাকা কর্ত্তবা। (ক্রুপ ক্রেইবা)।

(চিকিৎসা)

বিশ্ব কা ক্স —েরোগের প্রারম্ভাবখার শ্বর নিবারণের নিমিত এই বোগের প্রধান ঔবণ কালী-মিউরের সহিত পর্যায়ক্রমে ব্যবহার করিবে।

কালী মিউর ০ × 1— ইহা এই রোগের প্রধান ঔষধ। রোগ প্রকাশিত হওরা মাত্র ফিরম-ক্ষের সহিত পর্যায়ক্রমে ব্যবহার করিলে আর কোনও ঔষধের প্রয়োজন হর না। এক মাস জলে ১০।১৫ প্রেশ কালী-মিউর মিশ্রিত করিয়া পুন পুনঃ কুলি করিলে বিশেষ উপকার দর্শে। লেটাম মিউল্ল।—জলবৎ পদার্থ বমন বা বিরেচিত হইলে এই ঔষধ অবশ্র ব্যবহার্য। মুখমগুলের পাঙ্বুরতা ও স্মীততা; তন্ত্রালূতা এবং মুখ হইতে প্রভুত লালা নিঃসংগ।

লেটাম সালফ।—বমিত পদার্থের সবুজবর্ণ ও তিজ্ঞাখাদ থাকিলে প্রধান ঔষধের সহিত পর্যায়ক্রমে দিবে।

কালী-কস।—রোগের যে কোন অবস্থায় অতিশর তুর্বলতা, অবসরতা ও সাংঘাতিক লক্ষণ সকল, যথা নাড়ী লোপ, গাত্রের দীতলতা প্রভৃতি, বিশ্বমান থাকিলে ইহা দিবে। এই রোগের পরবর্তী কৃফলে, যথা দৃষ্টির তুর্বলতা, নাকা নাকা কথা বলা ও কোন অঙ্গের পক্ষাঘাত জন্মিলেও ইহা বাবহার করিবে।

ক্র্যাক্স-ক্রোক্র —কুচিকিৎসা বা অসাবধানতার ফলে পর্দা খাসনলী (ট্রেকিয়া) পর্যস্ত বিভূত হইয়া পড়িলে ক্যাল্ক-ফ্সের সহিত
পর্যায়ক্রমে ব্যবহার করিবে।

ক্যাৰ হচত্য।—খাস-নদী পৰ্য্যন্ত পদ্ধা প্ৰদাৱিত হইরা পড়িলে ইহা ব্যবহার্য।

লেট্ডা-ফজা ৷—জিহ্বার মূলদেশ, টজিল বা উপরের তালুতে সম্বের স্থায় পীতবর্ণ লেপ জ্বিলে এই ঔষধ ব্যবহার্য।

ডাঃ স্থানার বলেন 'টিস্থ রেমিডি ব্যবহারকালে অপর কোন ঔবধ

যথা চুলের জল, কার্কালক এদিড, বরক জল প্রভাত কিছুতেই ব্যবহার

করা কর্ত্তব্য নহে। কেননা এতহারা টিস্থরেমিডির ক্রিয়ার ব্যাঘাত

অন্মিতে পারে " এই রোগে হোমিওপ্যাথিক ঔবধ মার্ক্-সাম্বেনাইড্৩

প্রায় অমোঘ ঔবধ। ইহা অর্ক্ হইতে ১ ঘণ্টাস্কর ব্যবহার্য।

(চিকিৎসিত রোগী)।

(১) একটা পূর্ণবিকশিত ডিফ্থিরিয়াক্রান্ত শিশুর নিয়োক্ত লক্ষণ বিশ্বমান ছিল। মধা:—এছির বিবর্জন; আলজিহ্বা এবং কোমণতালু সম্পূর্ণরপে বিলী বারা আর্ড চোক গিলিতে অতিশর কট এবং অতিশর বলকর। কালী-মিউর ৬× প্রতি ২ ঘণ্টা অস্তর ব্যবস্থা করা ধার। পরদিন অবস্থা অনেক ভাল দেখাধার। ৪ দিনে তাহরে যাবতীয় গল-লক্ষণ বিদ্রিত হর ইহার পর ক্যাত্ম-ফদ প্ররোগে রোগী সম্পূর্ণ আরোগ্য হয়।

- (২) ১৪টা ডিফ্ থিরিরার রোগা চিকিৎসাকালে ক্যানী মিউর ৩× প্ররোগে অক্সান্ত ঔষধ অপেকা অতি উৎকৃষ্ট ফল পাওরা গিরাছে। ইহা প্ররোগে অতি সম্বর্থ বিল্লী হ্রাস প্রাপ্ত হর। আভ্যম্বরিক ঔষধ সেবনের সঙ্গে ২ ইহার কুলিও ব্যবহার করা কর্ত্তব্য। কুলির সঙ্গে ঝিলীও বাহির হইরা আইসে। এই ঔষধ ব্যবহার কালে মধ্যে মধ্যে ফিরম-ফসও দেওরা বিধের, ইহাতে সকল রোগীতেই আলাভীত ফল পাওরা বার।
- (৩) ওক্তেনবার্গ সহর হইতে কাওপর মাইল দূরবর্তী এক গ্রামে ১টা শিশু এই রোগাক্রাস্ক হর। রোগের প্রারম্ভাবস্থা হইতেই তাহার কঠদেশ আক্রান্ত হর। এলোগ্যাথিক মতে তাহার চিকিৎসা হর ও শিশুটী মারা যার। ঠিক ঐ সমর ঐ গ্রামের অপর এক বাটাতে আর একটা শিশুরও এই রোগ জব্মে এবং তাহারও পূর্ব্বোক্ত রোগিটীর স্থায় উপসর্গ সমূহ বিশ্বমান ছিল। এই শিশুর পিতা ডাঃ স্থসলারের নিকট আলিরা তাহার চিকিৎসা করণার্থ আহ্বান করেন। তিনি মূল রোগের অস্ত কালী-মিউর এবং কঠের (pharynx) উপসর্গের অস্ত উহার সহিত পর্যায়-ক্রমে ক্যাক্র-ক্রম থ্যক্ত। ক্রেন ব্লি পর শিশুটীর পিতা চিঠিছারা ডাক্টারকে জানান যে শিশুটী সম্পূর্ণ আরোগ্য হইরাছে
 - (৪) বিগত গ্রীমকালে ১টা ডিফ্থিরিরার রোগিণী দেখিতে আত্ত হট। গলা পরীকা করিলে সাধারণ গলক্ষত বলিয়া অনুমান হয়। এক্স ক্যাক্-সলক্ষ ব্যবস্থা করা যায় এবং ইহারাবা শীঘ্রই বিশেষ কল দেখা না

গেলে বৈকালেই আবার ধবর দিতে বলি। অপরাজ ৪ টার সমর জব ও বাকশক্তির বাতিক্রম প্রকাশ পার। বিশেষ সাবধানতার সহিত গলা পরীকা করিলে টব্দিলের উপর একটি কটালে বর্ণের আবরণের मा अर्फा मुद्दे रहा। এইकन अर्याह्मकारम कित्रम-कम । कानी-मिडेत ० × तात्रा করা হয়। রাত্তি ১টার সময় আবার রোগী দেখিতে যাই। তথন তাहात व्यवद्वात विस्मय क्लान्ड পत्रिवर्त्तन एका बाब नाहे। विस्मय : এখন সে নতন উপসর্গের কথা প্রকাশ করে। বলে যে, তাহার গলা হইতে অবিরাম কি যেন উঠিতেছে। মনে করিলাম ইচা বোধহয় জলোলাম (ওয়াটার ব্রাশ)। এজন্ম করেক মাতা নেটুম-ফদ ব্যবস্থা করিলাম। कि इंशार्ड (कांन कल इत्र नारे। अबज अविन्हें दस्तीत कन शृत्वील ছই ঔষধ চালাইতে বলি। পরদিন প্রাতে রোগিণীর অবস্থা আরও খারাপ দৃষ্ট হইল। পদা আরও ছড়াইর। পড়িরাছে ও টন্সিল ছইটি পুর্বাপেকা অধিকভন্ন স্ফীত হটয়াছে দেখা গেল। গলা হটতে যে শ্লেমা করে। হইতেছিল তাহাও স্থণিত হয় নাই দেখিলাম। এইদিন রোগিণীকে ৩ বার দেখিতে বাই। শেষে, রাত্রিকার পূর্বোক্ত ঔষধ নিম্ন ক্রমে (ox) ব্যবহারের ব্যবস্থা করির। চলিরা ঘাই। পর দিন প্রাতে বোগিনীকে দেখিতে গেলে তাতার মাতা কাঁদিতে কাঁদিতে বলিলেন "মার একলন ডাক্তারের সহিত পরামর্শ করিয়া ঔষ্ধ দিতে আপনার মত হয় কি ?'' রোগিণীর অবস্থা তথন বাস্তবিকই অতিশয় সকটাপর হইয়া উঠিয়াছিল। এই সমন্ন হঠাৎ আমার মনে হয়, 'অবিরাম গলা চইতে कि द्व विविद्धार के नक्ष्मी (निष्ट्रिय-नगरक ब्यारह । उपन (निष्ट्रिय-नगरक ২০০ × একমাত্রা প্রদান করি। কয়েক ঘণ্টার মধ্যেই রোগ-লক্ষণের বিশেষ পরিবর্ত্তন দেখা গেল। এই ঔষধ পুনরায় প্রয়োগ করায় রোগিণী मन्त्रं कार्याका इन ।

- (৫) সাংঘাতিক প্রকারের ডিফ্থিরিরার বধন উপযুক্ত ব্যবস্থের উবধ প্ররোগ করিরাও কোন ফল লাভ করা যার নাই তধন কালী-ফস এবং কালী মিউর (কখন নেট্ম-মিউর সহ এবং কখন বা উহা ছাড়াও) পর্যারক্রেমে ব্যবহার করিরা বেশ ফল পাওরা গিরাছে।
- (৩) ডাঃ স্সলার এই রোগের পরবর্ত্তী পক্ষাঘাতে কণিী-ফ্স বাতীত অপর কোন উৎক্লাই ঔষধ আছে বলিয়া মনে করেন না।
- (१) জনৈক ব্ৰতীর গণ ক্ষত, টিজালের আরক্ততা ও ফীততা এবং জ্বর লক্ষণ বিশ্বমান ছিল। দেড়াদিন পর্যান্ত ৩ ঘণ্টা অন্তব ফিরম-ফস দেওরা যার। ইহাতে একটু উপশম বোধ করিলে ঔষধের প্ররোগে ক্ষান্ত থাকা বার। কিন্তু তৎপর আবার অন্তথ বৃদ্ধি হওরার রোগী দেখিতে যাওরা হয়। এখন দেখা গেল, ডিফ্থিরিয়ার গদ্ধির ভায় পদ্ধি হারা দক্ষিণ দিকের টিজালটা আরত হইয়াহে। এখন পূর্বের ভায় আবার ফিরম ফস বাবস্থা করা হয়। পর দিন দেখা গেল পদ্ধা প্রায় বিদ্রিত হহরাছে, টিজালের আরক্ততা এবং ফ্রীতভাও অনেক কমিয়ছে। তখন ঐ ঔষধই ৪ ঘণ্টা পর পর সেবন করিছে বাবস্থা দেওয়া যায়। পর দিন গলার অভ্যন্তবের সামান্ত একটু গদ্ধা মাত্র দেখা গেল। এইক্ষণ আরও দীর্ঘকাল অন্তর ঔষধ সেবনের বিধি দেওয়া হয়। তৎপর দিন রোগেণী সম্পূর্ণ নিরাময় হন।
- (৮) ৫ বৎসরের ১টা বাশকের জ্বর, আরক্ত মুখমগুল, আরক্ত গণ্ড, এবং টন্সিলের, বিশেষতঃ দক্ষিণ দিকেরটার আরক্ততা ও ফীততা ছিল। দক্ষিণ দিকের এই টন্সিলটার মধ্যভাগে একটা থোবার স্থায় (একটা শিকির মত) পর্দাও ঝালতেছে দৃষ্ট হইয়াছল। এই পর্দাটীর টন্সিলের সহিত সংযুক্ত স্থানটা দেখিতে ক্লফাভ ছিল। মুখ হইতে ছুর্গন্ধও বাহির হইভেছিল। এই রোগীকে প্রথম ফিঃম-ফ্স দেওয়া যায়। পর দিন টন্সিলটা পরিক্ষার হইয়াছে দেখা গেল, কিন্তু গল্ড-নালীর পশ্চান্ধিকে উক্ত

ক্লপ পদি। দৃষ্ট **২ইল। তখন এই ঔষধ ৪ ঘণ্টা অস্ত**য় সেরনের বিধি দেওয়া হয়। তৎপর দিন তাহার আবে কোন উপক্লব ছিল না।

(৯) দেড়বৎগরের ১টা শিশুর ডিফপিরিয়ায় ফিরম-ফ্স ১২× ও কালী-মিউর ৩× পর্যায়ক্রমে ঘন ঘন প্রয়োগ করায় আঁও সম্বর খাসকট ও আর আর উপদ্রবের শান্তি হটয়া রোগ নির্দোষক্রপে সারিয়া গিরাছিল।

Dizziness—ডিজিনেস্। শিরোঘূর্ণন। ভোটিগো দ্রুষ্টব্য)

ক্যাব্দ্ধ-স্কস ১× ।—সামবিক প্রকৃতির রোগীর পী লক্ষণের বিষয়ানতা না থাকিলে, নিয়ক্রমে আহারের অব্যবহিত পর ইহা দিলে বিশেষ উপকার দর্শে।

ব্যালী ফ্রুস ৩×।—ইহা সর্বপ্রকারের শিরোপূর্ণনেই বিশেষ কল প্রাদ।

Dropsy—ডুপসি-শোথ। (বুৰুকের রোগ প্রন্টব্য)

জ্বের নিয়ে জল সঞ্চিত হইরা শরীরের বে ফ্রীততা জ্বে তাহাকে শোধ বলে। শোথ স্বয়ং কোন রোগ নহে, অক্ত রোগের উপসর্গ বিশেষ। ইহা একালীন বা সর্বাঙ্গীন হইতে পারে। স্থান-ভেদে ইহার বিভিন্ন নাম হইয়া থাকে। বথা:—মন্তিকে জল সঞ্চিত হইলে তাহাকে মন্তকোদক, বুকে হইলে বক্ষোদক এবং উদরে সঞ্চিত হইলে উদরী বলে। রক্তের জণীয়াংশ শিরার ভিতর চইতে বাহির হইরা ত্বের নিমে সঞ্চিত চইলেই উহাকে শোথ বলে। পদ ও তল পেটেই সাধারণতঃ শোথ বেশী দেখা যার। শোথাক্রান্ত স্থানে অসুলী ঘারা টিলিদিলে নিম হইরা পড়ে এবং পরে আবার পূর্ণ হইরা উঠে। সাধারণতঃ হুদ্রোগ, যকুতের পীড়া, বুক্কের (kidney) পীড়া, প্লীহা ও রজ্গুল্লাবের বিশৃন্ধালা হইতে এই রোগ জলিয়া থাকে।

(চিকিৎসা)

কালী- মিউল্ল '— হড়োগ, ষক্তের রোগ অথবা বৃক্তকের (কিড্নি) রোগ হইতে সমুৎপর শোথে ক্ষণের সাদৃশ্য থাকিলে ইহাতে অতি উত্তম কল দর্শে। শোথের জলে অথবা প্রস্রাবের সহিত নির্গত শ্লেমার শুল্রবর্গ এবং জিহ্বায় শুল্র বর্ণের লেশ থাকিলে ইহা ব্যবহার্যা। অংপিণ্ডের ক্র্বলিভা হইতে উৎপর রোগে হৃংপিণ্ডের দপ্দপ্থাকিলে এই ঔবধ কালী-ফদের সহিত পর্যায়ক্রমে দিবে। পিভ্নিঃসারক প্রণালীর (bile-duct) অববেধ জ নত শোথে। জহ্বার শ্রেত বা পাংশুটে শ্রেত বর্ণের লেপ থাকিলে ইহা ফলপ্রদ।

লেউ ম সক্ষেত্র ২ ্নাধারণ শোধ। ইনা এই রোগের প্রধান ঔষধ। আভ্যস্তরিক যন্ত্রের বা ছকের শোথেও ফলপ্রদ। কুরও। লেউমমিউর।—প্রায় সকল প্রকার সাধারণ শোধেই এই ঔষধ নেট্রম-সলফের সহিত পর্য্যায়ক্রমে ব্যবংগর করিলে উপকার দর্শে।

ক্যান্ধ-স্পাদ্ধ ও ফিল্লাম ফ্রান্ধ - ন্রক্তীনতা, রক্তস্রাব, পরিপোষণের ব্যাদাত প্রভৃতি কারণে শোথ ক্রমিনে এই হুই ঔষধ উপকারী। ক্যাৰ-ক্ষোক্ত ।—ছডোগ জনিত শোপে ছদপিপ্তের কোনও গছববের বিভৃতি জান্মলে ইহা বিশেষ উপকারী। কুছন, শুরুদ্রব্য উলোলনের চেটা প্রভৃতি কারণে কুরগু জান্মিলে ইহা ফলপ্রদ। কালী-সলক্ষা ।—ছাপেটি ফিবারের পরবর্ত্তা শোপ।

মন্তবা

মাঝে মাঝে উঞ্জলে সান বা উঞ্চ জলহারা গা মোছান অভিশন্ন উপ কারী। যাহাতে বর্ম প্রাব বিবর্দ্ধিত হয় সেই সকল উপান্ন অবলম্বন করা বিহিত। এই রোগে জল খাইতে নাই বলিয়া বে প্রচলিত সংস্থার আছে তাহা প্রমাজ্যক। তঙ্কণ রোগে জনের পথা দিবে। আর পুরাতন রোগে পৃষ্টিকর অবচ সহজে পরিপাক হয় এরুপ পথা দেওবা কর্ত্তবা। পুরাতন রক্তশালীর আন, মুগের ডাইল, শজাক্ষ কুকুট ও কছ্পের মাংস, সজিনা, কাকরোল, মানকচু, গাজোর, গটোল বেতাগ্র, বেগুন, প্রভৃতি তরকারী হিতকারী। অন দ্রব্য, নৃতন তপুল, চিনি, গুড়, লবণ, শুক্ষ শাক ও দিবানিত্রা অভিশন্ন অহিতকর।

(চিকিৎসিত রোগী)

(১) ৮ বংশরের ১টা বালিকা ডিফ্ থিরিয়া ও স্থালে টিনা হইতে আরোগা লাভের পর হঠাং কোন পরিদৃশ্রমান কারপ ব্যতীত শোধপ্রস্থ হয়। তাহার মুখমগুল ও পদবরের ফ্রীডতা ছিল। মৃত্রুবার হ্রাল প্রাপ্ত হইয়াছিল এবং উহাতে এবুমেনও ছিল। কিছুনির উপর চাপ দেওয়ায় বেদনা বোধ হইত না। নাড়ী কিছু ক্রত, কিন্তু ক্র্ধা, নিদ্রা ও মল বাভাবিক ছিল। এই রোগিনীকে ৩টা ঔবধ দেওয়া হইয়াছিল। একোনাইট উহার অঞ্বতম। কিন্তু ইহাছারা কোন ফলই পাওয়া বার নাই। শোধ ক্রমণঃই বাড়িতে লাগিল, মৃত্রও কবিতে লাগিল। এখন ইহা

দেখতে ঘোলা ও পরীক্ষার অধিক পারমাণ এলুমেন পাওয়া গেল। এখন কিড্নিতে চাপ দিলে বেদনাও বোধ করিত। সময় সময় প্রলাপ বকিত। নেট্ন-মিউয় দেওয়া যায়। হহাতে ১৪ দিনেই রোগ সম্পূর্ণ আরোগ। হয়।

- (২, ৪ < ৭েশরের একটা বালকের স্থালেটিনা রোগের পর শোথ জন্ম। লক্ষণামুসারে ডিজিটেলিস, এপিস, আসে ও এপোদাইনম ব্যবহার করা হইয়াছিল, কিন্তু উহাতে কোন ফল হয় নাই। ২৪ ঘণ্টায় অতি সামায় মাত্র মৃত্রজাব হইত শেষের ২ দিন একেবারেই মৃত্র নিঃদারিত হয় নাই। এখন শোথ সকালে পরিব্যাপ্ত হইয়া পড়িয়াছল ও নড়াচড়া একেবারেই বন্ধ হইয়াছিল (শোথ এতই বাড়িয়াছিল)। এই অবহা দ্টে নেটুম-মিউর ২ ঘণ্টা অন্তর বাবস্থা করা হয় ইয়াতে সম্বর্ট গ্রহুত মৃত্রজাব হইয়া বালকটা আরোগ্য হইয়াছিল।
- (৩) ডাঃ Goullon কাণী-ামউর দারা এণ টা পদের এবং নিয়াঙ্গের ফাঁততা বিশিষ্ট রোগা নিয়োক্ত লক্ষণ দুটে আরোগ্য করিয়াছিলেন। লক্ষণ বথ:—পদের ও নিয়াঙ্গের কোমণতা বিশিষ্ট হর্দ্ধম্য ফাঁততা, পরে এই ফ র স্থানের কঠিনতায় ও চাপে ব্যথিতকায় পরিণতি কিন্তু আরক্ততার এতাব। ফাঁত স্থানের চুলকানি। অবশেষে এই স্থানের মোমের ভায় উজ্জল শ্বেতাভা ধারণ। পরে ফাঁত স্থানের সকাল বেলা হ্রাস প্রাপ্তি ও সন্ধাকালে বৃদ্ধি লক্ষণ ছিল।

Dysentery—ড্রিসেণ্টি। আমরক্ত, রক্তাতিসার।

বৃহৎ অন্তের (Large Intestine) ক্ষত সংযুক্ত প্রদাহকে রক্তামাশর বলে। নাভীর চ্যারাদকে বেদনা, কুছন এবং আম ও রক্তসংযুক্ত মণ্ড্রাব

ইহার প্রধান লক্ষণ। কথন কথন মলপ্রাবের পরিবর্ত্তে কেবল আম ও রক্ত মাত্র পরিতাক্ত হইরা থাকে। উৎকট আকারের রোগীর গাত্র চইতে এক প্রকার বিশেষ মুর্গন্ধ বাহির হইরা থাকে। রোগ কঠিন চইলে ছিলা, অসাড়ে মল নি:সরণ, চন্ত-পদের শীতলতা ও প্রলাপ বিভয়ান থাকে এবং অতিরিক্ত কুম্বন বশতঃ কাচাম্মও বা চালিশ বাহির চইরা পড়ে। শুক্রপাক্ষেব্য ভোজন, গ্রমের পব হঠাৎ ঠাওা অথবা ঠাওার পর হঠাৎ গ্রম লাগিয়া সাধারণতঃ এই রোগ ক্রমিয়া থাকে। শিশুদিগের উদ্বামর এবং চাম বিলোপের পরও এই রোগ প্রকাশ পাইতে পারে।

(চিকিৎসা)

স্যা হৈ কি সা- ক্র । — উদরে মোচডান ও আকে পবং বেদনা সংযুক্ত রক্তাতিসার। উত্তাপ প্রয়েগ ও সন্মুথিদিকে তবদীর্ঘ চইলে বেদনার উপশম। অভিশন কুছন ও প্ন: পু∙: মল প্রবৃত্ত। গ্রম ফলের সহিত্ কিঞ্জিৎ এই ঔষধ মিশ্রিত করিয়া মলহায়ে পিচকারী দিলে বিশেষ উপকার দর্শে।

কালী-কি ভিন্ন।—প্রণম ইইতে চিকিৎসা করিলে এই ঔষধের স্থিত পর্যায়ক্রমে ফিরম-ফস বাবহার করিলে স্ট্রনার্য রোগারোগ্য করা যাইতে পারে। পুন: পুন: মলবেগু কুছন এবং ভয়ন্তর উদর বেদনা বিশিষ্ট রক্তাতিসার আঠা আঠা মালন শীত ও পুষ্বৎ শ্লেষাম্রাব:

হিচব্ল হা হা ।—জ্বর ও প্রাদাহিক বেদনাদর উপশমার্থ কালী-মিউরের সহিত প্যায়ক্রমে , উত্তপ্ত জলবং মগ

কালৌ হচস। — পচা, গগন্ধগুক্তমল এবং ৩% জিহবা। মলগার দিয়া উজ্জল লোহত রক্তপ্রাব। রোগী প্রলাপ বকে। উদরেও ফুটিততা। প্রবল কুম্বন

ক্যান্ত-তল্ফা। —পৃষ ৎ শ্লেম অথব, ১ক্তানিশ্রিত শ্লেমা প্রাব। কালী-মিউবের পর এই ঔষধ ভাল খাটে।

भथाभथा।

শীতল জল, বেলের মণ্ড, শটার পালো এবোরট, বালি, চিড়ের সরবৎ বোল প্রভৃতি এই রোগে সুপথা জর ন' থাকিলে ভাতের মণ্ড, গন্ধ-ভাদাশিরার বোল, শিং ও মাগুরমাছের ঝোল, থানকনি পাভার ঝোল, প্রভৃতি পথা দেওয়া বার। কমলা লেবুও দাড়িম (ভালিম) এই রোগে আতশ্র উপকারী।

চিকিৎসিত রোগী।

- (১) ডা: হণজ্ঞক ১টা রক্তাতিসারের রোগীকে ক্যাক্সলক্ষ C. M, শক্তি প্ররোগ করিয়া অনেক উপশমিত করেন। ঐ রোগ গরে গৈতিক প্রকৃতির অভিসারে পরিণত হইলে নেট্রন-সলক C. M. শক্তি ব্যবহার করিয়া আরোগ্য করেন।
- (১) জনৈক বোগিণীর ভয়ন্তর কুন্থন, পেটকামড়ানি এবং অবিরত
 মল ও সূত্রবেগ ছিল। যথনই উদির বেদনা উপস্থিত হইত তথনই উঠিয়া
 বিদিয়া সমুখদিকে অবনত হইয়া পাকিতে হইত। উষ্ণ জল ব্যতীত আর
 কিছুতেই বেদনা উপশ্মিত হইত না। ম্যাগ ফ্ল ২০০০ ত মাত্রা
 ব্যবহারেই স্কল উপদ্রব দূর হইয়াছিল।
- (৩) ডা: ণিওনার্ড ম্যাগ-ফ্ল বারা একটা রক্তাতিসারের রোগাতে আশ্চব্য ফলপ্রাপ্ত হুরাছিলেন। রোগীর লক্ষণ এই:—লক্ষণদৃষ্টে মার্ক-কর বিশেষ উপযোগী মনে করিটা উহাই ব্যবস্থা করা হয়। উহাতে মললকণের বিশেষ উপকার হুইরাছিল কিন্তু উদন্ত বেদনা উপশমিত না হুহরা ক্রমশংই বৃদ্ধি শাইতেছিল; এমন কি, বেদনার মুদ্ধা পর্যন্ত জন্মবার উপক্রম হুইটাছিল বেদনা উদর অপেকা মলহারে বেশী ছিল। মলত্যাগ কালে বেগ নিতে পেশীর প্রবল আক্ষেপ বা সহোচন ক্রিভ। ম্যাগ-ফ্লস্ উক্ত জলের সহিত মিশ্রিছ করিয়া দেবন করিতে দেওরা যার। ইহাতে

এত দ্রত বেদন। কমিয়া যায় ধে, মফিয়ার হাইপোডামিক ইঞ্জেকসানও এত শীঘ্র ফল পাওয়া যাইত না। ১ মাত্রা ঔষধ সেবনেই খোগী আহোগ্য হয়।

Dysmenorrhoea—ডিস্মেনোরিয়া। বাধক বেদনা; কফ্ট রজঃ

ঋতৃকালে উদরে অত্যস্ত বেদনা জনিলে তাহাকে রজঃশূল বা বাধক বেদনা বলে। জরায়ুর অস্তাস্ত বেদনার স্থার এই বেদনাও কোশরে ও তলপেটে অমুভূত হইরা থাকে। বাধক বেদনার সাধারণতঃ বেদনা লহকারে অতি অল্প পরিমাণ রক্তপ্রাব হইরা থাকে। কাহারও কাহারও অধিক পরিমাণ রক্তও প্রাব হয়। কোন কোন স্ত্রীলোকের বাধক লহকারে সর্বাঙ্গে বেদনা, উদরের বাম পার্মে বেদনা এবং বমন বা বমননেচছার ভাব বিস্থমান থাকে। অতি মৈথুন, জরায়ুর স্থানচ্যুতি, শ্বেত প্রাণ্ রু প্রত্রি কারণে এই রোগ জন্মিরা থাকে। বাধকদোষ বলতঃ বন্ধ্যাত্ম জনিয়া থাকে। স্করাং এই রোগ জন্মিলে শিন্ত শীত্ম চিকিৎসা করা সঙ্গত। উপযুক্ত হোমিওপ্যাধিক চিকিৎসায় বহু স্ত্রীলোকের বন্ধ্যাত্মদোষ দূর হইরা পর্ভ রক্ষা হইরাছে।

চিকিৎসা

ফিল্লাম-ফস্স ১২ × 1— মুখমগুলের আরক্ততা, ফ্রন্ডনাড়ী, কখন কখন অপরিপাচিত দ্রব্য বমন সহকারে ভয়কর বেদনাসহ উজ্জ্বল লোহিত রক্তপ্রাব। বিল্লীক পদার্থপ্রাবী বাধক বেদনা। ঋতুকালে জরায়ুতে অতিশর রক্তপঞ্চয়; যোনির শুদ্ধতা ও অতিশর স্পর্শামুভবতা। এই প্রকার

লক্ষণ বিশিষ্ট স্ত্রীলোকদিগের পুরাতন রোগে ঋতুর পুর্বে ফিরম-ফস ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে। কালী-ফস ও ক্যান্থ-ফলের সহিত পর্য্যায়ক্রমে এই ঔষধ ধৈর্য্য ধরিয়া ব্যবহার করিতে পারিলে অতি উৎকৃষ্ট ফল পাওয়া যাইতে পারে। অতিশয় আক্রেপিক বেদনা থাকিলে ম্যাগ্রেশিয়া-ফস অবশ্রুই দিবে।

আাহোঁ শিস্তা হা প্রধান ঔষধ। ঋতুপ্রাবের কিছু পূর্বের বা প্রাব সহ বেদনার প্রকাশ। উষ্ণুতার উপশম। বেদনাকালীন উক্ষলের সহিত মিশ্রিত করিয়া সেবন, এবং যতদুর গরম সহ্য করা যায় তত গরম জলের সহিত করিয়া প্রবিধ মিশ্রিত করিয়া ভাহাতে নেকড়া থও ভিজাইয়া নিমোদ্রে (জরাযুর উপর) পটী দিবে।

কাকৌ ফস ৩ × I—পাগুর মুথাকৃতি অঞ্সাবপ্রবণ এবং সহজে ক্রোধের আবেশ হয় এরপ সায়বীঃ প্রকৃতির রোগিণীদের বাধকে বিশেষ উপযোগী ফির-ফস সহ পর্যায়ক্রমে দিবে। উজ্জ্বল লোহিত বা মলিন পোহিত রক্তবাব।

ু(চিকিৎসিত রোগী)

- (১) একটা রোগিণীর ভয়ত্বর বেদনা বিশেষ্ট বাবক ছিল হোমিও-প্যাথিমতে এই রোগে ব্যবহার্য্য কোনও ওষধ ব্যবহার করিতে বাকী ছিল না। কালী-ফদ ৬× সেবনে ভাহার রোগ স্থায়ীরূপে আরোগ্য হয়।
- (২) ২২ বংশর বয়স্বা জনৈক রমণী যৌগনের প্রারম্ভ ছইতে প্রতি মাসেই রক্তঃশ্লে ভূগিতে ছিলেন। রক্তঃস্রাবের করেক ঘণ্টা পূর্ব্ব ছইতেই জরায়ু কোমর এবং উক্ততে ভয়ন্কর বেদনা হইত। রক্তঃস্রাবের প্রথম দিন বেদনার এত প্রাবল্য থাকিত যে, উহা প্রায় অসহ্য বলিয়া মনে ছইত এবং হিটিরিয়া জানীবে বলিয়া আশকা হইত একবার এই বেদনার সময়

আমাকে ডাকা হয়। গিয়া দেখি রোগিনী শুইয়া আছেন, গরম জলে পা ড্বাইয়া রাথা হইয়াছে এবং তলপেটে ফ্লানেল গরম করিয়া লেক দেওয়া হইতেছে। কিন্তু ইহাতে বেদনার লাঘব কিছুই হইতেছে না। ইহা দেখিয়া তৎক্ষণাৎ আমি ম্যাগ-ফ্ল ৬× বৃহৎ মাত্রায় থাইতে দিলাম। অর্জঘন্টার পূর্বেই বেদনা দূর হইল। আবার আর একমান্তা দিলাম। ঔষধ দিতে না দিতেই রোগিনী স্কুত্ব হইলেন এবং রক্ত:আব আরম্ভ হইল। পরের মালে ঋতুআবের পূর্বেদিন এই ঔষধ ৩ বার এবং ঋতুর ৩ দিন প্রত্যাহ ২ ঘন্টা অন্তর ইহা ব্যবহার করিতে ব্যবহা দিলাম। এই মালে আদে বেদনা হয় নাই। তৎপরর্তী মানেও এই ঔষধ এই প্রকারে থাইতে ব্যবহা করিলাম। ইহার ফলে রোগিনীর আর কোন উপদ্রবই উপন্তিত হয় নাই ৩ বৎসর যাবৎ ভালই আছেন।

- (৩) এক রোগিণীর প্রতি ঋতুকালে ১ হইতে ২ ইঞ্চি লম্বা ১টা পর্দা নির্গত হইত। ঋতু কালীন লক্ষণ:—রজ্ঞানিত হইবার পর তলপেটে তীত্র তির-বিদ্ধাব বেদনা, উক্ষজলের ব্যাগ উদ্বের প্ররোগ করিয়া বক্র হইয়া থাকিলে কিঞ্চিৎ উপশম প্রাপ্তি। বেদনার তীত্রতা কমিলে পর ২।১ দিন পর্যন্ত অবিরাম মৃত বেদনার অবস্থিতি এবং তৎপর দিন অথবা তৃতীয় দিন পূর্ব্বোক্ত প্রকার পর্দা। (মেন্তুণ) নি:সরণ। একবার ঋতুপ্রাবের পর আমি তাহাকে ক্রমান্বরে ২ দিন প্রাতে ও রাত্রে ম্যাগ-ফ্ল C. M. শক্তি থাইতে দেই। পরবর্তী মাসে ঋতুকালে তাহার বেদনা খুব কম হয়য়াছিল। ইহার পরের মাসে বেদনা একেবারেই ছিলনা, কিন্তু পূক্ষবৎ পর্দা নিংস্কৃত হইয়াছিল।
- (৪) ডা: Whittier প্রায় ৬ মাস পর্যান্ত কালী-ফস প্রয়োগ করিয়া ১টী ১৫ বংসরের পুরাতন বাধকের গোগিণীকে আরোগ্য করেন। এলোপ্যাথিক চিকিৎসায় এবং স্থপ্রযুক্তা ছোমিওপ্যাথিক উবধে ভাছার

কোন ফলই দশে নাই। রোগিণীর নিম্নোক্ত লক্ষণ সমূহ বিগুমান ছিল:—
ন্তনের এত ব্যথিততা যে কাপড়ের চাপও অসহ্য বোধ চইত। ঋতুকালে
তলপেটে মোচড়ানবং বেদনা এবং যোনিদ্বার দিয়া উদরস্থ সকল বাছির
হুইয়া পড়িবে এরপ আবেগ অফুভব ছিল। ঋতু প্রবাহিত হুইবার পরহ বেদনার প্রাবল্য জ্বিত বেদনা যথন চংমে উঠিত, তথন নিম্নোদয়
হুইতে উপরের দিকে পাকস্থলী পর্যান্ত এক প্রকার তীত্র আক্ষেপিক বেদনা সঞ্চারিত হুইত। যথনই এইপ্রকার বেদনা উপস্থিত হুইত তথনই পিত্ত অথবা ফেলিল অমু পদার্থ (কথন কথন রক্তসংযুক্ত) বমি হুইত। প্রথমে একপ্রকার মাথাধরা ছিল, পরে উহা বাম চক্ষুর উপর স্থায়ী হয়। ব্যন মাথাধরা উত্র আকার ধারণ করিত তথন অক্সন্থানের বেদনার মৃত্রতা থাকিত এবং যখন মাথাধরা একটু কম থাকিত তথন

পুর্ব্বোক্তরূপ পদ্দা নির্গত হইয়াছিল বটে কিন্তু বেদনা মোটেই হয় নাঠ।

⁽c) আর এক রোগিণীর কয়েক বৎসরের পুরাতন বাধক বেদনা ছিল;
প্রতি মাসেই ঋতুকালে তাঁহার জরায়ু হইতে ১ — ২ ইঞ্চি লখা পর্দা নির্গত
ছইত । প্রাব প্রবাহিত হইবার পরই এ রো:গণীরও তলপেটে ভরঙ্কর বেদনা
উপস্থিত হইত এবং গরমজলের ব্যাগ পেটে স্থাপন করিয়া বক্র হংয়া
ভইয়া থাকিতে হইত। বেদনা > দিন মাত্র পাকিয়া তৎপর দিন অংবা
তৃতীয় দিন পূর্বোক্তরূপ পর্দা নির্গত হইত। ঋতুর পর এই রোগিণীকে
> মাত্রা ম্যাগ-ফ্রন্স লে ভ্রমাকারে থাইতে দেওয়া যায়। পরবর্তী মাসিক
ঋতু ওত কন্তুপ্রদ হইয়াছিলনা পরে এই ঔষ্থই ২ দিন মাত্র জলের সহিত
প্রাতে ও রাত্রে থাইতে ব্যবস্থা করা হইয়াছিল। পরবন্তী ঋতুকালে

⁽৬) অন্ত এক রমণীর ঋতৃকালে পাকস্থলার অভ্যস্তরে ভরঙ্কর তিরবিদ্ধবং সামুশ্লের ভার বেদনা হইত। এই বেদনা ১ — ২ দিন স্থায়ী

হইত। বেদনা পৃষ্ঠ হইতে উঠিয়া ঘৃড়িয়া আসিয়া পাকস্থলী প্রদেশে নিবদ্ধ হৃতত। উষ্ণ শেক ও চাপে এই বেদনা একটু উপশ্যিত হইত। স্যাগ-ফস ১০ এম্ ১ মাত্রা সেবনেই উহা সম্পূর্ণরূপে আবোগ্য হয়; আর কথনও প্রকাশ পায় নাই।

Dyspepsia — অগ্নিমান্দ্য।

(আমাশয়ের বিশৃখলা প্রষ্টব্য)

Ear, Diseases of—কৰ্ রোগ।

(চিকিৎসা)

ফিল্লাম ফস।— প্রাদাহিক অবস্থায় জর ও বেদনা থাকিলে।
দপ্নপ্কর ও জালাকর বেদনা। চিড়িক ারা বা স্চিবেধবং বেদনা।
বাহ্য উষ্ণভায় ও আভ্যন্তরিক শীতলভায় বেদনার উপশ্ম। কর্ণে নানা
প্রকারের শব্দ। কুইনাইন সেবনের পরবঙ্গী কর্ণনাদের স্থায় কর্ণনাদ।
প্রতি হুংস্পাদনে কণের ধমনা সকলে দপ্দপ্। কণের প্রতিন প্রদাহ
জন্ম ব্ধিরভা। কর্ণেরকের প্রধাবন জন্ম ঘণ্টা ধ্বনির স্থায় শব্দ।

কালৌ-ি উল্লাল প্রদাহের পর মেষুণ বা বিল্লী পুরু ছইয়া
বিধিরতঃ উৎপল্ল ছইলে ইছা অতি উংকৃষ্ট ঔষধ। ইষ্টিকিয়ান টিউবের
ফাততা বশতঃ অথবা কর্ণ-নূল গ্রান্থির ফাতত, বশতঃ বধিরতা। নিঃখাসপ্রখাসের সমন্ন অথবা কোনও বস্তু গিলিবার কালে কর্ণে চড় চড় বা কড়্
কড় শক। গল গ্রন্থির বা কর্ণ গ্রন্থির ক্ষাততা বশতঃ কর্ণ বেদনা। জিহ্বার
থেত বা পাংগুটে হেতবর্ণের লেপ। মধ্য-কর্ণের প্রতিশান্ন জঞ্ খেতবণের
আব নিঃসরণ। বাহ্য বা আভ্যন্তরিক কর্ণের পুরাতন প্রদাহ।

কালী-ফাস।—সায়বিক ত্র্বলতা জনিত কর্ণনাদ ও ঝারতা।
সায়ুশক্তির অভাব জনিত বধিরতা। মন্তকে নানাপ্রকার শব্দ, ত্র্বলতা ও
গোলমাল। কর্ণে ক্ষত ও উহা হইতে ত্র্গন্ধ, পাত্তলা রসাণি ক্ষরণ।
কর্ণের শীর্ণতা, বিশেষতঃ বৃদ্ধদিগের।

ম্যাগ-ক্ষস।—অভিটারী সায়র ছর্কলভা বশতঃ বধিরভা বা শ্রুভি ক্ষীণতা। কালী-ফদের লক্ষণ বিশিষ্ট রোগে উহা প্রয়োগ করিয়া উপকার না হইলে ম্যাগ-ফস ব্যবহার করিবে। স্নায়বীয় প্রকৃতির কর্ণশূল। কর্ণের অভ্যন্তরে ও চতুদ্দিকে স্নায়শূলের স্থায় বেদনা।

কালী-সলক। — কর্ণশূল সহকারে পাতলা হরিদ্রাবর্ণ প্রাব নি:সরণ। কর্ণের প্রতিভাগ্ন সহকারে পাতলা পীতবর্ণ অথবা হরিতাভ পৃষপ্রাব (অপিচ, প্রতিদিন এই ঔষধের লোশন দারা আভ্যস্তরিক পিচকারী প্রদান)। কর্ণের নিম্নে তীক্ষ্ণ কর্তনবৎ বা স্থাচিকাবিদ্ধবৎ বেদনা। টিম্পেনিক কেভিটির ক্ষীততা বশত: বধিরতা।

ক্যাক্স-ফ্স। — বাহ্ কর্ণে শীতশতামূভব। কর্ণের চতুদ্দিকস্থ অস্থিতে আঘাতিতবৎ বেদনা। গণ্ডমালা ধাতুর শিশুদিগের কর্ণশূল ও তৎসহকারে আমবাতের লক্ষণের বিশ্বমানতা, ও গ্রন্থির স্ফীততা। পুরাতন কর্ণশ্রাব (ওটোরিয়া)।

নেট্ম-মিউর ।—কর্ণ গহ্বরের ক্ষীততা বশতঃ বধিরতা ও জলবং প্রাথ নিসারণ। কুইনাইন সেবনের পরবর্ত্তী কর্ণনাদ নিবারণে ইহা বিশেষ উপযোগী। জিহ্বায় প্রভূত জলবং ও ফেণিল লালা।

ক্যান্দ্র-সলাফ। — পীতবর্ণ গাঢ় পৃষস্রাব সহকারে বধিরতা। কখন কখন এই পুষের সহিত রক্ত মিশ্রিত থাকে। এই ঔষধ প্রয়োগ করিলে পুষ্প্রাব বন্ধ হয়। সিলিশিয়ার সহিত তুলনা করুন। সৈলিশিয়া।—কর্ণের বাহ্নগহরের (এক্সটার্ণ্যাল মিটংস)
প্রাদাহিক স্ফীভতা। কর্ণ হইতে হুর্গন্ধি পূথ নিসংরণ। ইট্টেকিয়ান টিউবের
স্ফীভতা ও প্রতিশ্রায় সহকারে শ্রুতি ক্ষাণতা ও এই ঔষধের বিশেষত্ব
জ্ঞাপক প্রাব নিংসরণ।

কেট্রম-ফ্রা — বাহ্ন কর্ণেক্ষত ও উহাতে পাতলা সরের আয় মামড়ি। জিহ্বার বর্ণ দ্রন্তব্য। কর্ণের আরক্ততা, উত্তপ্ততা ও সর্বাদা কণ্ডুয়ন এবং তৎসহকারে আমাশয়ের বিশৃত্যলা ও অন্ন রোগ।

(চিকিৎসিত রোগী)

- (১) একটি রোগীর দক্ষিণ কর্ণের অভ্যন্তরে বেদনা জন্মিয়া পরে আব নির্গত হইতে থাকে ও অবশেষে বিধরতা জন্ম। আব নির্গত হইবার পর কর্ণ-নলী থুব সরু হইয়া পড়ে। আবের প্রকৃতি তন্তময় (flaky) ছিল। কালী মিউর ৩× কয়েক দিন ব্যবহার করায় আব বন্ধ ও ১ সপ্তাহ ময়েই, শ্রুতিশক্তির পুনঃ প্রতিষ্ঠা হইয়াছিল। একন, পলস, মার্ক সল, হাইড্রাস ও সলফার সেবনে বিশেষ কোল ফল হইয়াছিল না।
- (২) ৯ বৎসর বয়য়া ১টা বালিকার বধিরতা জন্মে। রোগের ইতিহাস
 এই:—৫ বৎসরের পূর্বে তাহার মাঝে মাঝে প্রবল জ্বর ও তৎসহ মাথাধরা
 ও কর্ণশূল উপস্থিত হইত। ইহার পরই গ্রীবার পেশার ক্ষাততা ও আড়স্টতা
 উৎপন্ন হইত। প্রথম প্রথম এইরূপ রোগের স্থিতি কাল এক একবার
 ১-০দিন থাকিত কিন্তু রোগে যতই পুরাতন হইতে লাগিল রোগের স্থিতিকাল
 ও তীব্রতা ক্রমেই বাড়িতে থাকিল। আমি যখন প্রথম রোগাঁ দেখিতে
 যাই তথন রোগেণী প্রায় ০ সপ্তাহ যাবৎ শ্যাগত ছিল ও ইহার
 ৩ বৎসর পূর্বে হইতেই তাহার ক্রতিক্ষীণতা জন্মিয়াছিল। তাহার অবস্থা
 জানিবার জন্ম তাঁহার সহিত আমাকে চেঁচাইয়া কথা কহিতে হইত।

আমি তাহাকে প্রথমে ৩ মাস পর্যান্ত প্রত্যাহ কম মাত্রায় কালী-মিউর ৩× ৩ বার ও ম্যাগ-ফস ৬ × ৩ বার করিয়া সেবন করিতে বিধি দেই। পরে প্রত্যেক ঔষধ প্রত্যাহ ২ বার করিয়া ব্যবহার করিতে বলি। ইহার পর স্থলর ফল দেখা যাইতে লাগিল। রোগিণীর যে পূর্ব্বে জ্বরের আবেশ ইত্যাদি হইত তাহা একেবারেই বন্ধ হইল এবং শ্রুতিশ্ক্তির উৎকর্ষ জ্বিয়া পরিশেষে সম্পূর্ণ আরোগ্য হইল।

- (৩) ডা: Weanstall ৩টা রোগীর মধ্য-কর্ণের তরুণ প্রদাহ জনিত উচ্চ জ্বর, উগ্র কর্ণবেদনা ও প্রলাপ, ফিরম-ফ্স ৩× – ১২× প্রয়োগ করিয়া আরোগ্য করিয়াছেন বলিয়া প্রকাশ করিয়াছেন ।
- (৫) ক্রফিউলাধাতুর একটা বালিকার দক্ষিণ কর্ণ হইতে কটাবর্ণের বিরাউন। হর্গন্ধ আব নির্গত হইত। কর্ণ-নলের বাহুজংশে ১টা মাংসল বির্ন্ধিও (গ্রোথ) ছিল। ৮ সপ্তাহ যাবং সে এই কর্ণে কিছুই শুনিতে পাইত না। কালী-সলফ ১২ × ব্যবস্থায় ২ সপ্তাহ মধ্যেই আবেব হুগন্ধ একেবারে দ্র হয় এবং পূর্বোক্ত পলিপাসটা ক্মিয়া কুঞ্বর্ণ, শক্ত একটা শুটির মত হয়। ইহার পর প্রতি তৃতীয় দিবস ২ মাত্রা করিয়া উক্ত প্রথধ সেবনে রোগ সম্পূর্ণরূপে আবোগ্য হয়।
- (৫) ৪ মাসের ১টা শিশুর কান পাকিয়াছিল। এক কান হইজে ক্ষতকর, হুর্গন্ধি পাতলা পৃষ নি:স্ত হইত। এই পৃষ চম্মের যে স্থানে লাগিত তথায়ই এক প্রকার উদ্ভেদ (ফুস্কুডি, ইর:প্সন) উৎপন্ন হইত। কালী-ফ্স ৬× প্রতি ৬ ঘণ্টা অন্তর দেওয়া যায়। ৩ মাসে রোগ সম্পূর্ণ আরোগ্য হয়।

Eczema — পামা।

(চর্মবোগ জফবা)

কালী-মিউর।—শিশুদিগের মন্তক ও মুখমগুলের শহ্ববিশিষ্ট পামা। মৃত্র-বন্ধের বিকার বশত: উৎপন্ন পামা রোগ। ত্বক হইতে এব্যেনের ন্যায় রস আব ও তৎসহ জ্বিহ্বায় শুল্র বর্ণের লেপ।

Endocarditis – হৃদন্তর-বেষ্ট-প্রদাহ।

(হুদ্রোগ-দ্রম্ভব্য)

Enuresis — অবারিত মূত্র।

(মৃত্র যন্ত্রের রোগ দ্রস্টব্য)

ক্ষিরম-ফ্স। — মুত্রমার্গের মৃথ-রোধক পেণীয় ত্র্বলিত। জনিত অবারিত মৃত্রপ্রাব। নিজাকালে শ্যায় মৃত্রত্যাগ, বিশেষতঃ শিশুদিগের। পেণীর ত্র্বলিতাজনিত স্ত্রীলোকদিগের রাত্রিকালীন শ্যায় মৃত্রত্যাগ; প্রতি কাসেই মৃত্র নির্গত হয়।

ক্যাত্ম-ফ্সা ।—শিশু ও বৃদ্ধদিগের অবারিত মৃত্রত্যাগ। লক্ষণের সহিত সাদৃশ্য পাকিলে এই রোগে কালী ফদও ব্যবহৃত হয়।

(চিকিৎসিত রোগী)

(১) ৩৪ বৎসর বয়স্ক। জনৈক স্ত্রীলোক প্রায় ৩ বৎসর যাবৎ এই রোগে ভূগিভেছিলেন। রাত্রিভে তাঁহার মৃত্রবেগ ধারণে ক্ষমতা ছিল, কিন্তু দিনে পারিতেন না। দিনে ষথনই বেগ জন্মিত তথনই অনিচ্ছায়
অধিক পরিমাণ মূত্র নির্গত হইত। আর আর বিষয়ে তাঁহার স্বাস্থ্য মন্দ ছিল না। ফিরম-ফস ৬× দিনে ৪ বার করিয়া সেবনে রোগ আরোগ্য হয়।

- (২) একটা রোগীর অবারিত মৃত্র কালী-ফস সেবনে আরোগ্য হয়। এই রোগীকে দিনে ৩।৪ বার করিয়া এই ঔষধ দেওয়া হইয়াছিল। আর একজন ৬০ বৎসর বয়স্ক বুদ্ধের অবারিত মৃত্র ও sphincter পেশীর পক্ষাঘাত জনিত রোগ এই ঔষধে অতি সত্তর আরোগ্য হইয়াছিল।
- (৩) ক্যান্ধেরিয়-ফদ ব্যবহারে এই রোগাক্রাস্ত হন্থ রোগী আরোগ্য প্রাপ্ত হইয়াছে। শিশু ও বৃদ্ধদের অবারিত মূত্রে ইহা specific বা আমোঘ ঔষধ বলিলেও প্রায় অত্যুক্তি হয় না; ও বংসর বয়স্ক এক বাল-কের এই রোগ কিছুতেই আরোগ্য না হওয়ায় শেষে ক্যান্ক ফদ ৩× প্রতি ৩ ঘণ্টাস্তর এক এক মাত্র। দেওয়ায় অতি শীঘ্রই উপকার হয়! ৭৯ বংসরের এক বৃদ্ধের এই রোগও ক্যান্ক-ফদ ৩ × ৩ ঘণ্টাস্তর এক একবারে ৪টি করিয়া ট্যাবলেট ব্যবহার করায় ৬ সপ্তাহে সম্পূর্ণ আরোগ্য হয়।

Epilepsy — এপিলেপ্সি। মুগী, অপস্মার।

হঠাৎ মূর্চ্ছা বা সংজ্ঞাশৃত্যতা এবং পেশাসমূহের আক্ষেপ এই রোগের পরিচায়ক লক্ষণ। রোগের আক্রমণ উপস্থিত হওয়া মাত্র চৈতত্ত ও শক্তির বিলোপ জন্মে। রোগী দাঁড়ান থাকিলে তৎক্ষণাৎ পড়িয়া বায়। সাধারণতঃ রোগের আবেশের পূর্ব্বে রোগী চিৎকার দিয়া থাকে। রোগের ভোগকালে অঙ্গ প্রত্যঙ্গের অভিশয় আক্ষেপ (spasm), তুর্বল্ডা, ভয়, ক্রোধ, ক্রিমি, রক্তাধিক্য, অভিশয় মানসিক এবং শারীরিক উত্তেজনা ও মুথের বিকৃতি জন্ম। কপাল কুঞ্চিত এবং চক্ষু স্থির ও অক্ষিপুটের নিমগত হয়। এজত্য চক্ষ্র খেতাংশ মাত্র দেখা য়য়; অক্ষিগোলক ঘূর্ণিত, চক্ষ্র তারা প্রসারিত ও আলোক-জ্ঞান বিবর্জ্জিত হয়। বাহু ইতস্ততঃ বিক্ষিপ্ত: খাস আয়াসিত ও ক্ষম্ব প্রায় ইটে। দত্তে দত্তে ঘর্ষণ, জিহ্বা দংশিত ও মুখ হইতে কেণা নির্গত হয়। রোগের আবেশের পর গভার নিদ্রা জন্ম। কুলদোষ, অতিরিক্ত ইন্দ্রিমপরিচালনা এবং স্ত্রালোকদিগের ঋতুর গোল্যোগ এই রোগের উদ্দীপক কারণ।

(চিকিৎসা)

কালীমিউর।—ইহা এই রোগের প্রধান ঔষধ। খেত অথবা পাংগুটে খেত লেপাবৃত জিহ্বা। চর্ম্ম-রোগাদি বসিয়া যাইবার ফলে পীড়ার উৎপত্তি।

হিন্দুরম হৃদ্য।—মন্তকে রজ্জের প্রধাবন সংযুক্ত মূর্চ্ছায় এই রোগের প্রধান ঔষধ কালী-মিউরের সহিত পর্যায়ক্রমে ব্যবহার্য।

কালী ফ্স।— সাক্ষেপ ও হস্ত-পদাদির খেঁচুনি। হস্তপদাদির আড়ষ্টতা; মস্তকের পশ্চাদিকে অবনতি, মৃষ্টিবদ্ধতা ও দাত লাগা। ইন্দ্রিয়ের অতিরিক্ত পরিচালনা জন্ম রোগের আক্রমণ। খেঁচুনির উপশম না হওয়া পর্যাস্ত উষ্ণ জলের সহিত পুনঃপুনঃ ম্যাগ-ফ্য প্রদান করা একাস্ত কর্তবা।

ম্যাগ-ফ্স।—হস্ত-মৈথুনাদি ইন্দ্রিয়ের অতিরিক্ত পরিচালনার কুফলে উদ্রিক্ত রোগ।

লেট ম-সল্ক ।—কৃমিন্ধনিত রোগে, এই রোগের প্রধান ঔষধ কালী-মিউরের সহিত পর্য্যায়ক্রমে। সিলিশিয়া।—রাত্রিকালে বা শুক্লপক্ষের প্রারম্ভে রোগ উপস্থিত হুইলে মধ্যে মধ্যে এই ওয়ধ ব্যবহার করা কর্ত্তব্য।

(চিকিৎসিত রোগী)

- (১) ৪৫ বৎসর বয়ক্ষ ছানৈক বাজির ১৮৮৮ সনের সেপ্টেম্বর মাসে এক প্রকার চন্দ্র রোগ প্রকাশ পায় এবং ১৮৮৯ সনের আগষ্ট মাসে বিলুপ্ত হয়। ঠিক এই সনেব নবেম্বর মাস হইতেই লোকটার মধ্যে মধ্যে ম্র্ছোর আবেশ হইত। ফিটের পূর্বে তাহার মৃথমণ্ডল পাণ্ডু বর্ণ ধারণ করিত পরে উন্ধতা অনুভব এবং তৎপর মন্তক পৃষ্ঠে বেদনা ও পাকস্থলীতে জালা অন্তভব সহকারে থিচুনি (pasm) আরম্ভ হইত। নক্স, বিউফো, আর্স. প্রভৃতি ঔষধে কোনও ফল হইয়াছিল না। অতঃপর বিলুপ্ত চন্দ্ররোগের কৃফলে এই রোগ ভন্মিয়াছে মনে করিয় কালী-মিউর ৬× ব্যবস্থা করা যায়। ৬ দিন ঔষধ ব্যবহাব করিবার পর আব ঐ রোগের আবেশ জন্ম নাই।
- (২) ৪২ বংসর বয়স্ক একটা লোক ৩৫ বংসর যাবং মৃগী রোগে ভূগিভেছিল। কোন প্রকার চিকিৎসায় কিছুই হইয়ছিল না। এই রোগীকে প্রভাহ প্রাতে ক্যাল্ক ফস ৪ গ্রেগ কিঞ্চিং জলের সহিত, এবং ম্যাগ-ফস ও কালা-ফস প্রভাহেটী ১২ গ্রেগ ২টী পৃথক গ্রাসে অর্দ্ধ গ্রাস জলে মিশ্রিত করিয়া পর্যায় ক্রমে সমস্ত দিনে সেবন করিবার ব্যবস্থা দেওয়া যায়। একমাস পরই বিলক্ষণ উপকার দেখা গিয়াছিল। এইরূপে ঔষধ ব্যবহারের পর, মাসে একবারের বেশী আর রোগের আবেশ হয় নাই। উক্তরূপে আরও কতক দিন ঔষধ ব্যবহারে রোগী সম্পূর্ণ আরোগা হইয়াছিল।

Epistaxis—এপিস্ ট্যাক্নিস্। নাদিকা হইতে রক্তপাত।

হ্বিন্ন মু-ফ্যন ।—নাগিকা হইতে উজ্জ্বল-লোহিত রক্তপাত বিশেষত: শিশুদিগের।

কালী-ফস।—বৃদ্ধ ও হর্মণ ব্যক্তিদিগের রোগ। পচা, ক্লম্বর্ণ বক্তস্রাব।

Erysipelas—ইরিসিপেলঃস। বিসর্প।

চর্মের কোন অংশের প্রসারণনাল প্রদাহকে বিদর্প বলে। বিদর্প গুই প্রকার। স্বয়স্ত্র (ইডিওপ্যাথিক) ও আভিঘাতিক (ট্রমেটক)। স্বয়স্ত্র বিদর্শ শরীরগত কারণ হইতে উৎপন্ন হয় এবং সাধারণতঃ মুখমগুলে ও শ্রীবাদেশে প্রকাশ পায়। আভিঘাতিক বিদর্শ উপঘাতে জন্মে, স্তরাং শরীরের যে কোন স্থানে প্রকাশ পাইতে পারে। চর্ম্মের প্রদাহিত ও প্রসারিত আরক্ততা, স্নীততা, স্পর্শব্বেষ ও জ্ঞালা এবং যাতনাজনক আরুষ্টতা ইহার প্রধান লক্ষণ।

এই রোগে রোগাকান্ত স্থানের চর্ম্মের বর্ণ আরক্ত বা বেগুণি থাকে, কিন্তু
চাপিলে সাদা হয়, এবং পুনরায় ছাড়িয়া দিলে পূর্ব্ব বর্ণ প্রাপ্ত হয়।
রোগের প্রারন্থায় কম্প, অবসয়ভা, শিরংপীড়া, জর এবং বমন, অভিসায়
অথবা কোষ্ঠবদ্ধ থাকে; অনস্তর ক্ষুদ্র ক্ষুদ্র কোন্ধা জন্মে ও তাহা হইতে
এক প্রকার পীতবর্ণ প্রাব নিংস্ত হয়। ইহা সংক্রামক রোগ।

চিকিৎসা।

কিন্দ্রম কস — প্রথম বা প্রাদাহিক অবস্থায় জ্বর, জারক্তা ও বেদনা নিবারণের ইহা সর্ব্ব প্রধান ঔষধ। গোলাপি বর্ণের বিসর্প। আভ্যন্তরিক ও বাহা প্রযুজা।

সেট, ম-সলফ-পিত্ত ব্যন, বা তৎপরিশৃন্মতা, ও ত্বকেব বেদনাকর ক্ষীভতা, মহণতা, চাকচিক্য, আরক্ততা এবং সিড়্সিড়্বা ঝিড়্ঝিড়্অফুভবে ইহা প্রধান ঔষধ।

কালী-মিউর।—জলবং রসপূর্ণ বিসর্পের ইহা প্রধান ঔষধ। ফির-ফস সহ পর্য্যায়ক্রমে।

কালী-সলক।—ফোস্কার ন্তায় বিসর্পে ন্তন চর্ম উৎপাদন করিতে অদিতায়।

েনট্র ম-ফস।—নেট্রম-সলফের গ্রায় লক্ষণ।

চিকিৎসিত রোগী

- ১) ৫৬ বৎসর বয়য় একব্যক্তির মুখমগুলের বিসর্পে পর্যায়ক্রমে ফিরম-ফস ও নেউম-সলফ সেবন, ফিরম-ফসের স্থানিক প্রয়োগ এবং মধ্যে মধ্যে কালী-মিউর সেবনে আরোগ্য হইয়া ছিল।
- (>) জনৈক বিধবার এই রোগ জন্মে। রোগিণীর উচ্চ গাত্রোত্তাপ, প্রশাপ এবং অভিশন্ধ দৌর্বল্য ছিল। জীবনের আশা একেবারেই ছিল না। তাহার মুখমগুল এবং মন্তক এত স্ফীত হইন্নাছিল বে, চক্ষু একেবারে বন্ধ হইন্না গিন্নাছিল। এতৎসহকারে তীব্র বেদনাও ছিল। ফিরম-ফল এবং নেউম-ললফ পর্য্যায়ক্রমে ১ ঘণ্টাস্তর ব্যবহার করায় অভি-আশ্চর্য্য ফল দর্শে। ১ মাত্রা নেউম-ললফ প্রয়োগ করিবার পরই কভকগুলি পিত্ত বমন হন্ন এবং সমগ্র লক্ষপেরই উপশম দেখা যান। জ্বরের

বেগ হ্রাস প্রাপ্ত হইলে পর ফিরম-ফস পূর্ব্বোক্তরূপে পুন: পুন: পর্যায়ক্তমে না দিয়া মধ্যে মধ্যে ব্যবহার করা হইত। ৪৫ দিনের মধ্যেই রোগিণী সম্পূর্ণ স্কুত্ব হইয়া রাতিমত সাংসারিক কাজকর্ম্ম করিতে সমর্থ হইয়াছিলেন।

Eye, Diseases of—চক্ষু রোগ।

চিকিৎসা।

ক্ষিরম-ফাস। — চক্ষু প্রদাহের প্রারম্ভাবস্থায়, বেদনা ও আরক্ততা থাকিলে, পূব জন্মিবার পূর্বেই ইহা ব্যবহার্য। চক্ষতে জালা। অক্ষি-গোলকে বেদনা, নড়িলে উহার বৃদ্ধি এবং নাতল জলে ধুইলে উপশম। চক্ষ্র পাতায় দানার স্থায় ক্ষুদ্র ক্ষুদ্র পাড়কা, চক্ষুতে বালুকণা থাকার স্থায় অন্তভ্ব। ৬×বা ১২×চুর্ণের লোশন স্থানিক প্রয়োগ।

কালী-মিউর।—চক্ষ্-প্রদাহের দ্বিতীয়াবস্থার শ্বেত অথবা সবুদ্ধাত বর্ণের শ্লেষ্মা প্রাব হইতে থাকিলে কালী সলফের সহিত পর্য্যায়ক্রমে। চক্ষুর ক্ষত, তৎসহকারে চক্ষুর পাতায় শ্বেত অথবা পীতাভ মামড়ি (কালী-সলফ)। রেটিনার প্রদাহের দ্বিতীয়াবস্থা। চক্ষুর পাতায় ক্ষুদ্র ক্ষুদ্র পীড়কা, তৎসহকারে চক্ষুতে বালুকণা বিশ্বমানতার ভায় অন্তভব। ফির-ফস সহ পর্য্যায়ক্রমে। ফোদ্ধা ইইতে বিস্তৃত অগভীর ক্ষতের উৎপত্তি।

কালী-সলক। — চকু প্রদাহের তৃতীয়াবস্থায় পীত অথবা সবুজাভ বা পীত বর্ণের আঠা আঠা কিংবা জলবং প্রাব নিঃস্ত হইলে (কালী-মিউর)। চকুর পাতায় পীতবর্ণের মামড়ি। হানি। অকি মুকুরের (crystaline lens) অস্পষ্টতায় ক্যাট-মিউর সহ পর্যায়ক্রমে। কালী-ফস।—কোন পীড়ার পর দেহের সর্বাঞ্চান দৌর্বল্য নিবন্ধন দৃষ্টি দৌর্বল্য। অপ-টিক নার্ভের আংশিক ক্ষয় হেতু অন্ধতা। কোন পীড়াকালে স্নায়ুমগুলের ক্রিয়ার বৈষম্যস্থাকক প্রানারিত অক্ষি-তারা, কটমট করিয়া বাহা করিয়া এক দৃষ্টে চাহিয়া থাকা। পেশার আংশিক পক্ষাঘাত হেতু চক্ষুর পাতার পতন। ডিফথিরিয়ার পরবর্তী তির্যাক-দৃষ্টি (টেরা)।

ম্যাত্রেশিয়া ফস। — চক্ষ্ব পাতার পতনে কালী ফস সহ পর্যায়-ক্রমে; চক্ষ্র যে কোন পীড়ায় আলোকে অতিশয় দ্বেষ ও সঙ্কৃতিত অকি-তারা থাকিলে; দৃষ্টির বিভ্রম; চক্ষ্র সন্মুখে ক্ষ্মুদ্র ক্ষ্মুদ্র বিন্দু বা নানাবর্ণ দেখা; অপটিক স্লায়্র চর্বলতাবশতঃ দৃষ্টিদৌর্বল্য; চক্ষ্র স্লাযু শূল; উষ্ণতার এই বেদনার উপশম এবং শীতলতায় বৃদ্ধি; আকেপিক তির্যাক্-দৃষ্টি এবং পাতার স্পদ্দন।

নেট্রম-মিউর — অশ্রেষাবা প্রণালীর অবক্ষতা সহকারে চক্ষ্
হাতে জলবৎ, পরিষার শ্লেষা বা অশ্রু প্রাবিত হালে ফির ফস সহ পর্যায়ক্রুমে; চক্ষু হাতে যে প্রাব নিঃস্ত হয় উচা লাগিয়া ত্বকে ক্ষত বা ফোষা
ক্রুমে; অক্রিপুটের দানাময় পীড়কায় অশ্রুপ্রাব বর্তুমান বা উহার অবিভমানতায়ও ইচা ব্যবহৃত হয়; কণিয়ায় শালা দাগ বা চিহ্ন; চক্ষুর
সায়ুশূলের সহিত অশ্রুপ্র বের বিভাষানতা; কণিয়ায় ফোষা।

ক্যাল্ক-সলক্ষ।—চক্ষ্র প্রদাহে গাঢ় পীতবর্ণ শ্লেমাস্রাব; কর্ণিয়ার গভীর ক্ষত ও উহা হইতে এই ঔষধের বিশিষ্ট পৃষ্প্রাব; কর্ণিয়ায় ক্ষোটক; অক্ষিত্রণ; রেটনার প্রদাহ; কঞ্জাংটাইভার (চক্ষ্র শ্বেত মণ্ডল) প্রদাহে গাঢ়, পাতবর্ণ পৃষ্প্রাব লক্ষণে; সিলিশিয়ার সহিত তুলনা কর্জন।

সিলিশিয়া।—চকুর গভীর ক্ষত; গাঢ়, পীতবর্ণ প্রাব বিশিষ্ট

চকু প্রদাহ (ক্যাব-ফস)। অঞ্চনী; অব্দি ত্রণ; চকুর পাভার চারিদিকে কুদ্র কুদ্র ক্ষেটিক; পাদ-বর্ম্ম বিলোপের পরবর্ত্তী দৃষ্টি-দৌর্ব্বল্য।

তেনট্র ম-ফস। — চক্ষ্র প্রদাহ সহকারে স্বর্ণের বা সরের স্থার পীতবর্ণ আব নি:সরণ; প্রাত:কালে চক্ষ্র পাডাদ্বর লাগিয়া থাকে; ক্লিহ্বার ও তালুর বর্ণ এবং অম লক্ষণ বিভ্যমান থাকিলে ইহা বিশেষরূপে উপযোগী; অস্ত্রের উপদাহ (ইরিটেশন) বা ক্লমির বিভ্যমানতা বিধার তির্যাক দৃষ্টি; গগুমালা ধাতুর ব্যক্তিদিগের চক্ষ্ প্রদাহ (স্থানিক প্রয়োগও উপকারী)।

নেট্রম-সলক। — ষক্তের ক্রিয়া-বৈষম্য নিবন্ধন চক্র পীতবর্ণ।
ক্যাল্ক-ফস। — চক্র পাতার আক্ষেপিক লক্ষণে ও চক্র সায়শুলে
ম্যাগ-ফস দারা উপকার না দর্শিলে; আলোকে বিদ্বেষ; দিও দৃষ্টি;
(একটা বস্তুকে হুইটা দর্শন); এই লক্ষণে ম্যাগ-ফস ও উপকারী।

ক্যাল্প-স্লোর।—চক্র সমুথে আলোক বা বিন্দু দর্শন; ক্রিয়ায় দাগ; খেত মণ্ডলের প্রদাহ; ছানি।

(চিকিৎসিত রোগী)

(১) একব্যক্তি ও মাস বাবং দক্ষিণ কণিয়ার প্রদাহ রোগে ভূগিতে ছিল; প্রদাহ সমগ্র কণিয়ায় বাাপ্ত ছিল; রোগিটা কেবল মাত্র আবৃল দেখাইয়া গুণিতে বলিলে গুণিতে পারিত; সামাল্ল বেদনা, আলোকাতক এবং চক্ষ্র আরক্ততা ছিল; Pupil বা চক্ষ্র তারা সঙ্কৃতিত ছিল; এট্রোপিন প্রয়োগ করিলে উহা ধীরে ধীরে প্রসারিত হইয়া শান্তই আবার সঙ্কৃতিত হইয়া পড়িত; অরম্ মেট ও সিনেবার ব্যবহার করিয়া কোন ফল পাওয়া বায় নাই; কালী-মিউর ৬× সেবনে রোগ সম্পূর্ণ আরোগ্য হইয়াছিল।

- (২) কালী-মিউর ব্যবহারে ৪।৫টী রোগীর কণিয়ার ক্ষত সম্পূর্ণ আবোগ্য হইয়াছে।
- (৩) ৭২ বৎসর বয়য়া এক জীলোকের বছ দিন যাবত চকু হইডে বিদাহী (যাহা লাগিয়া কত জন্ম) অশ্রু নি:স্ত হইত; চকুতে জালাও ছিল, প্রাতে ৮ টার সময় হইডেই জালাও অশ্রুমাব আরম্ভ হইত এবং স্থ্যান্ত পর্যান্ত এক ভাবেই থাকিত; অশ্রু লাগিয়া নাসিকার ত্রই পার্ম্ব দিয়া কত ও উদ্ভেদ উৎপন্ন হইয়াছিল; এই সব লক্ষণ আর্সে নিকেও আছে; কিন্তু ডা: স্পলার প্রভূত অশ্রুমাব নিউনের বিশেষ লক্ষণ বলিয়া উল্লেখ করিয়াছেন মনে হওয়ায় আর্সেনিক ব্যবহার না করিয়া উহাই ব্যবস্থা করা হয়; প্রায় ১ মানে রোগ সম্পূর্ণ আরোগ্য হয়।
- (৪) ৮ বৎসর বয়স্কা এক বালিকার উৎকট আকারের কঞ্চাংটাইভিটিস রোগ ছিল; সে আলোর দিকে একেবারেই তাকাইতে পারিত না। প্রথমে একজন সাধারণ চিকিৎসক তাহার চিকিৎসা করেন কিন্তু তাহাতে কিছুই হয় নাই। এই রোগ প্রকাশ পাইবার কয়েক বৎসর পূর্ব্বে তাহার হাম (ফেরা, লুন্তি) জন্মিয়াছিল। উহারই কুফল হইতে এই রোগ জন্মিয়াছে বিলয়া ধারণা জন্মে। ক্যান্ক-কার্ব্ব প্রভৃতি ঔষধ ব্যবহারে কোনই ফল না ছওয়ায় এবং শেষে গলার গ্রান্থর ক্ষীততা, চক্ষুর প্রাবের ছগ্নের সারের স্থায় শীতবর্ণ দৃষ্ট হওয়ায় নেট্রম-ফস প্রত্যহ ৩ বার করিয়া দেওয়া যায়। এক সংগাহেট রোগ আরোগ্য হইয়াছিল।
- (৫) ডা: Kock একটা রোগীর চকু রোগে ফিরম-ফস ও ক্যান্ধ-সলফ ব্যবহার করিয়া চমৎকার ফল পাইয়াছিলেন। রোগীটীর লক্ষণ:—একখণ্ড কাঠের আঘাত লাগিয়া রোগের স্পষ্ট হইয়াছিল। চকুর খেত মণ্ডলের ক্ষীততা ও আরক্ততা এবং অক্ষিপুটের (পাতার) উপদাহিতা ছিল। উহার ফলে সম্পূর্ণ দৃষ্টিহীনতা ক্ষমিয়াছিল। কর্ণিয়াও অমুক্ষল (ঘোরাল, dim)

ছিল। চকু পরাক্ষা করিয়া কোন বাহ্ বস্ত উহাতে আছে দৃষ্ট হয় নাই। কিন্তু চক্ষে কোন বাহ্ বস্ত প্রবেশ করিলে যেরপ জালা হয় সেইরপ জালা ও অবিরাম অশ্রুলাব ছিল। রোগীকে সর্বল। চকু বান্ধিয়া রাখিতে হইত। কুণা উত্তম এবং নাড়া স্বাভাবিক ছিল। প্রথমতঃ ১ সপ্তাহ পর্যান্ত ফিরম-ফল প্রতি ২ ঘণ্টান্তর দেওয়া যায়। ইহাতে জ্বালাকর বাণা ও অশ্রুলাব অনেক হ্রাস প্রাপ্ত হইয়াছিল, কিন্তু দৃষ্টিশক্তির কোনই উৎকর্ষ হইয়াছিল না। এছন্ত হিপার সলফ ১ সপ্তাহ পর্যান্ত প্রয়োগ করা হয়; তাহাতেও কোন ফল না হওয়ায় ক্যাল্ক-সলফ প্রতাহ ৩ বার করিয়া সেবন করিতে বিধি দেওয়া হয়। ইহার ১ সপ্তাহ পর রোগা হাসিতে হাসিতে আসিয়া বলে যে, লে এখন কিছু কিছু দেখিতে পায়। তখন চক্ষু পরাক্ষা করিয়া দেখা যায় যে, কর্ণিয়া অনেকটা পরিক্ষার হইয়াছে। এখন হইতে উক্ত ঔষধই। ক্যাল্ক-সলফ। প্রতাহ প্রাতে ও রাত্রে এক একবার করিয়া সেবনের বিধি দেওয়া হয়। ৩ সপ্তাহে কর্ণিয়া সম্পূর্ণ স্বচ্ছ হয় ও দৃষ্টিশক্তি সম্পূর্ণরূপে পুনঃ প্রতিষ্ঠিত হয়।

- (৬) ১৬ বৎসরের এক যুবভার পুন: পুন: প্রভ্যাবর্তনশাল keratitis রোগ ছিল। বামচক্ষুর প্রদাহ, আলোকাভন্ক, কর্ণিয়ার কতকটা অপরিচ্ছেরভাও আরক্ত রক্তবহা নাড়ী দ্বারা আকৌর্ণ ছিল। ক্যাল্ক-ফস ব্যবহারে রোগ আরোগ্য হয়।
- (৭) একটা রোগার, চক্ষুর অতিরিক্ত ব্যবহারে উৎপন্ন, বছবিধ উপসর্গ নেউম-মিউর ব্যবহারে আরোগ্য হইয়াছিল।

Felon—ফেলন, আঙ্গুলহাড়া। (এবসেস দুষ্টব্য)

ফিরম-ফস।—প্রারম্ভাবস্থায় উত্তাপ, বেদনা ও জরের উপশমার্থ।
সিলিশিয়া।—আঙ্গুলহাড়ায় পূযোৎপত্তির সম্ভাবনা হইলে ইহা
মবশু প্রয়োগ করিবে। কেননা ইহা আশঙ্কিত পূথ্য্রাব জন্মাইয়া শীঘ্র শীঘ্র
নূতন নথ নিশ্মাণে সহায়ত। করে।

(চিকিৎসিত রোগী)

(১) জনৈক পোষাক নির্মাতার আঙ্গুলহাড়া রোগ জ্বান। ফিরম-ফঙ্গ প্রতি ২ ঘণ্টাস্তর বাবহার করায় বিশেষ উপশম জ্বান এবং রোগিণী রোগমুক্ত হইয়াছেন মনে করিয়া পুনরায় পূর্ববং দেলাইয়ের কাজ করিতে প্রবৃত্ত হয়েন। হস্তের অতিরিক্ত বাবহারের ফলে রোগ পুনঃ প্রত্যাবৃত্ত হয়। এখন ফিরম-ফঙ্গ না দিয়া সিলিশিয়া ব্যবস্থা করা হয়। ইহাতেই রোগ আরোগ্য হয়, আর প্রত্যাবৃত্ত হয় নাই।

Fever, Simple—ফিভার, সিম্পল। সামাস্য জ্বর।

(কারণ)

রক্তস্থ ফিরম-ফসফরিকম নামক পদার্থ অক্সিজেন সংগ্রহ করিয়া থাকে। এই অক্সিজেন দ্বারাই শরীরের সমস্ত বিধান (টিস্ন) পরিপোষিত হইয়া থাকে। কোনও কারণে দেহস্থ রক্তে এই ফিরম-ফসফরিকেমের ন্যুনতা ঘটিলে দেহস্থ বিধান সমূহে পর্য্যাপ্তরূপে অক্সিঞ্চেন সরবরাহ করিবার নিমিন্ত রক্ত স্বাভাবিক গতি অপেক্ষা ক্রতত্তর সঞ্চালিত হয় (কেননা, ইহা সহক্ষেই অসুমেয়, যে কাজ কোনও নির্দ্ধিষ্ট সময়ে সম্পন্ন করিতে দশজন লোকের প্রয়োজন তাহা তদপেক্ষা কম লোকের সেই সময়েই সম্পন্ন করিতে হইলে নিশ্চয়ই ক্রতত্তর কার্য্য করার প্রয়োজন)। রক্ত, এই কারণে ক্রতত্তর সঞ্চালিত হওয়ায় ধমনী সকলের সহিত সংঘর্ষণে উত্তাপ বৃদ্ধি হয়। এই উত্তাপই জর নামে অভিহিত হইয়া থাকে। রক্তকে ক্রতত্তর সঞ্চালিত করিতে হইলে হংপিণ্ডের ক্রিয়াও ক্রতত্বর হওয়ায় নাড়ীর বেগ বৃদ্ধি প্রাপ্ত হয় এবং হংপিণ্ডের ক্রেয়া ক্রতত্বর হওয়ায়, নাড়ীর বেগ বৃদ্ধি প্রাপ্ত হয় এবং হংপিণ্ডের ক্রত্ত ক্রিয়া নিবন্ধন শারীবিক চর্ম্বলতা উপস্থিত হয়।

পূর্বোলিখিত ফিরম-ফসফরিকমের অভাব কখন বা মুখ্যরূপে (directly) এবং কখন বা গৌণরূপে (indirectly) হইয়া থাকে। কোনও প্রকার প্রালাহিক পীড়ায় ইহার অভাব মুখ্যরূপেই হইয়া থাকে। তখন ফিরম-ফস ফরিকমই একমাত্র ঔষধ। যথা সময়ে এই ফিরম-ফসফরিকমের অভাব পরিপূরিত না হইলে শাঘ্রই আবার দেহে কালী-মিউরিয়েটিকমের অভাব ঘটে। কেননা, দেহে প্রত্যেক লাবণিক পদার্থের এরপ সম্বন্ধ যে, যদি ইহার কোনও একটার অভাব ঘটে, তবে উহা তৎক্ষণাৎ অপর কোনও সম্বন্ধযুক্ত লাবণিক পদার্থ হইতে অংশ বিশেষ গ্রহণ করিয়া থাকে। এইরূপে প্রথম অভাবটী যথাসময়ে পরিপূরিত না হইলে, দেহে নানা প্রকার লাবণিক পদার্থের অভাব হেতু নানা উপসর্গ প্রকাশ পাইয়া থাকে। এইরূপে ক্রমে জর হইতে প্রীহা, যক্নতাদির বিক্তিভ ও বিবুদ্ধি ঘটিয়া থাকে।

দিতীয়তঃ, গৌণরূপে ফিরম-ফসফরিকমের অভাবের কথা :— নেট্রম-সলফের বর্ণনাকালে উল্লেখিত হইয়াছে যে, ইহার অর্থাৎ নেট্রম-সলফের সাহায্যেই জল সমস্ত বিধানে পরিব্যাপ্ত ও উদ্বৃত্ত জল দেহ হইতে নিঃসারিত হয়। গ্রীষ্মকালে. সূর্য্যোত্তাপে সমুদ্র, হ্রদ, নদী, পুষ্করিণী প্রভৃতি হইতে জল বাষ্ণীভূত হইয়া বায়ুর সহিত মিশ্রিত হইয়া বায়ুর জলীয় বাষ্ণের (water vapour) পরিমাণ বন্ধিত করে। নিঃখসিত বায়র সহিত প্রথমতঃ এই জ্লীয় বাষ্প ফুসফুসে, অনস্তর রক্তবহা নাডীতে প্রবেশ করে। রক্তম্ব নেট্রম-সলফের সহিত অক্সিজেনের, এবং অক্সিজেনের সহিত জলের নৈকটা আকর্ষণী সম্বন্ধ আছে। একারণ, স্বস্তদেহে মুখ্যত: নেট্রম সলফের সাহায়েটে দেহস্ত জল শীঘ্রট অপসারিত হটয়া থাকে। কিন্তু যদি রক্তে অতাধিক পরিমাণে জলীয় ভাগ বৃদ্ধি হয়, এবং নেট্রম সলফ নি:খসিত বায়ুর সহিত যথেষ্ট অক্সিজেন না পাওয়া বশতঃ এই অতিরিক্ত জল দুরী-করণে অসমর্থ হয় তবে রক্তে অক্সিজেনের পরিমাণ হাস হইয়া পডে। এখন কাজে কাজেই নেট্রম-সলফ রক্তন্ত ফিরম-ফসফরিকম হইতে অংশ বিশেষ গ্রহণ করিতে বাধ্য হয়। স্থতরাং স্পষ্টই দেখা গেল, রক্তে জলীয় ভাগের বুদ্ধি হইলে এবং শীঘ্ৰই ঐ অতিবিক্ত জল দেহ হুইতে অপস্ত না হুইলে প্রথমে ফিরম-ফসফরিক্মের অভাব ও ৩ৎপর আবার অন্তান্ত সন্ট ষথা কালী-মিউর বা নেট্রম-মিউরের ও অভাব ঘটিতে পারে। একারণে জরে বাইওকেমিক চিকিৎসায় এই সকল টিগু রেমিডির প্রয়োজন।

এলোপ্যাথেরা জর চিকিৎসা-কালে প্রায়শঃই কুইনাইন ব্যবহার করিয়া থাকেন। কুইনাইনে অভি জল পরিমিত ফিরম-ফস ও নেট্রম-সলফ তুইই আছে। কুইনাইনের এই তুই উপাদানই জরের প্রকৃত ঔষধ, কিন্তু কুইনাইন নহে। কুইনাইনে, পূর্ব্বোক্ত তুই উপাদান ব্যতীত, আরও অভাভা দ্রব্য আছে। কুইনাইন একপ্রকার বিষ বিশেষ। অভিরিক্ত পরিমাণে কুইনাইন ব্যবহারের ফলে অধিকাংশ সময় বধিরতা ও অন্ধতা ভুনিয়া থাকে। বাইও-কেমিক চিকিৎসকেরা অভাবেরই পরিপূরণ করিয়া থাকেন, তাঁহারা এরপ কেনেও প্রধ্ ব্যবহার করেন না ষদ্ধারা দেহের কোনও বিধানের ধ্বংস

সাধিত হয়। কি প্রকারে জ্বাদিতে ঘর্ম উৎপাদিত হয় তাহা ক**দে**রার নিদান তত্তে দুষ্টবা।

(চিকিৎসা)

ফিরম-ফস। — সকল প্রকার জরেরই ইহা প্রধান ঔষধ। দ্রুত নাড়ী, উচ্চ গাত্রোজাপ ইত্যাদি। প্রাতিশ্যায়িক, আমবাতিক বা প্রাদাহিক জরে অপর কোনও ঔষধ ব্যবস্থেয় হইলে তাহার সহিত পর্যায়ক্রমে। জরার্ভব থাকিলে রোগের সকল অবস্থায়ই ইহা ব্যবহার্য।

কালী-মিউর।—ইহা জ্বের দিতায় ঔষধ। জিহ্বায় গাঢ়, খেতবর্ণের লেপ। কোষ্ঠবদ্ধতা।

কালী-ফ্রস।—উচ্চ গাত্রোত্তাপ; জুণ, বিষম নাড়ী, স্নায়বিক উত্তেজনা ও তুর্বলতা সংযুক্ত স্নায়বিক প্রকৃতির জ্বরে ফিরম-ফস সহ পর্যায়ক্রমে।

কালী-সলক। — সন্ধাকালে জরের বা গাত্রোভাপের বৃদ্ধি।
ফিরম-ফস ব্যবহার সন্ত্বেও যদি প্রচুর দর্ম প্রাব না হয় তবে তৎসহ পর্যায়ক্রমে ইহা ব্যবহার্যা। রক্তের বিষ গুষ্টতা বিশিষ্ট জর।

নেট্রম-মিউর।—চক্ষ্ অথবা নাসিকা হইতে জলবং প্রাব সংযুক্ত হে ফিবার। ফিরম-ফস সহকারে পর্য্যায় ক্রমে। পূর্ব্বাহ্ন ১০।১১ টার সময় জ্বের উপস্থিতি।

Fever Intermittent পবিরাম জ্বর।

চিকিৎসা।

েন ট্রম-সলাফ । সবিরাম জরের সকল অবস্থারই এই ওরধ উপযোগী। পৈত্তিক লক্ষণ বিজ্ঞমান থাকিলে ইহা প্রধান ঔষধ। (কম্পজ্র বিশিষ্ট রোগীর কখনও ডিম্ব হুন্ধ, ঘোল, বসাময় এবং মংস্ত প্রভৃতি গুরুপাক দ্রব্য ভোজন করা কর্ত্তব্য নহে)।

হ্নিরম-ফ্স। জরলক্ষণে এবং অপরিপাচিত দ্রব্য বমন করিলে এই রোগের প্রধান ঔষধ নেউম-সলফ সহ পর্য্যায়ক্রমে।

কালী-ফস-মতিশয় হৰ্বনতা এবং প্রচুর ঘর্ম লক্ষণ থাকিলে।

কালী-মিউর।—জিহ্নায় খেত বা কপিশাভ খেতবর্ণের লেপ থাকিলে অপর কোনও ব্যবস্থে ঔষধের সহিত পর্য্যায়ক্রমে দিবে।

নেট্র-মিউর।—স্বিরাম জবে জলীয় লক্ষণ বিভ্যমান থাকিলে ইহা ব্যবস্থেয়। অভিশয় পিসাসা ও ওঠে জর স্ফোট। কুইনাইন অপব্যবহারের পর ইহা প্রয়োগ করিলে দেহ হইতে উহা বহির্গত হুইয়া যায়।

ম্যাতগ্রশিরা ফল।—পায়ের ডিমে খলী থাকিলে নেট্রম সলফ সহ পর্যায়ক্রমে।

লেট্ম-ফস ,—সবিরাম জরের সহিত অম অথবা রুমির লক্ষণ, বথা অম্বমনাদি এবং নাক খুঁটা বর্তমান থাকিলে।

ক্যাল্য-ক্স।—শিগুদিগের পুরাতন স্বিরাম জ্বে মধ্যে মধ্যে ইহা ব্যবহার করা কর্ত্তব্য।

চিকিৎসিত রোগী।

- (১) ৩৮ বৎসর বয়য় এক ব্যক্তির জরের শীতাবস্থায় ঘর্মা, হস্ত-পদে ছিলকর বেদনা, কর্ণনাদ, শ্রুতিশক্তির ক্ষীণতা ও কপালে তীব্র বেদনা বিশিষ্ট শিরংপাড়া ছিল। বেদনার সঙ্গেই জর আসিত, রাত্রিতে অতিশয় ঘর্ম্মপ্রাব হইত বটে কিন্তু তাহাতে তাপের লাঘব জন্মিত না। জিহ্বায় খেত বর্ণের লেপ ও ক্ষুধামান্যও ছিল। ২ ঘণ্টাস্তর কালী-মিউর সেবনের ব্যবস্থা করা যায়। ইহাতে শরীরের বেদনা ও অবশতা ব্যতীত আর আর সকল লক্ষণই হ্রাস প্রাপ্ত হয় এবং অভ্যস্ত পাদ ঘর্মের বিলোপ জন্মে। ইহা দেখিয়া প্রত্যহ ২ মাত্রা করিয়া ১ সপ্তাহ পর্যান্ত সিলিশিয়া ব্যবস্থা করা যায়। ইহার ফলে পাদ-ঘর্মা পুনঃ প্রকাশিত হয় ও রোগীর যাবতীয় লক্ষণ তিরোহিত হয়।
- (১) এক ব্যক্তির উচ্চ জর (১০৪ ডিগ্রী), সর্বাঙ্গীন গ্র্বলত।
 পেশাতে চর্বলকর বেদনা, মাথাধরা ও ক্লুধামান্দ্য ছিল। ফিরম-ফস ১২ ×
 ব্যবস্থা করা হয়। কিন্তু ইহাতে কোনও উপকারই লক্ষিত হয় নাই বরং
 রোগী আরও খারাপ অনুভব করে বলিয়া প্রকাশ করে। তখন উক্ত প্রধাই ৬ × ক্রেয় ব্যবহার করার অতি ক্রত উপকার দর্শে।
- (৩) ঢাকার স্থবিখ্যাত সরকারী উকিল স্থর্গীয় রায় ঈপরচক্র ঘোষ বাহাত্বের ১৬।১৭ বংসরের এক পুত্র জর ও তংসহ আমবাত রোগে শয্যাগত কাতর হয়। সহরের প্রধান ২ এলোপ্যাথিক ডাক্তার ও কবিরাজ দারা প্রথম চিকিৎসা করান হয়, কিন্তু বিশেষ কোন ফল হয় নাই। ঘটনাক্রমে মদীয় বাইওকেমিক চিকিৎসার এই পুস্তক তাঁহার দৃষ্টি-পথে পত্তিত হয়। ইহার পূর্ব্বে বাইওকেমিক চিকিৎসার নামও তাঁহার ক্রতি গোচর হইয়াছিল না। পুস্তকের ভূমিকা পাঠ করিয়া এই অভিনব চিকিৎসা প্রণালীতে তদীয় পুত্রের চিকিৎসা করণার্থ আমাকে আহ্বান করেন। রোগার

স্থান বিকল্পণাল বেদনা (ষে বেদনা এক স্থান হইতে অন্ত স্থানে নজিয়া চড়িয়া বেড়ায়) সন্ধির ক্ষীততা ও সন্ধ্যাকালে উপচয় বিশেষতঃ প্রত্যাহ সন্ধ্যাকাল হইতেই উত্তাপের বৃদ্ধি এবং জিহবায় হরিদ্রাবর্ণের লেপ এই সকল লক্ষণ দৃষ্টে পর্যায়ক্রমে ফির-ফস ১২ × ও কালী-সলফ ৬ × ২ ঘণ্টাস্তর সেবনের ব্যবস্থা করা হয়। প্রথম দিন ঔষধ সেবনেই সেদিন আর জর আমে নাই এবং সন্ধির ক্ষীততার ও আনেক লাঘব জন্ম। ৫।৭ দিন শ্রষধ সেবনেই রোগী সম্পূর্ণ অরোগ্য হইয়াচিল।

(৪) ভাওয়াল সাতাইশ নিবাসী শ্রীযুক্ত পূর্ণচক্র চক্রবর্ত্তী মহাশয়ের ১৫।১৬ বৎসর বয়স্কা কন্তা প্রায় ১ বৎসর যাবৎ ম্যালেরিয়া জরে ভগিতে থাকেন। প্লীহা ও যক্ত নাভির নিম পর্যান্ত বাড়িয়া পড়িয়াছিল। পাঞ্ছ বা কামলা প্রকাশিত হইয়াছিল। চক্ষর খেতমণ্ডল সম্পূর্ণ হবিদ্রাবর্ণ স্বাঙ্গান শোধ, পিপাসা, পৈত্তিক অভিসার, আবার মধ্যে ২ কোচবদ্ধ মুথক্ষত এবং স্বরভঙ্গও বিজ্ঞমান ছিল। তুপুর ১টা— ২ টার সময় প্রতাহ শাঁত হইয়া জ্বর আসিত এবং রোগিণীর সম্পূর্ণ অরুচিও বিখ্যমান ছিল। ঢাকার প্রধান প্রধান ডাক্টার কবিরাজ প্রায় ৫।৭ মাস পর্যান্ত ইহার চিকিৎসা করেন কিন্তু তাহাতে কিছুমাত্রও ফল দর্শে নাই। রোগিণী যথন আমার চিকিৎসাধীনে আসেন তথন তাঁহার শার্ণতা ও চর্বলতা এত অধিক ছিল যে তাহা দেখিয়। চিকিৎসায় কোন ফল হইবে তাহা কথনও মনে করি নাই। যাহাহউক, প্রথম দিন আমি তাহাকে ১ মাত্রা মাত্র আর্স ৩০ থাইতে দেই ও সিয়েনোথাস্মূল অরিষ্ট প্লীহা ও যক্নতের উপর দিনে ৪ বার করিয়া মালিস করিতে ব্যবস্থা দেই। পর্নিন গিয়া দেখি স্বরভঙ্গ সম্পূর্ণরূপে বিদূরিত হইয়াছে এবং শোৰ্থও অনেকটা ক্ষিয়াছে। তথন অন্ত কোন্ড ঔষধ না দিয়া রোগিণীর চিত্তরঞ্জনার্থে তুইদিন ব্যবহারের জন্ম ৪টী স্থগার অব মিল্লের পাউডার দিয়া আসি। উক্ত ২দিন পর আবার রোগিণীকে দেখিতে ঘাই।

তথন নেটুম-সলফ ৬× (৪ গ্রেণ মাত্রায়) দিনে ৩বার করিয়া সেবন, ৩ । দিন পর পর > দিন করিয়া আস ৩০ সেবন এবং প্রভাহ সিয়োনাথাস মালিসের ব্যবস্থা দেওয়া হয়। ইহাতে ৩ সপ্তাহ মধ্যে রোগিণী সম্পূর্ণ আরোগ্য হইয়াছিলেন। প্লীহা ও যক্তং এই অল্পসময়ের মধ্যেই স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইয়াছিলেন।

Fever Typhoid—টাইফয়েড ফিবার, সন্নিপাত জ্বর।

ফিরম ফ্রান - প্রারম্ভাবস্থার নাত ও উত্তাপ প্রভৃতি লক্ষণে।
যতক্ষণ প্রাণাহিক অবস্থা বিভ্যমান থাকে ততক্ষণ অপর কোন ব্যবস্থের
ঔষধ্যের সহিত পর্যায়ক্রমে ব্যবহার্যা। অতিশয় হুর্বলৈতা ও রক্তস্রাব।

কালী মিউর।—সান্নিপাতিক জরের ইগা প্রধান ঔষধ। ফিরম-ফদের সহিত পর্য্যায়ক্রমে ব্যবহার্য্য। জিহ্বায় খেত বা কটাবর্ণের লেপ বা পাতলা পীতাভ মল্যাব। উদরের ক্ষীততা ও অতিশয় স্পর্শামুভব।

কালী-সলফ। — সন্ধ্যার প্রান্ধালে রোগ ও উত্তাপের বৃদ্ধি, মৃহ বেগ বিশিষ্ট (ধীর) নাড়া (কালী-ফন)। রক্তের বিষহষ্টতা।

কালী-ফস।—প্রচণ্ড প্রলাপ বা উন্মন্ততা সূচক লক্ষণের বিশ্বমানতা ও অভিশন্ন তুর্বলিতা। তুর্গন্ধি মলস্রাব, নিদ্রাহীনতা, শাস-প্রাথানে অভিশন্ন তুর্গন্ধ, হুৎপিণ্ডের ক্রিয়ার অভিশন্ন তুর্বলিতা। মলাবৃত দন্ত। বাসি সরিষা বাটার ন্থান্ন লেপ বিশিষ্ট, গুদ্ধ জ্বিহ্বা। জিহ্বা উপরতালুতে লাগিন্ধ। খাকে; জ্বিহ্বার গুদ্ধতা বশতঃ কথার অস্পষ্টতা। লেট্রম-মিউর।—জনবৎ পদার্থ বমন, জিহ্বার পরিশুক্কতা, অঙ্কের স্পন্দন, নিদ্রাল্তা, মৃত্প্রলাপ ও অচৈতন্ত প্রভৃতি উৎকট লক্ষণের বিভয়ানতা।

ক্যাল্য-ফ্যন।—আরোগ্যোলুখাবস্থায় ক্ষয়িত টিভর পুনর্নির্মাণের নিমিত্ত রোগের ভোগ কালে মধ্যে মধ্যে এই ঔষধ ব্যবহার করা কর্ত্তব্য।

ভাঃ চ্যাপম্যান দারিপাতিক জরের চিকিৎস। কালে গুহুরারে প্রভূত গরম জলের পিচকারী দিতে সনির্ব্বন্ধ অনুরোধ করেন। উচ্চগাত্তোভাপ, ক্রুত নাড়ী ও রোগের গাঁত ক্রমশ: খারাপ হইতে থাকিলে গুহুরারে
গরম জলের পিচকারী প্রদান করিলে চমৎকার ফলদর্শে। কোষ্ঠ কাঠিন্ত বা
উদরাময় বিভ্যমন থাকিলেও ইহারারা বিলক্ষণ উপকার দর্শে।

এই রোগে ফিরম-ফস ও কালী-মিউর ৩× পর্যায়ক্রমে ব্যবহার করিয়া আতি উৎকৃষ্ট ফল পাওয়া গিয়াছে। জিহ্বায় bown coating থাকিলে বিশেষতঃ প্রলাপের বিভামানতায় ও রোগের সাংঘাতিকভায় কালী-ফস ৩× প্রয়োগ করিবে। জিহ্বায় পীতবর্ণ চক্ চকে লেপ থাকিলে ম্যাগ-ফস ও স্তাট-ফস এবং আরোগ্যোল্প অবস্থায় ক্যান্ত-ফস প্রয়োগ করিলে অতিশয় স্ফল পাওয়া বায়।

Fever, Puerperal পিউরপারেল ফিবার সূতিকা জ্বর।

(গর্ভ ও প্রসব-বেদনা দ্রফীব্য)

Fever, Yellow ইয়্যালো ফিবার, পীতজ্বন।

(চিকিৎসা)

ফ্রিরম-ফ্স।—জর পাকিলে এই রোগের প্রধান ঔষধ নেটুম-সলফের সহিত পর্য্যায় ক্রমে ব্যবহার্য্য।

েনটু ম-সলকে।—সবুজাত পীত, কটা অথবা রুক্ষাত পদার্থ বমন।
তর্মার পৈত্তিক লক্ষণের বিজ্ঞানতা। ইহা এই রোগের প্রধান ঔষধ।
লক্ষণের সাদৃত্তে অপর কোনও ঔষধ ব্যবস্থের হইলে উহার সহিত পর্য্যায়ক্রমে
দিবে।

Fistula Ano — ফিফুলা-য়গনো, ভগন্দর, মলদারে নালী-ক্ষত।

মলবারের তুই অঙ্গুলি পরিমাণ স্থানের মধ্যে একপ্রকার নালী-ঘা জিনিলে ভাহাকে ভগন্দর বলে; ভগন্দর তিন প্রকারের। যথা—(>)
মলবারের অভ্যন্তরের সহিত সংলগ্ন (এই প্রকার নালী ঘা হইতে মল, শ্রেমাও বায় নিঃস্ত হয়), (>) মলবারের বা সরলান্ত্রের সহিত অসংলগ্ন;
(৩) বাহিরের অ্কের সহিত অসংলগ্ন। এই প্রকার ঘা সহজে শুকার না।
যক্ষাও বহুমূত্রপ্রত রোগীদের অনেক সময় ভগন্দর হইতে দেখা যায়।

ক্যাল্ফ-ফ্স।—এই রোগে অস্ত্র চিকিৎসা হইয়। থাকিলে তৎপর ব্যবহার্য্য। ভগন্দরের সহিত বক্ষোলক্ষণের বিশ্বমানতা, গুরুদ্বারে জালা ও দপ্দপ্। গুহুদারাভিমুথে কোনও ভারী বস্তু প্রচাপিত ইইতেছে এরপ অমুভব । প্রাতঃকালে শ্যা। ইইতে উঠিবার পর মল্লারে ক্ষুত্বৎ বেদনা।

সিলিশিয়া।—ভগন্দরের সহিত বক্ষোলক্ষণের বিশ্বমানতা।
ভ্রমণকালে সরলাস্ত্রে তীব্র স্টা-ভেদবৎ বেদনা। উদর বেদনা, উষ্ণতায়
উহার উপশ্ম। ক্ষতে পূথ সঞ্চয়। (এই চুই ঔষধ পর্যায়ক্রমে ব্যবহার
করায় বহু রোগী আরোগ্য হইয়াছে ।

Gall stone — গল ফোন, পিত্রশিলা।

পিত্ত কোষের (Gall-bladder) ভিতর পিত্ত-রস জমিয়া প্রস্তারাকার ধারণ করিলে তাহাকে পিত্তশীলা বা পাথরি বলে। এই শীলা বালুকণার স্থায়, মটর প্রমাণ অথবা কপোত বা কুরুটের অণ্ডের স্থায়ও বড় হইয়া থাকে। পুরুষ অপেক্ষা স্ত্রীলোকদিগের মধ্যেই এই পীড়ার আধিক্য দৃষ্ট হয়। পাথরি বত্তদিন পিত্তকোষের মধ্যে থাকে তত্তদিন বিশেষ কোন উপদ্রব থাকেন; মধ্যে ২ পেটে ঈষং বেদনা অন্থত্তব হয় মাত্র। কিন্তু পাথরি পিত্ত-প্রণালীর মধ্য দিয়া বাহির হইবার কালেই সহসা অসহ্থ বেদনা হইয়া থাকে। দক্ষিণ কুক্ষিদেশে এই বেদনা অন্থত্তত হয় ও তথা হইতে উদরের বাম দিকে সঞ্চারিত হয়। পিত্তশিলার বেদনা সহসা উপস্থিত হয় কিছুক্ষণ অবিরাম ভাবে থাকে ও সহসা তিরোহিত হয়। পাথরি যত্তই বড় হয়, বেদনার তত্তই তাব্রতা জল্ম। কিন্তু উহা ছোট হইলে পিত্তপ্রাব একং কোথ উৎপন্ন হয়।

চিকিৎসা।

ক্যাল্ক ফস।—শিশার প্নরুৎপত্তি নিবারণার্থে; পৈত্তিক ধাতুর রোগীদিগের বাতের প্রবণতা থাকিলে তাহাদিগের রোগে নেটুম সলতেফর সহিত পর্য্যায়ক্রমে। যক্তং-প্রদেশের বেদনার নেট্রম সলফ অবশ্য ব্যবহার্য্য।

ম্যান্ত্রেশিরা ফস।—অতিশয় বেদনা ও আক্ষেও (Spasm) থাকিলে। এই রোগে ক্যান্ধ ফস ৬× ও ম্যাগ-ফস ৬× একত্রে উষণ্ডলে গুলিয়া নেট্রম-সলফের সহিত পর্য্যায়ক্রমে ঘন ঘন প্রয়োগ করিলে সম্বর বেদনা বিদ্বিত হইয়া থাকে। (কলিক দ্রষ্টব্য)।

Gastric derangements — গ্যাফ্রিক ডিরেঞ্জমেণ্টস, আমাশয়ের রোগ, পাকস্থলীর রোগ।

(চিকিৎসা)

ক্ষিরম ক্রম । — আমাশরের ক্ষীততা, অভিশয় বেদনা ও স্পর্শামু-ভ্ৰতা সংযুক্ত আমাশর প্রদাহ। অপরিপাচিত ভ্রুক্তব্য বমন ; শীতল পানীর গ্রহণে বা আমাশর-প্রদেশে উষ্ণ সেক প্রদানে বেদনার উপশম ; সালিপাতিক অরের প্রারম্ভাবস্থার উদরাময়ের বিশ্বমানতা থাকিলে ইহা অতি-শর ফলপ্রদ ; উদরাগ্মান (ক্ষীততা) সহকারে ভুক্ত পদার্থের স্বাদ বিশিষ্ট উদ্যার ; আরক্ত ও উত্তপ্ত মুখ্মগুল সহকারে অগ্রিমান্দা ; আমাশর প্রদেশে ম্পূর্ণ সহা হয় না; জিহ্বার লেপ দৃষ্টে অন্ত যে ঔষণ ব্যবস্থের হয় তাহার সহিত পর্য্যায়ক্রমে ব্যবস্থের; অগ্নিমান্দ্য সহকারে আঘাতিত বা দপ দপ কর বেদনা; পরিকার জিহ্বা; কুধাহীনতা সহকারে জ্বারুভব।

কালী-মিউর—সকল প্রকার আমাশয়ের বা পিত্তপ্রাবের বিশৃ-ঋলায় জিহ্বায় খেত বা পাংশুটে খেত বর্ণের লেপ থাকিলে, বিশেষতঃ এই লেপ প্রাতঃকালে দৃষ্ট হইলে ইহা অতি উৎকৃষ্ট ঔষধ; অপাক সহকারে যক্তং প্রদেশে বেদনা ও শুরুত্ব; খেত লেপাবৃত জিহ্বা; প্রলম্বিত অফিগোলক। অতিশয় উষ্ণ পানীয় গ্রহণের ফলে আমাশয়-প্রদাহ জন্মিয়া থাকিলে অবিলম্বে এই ঔষধ প্রদান করা কর্ত্তব্য; যক্ততের ক্রিয়ার শুরুতা সহকারে উদরাগ্মান; বসাময় বা শুরুপাক দ্রব্য ভোজনের পর অস্ত্র্মন্ত্রত্ব। কোষ্ঠবদ্ধ সংযুক্ত অমিমান্য।

েন্টুম-ফদ। — অম ঢেকুর; জিহবার পশ্চান্তারে, তালুও তালুমূলে পাতলা, আর্দ্র সরের ন্থায় হরিদ্রাবর্ণের লেপ; মুথের অমস্বাদ; অমগিন্ধি ঢেকুর; আমাশয়ের ক্ষত; আহারের পর অম ঢেকুর সহকারে বেদনা; হৃদ্ধাচ (ফিব-ফদ সহ পর্যায়ক্রমে ব্যবহার্য); অম অথবা কৃমি জনিত আমাশয়ের বেদনা; অম লক্ষণ সহকারে কুধাহীনতা।

নেটুম-মিউর।—অজীর্ণতা সহকারে মুথপ্রসেক (মুথে জল উঠা);
মুথে জল সঞ্চয় সহকারে আমাশয়ে <েদনা অথবা পরিষ্কার, ফেণিল, জলবৎ
পদার্থ বমন; কোষ্ঠবদ্ধ সংযুক্ত অজীর্ণতা।

ক্যান্ত্র ফস। — সকল প্রকারের অঞ্চার্পতারই মধ্যে মধ্যে এই ঔ্বরধ প্রদান অভিশয় উপকারী; ইহা ভুক্তদ্রব্য জার্ণ করিতে বিশেষ সাহায়্য করে; বৎসামান্ত আহারের পর বা যৎকিঞ্চিৎ ঠাণ্ডা পানীয় গ্রহণের পর উদরে বেদনা জন্মিলে এবং অম লক্ষণ বিভ্যমান না থাকিলে ইলা অভিশয় ফলপ্রদ। আমাশ্যের অভাধিক বায়ু সঞ্চিত হইলে ইহা প্রায় অমোদ। কালী ফস।—আহারের পরই আবার কুধানুভব; সান্নিপাতিক জর বা অপর কেনে ক্ষয়কর রোগের পর কুক্রের মত ঘন কুধা; ভয় বা উত্তেজনা বশুতঃ আমাশয়ে বেদনা।

কালী-সল্ফ।—আঠা আঠা, পীত লেপাবৃত জিহ্বা সহকারে অজীর্ণতা; আমাশ্য-প্রদেশে পূর্ণতা ও গুরুত্বারুত্ব সহকারে অগ্নিমান্য; আমাশ্যে বেদনা ও মুথে জল সঞ্য সহকারে অপাক জন্মিলে এবং নেউম-মিউর বা কালী-মিউরে কোন ফল না দনিলে ইহা ব্যবহার্য; শূল বেদনার স্থায় উদর বেদনা।

ম্যান্ত্রশিরা ফ্রন।—আমাণরে আক্ষেপিক বেদনা ও পরিষ্কার জিহবা। আমাণরে মোচড়ানবং বেদনা; বায়ু উদ্গারিত হয়, কিন্তু ভাহাতে কিছুই উপশম হয় না। আমাণয়ে চর্ববণবং বেদনা। আমাণয়ের সায়ু-শূল, বিহা পানীয় গ্রহণে ইহার উপশম।

নেটুম-সলফ ।— পৈত্তিক লক্ষণ সহকারে আমাশরের বিশৃঙ্খলা, মুথের তিক্তস্বাদ, তিক্ত জলীয় পদার্থ বমন, জিহ্বায় স্বুজাভ কটা বা সবুজাভ পাংশুটে বর্ণের লেপ। কৃষ্ণবর্ণ পিত্ত মিশ্রিত মল; গাতে মুথের তিক্তস্বাদ সহকারে আমাশয়ের বিশৃঙ্খলা। যক্কতে স্থচিভেদ বা চিড়িক-মারার ভায় বেদনা।

চিকিৎসিত রোগী

(>) এক যুবকের অস্বাভাবিক ক্ষুধা ছিল। তাহার এত ক্ষুধার উদ্রেক হইত যে প্রায় প্রতি ঘণ্টায়ই কিছু না কিছু থাইবার আবশুক হইত। কিন্তু এরপ আহার করা সত্ত্বেও সে অত্যন্ত হর্বলত। ও ক্লান্তি অমুভব করিত। জিহ্বা পরিষ্কার ছিল এবং মল-মূত্রও স্বাভাবিক ছিল। মাত্র ২ দিন কালী-ফদ সেবনেই রোগী ভাল হইয়াছিল।

- (২) এক ব্যক্তির কেমন এক রকমের আশ্চর্য্য রোগ দেখা দেয়। কোন প্রকার অম (acid food) আহার্য্য গ্রহণের পরই তাহার ভয়ন্তর কম্প হইয়া জর উপস্থিত হইত এবঃ পরে দৌর্ব্যলাকর প্রভূত ঘর্মপ্রাব হইত। নেটুম-মিউর ব্যবস্থা করা হয়। ১৪ দিন পর রোগী সংবাদ দেয় যে তাহার আর পূর্ব্যোক্ত প্রকারের উপসর্গ উপস্থিত হয় নাই। উহার পব হইতেই অম পদার্থে তাহার আর কোন অস্তথ জ্বোনাই।
- (৩) আর এক ব্যক্তির আহারের পরই আমাশয়ে (ইমাক) বিরক্তি কর জালা জন্মিত এবং পুনরাগারের পূর্ব্ব পর্যান্ত উহা বিজ্ঞমান থাকিত। আহারের ২।১ ঘণ্টা পরেই বেদনা বাড়িত, জিহুবায় ফিকে ধূদর বর্ণের লেপ ছিল; স্বাদের কোন প্রকার বৈলক্ষণ্য ছিলনা; বাহ্যি স্বাভাবিকরপ হইত, পিপাসা ছিলনা। পূর্ব্বর্ণিত জালা এত কইদায়ক ছিল বে, তজ্জ্য তাহাকে রাত্রে জাগরিত থাকিতে হইত। নেউম-ফ্স ব্যবহারে রোগী ভাল হয়।
- (৪) জনৈক ৪৪ বংসর বয়য় জমিদারের নিম্নোল্লিখিত লক্ষণ ছিঁল।

 যথা:—(১) মূথে প্রায় সর্বাদাই পিত্রের ন্যায় স্থাদ অনুভব (২) জিহবায়
 দধির ল্লায় লেপ ও উহার তিক্তাস্থাদ (৩) দিবসে, বিশেষত: আহারের পর
 বাম্পোলগার, উহার তিক্তস্থাদ বা স্থাদশূল্লতা, (৪) অকের পাঞ্জ্রতা, (৫)
 ক্ষ্মা এবং পিপাসার অভাব, (৬) বিয়ার মদিরা, যাহা তাহার প্রিয় পানীয়
 ছিল তাহাতে বিভ্ষা, (৭) সহজেই কম্পের উৎপত্তি, (৮) মন্তিক্ষের ক্রিয়ারও
 কতকটা বৈষম্য এবং এক চক্ষ্র উপর সর্বাদা গুরুভারের ল্লায় চাপামুভব,
 (৯) মল স্থাভাবিক, কিন্তু থাত্মের স্কল্লভা হেতু মলেরও স্কল্লভা। এই
 রোগীকে হোমিওপ্যাথিক মতে নক্ষ ও পলসেটিলা দেওয়া হইয়াছিল, কিন্তু
 ভাহাতে কোনও ফল হয় নাই। দিনে তিন মাত্রা করিয়া নেট্রম-সলফ ৬×
 সেবনের বাবস্থা করা হয়। ইহাতে ম্যাজিকের ল্লায় ফল দর্শিয়াছিল।

(৫) ৭০ বৎসর বয়য় জনৈক র্জের প্রাতন অয়িমান্দ্য রোগ ছিল।
ভাষার চেহারা অভিশয় শার্প পাঞ্র ছিল; ক্ষুধা মাত্রই হইত না।
অভিশয় অস্থিরতা ছিল। বাহ্যি পরিকার হইতনা—সময়ে পাতলা, সময়ে
কঠিন হইত; জিহবায় পিজলাভ হরিদ্রাবর্ণের (brownish yellow)
লেপ, মুখে তিক্তাঝাদ, চক্ষুর খেত মগুলের নীলাভ-খেত বর্গ, জকের
কুঞ্চিততা এবং আহারের পর পাকস্থলী প্রদেশে জ্বালাকর বেদনা বিশ্বমান
ছিল। রোগার লক্ষণ সম্হের বিষয় চিন্তা করিয়া পরিপোষণের
(assimilation) অভাবই তাহার রোগের কারণ স্থির করিয়া নেট্রম-সলফ
৬× দিনে তিন বার আহারের পুর্বে সেবনের ব্যবস্থা দেওয়া হয়। এই
ঔষধ ব্যবহারের সঙ্গে সঙ্গে স্বায়ুশক্তি বর্জনের নিমিত্ত মধ্যে মধ্যে কালীফস ৬× ও দেওয়া হইত। প্রায় তিন সপ্তাহেই রোগীর যাবতায় লক্ষণ
বিদ্রিত হইয়াছিল।

Glandular Affections.

গ্র্যাণ্ডিউলার য়্যাফেকসন্স-গ্রান্থর রোগ।

(চিকিৎসা)

কালী মিউর।—গ্রন্থি অতিশধ কঠিনাকার ধাবণ না করিলে ইহা প্রধান ঔষধ। স্কৃষিটলা-দোষ বশতঃ গ্রন্থির বিবৃদ্ধি। কণ্ঠ ও গণগ্রন্থির ক্ষীতভা, মংস্পাস; গ্রন্থির সকল প্রকারের ক্ষাতভায়ত ইহ। আভাস্তরিক ও বাফ প্রযুক্ষা। ক্যাল্ক-ক্রোর।—এছির প্রস্তরের স্থায় কঠিন স্ফীততা থাকিলে কালী-মিউরের সহিত পর্য্যায়ক্রমে ব্যবহার্য। স্ত্রীলোকদিগের স্তন-গ্রন্থির কঠিনতা। গ্রন্থির পুরাতন প্রদাহ ও অতিশয় কঠিনতা।

নেট্,ম-মিউর।—গ্রন্থির ফীততা সহকারে অতিশয় জলীয় লক্ষণ, যথা—প্রভূত লালাস্রাবাদি বিভ্নমান থাকিলে ইহা সবিশেষ উপযোগী। জলীয় লক্ষণ সহ শিক্ষেটিক গ্রান্থির ফীততা। বসা-প্রাবী গ্রন্থির (Sebaceous glands) ক্ষীততা, মংস্পাস, গল-গণ্ড।

ক্ষিরম-ফস।—গ্রন্থির তরুণ ক্ষাত্তার জর ও বেদনার উপশমার্থ।
ক্যাক্ষ ফস।—গ্রন্থির পুরাতন ক্ষাত্তায় ইহা প্রধান ঔষধ।
গলগণ্ডের ইহা প্রধান ঔষধ। স্কুফিউলা ধাতুর রোগীদের গ্রন্থির

সিলিশিয়া। —ক্ষীত গ্রন্থির পাকিবার উপক্রমে এই ঔষধ প্রদান করিলে শীঘ্র পূষোৎপর হয়। স্কুফিউলা ধাতু।

ক্যাক্ষ-সলফ।—অতিরিক্ত পূয্স্রাব নিবারণার্থ।—কত প্রান্তের কঠিনতা থাকিলে ক্যাক্ষ-ফ্লোর প্রয়োজন।

সেট্রম-ফাস।—গলগণ্ডের সহিত জিহবা লক্ষণ ও অম্ল-লক্ষণ বিভাষান থাকিলে ইহা বাবস্থায়।

(স্ক্রফিউলা দ্রষ্টব্য)

(চিকিৎসিত রোগী)

(১) এক ব্যক্তিয় গল-গ্রন্থির (cervical glands) পুরাতন বিবৃদ্ধি ছিল। গ্রন্থি সম্ভের এরপ স্ফীততা জন্মিয়াছিল যে এজন্ম গলা নাড়িতে চাড়িতে প্রায় অসামর্থ্য জন্মিয়াছিল। এলোপ্যাথিক মতে ইহার ষত রকমের চিকিৎসা হইতে পারে তাহা বাকী ছিল না। নেট্রম-সলফ ৩× প্রতি ২ বন্টাস্তর ৬সপ্তাহ কাল সেবনেই রোগ সম্পূর্ণরূপে আরোগ্য হইয়াছিল।

Goitre—গলগণ্ড, ঘ্যাগ।

(চিকিৎসিত রোগী)

- (১) ১৩টা গলগণ্ডের রোগীকে নেট্রম-ফস ৩× প্রভাচ ৩ বার করিয়া সেবনের ব্যবস্থা দেওরা হইয়াছিল। ইহার প্রায় সকল রোগীরই ৩—৫ দিনে গলগণ্ড জনিত গুরুত্ব বা চাপ চাপ অন্তভব (pressure) কমিয়া গিয়াছিল।
- (২) এক ব্যক্তির গল-গ্রন্থি বার্ডিয়া কব্তরের ডিম্বের ভার বড় হইয়া ছিল। কালা-মিউর সেবনে উহা অনেকটা কমিয়া গিয়া একপ্রকার বন্ধর (uneven) কঠিনতা বিশিষ্ট স্ফীততা অবশিষ্ট ছিল। কিছুদিন ক্যান্ধ-ফ্রোর ব্যবহারে উহা একেবারে তিরোহিত হইয়াছিল। কিন্তু ইহার কিছুদিন পর ঐ ব্যক্তির চক্ষুর খেত-মণ্ডলের প্রদাহ জন্মে। তথন পুনরায় কালী-মিউর সেবনে উহা সারিয়া গিয়াছিল।

Gonorrhea — গনোরিয়া – প্রমেই।

মূত্র-পথের শ্লৈম্মিক ঝিল্লীর প্রদাহ (বেদনা ও স্ফীততা সংযুক্ত অবস্থা) জিমায়া প্রাব নিঃস্ত হইলে তাহাকে প্রমেহ বলে। প্রমেহ সংক্রামক রোগ। ন্ত্রী ও পুরুষ উভয়েরই হইয়া থাকে। ঋতুমতী বা তীব্র প্রদরাদি স্রাবদীলা স্ত্রীসংসর্গ, অতি মৈথুন, প্রমেহগ্রন্থ ব্যক্তির বস্ত্র পরিধান বা ভাহার উচ্ছিষ্ট ভক্ষণ ও প্রমেহগ্রস্ত ব্যক্তির সহিত সংসর্গ প্রভৃতি নানা কারণে এই রোগ জান্মতে পারে। অপবিত্র সংসর্গের ছাই হাইতে সপ্তম দিবসের মধ্যে রোগের লক্ষণ প্রথম প্রকাশ পার। প্রথমতঃ রোগী লিঙ্গমুণ্ডে একপ্রকার বিশেষ কণ্ডুয়ন (চুলকানি) অমুভব করে। এই কণ্ডুয়ন লিঙ্গোখানকালে বিদ্ধিত হইয়া প্রকৃত বেদনারূপে প্রকাশ পায়। মূত্র ভ্যাগকালে এই বেদনা অতান্ত বৃদ্ধি পায় এবং রোগের বৃদ্ধিতাবস্থায় প্রায় অসহ হইয়া উঠে। রোগ-লক্ষণ প্রথম প্রকাশের ২।৩ দিন পর মূত্রনালী ক্ষীত, আরক্ত ও আর্দ্র হইয়। উঠে, রেভ:বাহীনাড়ীতে (Spermatic cord) যে নাড়ী-গুচ্ছ দ্বারা অওহর ঝুলায়মান থাকে) টনটনে ও আকর্ষণবং বেদনা জন্মে এবং মৃত্র-ত্যাগের পর মৃত্রপথে জালা বোধ হয়। এই জালা এবং মৃত্রমার্গের ক্ষীততা ও আরক্ততা দিন দিনই বর্দ্ধিত হয়। মূত্রমার্গ হইতে পুষবৎ বে আব নি:স্ত হয় তাহা প্রথমে স্বর, পাতলা, সাদা ও আঠা আঠা থাকে। উচা লাগিয়া মৃত্র-পথ বুজিয়া থাকে ও কাপড়ে দাগ লাগে। লিঙ্কমুগু স্পর্শে ক্ষীত, উত্তপ্ত ও ব্যথিত বোধ হয়। রাত্রিতে নিদ্রিতাবস্থায় পুনঃ পুনঃ লিক্ষোদাম হওয়ায় অভ্যন্ত বেদনা জন্মে ও ভজ্জ্য নিদ্রার ব্যাঘাত হয় (এই লিক্ষোচ্ছাসকে কভি বলে)। সাত দিবস পর আব অভিশন্ন বন্ধিত, গাঢ়ভর ও পীতাভ-খেতবর্ণ ধারণ করে এবং মূত্রত্যাগ ও লিকোদগমকালে বেদনা চরম সীমায় উত্থিত হয়। এইক্ষণ বেদনা সমগ্র মূত্র-পথে অমুভূত হয়। মূত্র-পথের এই প্রকার প্রবল প্রদাহ জ্বন্ত মৃত্রনালী অভ্যস্ত সঙ্কৃচিত হইয়া পড়েও মূত্রের ধারা বিভক্ত হইয়া প্রায়শঃই দ্বিধারে মৃত্রস্রাব হয়। এই দ্বিভীয়াবস্থা সাত হইতে চৌদদিবস্কাল বর্ত্তমান থাকিতে পারে।

প্রাদাহিক লক্ষণ সকল হ্রাস পড়িবার দঙ্গে সঙ্গে মৃত্রত্যাগকালীন ও লিঙ্গোদগমকালীন যন্ত্রণা কমিতে থাকে, কথন কথন বা উহা একেবারেই থাকে না কিন্তু তথনও পৃয্স্রাবের কিছুমাত্র বিরাম না জন্মিয়া ক্রমে খেতাভ স্মাঠা আঠা ও রজ্বুবং আকার ধারণ করে।

রোগের এই শেষোক্ত লক্ষণ সমূহ শাঘ্র শাঘ্র আরোগ্য প্রাপ্ত না হইয়া কিছুদিন থাকিয়া গেলে তখন ইহাকে লালামেহ বা গ্লাট (Gleet) কছে।

(চিকিৎসা)

কালী-মিউর ৩× ।—ইহা প্রমেহের প্রধান ঔষধ। এই রোগ কালে অঙ্গ-বিশেষের ফীভতা থাকিলে ইহা প্রায় অন্যোঘ। গাঢ়, খেড, বা পীতাভ খেতবর্ণের পৃষ নি:সরণ। [লিঙ্গ টিপিয়া অভ্যন্তরস্থ পৃষ বাহির করিয়া ফেলা একান্ত অন্তচিত; কেন না, ইহাতে প্রদাহ বৃদ্ধিপায় ও রোগারোগ্যে বিলম্ব ঘটে; সকল প্রকার শারীরিক পরিশ্রম সর্বতোভাবে বর্জনীয়]।

ফিরুম ফস।—প্রাদাহিক লক্ষণ বিভ্যমান থাকিলে অপর কোনও ব্যবস্থেষ ওষধের সহিত পর্য্যায়ক্রমে দিবে।

কালী ফস।—শিঙ্গমুণ্ডের প্রদাহ ও ক্ষীততায় এই ওয়ধ আভ্যস্ত-রিক ও বান্থিক প্রযোজ্য। মূত্র-দার দিয়া রক্তপাত।

ক্যাক্স-সলক্ষ ।—রক্ত মিশ্রিত পূ্য বা পূ্যবং প্রাণ নিঃস্ত হইলে
এই ঔষধ ব্যবস্থেয়।

কোট্রম-মিউর।—প্রাতন প্রমেহে স্বচ্চ, জলবং আব নিঃসরণ; জলবং বিদাহী আব, লালামেহ। প্রমেহের প্রাতন অবস্থায় জ্বালা যন্ত্রণ। ব্যতীত অন্ধ অন্ধ আব নিঃসরণ; (ইহাকে লালামেহ বা গ্রীট বলে)। এই অবস্থায় ক্যাল্প-ফদ ও এই ঔষধ পর্য্যায়ক্রমে ব্যবস্থেয়। নাইট্রেট অব সিলভারের পিচকারী দেওয়া হইয়া থাকিলে ইহা তদ্ধায় নিবারণ করিয়া থাকে।

ক্যাত্ম-ফস।—প্রমেহ সহকারে নিরক্ততা। লালামেহে নেট্রম-মিউর সহ পর্য্যায়ক্রমে। স্বচ্ছ, আঠা আঠা, অগুলালের ন্যায় প্রাব।

নেট্রম সলক। —পুরাতন প্রমেহে গাঢ়. পীভাভ সবৃদ্ধ বর্ণের আব। প্রায় বেদনাহীনভা। ৩× ক্রম, প্রতি ঘণ্টায় প্রয়োগ করিলে বিশেষ উপকার দর্শে। প্রস্তিট গ্রন্থির বিবৃদ্ধি। আঁচিল।

কালী-সল্ফ।—আঠা আঠা, পীত সব্জাভ প্রাব। লালামেই। পীতবর্ণ পুষ্মাব।

সিলিশিয়া।—দীর্ঘকাল স্থায়ী প্রমেহে গাঢ় হর্গন্ধি পূষ্প্রাব। সর্বাদা নাত নাত অমুভব, এমন কি শ্রমকালেও লিক্সমুণ্ডের শ্লৈম্বিক ঝিল্লীর প্রদাহ।

নেট্রম ফস ৩×। স্থানার তাঁহার পুস্তকের শেষসংস্করণে উল্লেখ করিয়াছেন যে এই রোগে ইহা সর্ব্বপ্রধান ঔষধ। আমরাও এই

রোগে পুন: পুন: ইহ! ব্যবহার করিয়া এই বাক্যের সভ্যতা উপলব্ধি করিয়াছি।

(চিকিৎসিত রোগী)

(১) ৭ • বংসর বয়স্ক একব্যক্তির মূত্রনালী হইতে ২ বংসর যাবং অল্ল ২ পরিষ্ণার শ্লেমা (mucus) নির্গত হইতেছিল। প্রস্রাব ত্যাগকালে ভয়স্কর জ্ঞালাকর ও থোঁচামারার মত বেদনা হইত। ক্যালী সলফ, ক্যালী-মিউর এবং নেট্রম-মিউর প্রয়োগ করা হইয়াছিল, কিন্তু উহাতে কোন ফল হইয়াছিল না। অবশেষে বেদনার প্রকৃতি দেখিয়া ম্যাগ-ফস ৬× ব্যবস্থা করা হয়। উহাতেই ১ মাসে রোগ সম্পূর্ণ আরোগ্য হয়।

- (২) একব্যক্তির ২ বৎসরের পুরাতন প্রমেহ ছিল। স্রাব পরিষ্ণার, স্বচ্ছ ও অবিদাহী (bland—অর্থাৎ এই স্রাব কোথাও লাগিলে চুলকাইতনা বা ক্ষত ও জালা জন্মিতনা) ছিল। এলোপ্যাথিকমতে Nitrate of Silver দেওয়া হইয়াছিল, কিন্ত উহাতে কোন উপকার দর্শিয়াছিল না। এই রোগীকে নেউম মিউর ২০০× প্রতি রাত্রে এক এক মাত্রা করিয়া দেওয়া যায়। ৩ সপ্তাহেই স্রাব একেবারে বন্ধ হইয়াছিল।
- (৩) প্রাবের পীতাভ-খেতবর্গ ও লিঙ্গমুণ্ডের-পিছনদিকে মৃত্র-নালার ব্যভাস্তরে বেদনা লক্ষণে কালা-মিউর ৩× সেবন এবং ৮ আউন্স জলে ১ গ্রেণ পটাস্ পার মেন্সানেটের পিচকারী প্রদান করিয়া (প্রতাহ ১ বার করিয়া) ডাঃ মেয়ার কতকগুলি প্রমেহের রোগী আরোগ্য করিয়াছেন বিলয়া উল্লেখ করিয়াছেন। আমরা এইরূপ পিচকারী প্রদানের পক্ষপাতী নহি। ঠিক ঔষধ প্রযুক্ত হইলে কেবল আভ্যন্তরিক ঔষধ সেবনেই রোগ আরোগ্য হইয়া থাকে। লিঙ্গমুণ্ডে প্রাব লাগিয়া না থাকে এজন্ত ঈষত্ফ জল দিয়া উহা বারবার ধুইয়া পরিক্ষার রাখিলেই ষথেই।

Gout – গাউট, সন্ধিবাত।

[ক্ষুদ্র ক্ষুদ্র সন্ধির বেদনাবিশিষ্ট এক প্রাকার প্রাদাহিক পীড়া] (চিকিৎসা)

নেট্ম-ফ্স।—তরুণ ও পুরাতন সন্ধিবাতে প্রভূত অমুগন্ধি ঘর্ম নি:স্ত হইলে ইহা সুবাবস্থেয়।

নেট ম-সলক। — তরুণ রোগে ফিরম-ফস সহ পর্য্যায়ক্তমে। পুরাতন সন্ধিবাত। পদের সন্ধির ভক্রণ বা পুরাতন রোগ। ইহা এই রোগের প্রধান ঔষধ।

(ক্ষেটিজম দ্রপ্রা)।

Hæmoptysis – হিমপ্টিসিদ্, ফুসফুদ হইতে রক্তপ্রাব।

(রক্তস্রাব দ্রপ্তব্য)

Headache – হেডেক. শিরঃপীড়া—মাথাধরা।

শির:পীড়া অপর কোনও রোগের একটা লক্ষণ মাত্র। সাধারণতঃ নিম্লিখিত করেক প্রকারের শির:পীড়া দেখা যায়। যথা:—(১) মস্তিকে রক্তসঞ্চয় জনিত (কঞ্জেষ্টিভ হেডেক), (২) আমাশ্যিক বা সব্যন শিরংপীড়া (গ্যাষ্ট্রীক হেডেক) (৩) গুল্মবায়ু জনিত শিরংপীড়া (হিষ্টিরিক হেডেক), (৪) স্নায়বিক শিরংপীড়া ব। অর্দ্ধ শিরংশূল (হেমিক্রেনিয়া, নার্ভাস্ হেডেক), (৫) আমবাতিক শিরংপীড়া (ক্রমেটিক হেডেক), (৬) সন্দিজনিত শিরংপীড়া (ক্যাটারেল হেডেক) এবং (৭) মনোবিকার জনিত শিরংপীড়া (ইমোশস্থাল হেডেক)।

চিকিৎস।।

কালী-ফস। — অতিরিক্ত মানসিক শক্তির পরিচালনা জনিত শিরংপীড়া। মলিন, ক্রোধ প্রবণ ব্যক্তিদিগের শিরংপীড়া। শিরপীড়ার আবেশের পর অতিশয় তর্বলিতা। ছাত্র ও ক্লান্ত ব্যক্তিদিগের শিরংপীড়ায় পরিপাকের বিশৃষ্থালা না থাকিলে। বাসি সরিষা গোলার স্থায় কপিশাভ পীতবর্ণের লেপাবৃত জিহ্বা। তর্গন্ধি-খাস-প্রখাস। অতিশয় তর্বলতা ও ক্লান্তি সহকারে মস্তক-পৃষ্ঠে বেদনা এবং গুরুত্ব (ফিরম-ফসের পরে)। স্নায়বীর শিরংপীড়া সহকারে চিস্তা করিতে অসমর্থতা, বলক্ষয় ও নিলাহীনতা; সামান্ত সঞ্চালনে উপশ্য। আমাশয়-প্রদেশে ক্লান্তি ও শৃত্যতামূত্ব সহকারে শিরংপীড়া ও তৎসহকারে পৈত্তিক লক্ষণের বিশ্বমানতা। শিরংশূল সহকারে কর্ণে গুণ্ গুণ্ ও নানাপ্রকার স্নায়বিক লক্ষণের বিশ্বমানতা।

ক্রিরম-ক্রুস।—মস্তকে রক্তের প্রধাবন বশতঃ শিরংপীড়া। দ্বন্থবিং, প্রচাপনবং বা চিড়িকমারাবং বেদনাবিশিষ্ট শিরংপীড়া। সঞ্চালনে বা সন্মুখদিকে অবনত হইলে এই বেদনার বৃদ্ধি। মুখমগুল ও চকুর আরক্ততা। মস্তকে রক্তের প্রধাবন বশতঃ দপ্ দপ্ কর শিরংশীড়া, শিতলভার উহার উপশম। শিরংপীড়া সহকারে অপরিপাচিত ভুক্তরের বমন। মস্তক-ত্বকে স্পর্শি সন্থ হয় না। সন্ধির প্রদাহ বা

বাত সহযোগে শিরঃপীড়া (পর্য্যায়ক্রমে নেট্রম্ সলফ) স্থ্য্যোন্তাপের বা ঠাগুা লাগিবার কুফলে উৎপন্ন মাথাধরা। শিরঃপীড়া সহকারে কোনও প্রবিধের বিশেষত্ব জ্ঞাপক মলাবৃত জিহবা থাকিলে পর্য্যায়ক্রমে সেই প্রবিধ ব্যবহার করিবে।

কালী-মিউর।— যক্ততের ক্রিয়ার বিশৃঙ্খলা সহকারে মাথাধরা, পাংশুটে শ্বেত লেপাবৃত জিহবা। হথের স্থায় শ্বেতবর্ণের শ্লেমা বমন বা কাসিয়া তুলিয়া ফেলা।

নেট্ ম-মিউর।—মন্তকে গুরুত্ব সহকারে প্রভূত অক্সপ্রাব।
নাসিকা ও চক্ষ্ হইতে জলবং প্রাব নি:সরণ। প্রচুর লালাম্রাব ও
তৎসহকারে কোষ্ঠকাঠিক্ত। শিরাপীড়া সহকারে নিদ্রালুতা, অতৃপ্তিকর
নিদ্রা, জলবং স্বচ্ছ পদার্থ বমন। যৌবনোলুথ বালিকাদিগের অথবা
এই ঔষধের পূর্বোক্ত প্রকার বিশেষত্ব জ্ঞাপক লক্ষণ সংযুক্ত অনিয়মিত
শক্তকালীন শির:পীড়া। প্রাত:কালীন শির:পীড়া, স্ব্গ্যোদয়ের সঙ্গে
সঙ্গে এই বেদনার ক্রমে ক্রমে হ্রান প্রাপ্তি।

কালী সলফ।—উত্তপ্ত গৃহে বা সন্ধ্যাকালে বৃদ্ধি, ও শাতন বিমৃক্ত বায়ুতে উপশম প্রাপ্ত হয় এরণ শির:পীড়া।

ম্যাহের শিরা ফস।—রক্তরণের স্থায়, হুলবেধবং, তিরবিদ্ধবং অথবা থোঁচা মারার স্থায় বেদনাবিশিষ্ট শিরংশূল। এই প্রকার বেদনা থাকিয়া থাকিয়া উঠে। উত্তাপে উপশমিত ও শীতলতায় বৃদ্ধি প্রাপ্ত হয় এরপ শিরংপীড়া। আমবাতিক শিরংপীড়া। স্লায়বিক শিরংপীড়া সহকারে চক্তর সম্মুখে স্ফুলিক দর্শন। আক্ষেপিক বেদনা সহকারে শিরংপীড়া, শীতল বাতাসে উহার বৃদ্ধি।

ক্যাক্ষ-ক্স।—মন্তকে শীতলতামুভব এবং স্পর্শেও উহার শীতলতা সংযুক্ত শিরংপীড়া (পর্যায়ক্রমে ফিরম ফস)। শীতল বা উষ্ণ বাছ প্রয়োগে এই প্রকার বেদনার বৃদ্ধি। মন্তকে অবশতা ও শীতল স্কুড় স্বড়ি সংযুক্ত শিরংপীড়া। মন্তকের স্নায়ুশূলে ম্যাগ্রেশিয়া-ফস বিফল ক্টলে ইহা প্রয়োগ করিবে। প্রাপ্ত যৌবনাদিগের শিরংপীড়া।

নেটুম সলক। — পিত্ত বমন, মুথের তিক্তাস্বাদ, সবুজাভ কটাবর্ণের লেপাবৃত জিহন। প্রভৃতি পৈত্তিক লক্ষণসংযুক্ত শিরংপীড়া। শিরংপীড়া সহকারে উদর বেদনা ও পৈত্তিক মল্প্রাববিশিষ্ট অভিসার, শিরোঘূর্ণন, মস্তকে গুরুত্ব। মস্তকশিথরে বা মস্তিক্ষের ভূমিদেশে প্রবল বেদনা।

নেট্রম-ফস। — গাড়, সম ত্র্য গ্রহণের পরবর্ত্তী শিরংপীড়া। প্রাতে নিদ্রা হইতে উঠিবার পরই মন্তক-শিথরে বেদনা ও তৎসহ জিহবার পশ্চান্তাগে ও উপর তালুতে সরের স্থায় পীতবর্ণের লেপ। অম ঢেকুর বা অম, জলবৎ স্বচ্চ পদার্থ বমন। কপালে বা মন্তকপৃষ্ঠে বেদনা বিশিষ্ট শিরংপীড়া। মন্তকে অভিশয় পূর্ণতামুভব। ফিরম-ফসের পর ব্যবহার্য্য।

সিলিশিরা।—মন্তকত্বকে মটরের স্থায় আকার বিশিষ্ট পীড়কা বা শুটিকা সহযোগে শির:পীড়া।

চিকিৎসিত রোগী

(১) জনৈক ৫৫ বৎসর বয়স্কা রমণীর এরপ তীব্র রক্ত্র করণের স্থায় বেদনা বিশিষ্ট শিরংপীড়া জন্মিয়াছিল যে, তাহাতে সে উন্মন্তপ্রায় হইয়া উঠিয়াছিল। সে বলিত যে তাহার মস্তিক্ষ বিদীর্ণ হইয়াছে এবং যেন চক্ষুর ভিতরদিয়া উহা বাহির হইতেছে। এক প্রকার পীতাভ-কটা (Yellowish brown) পদার্থপ্র তাহার চক্ষ্ক হইতে ক্ষরিত হইতেছিল। কালী-ফ্লস ২০০০ ক্ষাত্রা দেওয়ার ম্যাজিকের স্থায় ফল দর্শে। উহার ২ ঘণ্টা পর

আর একমাত্রা দেওয়ায় বেদনা সম্পূর্ণরূপে উপশমিত হয়। ইহার প্রায় ২ সপ্তাহ পর রোগিণীর এরপ ব্যথা পুন: প্রকাশিত হয় কিন্তু এবার বেদনার তীব্রতা তত উগ্র ছিলনা। এখন আবার কালী ফস ৬× একমাত্র দেওয়া হয়। ঔষধ সেবন করার কিছুক্ষণ পর রোগিণী বলেন যে "এবার তাঁহাকে পূর্কের ঔষধ নিশ্চয়ই দেওয়া হয় নাই। কেননা এবারকার ঔষধের ফল প্রায় অমুভবযোগাই নহে।" ইহা শুনিয়া অমনি কালী-ফল ৩× একমাত্রা দেওয়া হয়। রোগিণী তৎক্ষণাৎ উপশম বোধ করেন। ইহা হইতে এই শিক্ষা লাভ হইল যে, উচ্চতর বা উচ্চতম-শক্তির ঔষধই যে বেণী কার্য্যকরী তাহা নহে, বিশেষ বিশেষ ধাতুর রোগীর পক্ষে বিভিন্ন ক্রম উপযোগী হইয়া থাকে।

- (২) ১৬ বৎসর বয়য়া এক যুবতীর মধ্যে মধ্যে মাথা ধরিত।
 শিরংপীড়া উপস্থিত হইবার পূর্বে পাকস্থলী-প্রদেশে জ্বালাকর বেদনা,
 মুথে তিক্তাম্বাদ ও হর্বলতা অনুভব হইত। এই সব পূর্ববর্ত্তী লক্ষণ
 সাধারণতঃ রাত্রে বা প্রাতে প্রকাশ পাইত। শিরংপীড়ার ভোপকালে
 রোগিণী কোন প্রকার কাজ কর্মাই করিতে সমর্থ হইত না। রোগের
 ভোগকালে কিছু পিত বমন হইয়া পড়িলে তবে যাতনার শাস্তি
 ক্ষমিতে থাকিত। নেট্রম-সলফ পুনঃ পুনঃ জ্বলের সহিত মিশাইয়া
 কয়েকদিন সেবন করাইলে রোগ সম্পূর্ণ আরোগ্য হইয়াছিল।
- (১) এক যুবতীর প্রতি মাসিক ঋতুকালেই ঋতুর দ্বিতীয় দিনে এক প্রকার ভেদনবৎ বেদনা বিশিষ্ট সায়বিক শির:পীড়া উপস্থিত হইত। মাথা-ধরার সময় তাঁহার কোন প্রকার শব্দ (গোলমাল) সহ্ল হইতনা। কালী-ফস ব্যবস্থা করা হয়। ঔষধ সেবনের অব্যবহিত পরই প্রভৃত পরিমাণ ঋতুস্রাৰ হইয়া মস্তকের যাতনার উপশম জন্মে।
 - (e) ডা: Hawkins যথন কলেজে অধ্যয়ন করিতেন তথন প্রায়ই

তাঁহার শিরংশীড়া জন্মিত। শৈত্তিক গোলষোগ এবং অতিরিক্ত অধ্যয়নই তাঁহার রোগের কারণ ছিল। বেদনার স্নায়ুশ্লের স্থায় প্রকৃতি ছিল এবং রোগের ভোগ কালে কর্ণে নানা প্রকার শব্দ শ্রুত হইত, দৃষ্টি দৌর্ব্বল্য জন্মত, চক্ষুর সন্মুখে ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দু দৃষ্ট হইত, কোন বিষয়ে স্থিররূপে মনঃসংযোগ করিতে পারিতেন না, সকলই এলোমেলো বোধ হইত; এতদ্বাতীত জিহ্বায় পীতাভ পিঙ্গল বর্ণের লেপ ও মুখের বিস্থাদ ছিল। কালী-ক্ষপ ০ ঘণ্টাস্তর সেবনের ব্যবস্থা করা হয়। ঔষধ সেবনের পর হইতেই বিশেষ উপশ্বম বোধ করিতে থাকেন।

Heart affections — হার্ট য়্যাফেক্সনস্ হৃৎপিতের রোগ।

চিকিৎসা।

কালী-ক্ষস।—হৃৎপিণ্ডের ক্রিয়াবিকারজনিত সবিরাম দণ্দপ্।
রায়বীয়তা, তুর্বলতা ও সহজে উত্তেজননীলতাসংযুক্ত হৃৎপিণ্ডের ক্রিয়ার
সবিরামতা। আমবাতিক জ্রের পর হৃৎপিণ্ডের ক্রিয়ার ত্র্বলতা ও দপ্
দপ্। সকল প্রকার ক্রমকর জ্রের পরবর্ত্তী ত্র্বলতায় ও নাড়ীর ক্রীণতায়
ইহা আর্নেনিক বা ডিজিটেলিসের সমকক। হৃৎপিণ্ডের দপ্দপ্সহকারে
অভিরতা, বিষয়তা, নিদ্রাহীনতা ও রায়মগুলের অবসাদ। যে কোন
কারণে সমুৎপর মুর্চায় ইই। অভিশয় উপকারী।

ক্ষিত্রম-ক্স।—বংশিণ্ডের বা রক্তবংশনাড়ীর প্রশারণে এই রোগের প্রধান প্রধ ক্যান্ধ-ক্লোরের সহিত পর্যায়ক্রমে ব্যবহার্য। হংশিপ্ডের দপ্দপে কালী ক্স সহ পর্যায়ক্রমে।

ক্যাল্প-ক্লোর। --- ছংপিণ্ডের রক্তবহানাড়ীর প্রসারণ। ফিরম-ফস সহ পর্য্যায়ক্রমে ব্যবহার্য্য। হংপিণ্ডে প্রভূত রক্তের প্রধাবন বশতঃ ত্র্বলিতা।

কালী-মিউর।—শিরা বা ধমনীতে রক্ত সংযত হইবার আশকা (ফিরম-ফস সহ পর্যায়ক্রমে)। হুৎপিণ্ডে রক্তের অভিশয় প্রধাবন বশতঃ উহার দপ্দপ্ও হর্পালতা। হুৎপিণ্ডের অস্বাভাবিক বিবর্দ্ধন (পর্যায়ক্রমে ক্যান্ধ-ফোর)।

ক্যাক্স ফ্রন্স।—হৃৎপিণ্ডের ক্রিয়ার ছর্ববশ্বায় অপর ব্যবস্থের ঔষধের সহিত মধ্যে মধ্যে দেওয়া কর্তব্য।

কালী-সলক। — ক্রত নাড়ী, তৎসহ কটাস্থির শিথর-দেশে ধীর দপ দপকর ও খননবং বেদনা। কথা বলিতে অনিচ্ছা ও পাঙ্কুর মুখমগুল (পর্যায়ক্রমে ফির-ফস)।

ম্যা**র্গ্রা-ফ্র**।—ছৎপিণ্ডের আক্ষেপিকা দপ্দপ্। ছৎপিণ্ডে বা হংপ্রদেশে তীত্র, তীরবিদ্ধবৎ বা খোঁচা মারার স্তায় বেদনা।

নেট্রম-মিউর।—রক্তহীন ব্যক্তিদিগের হুৎপিণ্ডের দপ দপ, জ্ববৎ পাতলা রক্ত, শোথ ইত্যাদি।

Hemorrhage — হেমরেজ, রক্তসাব।

(চিকিৎসা)

ফিরম-ফ্স।—শরীরের যে কোন স্থানের রক্তপ্রাবে রক্তের উজ্জ্বল লোহিত বর্ণ থাকিলে এবং সেই রক্ত নাম্ম নাম্ম জমাট হইলে ইহা প্রধান ঔষধ। যে কোন কারণে নাসিকা হইতে রক্তপাত হইলে ইহা ব্যবস্থের। যেখানে বাহ্য প্রয়োগ সম্ভবপর সেখানে বাহ্যিক প্রয়োগ অতিশর উপকারী। রক্তপ্রাবী শিরার উপর এই ঔষধের চূর্ণ ছড়াইয়া দিতে হয়। ফুসফুস হইতে রক্তপ্রাব। উজ্জ্বল লোহিত রক্ত বমন। নাসিকা হইতে রক্তপ্রাব-প্রবণতা, বিশেষতঃ নিরক্ত ব্যক্তিদিগের (ক্যান্ত-ফস এবং কালী-ফস সহ পর্যায়ক্রমে)।

কালী-ফ্স।—হর্ষণ প্রকৃতির লোকদিগের দৌর্ষণা নিবন্ধন রক্তপ্রাব। পাতলা, কৃষণভ লোহিত রক্তপ্রাব। এই রক্ত সংযত হয় না। রক্তহীন ব্যক্তিদিগের রক্তপ্রাবপ্রবর্ণতা (পর্য্যায়ক্রমে ফির-ফ্স ও ক্যান্ধ-ফ্স)। পচারক্তপ্রাব। জ্বায়ুর রক্তপ্রাব।

কালী মিউর।—মলিন, রুফ বা সংযত রক্তপ্রাব।

নেট্রম-মিউর।—পাতলা, মলিন-লোহিত, জলবৎ রক্তপ্রাব। এই রক্ত সহজে জমাট হয় না।

ক্যাল্প-স্লোর।—জরায়ুর রক্তশ্রাবে কালী-ফল সহ পর্য্যায়ক্রমে।

Hemorrhoids — হেমরয়েড্স, রক্তসূ াবী অর্শ।

এই রোগে গুহুদ্বারের পার্শ্বের বা ভিতরের শিরাগুলি ক্ষীত হইয়া বন্ধিত হয়। এই বন্ধিত শিরাগুলিকে অর্শের 'বলি' বলে। বলি মলদ্বারের ভিতরে থাকিলে "অন্তর্ম্বলি" ও বাহিরে থাকিলে "বহির্ম্বলি" বলে। অন্তর্মান হইয়া থাকে। আর এক প্রকার বলি আছে তাহা হইতে রক্তপ্রাব হয় না, তাহাকে "অন্ধর্মনি" বা ব্লাইও পাইলস্ বলে। এই রোগে গুহুদ্বারে চোঁচ ফুটার হায় বেদনা, জালা, বারংবার মলত্যাগের ইচ্ছা, কোঠবদ্ধ প্রভৃতি লক্ষণ বিভ্যমান থাকে। কোঠ পরিক্ষার থাকিলে রোগী অনেকটা ভাল থাকে। স্কুতরাং বাহাতে রোগীর কোঠ পরিক্ষার থাকে সেইরূপ পথ্যাপথ্য ও ঔষধ ব্যবস্থা করা কর্ত্ব্য।

(চিকিৎসা)

ক্যাক স্কোর।—ইহা এই রোগের সর্বপ্রধান ঔষধ। রক্তের বর্ণ ও জিহ্বার লেপ দৃষ্টে অপর যে ঔষধ ব্যবস্থেয় হয় তাহার সহিত পর্যায়-ক্রমে ব্যবহার্য। মন্তকে রক্তের প্রধাবন সহকারে অর্শ হইতে রক্ত প্রাব। আভ্যন্তরিক বলি বিশিষ্ট, অথবা কটিবেদনা সংযুক্ত অপ্রাবী অর্শ। জিহ্বার বর্ণও দ্রষ্টব্য। পুরাতন কোঠকাঠিন্ত সংযুক্ত অর্শ। এই ঔষধ ভেসিলিনের সহিত মিশ্রিত করিয়া বাহ্ন প্রয়োগও উপকারী।

ক্ষিব্রম-ক্ষা — উজ্জ্বল লোহিত ও সহজে জ্মাট হয় এরপ রক্তপ্রাবী অর্শ। এই ঔষধ স্থানিক প্রয়োগ করিলে প্রদাহ ও বেদনায় বিশেষ উপকার হয়। কালী-মিউর।—গাঢ়, মলিন বক্তপ্রাবী অর্শে ক্যান্ধ-ফ্লোরের সহিত পর্যায়ক্রমে ব্যবহার্যা।

কালী সলক। — জিহ্বায় আঠা আঠা পীতবর্ণের লেপ থাকিলে প্রায়শই ক্যান্ত-ফ্লোরের সহিত পর্য্যায়ক্রমে ব্যবহৃত হইয়া থাকে।

নেট্রম সলক। — নিমোদরে উত্তাপ ও পৈত্তিক লক্ষণ বিশিষ্ট আর্শ। জিহ্বার বর্ণ দ্রষ্টব্য। ক্যান্ধ-ফ্লোরের সহিত পর্যায়ক্রমে ব্যবহৃত হইয়া থাকে।

ক্যাল্ম-ফ্স। — রক্তহীন ব্যক্তিদিগের রোগে অন্তর্মন্তী ঔষধ স্বরূপ ব্যবহাত হয়।

নেট্রম-মিউর।—অন্ত্র-লক্ষণের সহিত মিলিলে ক্যান্ধ-ক্লোরের সহিত পর্যায়ক্রমে ব্যবহৃত হয়। শুন্ধ, কঠিন ও কটে নিঃসারিত মল ; মুখে প্রভৃত লালা সঞ্চয়।

ম্যাত্রেশিয়া-ফস।—বাহ্যবলিবিশিষ্ট অর্শে কর্ত্তনবৎ, থোঁচামারার গ্রায় বা বিহ্যাতের স্থায় তীত্র চিড়িকমারা বেদনা।

প্রসাপ্রসা — এই রোগে কফি, চা মরিচাদি উত্তেজক দ্রব্য; গুরুপাক দ্রব্য, স্বরা, অধিক মংস্তা, মাংস, দ্রি, মাসকালাই, লাউ, পূঁইশাক ও অশ্বারোহণ পরিত্যজ্ঞা। প্রাতন তণ্ডুলের অন্ন, পটোল, ওল মাথন, ঘোল, রস্থন, এলাচি, আমরুল, আমলকী প্রভৃতি স্থপ্য। আহারান্তে বীরাসনে উপ্রেশন করিলে এই রোগের বিশেষ উপশম জন্মে।

(চিকিৎসিত রোগী)

(১) এক ব্যক্তির বাহ্যবলি বিশিষ্ট অর্শ ক্যাল্প-ক্লোর ৩× প্রতি রাত্রে এক এক মাত্রা দেবনে আরোগ্য হইয়াছিল। এই রোগী পূর্ব্বে বহু প্রকার প্রবন্ধ স্থানিক প্রয়োগ করিয়া কোনই ফল পাইয়াছিলনা।

- (২) যদিও রক্তে ক্যান্ধ-শ্লোরের অভাব বশত:ই এই রোগ উৎপন্ন হইনা থাকে তথাপি যেখানেই রক্তশ্রাবী অর্শের স্রাবিত রক্ত রুঞ্চ বর্ণ ও গাঢ় (thick) দৃষ্ট হইন্নাছে সেই সব স্থানে ক্যান্ধ-ক্লোরের সহিত পর্যান্ধক্রমে কালী-মিউর প্রয়োগ করিয়া অতি উত্তম ফল পাওনা গিনাছে।
- (৩) ২৮ বৎসর বয়য় এক ব্যক্তি কয়েক বৎসর য়াবৎ রক্তশ্রাবী মার্শে ভূগিতে থাকেন। এই রোগের সহিত তাহার পুরাতন কোষ্ঠকাঠিছা রোগও বর্তমান ছিল। বাহ্যি করিবার সময় অতিশয় কুথিতে হইত, মস্তকে ভার বোধ (মস্তকে রক্তের প্রধাবন জন্ত) এবং সময় সময় উত্তাপান্মভব এবং জিহ্বায় কটাভ-খেত বর্ণের লেপ ছিল। ক্যায়-ফ্রোর ৩× এবং কালী-মিউর ৬× পর্যায়ক্রমে ৪ ঘণ্টাস্তর ব্যবহার করায় এবং পথ্যাদির প্রতি বিশেষ সতর্কতা অবলম্বন করায় কয়েক সপ্তাহ মধ্যেই রোগী সম্পূর্ণ আরোগ্য হয়, আর রোগের প্রবৃত্তি জন্মে নাই। পূর্ব্বোক্ত শ্রষধ সেবন কালে অর্দ্ধ আউন্স কাায়-ফ্রোর ২× এর সহিত ২ আউন্স ভেসিলিন মিশ্রিত করিয়া মলম প্রস্তুতে করিয়া গুহায়ারে স্থানিক প্রয়োগ কয়াও হইয়াছিল। এই প্রকার মলম ব্যবহারে আভ্যন্তরিক প্রয়েধর ক্রিয়ার মনেক সাহায়্য হইয়া থাকে।

Hiccough — रिकश्य—रिका।

ভারাক্রাম বা বক্ষোদর-ব্যবছেদক পেশীর স্নায়র উপদাহ (ইরিটেশন)
বশতঃ ভারাক্রাম ও প্লটিস (glottis) যুগপৎ আক্রান্ত হইয়া হিকা উপস্থিত
হইয়া থাকে। হিকা অভিশয় হর্জন্য ও বিপজ্জনক উপসর্গ। এলোপ্যাথিক
মতে চিকিৎসিভ রোগীদিগের মধ্যেই অধিকাংশ সময় হিকা দেখা যায়।

(চিকিৎসা)

ম্যাতপ্রশিক্ষা ক্ষস। — ইহা এই রোগের প্রধান ঔষধ। গ্রম জলে গুলিয়া ঘন ঘন খাওয়াইলে শীঘ্র শীঘ্র ইহার ক্রিয়া দর্শে।

নেট,ম মিউর।—কুইনাইনের অপব্যবহার জনিত হিকায় ইহা সবিশেষ উপকারী।

মক্তব্য।—মাধার জলপটা দিলে এবং বরফের জল, মুড়ি ভিজান জল, ডাবের জল, তাল শাঁসের জল, চুণের জল প্রভৃতি থাইতে দিলেও জনেক সময় হিলা নিবারিত হয়।

চিকিৎসিত রোগী।

- (১) ডাঃ বার্ণে ট কুইনাইন অপসেবনের ফলে উৎপন্ন এক ব্যক্তির বছদিনের প্রাতন হিকা নেট্র-মিউর প্রয়োগে আরোগ্য করিয়াছিলেন বলিয়া তাহার গ্রন্থে উল্লেখ করিয়াছেন। এই রোগী যখনই কুইনাইন খাইত তাহার পরই তাহার হিকা উপস্থিত হইত। কুইনাইন প্রয়োগের কুফলে উৎপন্ন রোগে আমরাও ইহা প্ররোগ করিয়া বহু স্থলে উপকার পাইয়াছি।
- (২) এক ব্যক্তির টাইফয়েড জরের ভোগকালে প্রবল ও হর্দম্য হিকা জল্মে। কোন ঔষধেই কিছু ফল না দশিলে অবশেষে ম্যাগ-ফদ প্রয়োগ করা হয়। ঔষধ সেবনের পর > ঘণ্টার মধ্যেই অনেক উপশম জল্মে। পরে এই ঔষধ আরও ব্যবহার করায় উহা সম্পূর্ণরূপে আরোগ্য হয়।

Hipjoint Disease — হিপজয়েণ্ট ডিব্রিন্স উরুসন্ধির রোগ।

(চিকিৎসা)

ফিরম-ফস 1—উরুসন্ধির রোগে জ্বর, দপদপকর বেদনা ও প্রদাহ বিশুমান থাকিলে প্রথমাবস্থায় ব্যবহৃত হয়। স্থানিকও ব্যবহার্য্য।

কালী মিউর া—দ্বিতীয় অবস্থায়, স্ফীততা অবশিষ্ট থাকিলে পুষ জন্মিবার পূর্ব্বে।

সিলিশিয়া !—পৃষপ্রাব নিয়মিত বা নিবারণ করিবার নিমিত্ত বা শুকাইবার জন্ম প্রযোজ্য। ইহা প্রয়োগ করিলে অন্থি আক্রান্ত হইতেই পারে না।

ক্যাল্ক-সল্ফ ।—পুষ্ত্রাব হইতে থাকিলে ফিরম-ফদের সহিত পর্যায়ক্রমে ব্যবহার করিলে শীঘ শীঘ ক্ষত শুকাইয়া ধায়।

Hoarseness — হোর্স নেস্। স্বরভঙ্গ।

স্বরষদ্রের পেশীর পক্ষাঘাত বশতঃ স্বরভঙ্গ জন্মিয়া থাকে। গুল্মবায়ু শারীরিক হর্বলতা, অর্ক্ দাদির চাপ, ঠাগুালাগা এবং স্বর-ষদ্রের অভিচালনা, ষথা সঙ্গীত ও বক্তৃতাদির ফলেও স্বরভঙ্গ জন্মিয়া থাকে।

• (চিকিৎসা)

ক্ষিরম ক্যান। —বক্তা ও গায়কদিগের গলা-বেদনা সংযুক্ত স্বরভঙ্গ। স্বরনাশ। কালী মিউর 1—ঠাণ্ডা লাগার দরুণ স্বরভঙ্গ বা স্বরনাশ। এই শুবংর উপকার না দশিলে কালী-সলফের সহিত পর্য্যায়ক্রমে ব্যবহার্য।

কালী-ফস। — হর্মণতা ও স্নাঃবিক অবসাদ থাকিলে ফির্ম-ফসের পর ব্যবহার্য।

কালী-সলফ। — কালী-মিউর ব্যবহারে কোন উপকার না দর্শিলে ইহাতে উপকার হইতে পারে।

Hydrocele — হাইড্রোসিল-কুরগু।

অগুকোষের পর্দার ভিতরে জল সঞ্চিত হইলে তাহাকে কুরগু বলে।
এই রোগে অগুকোষের সেলুলার টিস্থর বিবৃদ্ধি বশতঃ অগুর অতান্ত
ফীততা জনিয়া থাকে। রসবহা-নালী ও রসবহা-গ্রন্থি (Lymphatic
vessels and lymphatic gland) সমূহের প্রদাহ বশতঃ উহাদের
মুথ বন্ধ হইয়া গেলে ক্রমাগতঃ রসসঞ্চয় বশতঃ ঐ সকল ফীত হইয়া
বৃদ্ধি প্রাপ্ত হইতে থাকে। ইহার ফলে তত্রতা পেশীসমূহ ক্রমশঃ শীর্ণ
এবং রক্তবহানালী ও স্নায়ুসকল বৃদ্ধি প্রাপ্ত হইতে থাকে। সাধারণতঃ
অমাবস্তা ও পূর্ণিমার প্রাকালে এই ফীততা বিবৃদ্ধিত হইয়া থাকে।

(চিকিৎসা)

নেট্রম-মিউর । — পদার ভিতর জ্লদঞ্জ বিশিষ্ট কুরগু।
নেট্রম-সলক্ষ।—বিদর্শের আকার ধারণ করিলে নেট্রম-মিউর সহ
পর্য্যায়ক্রমে ব্যবহার্য্য।

ক্যাক্ষ-ফ্যা — অন্ত ঔষধের সহিত অন্তর্কার্ত্তী ঔষধ স্বরূপ বা নেট্রম-মিউর বিফল হইলে। শিরাসকল প্রসারিত হইয়া পড়িলে ইহা অতিশার উপযোগী।

ক্যাল্ক স্কোর ।—ইহা প্রয়োগ করিলে অণ্ডের শিথিনতা দূর হয় ও সঞ্চিত জন নিঃসারিত হয় ।

সিলিশিয়া 1 — ক্রফিউল। ধাতুর ব্যক্তিদিগের এবং অসম্যক পরি-পোষিত বালক দিগের রোগে অন্তর্মবর্তী ঔষধরূপে ব্যবহার্যা। ইহা এই রোগের প্রধান ঔষধ। অমাবস্থা ও পূলিমার প্রাক্তালে বৃদ্ধি। কালী মিউরের সহিত পর্যায়ক্রমে।

মন্তব্য ।—ব্যবস্থেয় ঔষধ ধৈর্য্য সহকারে কিছু বেশী দিন (৩ ৪ মাস) ব্যবহার করা কর্ত্তব্য ।

(চিকিৎসিত রোগী)

- (১) সিলিশিয়া ২০০× ব্যবহার করায় একটা ৪ দিনের শিশুর বাম অণ্ডের এবং আর এক ৪ বৎদর ব্য়স্ক শিশুর দক্ষিণ দিকের কুরও আরোগ্য হইয়াছিল।
- (২) আর এক ব্যক্তির দক্ত জন্মিয়াছিল। উহার জন্ম সিলিশিয়া ব্যবস্থা করা হয়। এই ব্যক্তির ৪ বৎসরের পুরাতন হাইড্রোসিলও ছিল। দক্তর জন্ম পূর্ব্বোক্ত সিলিশিয়া সেবনের পর দেখা গেল ভাহার হাইড্রোসিল-টাও কমিয়া অও স্বাভাবিক আকার প্রাপ্ত হইয়াছে।

Hysteria—হিষ্টিরিয়া – গুলাবায়ু, মূর্চ্ছা বায়ু।

এই রোগে গলার ভিতর দিয়া গোলার স্থায় কিছু উঠিতেছে রোগীর এরূপ বোধ হয় বলিয়া ইহাকে গুল্মবায়ু বলে। ইহা স্বায়ুমণ্ডলী বা নার্ভাস দিষ্টেমের ক্রিয়া-বিকার জনিত একপ্রকার রোগ। পুরুষ অপেক্ষা স্ত্রীলোক দিগের এই রোগ অধিক জন্মে। এই রোগের আবেশ উপস্থিত হইলে রোগী চিৎকার পূর্বক অচেতনের স্থায় মাটাতে পড়িয়া যায়। ভাল করিয়া দেখিলে বুঝা যায় যে রোগীর সম্পূর্ণ অচৈতস্থ জন্ম নাই। অপস্মার অর্থাৎ মৃগী রোগের স্থায় এই রোগে মুখমণ্ডলের বিকৃতি জন্ম না, চক্ষু বিকসিত অর্থাৎ খোলা থাকে না এবং চক্ষুর তারা প্রসারিত থাকে না। কিন্তু চক্ষুর পাতার স্পান্দন লক্ষিত হয় এবং চক্ষু উর্ন্ধে উথিত হয়। খাসে শব্দ হয়, খাসের অসমতা থাকে, কিন্তু খাসরোধের সম্ভাবনা থাকে না। রোগীর অঙ্গ প্রত্যঙ্গ আক্রিপ্ত হয় এবং সে একবার হাসে ও একবার কাঁদে। সাধারণতঃ রোগের আবেশের পর প্রত্রুর পরিমাণ মূত্রনিঃস্বত হইয়া থাকে। মূগা রোগে রোগের আবেশের পর রোগীর বেশ নিদ্রা জন্মে কিন্তু এই রোগে তাহা হয় না।

(চিকিৎসা)

কালী-ফস ।--ইহা এই রোগের সর্বাপ্রধান ঔষধ। হঠাৎ মনো-বিকার বশতঃ রোগোৎপত্তি। স্নায়বিক প্রকৃতির ব্যক্তিদিগের রোগ। উচ্চ হাস্থ বা ক্রন্দন। কণ্ঠ বাহিয়া একটা গোলা উঠিতেছে রোগীর এরূপ অমুভব। আক্ষেপিক লক্ষণের বিভ্নমানে ম্যাগ-ফস সহ ব্যবহার্য্য।

লেটু ম-মিউর।—বিষয়তা ও অনিয়মিত ঋত্স্রাব সংযুক্ত রোগ। কালী-ফদের সহিত প্যায়ক্রমে।

(চিকিৎসিত রোগী)

(১) ১৬ বংসর বয়স্কা এক যুবতীর ১৩ বংসর বয়:ক্রম কালে একবার মাত্র ঋতু স্রাব হইয়াছিল, উহার পর তাহার আর ঋতু স্রাব হয় নাই। রোগিণীর চিকিৎসার্থ আমাকে আহ্বান করার ৩ মাস পূর্ব্ব পর্যান্ত ভাগার স্বাস্থ্যের কোনও ব্যতিক্রম দৃষ্ট হইয়াছিল না, তাহার পরীর বেশ ছষ্টপুষ্টই ছিল। উহার পর হইতেই তাহার স্বাস্থ্যভঙ্গ হইতে আরম্ভ হয়। এখন হইতে তাহার শরীর শার্ণ, মুখমগুলের পাগুরতা, শারীরিক দৌর্বলা ও পাকস্থলীর ক্রিয়ার বৈষমা জন্ম। যথন আমি তাহাকে প্রথম দেখি, তথন তাহার থান্তদ্রব্য পাকস্থলীতে ধারণের ক্ষমতা পর্যাস্ত ছিলনা; যথনই থাইত. তথনি উহা বমি হইয়া উঠিয়া পড়িত। সামাত কিছু আহার করিবামাত্রই পাকস্থলীতে ভয়ন্ধর বেদনা জন্মিত। সময় সময় এই বেদনা এত অধিক হুইত যে, তথন তাহার হিষ্টিরিয়ার স্থায় আক্ষেপ অর্থাং খিচ্নি উপস্থিত হুইত। তাহার জিহবায় ঈবৎ শ্বেতাভ লেপ, কোষ্ঠকাঠিন্স, উদরের বায়সঞ্চয় জনিত ফীততা ও বংসামান্ত প্রচাপনেও অতিশয় ব্যথিততা লক্ষণ বিভামান চিল। জর ছিলনা, কিন্তু পিপাসা অধিক ছিল। ভুক্তদ্রব্যের স্থায় পানায়ও পাকস্থলীতে নামিবামাত্র বমি হইয়া উঠিয়া পড়িত। রোগিণীকে প্রথম দেখিয়া তাহার ব্লেগ (nervous dyspepsia) বা স্বায়বিক অগ্নিমান্য বলিয়া ধারণা জন্মে কিন্তু শেযে জানা গেল যে ইহা স্কম্পন্ত হিষ্টিরিয়া। যথনই এই রোগিণীর মতের বিরুদ্ধে কোন কাজ করা যাইত বা কোন কথা বলা হইত তথনই তাহার "ফিট উঠিত, কিন্তু তথনই যদি বলা হইত যে আবার যদি তাহার "ফিট' উঠে তবে তাহাকে ঠাণ্ডা জলের ভিতর ডুবাইয়া রাখা হইবে, তখন সার তাহার ফিটের আবেশ হইত না। এই রোগিণীকে প্রথম ১ সপ্তাহ ফিরম-ফস ১২ × দেওয়া যায়, তাহাতে পাকস্থলীর সকল লক্ষণ বিদূরিত হয় এবং পরে ২ সপ্তাহ কালী-ফস ১২ × দেওয়ায় সকল উপদ্রবেরই

শাস্তি জন্মে। ইহার ২ মাস পর হইতেই রোগিণীর স্বাভাবিকরূপ রজ্প্রাব হইতে থাকে ও ভাহার শারীরিক অবস্থারও উৎকর্ম জন্মে।

(२) ৫० वरमत व्यक्ष करिनक की ग्रामा शामवर्ग त्रमी वह वरमत ষাবং স্নায়বিক রোগে ভূগিতেছিলেন। সামান্ত ক্রোধোদ্দীপক কারণেই তাঁহার হিষ্টিরিয়ার স্থায় ফিটের আবেশ জুনিত। সময় সময় মৃত্রাশয়ের পেশীর আক্ষেপ (spasm) জন্ম তাঁহার মৃত্তম্ভও জন্মিত; এজন্ম ক্যাথিটার ব্যবহার করিতে হইত। একদিন রোগিণী চিকিৎসককে বলেন যে, তিনি (রোগিণী) যথন ক্যাপিটার ব্যবহার করিতেছিলেন তথন উহার অগ্রভাগ ভাঙ্গিয়া মৃত্রাশয়ের ভিতর রহিয়া গিয়াছে এবং এপর্যাস্ত উহা ঐ অবস্থায়ই আছে। ইহা শুনিয়া চিকিৎসক মূত্রনালীর অভ্যস্তরে অঙ্গুলী প্রবেশ করিয়া উহা বাস্তবিকই আছে দেখিতে পাইলেন: এই সময় মূত্রাশয় মূত্রে পূর্ণ ছিল। তথন বেদনার অতিশয় তীব্রতা দেখিয়া রোগিণীকে স্পর্শজ্ঞান বিলোপক ঔষধ ব্যবহার করিতে চিকিৎসক উপদেশ দিলেন কিন্ত রোগিণী তাহাতে সম্মত হইলেন না। সেই দিন সন্ধ্যার সময় (ভগ্ন ক্যাথি-টার বাহির করিবার ৬ ঘণ্টা পর) রোগিণীর ব্যথা এত বৃদ্ধি প্রাপ্ত হইয়াছিল যে, উহা সহা করিতে না পারিয়া রোগিণী চিকিৎসককে পুনরায় ডাকিয়া পাঠান। চিকিৎসক আসিয়া দেখেন রোগিণীর মূত্রাশয়ে ও উদরে অত্যন্ত ব্যথা জন্মিয়াছে এবং অতিশয় সাম্বিক লক্ষণ ও অতিশয় মূত্রপ্রবৃত্তি বর্ত্তমান আছে। তথন বেলেডোন! ৩× এক মাত্র। দিয়া চিকিৎসক চলিয়া যান। পর দিন প্রাতে আবার আসেন; আসিয়া দেখেন রোগিণীর অবস্থা আরও থারাপ, কিন্তু জর নাই; তথন মূত্র নি:সরণ করিবার জন্ম রবারের ক্যাথিটার ব্যবহার করেন, কিন্তু মূত্রনালীর এরূপ প্রবল সঙ্কোচন জনিয়াছিল যে, উহা প্রবেশ করাইতে সমর্থ হইলেন না: ইহার ২ ঘণ্টা পর রৌপ্যনির্শ্বিত ক্যাথিটার প্রবেশ করান হয়; তাহাতে কয়েক ফোটা মাত্র মৃত্র নিংস্ত হইয়ছিল; তথন চিকিৎসক অনুমান করিলেন যে বোধ হয় জরায়র কোনরপ বিশৃঙ্খলা বর্তমান থাকিতে পারে; উহা পরীক্ষালারা নির্দ্ধারণের জন্ত রোসিণীকে ক্লোরোফরম প্রয়োগ করিলেন (যেহেতু রোসিণী অভিশয় স্লায়বিক প্রকৃতির ছিলেন); সামান্ত মাত্র ক্লোরোফরম নিংখসনের পরই উদরের ক্লীততা কমিয়া গেল; তথন সহজেই পরীক্ষালারা জানা গেল, তাহার জরায় বা মৃত্রাশয়ের কোন অস্বাভাবিক অবস্থা ঘটে নাই এবং রোসিণীর ব্যারাম হিষ্টিরিয়া ব্যতীত আর কিছুই নহে; এইক্ষণ বোসিণীকে ম্যাগ-ফস ১২ × দেওয়া গেল; ইহাতে শীঘ্রই তাহার মৃত্রাশয়ের আপেক্ষ (spasm of the bladder) কমিয়া গেল এবং পরে কালী-ফস ১২ × দশ দিন মাত্র ব্যবহার করায় তাহার হিষ্টিরিয়া ও যাবতীয় লক্ষণ বিদ্রিত হইয়া গেল। রোগ আর প্রত্যাবৃত্ত হয় নাই।

Insomnia—ইনসম্নিয়া – নিজাহীনতা।

মন্তিক্ষে রক্তের আধিক্য হইলে অনিদ্রা উৎপন্ন হয় । মানসিক উৎকণ্ঠা অবসন্নতা প্রভৃতি কারণেও অনিদ্রা জন্মিতে পারে। অন্তান্ত রোগের সহিত্তও অনিদ্রা লক্ষণ বিশ্বমান থাকে। কালী-ফ্স এই রোগের প্রধান ঔষধা

Jaundice — জণ্ডিস — কামলা, পাণ্ডু।

প্রাক্কতিক নিয়মে যক্তং রক্ত হইতে পিত্ত শোষণ করিয়া লয় এবং প্রাক্কতিক নিয়মেই এই পিত্ত আবার যক্কং হইতে অন্ত্রে প্রাবিত হইয়া পরিপাক ক্রিয়ার সাহায্য করিয়া থাকে। যক্কতের কোন প্রকার রোগ বশতঃ পিত্ত যক্কং কর্তৃক আশোষিত না হইয়া রক্তে থাকিয়া গেলেই পাপ্তু রোগ জন্মিয়া থাকে ও নিয়লিথিত লক্ষণগুলি প্রকাশ পায়। চক্ষুর শ্বেতাংশ, নথমূল ও গাত্রত্বক পীতবর্ণ (হরিদ্রাবর্ণ) ধারণ করে। দৃষ্ট বস্তু সকলই পীতবর্ণ দেখায়, কোষ্ঠবন্ধ থাকে এবং অন্ত্রে পিত্তপ্রাবের অভাব হেতৃ মল শুল্র বা কদ্দম বর্ণ ধারণ করে। মূত্রেব সহিত প্রচুর পরিমাণ পিত্ত প্রাবিত হয় বলিয়া মূত্র পীতবর্ণ ধারণ করে। এই রোগে শরীর কঞুয়ন, মুথে তিক্ত স্বাদ, জিহ্বায় শ্বেত বা পীতবর্ণের লেপ এবং বিবমিষা (গা বমি বমি করা) লক্ষণও বিভ্যমান থাকে। চক্ষু ও মূত্রের পীতবর্ণ এই রোগের বিশেষ পরিচায়ক লক্ষণ।

(চিকিৎসা)

যক্ষদোগ দ্রষ্টবা।

Kidneys Affections of — ব্ৰক্ক বোগ।

(চিকিৎসা)

ফিরম-ফস। —বৃককের যে কোন রোগে এদাহ, জর, উত্তাপ বা বেদনা থাকিলে। নিফ্রাইটিস, ব্রাইট্স ডিজিজ প্রভৃতি রোগের প্রাদাহিক অবস্থায়। মূত্রে রক্তকণিকা বা শ্লেমার (মিউকাস্) বিভ্যানতা। কালী-মিউর—বৃক্তকের প্রাদাহিক রোগের দিভীয়াবস্থায় ক্ষীততাদি বর্ত্তমান থাকিলে। মূত্রে এবুমেনের বিশ্বমানতা। মলিনপীত অধ্যক্ষেপ বিশেষ্ট মূত্র।

নেট্রম মিউর। —বৃক্কক-প্রদেশে উত্তাপ ও টন্টনানি। ইপ্তক
চূর্ণের হ্রায় অধ্যক্ষেপ যুক্ত মৃত্র। রক্তমৃত্র। ডাঃ Menninger বলেন
এই ঔষধ প্রয়োগ করিলে মৃত্রের এবুমেন হ্রাস প্রাপ্ত এবং ই উরিয়া প্রবৃদ্ধিত
ইইয়া থাকে। ইয়া প্রয়োগে সর্ব্বেকার ক্লোরাইডও অধিক পরিমাণে প্রাবিত
ইইয়া থাকে বলিয়া তিনি প্রকাশ করেন। এজহ্য ব্রাইটস্ডিজিজে তিনি
ইহা ব্যবহার করিতে সকলকে অন্তর্যোধ করেন।

কালী-ফস — সায়্মগুলের ক্রিয়ার বিশৃঙ্খলায় ব্যবস্থেয় অপর কোনও ঔষধের সহিত পর্য্যায়ক্রমে। বহুমূত্র। মূত্রে এবুমেন থাকিলে ক্যাক্রফসের সহিত পর্য্যায়ক্রমে। ফুসফুসে জলসঞ্চয় সহ হুৎপিত্তের সবিরাম স্পান্দন।

ক্যাক্স ফস। — বৃক্করোগে মূত্রে অগুলালের বিভ্যমানতায় এই ঔষধ অতিশয় ফলপ্রদ। স্নায়বিক লক্ষণ বিভ্যমান থাকিলে কালী-ফদের সহিত প্রধায়ক্রমে।

ক্যাল্ক-সল্ফ।—ইহা ব্যবহার করিয়া Nephritis scarlatinosa নামক রোগ আরোগ্য করা ইইয়াছে।

ক্ষালী-সলক। — স্কালে টিফি ভারের পরবন্তী বৃক্ক রোগ। এলুমেন যুক্ত মূত্র।

েন্ট্রমাকস।—বুককে মূত্রশিলার বিভ্যমানতা।

েনট ুম-সলক।—এই ঔষধ প্রয়োগ করিলে মৃত্র প্রবর্জিত করিয়া মৃত্রশিলা (gravel) নিক্ষাশনে সাহাষ্য করে।

চিকিৎসিত রোগী।

- (১) ডাং Cailhol ৭০ বৎসর বয়স্ক এক বৃদ্ধের বৃক্করোগের চিকিৎসা করেন। রোগিটীর মূত্র অতিশয় স্বল্ল ও আগুলালিক ছিল। তাহার অতিশয় লামবীয়তা ও বিস্মরণশীলতাও বিশ্বমান ছিল। প্রথমতঃ রোগীকে দেখিয়া চিকিৎসক তাহার জীবনের আশায় নিরাশ হন। এই রোগীকে ক্যাল্ক-ফস ৬× ও তুই ঘণ্টাস্তর পর্য্যায়ক্রমে কালী-ফস ৬× ব্যবস্থা করা হইয়াছিল। ৬ সপ্তাহকাল এই ঔষধ্বয় ব্যবহার করায় মূত্র স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইয়াছিল ও অন্তান্ত উপসর্গও অস্তর্হত হইয়াছিল।
- (২) স্বালে টিনার পরবন্তী ২টা ব্রাইটদ ডিজিজের রোগীর মূত্রে Tube casts ও এলুমেন দৃষ্ট হয়। তাহাদের সার্বাঙ্গীন শোথ, রেটিনার প্রদাহ ও হৃৎপিণ্ডের ত্র্বলতা ছিল। তাহাদের অভাভ টিগুর ধ্বংশের লক্ষণ ও বিভ্যমান ছিল। ক্যাল্ক-সলফ ৬ × ব্যবস্থা করায় তুইটা রোগাই সহর আরোগ্য হয়।

Labor and Pregnancy—লেবার এণ্ড প্রেগন্যান্সি—গর্ভ ও প্রসব বেদনা।

(চিকিৎসা)

কালী ফস। — কালী-ফস গর্ভ ও প্রসব বেদনার অতি অমূল্য ঔষধ।
প্রসবের মাস থানি পূর্ব্ব হইতে মধ্যে মধ্যে এই ঔষধ প্রয়োগ করিলে অতি
সহচ্চে ও নিরাপদে প্রসব হইয়া থাকে। মৃত্, কষ্টদায়ক ও অসম্যক প্রসববেদনা। জরায়-মুথের কঠিনতা। রোগিণী বেদনায় অন্থির হইয়া পড়ে ও
ক্রেম্মন করিতে থাকে।

ডাঃ রোজাস্ বলেন তিনি প্রসববেদনা উত্তেজিত করিবার নিমিত্ত
মটর পরিমাণ কালী-ফস ৪× প্রতি ১০।১৫ মিনিট অন্তর দিয়া বিলক্ষণ
ফল পাইয়াছেন। এই ঔষধ শুদ্ধাকারে জিহ্বায় রাখিতে হয়। ইহা
প্রয়োগ করিয়া তিনি কখনও বিফলমনোরথ হন নাই এবং হই মাতার
পরিবর্ত্তে কখনও তাঁহাকে তিন মাত্র। দিতে হয় নাই। স্থতিকোন্মাদের
ইহা প্রধান ঔষধ। এই রোগে কালা-দলফও বাবহৃত হয়। স্লায়বীয়
প্রকৃতির স্ত্রীলোকদিগের গর্ভস্রাবাশস্কা।

কিব্রম ফস।—প্রসবের পর প্রসবান্তিক বেদনার উপশমার্থ ও প্রদাহ নিবারণার্থ ব্যবস্থের (আভ্যন্তরিক ও বাহ্য)। ছগ্ধ-জ্বর ও স্তন-প্রদাহের প্রথমাবস্থায়। গর্ভাবস্থায় আমাশয়ের গোল্যোগ ও অপরিপাচিত ভুক্তদ্রব্য বমন। প্রসবের পর প্রতিদিন একমাত্রা করিয়া ফিরম-ফস দিলে প্রদাহ উৎপন্ন হইতে পারে না।

ম্যাতগ্রশিস্থা ফস।—অতিশঃ আক্ষেপিক বেদনা ও জ্রন্ত আক্ষেপ। প্রস্বকালীন প্রলাপে উষণ্ডলের সহিত গুলিয়া পুন: পুন: দিবে।

কালী মিউর।—হতিকান্ধরের প্রারম্ভাবস্থায় ইহা প্রধান ঔষধ। স্তন-প্রদাহে পূষ জন্মিবার পূর্বের ব্যবহার করিলে ফীডতা কমিয়া যায়। গভিণীদিগের প্রাতঃকালীন বিবমিষা ও খেত শ্লেম্মা বমন। স্তন-গ্রন্থির কঠিনতা।

ক্যান্ত্র ফস।—প্রসবের পূর্বে বা পরে শার্ণতা ও হর্বলতা। স্তনচূগ্নের নীলাক্ততা বা লবণাক্ততাবিশিষ্ট বিগুণতা, এজন্ত শিশু উহা খাইতে চার না। স্তন্ত-দায়িনা মাতার ঋতুস্রাব। গর্ভাবস্থায় প্রতিদিন গর্ভিণীকে ইহার হুই একমাত্রা দিলে গর্ভিণীর ও ক্রণের বিশেষ উপকার হয়। ক্যাল্ক সলক।—স্তন-প্রদাহে পূয জন্মিলে সিলিশিয়ার পর ব্যবস্থেয়।

সিলিশিয়া।—স্তন-প্রদাহে কালী মিউরের পর। স্তনের বোঁটে ক্ষত। স্তন-গ্রন্থির কঠিনতা (কালী-মিউর বিফল হইলে)।

ক্যাক্ষ স্ক্রোর।—প্রস্বান্তিক বেদনার ও জরায়র সংশ্লাচনীশক্তির তুর্বল্তা। জরায়র স্থান-বিচ্যুতিতে এই ঔষধের ইঞ্জেকশন প্রদানে উহা দূর হয়। স্তন গ্রন্থির প্রস্তারের স্থায় কঠিনতা। গর্ভস্রাবের পর প্রভৃত রক্তন্তাব। স্তন-ত্রের অভিশয় স্বল্পতা বা বিলোপে ইহা অভিশয় উপকারী।

নেট্রম মিউর : — গর্ভিণী দিগের প্রাতঃকালীন বিবমিষা এবং জলবং ফেণিল পদার্থ বমন।

েনট ুম ফস।—অল জলীয় পদার্থ বমন সংযুক্ত প্রাতঃকালীন বিব্যামা।

Cনট্ৰম-সলফ।—গৰ্ভাবস্থায় তিক্ত পৈত্তিক পদাৰ্থ বমন।

(চিকিৎসিত রোগী)

(১) ডাঃ হোলক্রঞ্চ বলেন, প্রসব বেদনার ষতই মৃত্তা ও অনিয়্মিতত। থাকে কালী ফ্রম ৩ × ততই ক্রত ও ক্রতকার্যাতার সহিত ফল দশাইয়াথাকে। আক্রেপিক বেদনার ম্যাগ-ফ্রম অমূল্য ঔষধ। প্রসবাস্তে তিনি সর্ব্বদাই ফ্রিম-ফ্রম ব্যবহার করিয়া থাকেন। প্রসবকালে ঘোনিঘারের কোনস্থান চিড়িয়। গেলে তিনি ফ্রিম-ফ্রম ৩ × বিচুর্ণ উষ্ণজ্বলের সহিত মিপ্রিত করিয়া (অবত্রবণিকা ক্রষ্টব্য) উহাল্লারা পিচকারী দেওয়ার ব্যবস্থা দিয়া থাকেন। তাঁহার চিকিৎসাধীন রোগীতে পূর্বাক্ত ঔষধ সমুহের চমৎকার ক্রিয়া দেখিয়া তিনি মুঝ্ম হইয়াছেন।

- (২) গ্রন্থকার তাঁহার ৩০ বংসরের অভিজ্ঞতার জানিয়াছেন বে স্থ-প্রসবের পক্ষে কালী-ফসের স্থায় অব্যর্থ ও ক্রত ক্রিয়ানাল ঔষধ আর নাই। শত শত গর্ভিণীর প্রসব বেদনায় ১০।১৫ মিনিট পর পর কালী-ফস ৩× চারি গ্রেণ মাত্রায় উষ্ণ জলের সহিত গুলিয়া খাইতে দেওয়া হইয়াছিল। তুই মাত্রার বেশা কাহাকেও দিতে হয় নাই। সকলের পক্ষেই আশ্চর্যা ফল দশিয়াছে। একটা রোগীতেও বিফল হন নাই। বাহারা ইহা দেখিয়াছেন সকলেই ঔষধের গুলে মুয় হইয়াছেন।
- (৩) ঢাকার প্রধান উকিল স্বনামধন্ত শ্রীযুক্ত বাবু আনন্দ চন্দ্র চক্রবর্ত্তী মহাশয়ের দ্বিতীয় প্রবধ্র প্রসব বেদনা উপস্থিত হইরা ৩ দিন থাকিয়া ক্রমে উহা প্রায় বিলুপ্ত হয়। তৃতীয় দিন সন্ধ্যার পর গ্রন্থকারকে আহ্বান করা হয়। তিনি পিয়া দেখেন বাথা একেবারে পড়িয়া গিয়াছে—নাই বলিলেও চলে; মাঝে মাঝে একটু ২ ব্যথা হয় মাত্র। ইহা দেখিয়া কালী-ফ্স৩× ট্যাবলেট (৪ গ্রেণ) উক্তজ্বলের সহিত গুলিয়া এক মাত্রা দেওয়া হয়। ঔষধ প্রয়োগের হা৩ মিনিট পরই বেদনা অত্যন্ত বাড়িয়া উঠে। ৫ মিনিট পর forcing pain দেখা দিল অর্থাৎ বেদনার সময় প্রস্তৃতি কোঁথ দিতে আরম্ভ করিলেন। তথনই (প্রথম মাত্রা দেওয়ার ৭ মিনিট পর) আর একমাত্রা এই ঔষধ দেওয়া হইল। ইহার ঠিক ২ মিনিট পর (অর্থাৎ ১ম ঔরধের ৯ মিনিট পর) বর্ধটী অতি সহজে ১টী পুত্র সন্তান প্রসব করিলেন। এই সময় ঢাকার গবর্ণমেণ্ট উকীল রায় বাহাছের শশাঙ্ক কুমার ঘোষ মহাশয় তথায় উপস্থিত ছিলেন। তিনি ঔষধের এইরূপ আশ্রুম্যাও ক্রত ক্রিয়াশক্তি দেখিয়া বলিয়া উঠিলেন It takes no time to act ৭ অর্থাৎ ইহা ক্রিয়া করিতে কি মোটেই সময় নেয় না ?
- (৪) ডা: Vogel বলেন "প্রসবকালীন বেদনায় ও প্রসবের পরবর্ত্তী উপসর্গ সমূহে টিস্থ ঔষধ (বাইওকেমিক ঔষধ) ব্যবহার করিয়া এবং উহার

ফল দেখিয়া আমি মোহিত হইয়াছি । কালাঁ-ফদ্ দিলে মৃত্ বেদনা বদ্ধিত হইয়া অভি ক্রন্ত ও নিরুপদ্রবে প্রদাব হইয়া থাকে । খাল ধরার ভায় বেদনা (crampy pain) থাকিলে ম্যাগ-ফদ অভি স্থল্বরূপে ক্রিয়া থাকে এবং প্রদাবের পর ফিরম-ফদ প্রয়োগ করিলে প্রালাহ জন্মিতে পারে না বা উহা জন্মিয়া থাকিলে তাহাও আরোগ্য হয়।"

Leucorrhœa — লিউকোরিয়া-শ্বেত-প্রদর।

জরায় হইতে খেত, পীত (হরিদ্রাবর্ণ) ছগ্ধবৎ, মাংসধোয়া জলের স্তায়, পূষের স্তায় অথবা কাল আলকাতরার ক্রায় যে প্রাব হয়, তাহাকে প্রদর বলে। কিন্তু প্রাব সাধারণতঃ খেতবর্ণেরই হইয়া থাকে। এজন্ত ইহাকে খেত প্রদর বলে। অতিরজঃ, শ্লেয়া প্রধান ধাতু, গগুমালা দেষে, স্কুফিউলা, দৌর্বল্যকর রোগ, অতিমৈগুন, কুত্রিম মৈগুন বা জরায় নামিয়া পড়া প্রভৃতি বহু কারণে যোনি বা জরায়র প্রদাহ বা উপদাহ বশতঃ এই রোগ জন্মিয়া থাকে। কোইবদ্ধ, হুৎকম্প শিরোঘুর্ণন ইত্যাদি এই রোগের আমুষ্কিক লক্ষণ।

চিকিৎসা।

ক্যাজ্ম-ফস।—এবুমেনের স্থায় শ্লেমাশ্রাবী (ডিম্বের শ্বেতাংশের স্থায়)খেত-প্রদর। ঋতুর পরবর্তী খেত-প্রদর। জননেক্রিয়ের হর্জলতা। সকল প্রকার খেতপ্রদরেই ইহা অম্ববর্তী ঔষধ স্বরূপ ব্যবহার করা উচিত।

কালী-মিউর।—ছ্মের স্থায় খেতবর্ণ, অবিদাহী ও প্রভৃত আব-বিশিষ্ট খেত-প্রদর; দীর্ঘকাল স্থায়ী রোগে বিশেষ উপকারী। কালী-ফস।—প্রাব লাগিয়া ক্ষত জন্মিলে নেট্রম-মিউরের সহিত পর্য্যায়ক্রমে ব্যবহার্যা।

নেটু ম-মিউর।—জনবৎ, বিদাহী ও জালাকরপ্রাব সংযুক্ত শ্বেত-প্রদর এবং তৎসহ শিরংপীড়া ও যোনির কণ্ডুয়ন। নাইটেট অব সিলভার ব্যবহার করিয়া থাকিলে তাহার কুফল নিবারণার্থ ইহা ব্যবহৃত হয়।

কালী-সলফ।—শীত, সবৃদ্ধাভ আঠা আঠা অথবা জলবং স্রাবশীল খেত-প্রদর।

নেট্রম-ফস।—মধু অথবা সরের স্থায় বর্ণ ও জলবং আববিশিষ্ট খেত প্রদর।

এই রোগে আভ্যন্তরিক ঔষধ ব্যবহার কালে সেই ঔষধ গরম জলের সহিত মিশ্রিত করিয়া পিচকারী প্রদানও বিশেষ উপকারী।

চিকিৎসিতরোগী।

- (>) ১৭ বৎসর বয়স্কা এক যুবতীর হুর্দম্য বিদাহী (ক্ষতকর) শ্বেত প্রদর ছিল। উহার জন্ম বহুপ্রকারের ঔষধ ব্যবহার করা হইয়াছিল, কিন্তু কিছু-তেই কোন ফল দর্শে নাই। অবশেষে কালী মিউর ৩× ব্যবস্থা করা হয়। উহাতেই অতি ক্রত ফল দর্শে ও স্থায়ী আরোগ্য জন্মে।
- (২) ১৭ বংসর বয়য়া আর এক যুবতীর আগুলালিক (albuminous) বিদাহী (ক্ষতকর) ও ছন্ছেন্ত (tenacious) আববিশিষ্ট খেত প্রদর ছিল। এই স্রাব তারের ক্রায় লঘা হইত। ঋতুর পরই স্রাব বিশেষভাবে প্রকাশ পাইত; ঋতুরও অনিয়্মিততা ছিল। সাধারণতঃ চতুর্বিংশ (২৪) দিবসে উহা প্রকাশ পাইত, কখন কখন বা উহার কিছু পূর্বে বা পরেও প্রকাশ পাইত। কটিদেশে বেদনা, যেন জরায়ু নামিয়া যোনি-পথে বাহির হইয়া পড়িবে এরপ আবেগ অমুভব, উৎসাহহীনতা, মুখ-

মগুলের পাশ্চুরতা ও সর্বাঙ্গীন রক্তহীনতার লক্ষণও বর্তমান ছিল। ক্যান্ধ-ফস ৩× চারি ঘণ্টাস্তর সেবন এবং ২।০ দিন পরপর ক্যালেঞ্লার লোশন দারা ডুস দেওয়ার ব্যবস্থা করা হয়। ঔষধ ব্যবহারের পর কয়েক দিনের মধ্যেই বিশেষ উপকার দেখা যায় এবং আরও কিছুদিন উক্ত ঔষধ ব্যবহারে আব সম্পূর্ণরূপে বিলুপ্ত হয়। ইহার পর রক্তহীনতার জ্ঞা ফিরমফস ব্যবহার করা হইয়াছিল।

(৩) গ্রন্থকার বহু শ্বেত-প্রদরের রোগিণীকে পর্যায়ক্রমে কালী-মিউর

৩× ও ক্যাল্ক-ফদ ৬× প্রয়োগ করিয়া আরোগ্য করিয়াছেন। রক্ত
হীনতা থাকিলে মধ্যে মধ্যে ফিরম-ফদ ও নেট্রম-মিউর দেওয়া কর্ত্তব্য।

Liver, Affections of — যক্তেরাগ।

(চিকিৎসা)

ফিরম-কস। — যক্তের প্রদাহ ও রক্তসঞ্চয়ে প্রথমাবস্থায় ব্যবহার্য্য।
কালী-মিউর। — যক্তের ক্রিয়ার বৈলক্ষণ্য সহকারে শ্বেত অথবা
পংগুটে শ্বেত বর্ণের লেপাবৃত জিহবা ও ফেঁকাশে বর্ণের মল; যক্তৎ
প্রেদেশে ও দক্ষিণ স্ক্যাপিউলার নিম্নে বেদনা; পিত্তপ্রাবের স্বল্পতা বেশতঃ
ফেঁকাশে বর্ণের মল ও কোষ্ঠ কাঠিতা; কামলা।

নেট্রম-সলাক।—বিরক্তি জন্ম উৎপন্ন কামলা ও তৎসহ পৈত্তিক সবুজবর্ণ মলপ্রাব; সবুজাভ কটাবর্ণের লেপাবৃত জিহন।; চক্ষু ও ছকের পীতবর্ণ; পিত্তপ্রাবের স্বন্ধতা বশবঃ যে সকল লক্ষণ উৎপন্ন হয় তাহাতেই এই ঔষধ বিশেষরূপে উপযোগী; অতিশন্ন অধ্যন্তন বা মানসিক শক্তির পরিচালনা বশতঃ যক্কতের ক্রিয়ার বৈলক্ষণ্য উৎপন্ন হইলে কালী-ফ্সের সহিত পর্য্যায়ক্রমে ব্যবস্থেয়। যক্কতের রক্তসঞ্চয় এবং তীব্র বেদনায় ফিরম-ফ্স সহ পর্য্যায়ক্রমে।

কালী-ফস।—সায়ুমগুলের অবসন্নতা সহ ষক্কতের ক্রিয়া বৈশক্ষণ্য। অভিশয় মানসিক পরিশ্রম বা মানসিক কট হইতে উৎপন্ন যক্কতের বিকৃতি (নেটুম-সলফ)।

নেট্রম-ফস।—যক্তের কাঠিন্স (Sclerosis) ও যক্তের বিক্লতি হইতে উৎপন্ন বছমূত্র। ক্রিহ্নার বর্ণ দ্রষ্টব্য।

নেট্রম-মিউর।—আমাশয়ের প্রতিশ্রায় (Gastric catarrh) হইতে উৎপন্ন কামলা রোগ, নিদালুতা, জ্ববৎ স্রাব। জিহ্বার লেপ দ্রষ্টব্য।

কালী-সলক।—অপর কোনও ঔষধ ব্যবহারকালে এই ঔষধের লক্ষণ বর্ত্তমান থাকিলে তাহার সহিত প্র্যায়ক্রমে ব্যবহার্যা।

ক্যাক্ষ সলক। — যক্তের ক্ষোটকে বেদনা, ছর্বলতা ও বিবমিষা থাকিলে পৃষস্রাব কমাইবার নিমিত্ত ব্যবহার্য্য।

(চিকিৎসিত রোগী)

- (১) ৪২ বংসর বয়য় এক ব্যক্তির মন্তিক্ষের অতিরিক্ত ক্রিয়ার ফলে
 য়ক্তের ক্রিয়াবৈষয়্য জন্মিয়া ভাচার ফলম্বরপ অকের হরিদ্রাবণ ও মুথের
 বিশ্বাদ জন্মে। ইহাকে প্রথম নেট্রম-সলফ দেওয়া হয় কিন্তু ভাহাতে কোন
 ফল দর্শে না। কিন্তু পরে মন্তিক্ষের হর্বলভা এই রোগের কারণ বলিয়া
 নির্ণয় করিয়া কালী-ফল দেওয়া হয়। ২ সপ্তাহ কাল ঔষধ সেবনেই বিশেষ
 ফল দেখা য়ায়। কিন্তু ইহার পর রোগিটী স্থানাস্তরে চলিয়া য়াওয়ায় ভাহার
 অবস্থা আর কিছুই জানা য়ায় নাই।
- (২) একটা মেয়ের পৈত্তিক জর হয়। এজন্য নেটম-সলফ দেওয়া যায়। কিন্তু এই ওয়ধ সেবনকালে ভাহার অবস্থা আরও খারাপ হইয়া উঠেও

পাওু (কামলা, জণ্ডিদ্) দেখা দেয়। তখন ইহার পরিবর্ত্তে কালী-মিউর ব্যবস্থা করা হয়। এই ঔষধ সেবনের পরই উপকার দেখা যায় এবং কয়েক দিনের মধ্যেই রোগী আরোগ্য হয়।

(৩) গ্রন্থকার বহু পাপ্ত্রোগীকে নেটম সলফ ৩× অথবা লক্ষণ ভেদে কালী-মিউর ৩× ব্যবস্থা করিয়া আরোগ্য করিয়াছেন। পাপ্তুসহ শোথ থাকিলে নেট্রম-মিউর মধ্যে মধ্যে প্রদান করা কর্ত্তব্য। যক্তের রোগে ঔষধ ব্যবস্থা কালে রোগীর জিহ্বালক্ষণ বিশেষরূপে দ্রস্থার।

Lumbago – লাম্বেগো-কটীবাত।

(বেদনা দ্ৰপ্তব্য) (চিকিৎসা)

ক্যাজ্ব-ফস।—প্রাতে শ্যা হইতে উঠিবার পরই কটিদেশে বেদন। (নেউম ফদ)।

নেট্রম-মিউর।—কোন কঠিন বস্তুর উপর শয়ন করিলে বেদনার উপশ্ম। অনেকক্ষণ সন্মুখদিকে অবনার্ধ হইগ্না থাকিলে ঘুষ্টবৎ বেদনা। পুষ্ঠে ছর্ম্মলতা অমুভব, প্রাতে উহার বৃদ্ধি।

Measles – মিজেলস্, হাম, ফেরা লুন্তি।

এই রোগ স্পর্শসংক্রামক। শিশুদিগের এই রোগ বেশা হইয়া থাকে। মুবকদিগের এই রোগ জনিলে উৎকট আকার ধারণ কবে। শাঁত ও বসস্ত কালে ইহার প্রাত্ত্র্ভাব জন্মে। হামের বিষ শরীরে প্রবিষ্ট হইবার ৮ দিবস পর প্রথমে সামান্য সন্দির লক্ষণ প্রকাশ পায়। অনস্তর পৃষ্ঠ বেদনা, কপাল বেদনা, স্বরভঙ্গ, কাসি এবং জর প্রকাশ পায়। জর প্রকাশ পাইবার পর চতুর্থ দিবসে প্রথমে মুখমগুল ও গলায় এবং তৎপর সর্ব্বাঙ্গে রক্ত বর্ণ ক্ষুদ্র প্রীড়কা প্রকাশ পায়। চারি পাঁচ দিন পর জর কম পড়ে ও হাম মিশিয়া যায়। হাম উৎকট আকারের হইলে উহার সহিত ব্রন্ধাইটিস বা নিউমোনিয়া প্রভৃতি গুরুতর উপসর্গ সকল উপস্থিত হইতে পারে। কাহারও কাহারও বা উদরাময়, রক্তাতিসার, চক্ষুপ্রদাহ, কর্ণপ্রদাহ প্রভৃতি জন্ম। হাম বিসয়া যাওয়া বা উহার পীড়কাগুলির ক্ষেবর্ণ ধারণ করা প্রলক্ষণ নহে।

হাম ও বসন্তের প্রভেদ।

(১) হামের প্রথমাবস্থায় সদ্দির ভাব থাকে, বসস্তে উহা থাকে না কিন্তু বসস্তের প্রারম্ভে উহার পরিবর্তে বমন ও কোমর বেদনা থাকে। (২) বসস্তের পীড়কাগুলিতে হাত বুলাইলে ছিটাগুলির ভায় দানা দানা অফুভূত হয়, কিন্তু হামে তাহা হয় না।

চিকিৎসা

ক্ষিত্রম ক্ষস। -- হামের সকল অবস্থায়ই জর চক্ষুর আরক্ততা, বক্ষের রক্ত সঞ্চয় ও প্রদাহের নিমিত্ত। প্রারম্ভাবস্থায় বিশেষ উপকারী।

কালী-মিউর। — হামের দ্বিভায়াবস্থায়। স্বরভঙ্গ বিশিষ্ট কাস, গ্রন্থির ক্ষাত্তা ইত্যাদি। জিহ্বায় খেত অথবা পাংগুটে খেতবর্ণের লেপ। হামের কুফল জনিত রোগ, যথা—ব্ধিরতা, কণ্ঠের ক্ষাত্তা, ফেঁকাশে বর্ণের পাতলা মল বিশিষ্ট অতিসার। প্রথম হইতে দৃঢ়তার সহিত ফিরম-ফদ ও কালী-মিউর ব্যবহার করিলে হাম জনিত কোনও কুফলের আশক্ষা থাকে না।

কালী-সলফ ।—হাম অথবা অপর কোনও উদ্ভেদ (গুটকা) বিশিষ্ট রোগ বসিয়া গিয়া চর্ম্মের গুছতাও কক্ষতা জন্মিলে এই ঔবধ দর্মপ্রাব জন্মাইয়া উদ্ভেদগুলি পুনঃ প্রকাশে সাহাষ্য করে। উষ্ণ বস্ত্রেগাত ঢাকিয়া রাখা কর্ত্তব্য।

নেটুম-মিউর।—প্রভৃত অশ্রু বা মন্ত কোনও প্রকার জনবৎ প্রাব বিশ্বমান থাকিলে এই ওষধ মধ্যে মধ্যে দেওয়া কর্ত্তব্য।

পথ্যাপথ্য ৷

জরকালীন শটীর পালে। এরোরট, বালি। জর ছাড়িয়া গেলে এরোরট বা বালির সহিত হগ্ধ মিশাইয়া ব্যবস্থা করা ঘাইতে পারে। পেটের অস্তথ বা রক্তাতিদার বিভ্যমান থাকিলে হগ্ধ দিবে না। এই রোগে ঈষৎ উষ্ণজলে গামছা ভিজাইয়া রোগীর গা মুছাইয়া তথনই শুক্ষ বস্ত্রাদি দারা ভাল করিয়া মুছিয়া ফেলিলে উপকার দর্শে (হামগুলি ভালরপে প্রকাশিত হয়)।

(চিকিৎসিত রোগী)

- (১) ডা: কক্ উল্লেখ করিয়াছেন যে তাঁহার চিকিৎসাধীন ৩৫টা হামের রোগীর প্রথমে সামান্ত মস্তকের প্রতিশ্রায় (কোরাইজা) ও বায়ুভূজনলীর প্রতিশ্রায় জন্মিয়াছিল। এই সকল রোগীর চক্ষ্র খেতমগুলের প্রদাহ ও আলোক দেব বিশেষরূপে বর্তমান ছিল। কিছুদিন পর, হামের গুটিকা (rash) বাহির হয় এবং ৫।৬ দিন থাকিয়া বিলুপ্ত হয়। প্রায় সকল রোগীরই শুটিকা প্রকাশাবস্থায় বা উহা বিলুপ্ত হইবার পর কর্ণ-মূল-গ্রন্থির (এক বা উভন্ন দিকের) বিবৃদ্ধি জন্মে। এই অবস্থায় শিশুগুলি বেদনা বশতঃ দিন রাত কাঁদিতে থাকিত। সকল রোগীকেই ফিরম-ফস দেওয়া হইয়াছিল। জ্বেরের উগ্রতা বা অমুগ্রতা বৃদ্ধিয়া এক বা তুই ঘণ্টা অস্তর ঔষধ দেওয়া হইগাছিল।
- (২) গ্রন্থকার এ পর্য্যস্ত শত শত হামের রোগী ফিরম-ফস ও কালী-মিউর পর্য্যায়ক্রমে ব্যবহার করিয়া আরোগ্য করিয়াছেন। একটী রোগীতেও

অক্তকার্য্য হয়েন নাই। হামের গুটিকা বসিয়া গিয়া কুফল স্বরূপ কোন উপদর্গ উপস্থিত হইলে কালী-মিউরের নায় ঔষধ আর নাই। ইহা প্রয়োগ করিলে অধিকাংশ স্থলেই প্রচুর গুটিকা পুনঃ প্রকাশিত হইয়া পড়ে ও তথন গুরুতর লক্ষণগুলিও অন্তর্গত হইয়া থাকে। হাম বিলুপ্ত হইয়া অতিসার বা আমরক্ত জনিলে পর্য্যায়ক্তমে ফিরম-ফস ও কালী-মিউর প্রয়োগ

করিলে অতি উৎরুষ্ট ফল দর্শে।

Meningitis — মিনিঞ্জাইটিস-মস্তিক্ষ– বিল্লীর প্রদাহ।

মন্তিক অর্থাৎ ব্রেইন তিন হুব আবরণ দ্বারা বেষ্টিত। এই আবরণকে মন্তিকের ঝিল্লী (meninges) বলে। এই আবরণ-ঝিল্লীর প্রদাহের নাম মিনিপ্রাইটিস। জর, মন্তকে বেদনা, প্রবল প্রলাপ, মৃথমণ্ডলের আরক্ত বর্ণ ত তৎপর পাপ্ত্রতা, নাড়ীর ক্রততা, পেশীর আক্ষেপ অবসন্নত। ও সংজ্ঞাশূন্সতা এই রোগের লক্ষণ। নবজাত শিশুদিগের এই রোগ অধিক হয়।

আঘাত, পতন ও উপদংশ দোষাদি এই রোগের প্রধান কারণ।
(চিকিৎসা)

ফির-ফস।—এই রোগের প্রারম্ভাবস্থায় জ্বর, ক্রন্ত নাড়ী, প্রলাপ, ইত্যাদি থাকিলে।

কালী মিউর ।—ঝিল্লীর রদক্ষরণে (এফিউসন) ইহা ফিরম-ফদের পর অথবা তৎসহকারে পর্যায়ক্রমে ব্যবহার্য্য। স্থাট্রম-সলক। — মন্তিক্ষের ভূমি-দেশে প্রবল বেদনা (কালী-ফস এবং ফিরম ফসও ব্যবস্থাত হয়)। ডাঃ কেণ্ট বলেন মেটিরিয়া মেডিকার আর সমস্ত ঔষধ বাদ দিয়া কেবল মাত্র একটা ঔষধ দ্বারা এই রোগের চিকিৎসা করিতে হইলে তিনি এই ঔষধই মনোনীত করিবেন। ইহা প্রয়োগ করিলে আশ্চর্যারূপে রোগের বিকাশ প্রতিক্ষর হয়।

ক্যাল্প-ফস।—শিশুদিগের মন্তিক্ষ-বিকারের ইহা প্রথম ও প্রধান ঔষধ। কোনও পরিবারে অনেকের এই রোগ জন্মিবার সন্তাবনা থাকিলে ইহা প্রতিষেধকরূপে কার্য্য করে।

Menorrhagia, মেনরেজিয়া — রজসাধিক্য, রক্তপ্রদর।

(চিকিৎসা)

ফিরম-ফস। — মুথমগুলের আরক্ত। সহকারে কটরজঃ; ক্রুতনাড়ী, উজ্জল-লোহিত ও সহজে জমাট হয় এরপ রক্তসাব, ঋতুকালে অপরিপাটিত দ্রব্য বমন। প্রতি ঋতুকালে এরপ জন্মিলে ঋতুর পূর্বেষ্ব্যবহার কংলে প্রতিষেধকরূপে কার্য্য করে।

কালী-ফস।—ইং। অনিয়মিত ঋতুর বিশেষতঃ ছর্কল, ক্রোধী ও সহজে অফ্রসাবনালা রমণীগণের রোগে বিশেষরূপে উপযোগী। অভিশয় বিলম্বে প্রত্যাগত, অত্যন্ন বা অত্যধিক রক্তপ্রাব। গাঢ় লাল বা ক্বয়োভ লাল, ও কথন কথন (সকল সময় নহে) অভিশয় হুর্গন্ধবিশিষ্ট রক্ত-

প্রাব। এই রক্ত বছক্ষণ থাকিলেও জমাট হয় না। শীর্ণা ও স্নায়বিক প্রকৃতির স্ত্রীলোকদিগের প্রতি ঋতুকালে, অতিশয় উদরবেদনা। মনের অতিশয় অপ্রফুল্লতা ও স্নায়বিক হ্র্মণতা সহকারে বিলম্বিত ঋতু।

কালী-মিউর।—অভিশয় বিশম্বে প্রভ্যাগত অথবা ঠাণ্ডালাগার দকণ অবক্রর ঋতু। জিহ্বায় খেত বা পাংশুটে খেত বর্ণের লেপ। অভিশীঘ্র ও ঘন ঘন প্রভ্যাগত; আলকাতরার গ্রায় ক্লঞ্বর্ণ; জ্মাট; ঋতুপ্রাব। দীর্ঘকালস্থায়ী বা শীঘ্র প্রভ্যাগত ঋতু (কালী-ফ্স)।

নেট্রমমিউর।—পাতলা; জলবৎ ও মলিন ঋতৃপ্রাব (পর্যায়ক্রমে কালী-ফস)। অল্প বয়স্থা ও রক্তহীনা বালিকাদিগের এই রোগকালে অভিশয় নিদ্রাল্ভা, বিষয়তা ও প্রাতঃকালে মন্তকে অতিশয় গুরুত্ব সংযুক্ত শিরংপীড়া থাকিলে এই ঔষধ ব্যবস্থেয়।

মায় কোরা ফস। অঞ্কালীন উদর বেদনার সর্বপ্রধান ঔষধ। ঋতুকালে বা তৎপূর্বে উদর বেদনা। উদরে আরুঞ্চক বেদনা। উত্তাপে এই বেদনার উপশম। স্বল্প প্রাব্দি তিশের উদর বেদনায় এই ঔষধ ঘন ঘন দিলে প্রভিত প্রাব্দি:সারিত হইয়া থাকে।

ক্যাল্ক-ফ্স।—ম্যাগ্নেশিয়া-ফ্স বিফল হইলে জন্ন বয়স্বা বালিকা ও রক্তেহীনা স্ত্রীলোকদিগের অনিয়মিত ঋতুস্রাবে ইহা বাবহার করিলে জ্বায়ুর দোষ সংশোধিত হয়। স্তন্ত দায়িনী স্ত্রীলোকদিগের ঋতু। জন্ন বয়স্বা বালিকাদিগের নিয়মিত কালের বহু পূর্বে ঋতুস্রাব। জননেজ্রিয়ে দপ্ দপ্ ও অতিশয় সঙ্গমেচছা।

ক্যান্ত স্কোর।—প্রভৃত রক্তন্তাব সহকারে উরু পর্যান্ত সম্প্রসারণ-শীল বেদনা। প্রভৃত ঋতৃত্রাব হইলে এই ঔষধ জরায়র দোষ সংশোধন করিতে বিলক্ষণ সমর্থ (কালী-ফস)। কালী-সলফ।—উদরে পূর্ণতা ও গুরুত্বসংযুক্ত অতিশয় স্বল্প ও বিশ্বিত ঋতুস্রাব। পীত-লেপাবৃত জিহবা।

সেই স-ফদ। — অমগন্ধি বা বিদাহী (অর্থাৎ কোনও স্থানে লাগিলে সে স্থানে ক্ষতোৎপাদনকর) রজ্জাব; সরের ন্থায় লেপাবৃত জিহ্বা; স্মানকণের বিভ্যমানতা।

সিলিশিয়া।—কোষ্ঠকাঠিন্ত সহকারে উগ্রগন্ধি রক্ষ:স্রাব;ঋতুকালে শরীরের বরফের ভায় শাতলতা; শাতল জলে কাজ করার ফলে রোগের উৎপত্তি হইয়া ধাকিলে; অতিশয় কামোন্মাদ।

চিকিৎসিত রোগী।

- (১) এক রমণীর প্রভৃত বজ্ঞাব হইত; অতিরিক্ত আব বশতঃ রোগিণী অতিশয় নীরক্ত হইয়া পড়েন। নীরক্তা ব্যতীত, উদর বেদনা প্রভৃতি কোনও উপদর্গ ছিল না; ফিরম-ফদ ৩× ব্যবহার করা হয়; উহাতে রোগিণী আরোগ্য লাভ করেন।
- (২) আর এক রমণী মাত্র একটা সস্তান প্রসব করিংছিলেন; তাঁহার প্রভূত রক্ষ: স্রাব হইত ; হইবার তাঁহার এত অধিক রক্ষ বহর যে মৃত্যু ঘটিবে ব লগা ভয় হইয়াছিল। পরাক্ষা করিয়া জানা গেল যে, জরায়ু স্ফীত ও ভগ-পথে অনেকটা নামিয়া পড়িয়াছে। জরায়ুর মুথের আরক্ত। ও স্পর্শান্ত্রতা এবং প্রায় অর্জ ইঞ্চি পরিমাণ খোলাছিল। জরায়ুর অভান্তর পূর্ণ ও বহিন্তাগ শক্ত হইয়া পড়িয়াছিল; দিনে ৩।৪ বার করিয়া ম্যাগ ফ্ল ৬× দেওরা হয়; ৩ মাসে জরায়ু স্বাভাবিক আকার ধারণ করে ও তিনি ভাল হন।
- (৩) ৩৪ বংসর বয়স্ক। জনৈকা রমণীর সাধারণতঃ ২।৩ সপ্তাহ পর পরই প্রভূত উচ্জন লোহিত রক্তস্রাব হইত এবং উহ। ৬ দিন স্থায়ী হইত।

রোগিণীর চেহারা অভিশয় শীর্ণ ও রক্তহীন এবং মুখমগুলের পাশ্বুরভা (ফেঁকাশে) ছিল। কিন্তু ঋতুকালে এতদিপরীত ঘটিত অর্থাৎ ঋতুকালে মুখমগুল আরক্তিম হইত ও তৎসহকারে উত্তাপ ও জ্ঞালা বোধ হইত। রক্ত আবিত হওয়া মাত্র যোনি পথেই সংষত (জ্মাট) হইত। এতৎসহ আহার করা মাত্রই ভুক্তদ্রের্য বমন হইয়া উঠিয়া পড়িত ও অতিশয় হর্ব্বলতা ছিল। ঋতুস্রাব যে পর্যান্ত অন্তহ্বত না হইত তাবৎকাল পর্যান্ত ফিরম-ফস ৩× বিচ্প প্রতি ২ ঘণ্টান্তর এবং তৎপর ১ সপ্তাহ কাল প্রত্যাহ প্রাত্তে ও করাত্রিতে এক এক মাত্রা সেবনের বাবস্থা করা হইয়াছিল। এইভাবে ৩ মাস পর্যান্ত প্রবধ ব্যবহারের ফলে রোগিণীর ঋতু ক্রমে স্বাভাবিক আকার ধারণ করে ও সাধারণ স্বাস্থ্যের উন্নতি ঘটে।

(৪) জনৈক রমণীর অতিশয় অধিক পরিমাণ ঋত্সাব হইয়া মৃত্যু ঘটবার সম্ভাবনা জনায় ডাঃ ডেভিসকে আহ্বান করা হয়। য়থনই তাহার ঋতুস্রাব হইত তথনই এইরপ জীবনের আশা থাকিত না। চিকিৎসক পরীকান্তে রোগিণীর জরায়ু অতিশয় কঠিন ও ফীত হইয়াছে জানিতে পারিলেন। ৬ বৎশর পূর্বে রোগিণীর ১টা সম্ভান জন্মে। তাহার পর হইতেই তিনি পেটে গুরুত্ব অন্নভব করিতে থাকেন। জরায়ু ক্রমশঃ বর্দ্ধিত হইয়া বর্ত্তমান আকার ধারণ করে। ডাক্রার যথন তাঁহাকে দেখেন তথন তাঁহার জয়ায়ু বিদ্ধিত হইয়। য়োনিপথে নামিয়া পড়িয়াছিল। ইহা দেখিয়া চিকিৎসক প্রতি ৪ ঘণ্টান্তর এক এক মাত্রা ক্রারু প্রদান করেন। এই ভাবে ঔষধ ব্যবহার করায় ৪—৬ সপ্তাহ মধ্যেই তাঁহার জরায়ু ক্রমশঃ চোট হইয়া স্বাভাবিক আকার প্রাপ্ত হইয়াছিল।

Mental Conditions — মেণ্টাল কণ্ডিস্ন্স, মানসিকভাব বা অবস্থা।

চিকিৎসা

কালী-ক্সন। —ইহা মন্তিক্ষের ক্রিয়া-বিকারের সর্বপ্রধান ঔষধ।
অভিশর নিরুংসাহিতা, সহক্ষে ক্রোধের আবেশ ও অধৈর্য। নির্দ্রাহীনতা
বা শ্বৃতিক্ষীণতা। অভিশর অধারন বা মানসিক শ্রম জনিত মন্তিক্ষের
ত্ববলতা। চিন্তা করিতে অক্ষমতা। প্রায়বীয়তা, লজ্জা, অন্তিরতা,
ভয়, বৃদ্ধিহীনতাও গোলমালে বিরক্তি। অভিশর দীর্ঘস্তিতা, অভীত
বিষয়ের চিন্তা, বিষয়তা, ত্বলিতা। মানসিক বিভ্রম, মিথ্যা ধারণা বা কল্পনা
একাকী থাকিতে ইচ্ছা। ইন্ট্রোলা ও অবসাদ। প্রত্যেক বিষয়েরই মন্দ
দিক দর্শন। নিদ্রিতাবস্থায় ইন্ট্রেলা ও বিলাপ করা। শিশুদিগের
রাত্রিকালীন ভয়। সামান্ত মনোবিকারে মুখমগুলের আরক্ততা। সহজেই
উত্তেক্তিত হয় বা শিহরিয়া উঠে। শিশুদিগের অভিশয় থিট্থিটে স্বভাব।
শিশুদিগের ভয় বা চিৎকার করা। অশ্রন্থার প্রবশ্তা। উন্মন্ততা;
মৃক্তিপূর্ণ চিন্তা সংগ্রহে অসমর্থতা। বিভিন্ন প্রকারের উন্মন্ততা ও উহার
বিভিন্ন অবস্থায় ইহা উপযোগী (ফিরম—ফসও ব্যবহার্য্য)। মত্যপাশ্রীদিগের

হিংনুম হৃচসা—ক্রোধের মন্দ্রুল। মন্তিক্ষে**র র**ক্তাধিক্য বশতঃ উন্মত্ততাবাতজন অবস্থা।

কেট্রম-রিউর।— ছংস্পন্দন সহকারে বিষয়তা; ভবিষ্যৎ বিষয়ে আশ্বা। নিরুৎসাহিতাও বিমর্বতা সহকারে কোষ্ঠকাঠিক্য। অশ্রুপ্রাব প্রবর্ণতা। মন্ত্রপায়ীদিগের অনিদ্রাও কম্পন সংযুক্ত প্রকাপ। ম্যান্ত্রশিক্ষা ক্ষস।—দর্শনেজিয়াদির বিভ্রম। মানসিক পরিশ্রমে অনিক্ষা। চিস্তা করিতে অক্ষয়তা।

লেইম-সলফ ।—আত্মহত্যার প্রবৃত্তি (পিত্তপ্রাবের বিশৃঙ্খলা হৈতু)।

(চিকিৎসিত রোগী)

- (১) ৪৪ বংসর বয়য় একব্যক্তির ধর্মোয়াদ জয়ে। সে সর্বাদা বিলাপ করিত, চিৎকার করিত, হাত মোচড়াইত এবং পরিধের কাপড়, কাগজপত্র যাহা সম্মুথে পাইত তাহাই ছিড়িয়া টুক্ড়া টুক্ড়া করিত। তাঁহার চারিদিকের পরিচিত যাক্তিদিগকেও সে চিনিতে পারিত না এবং ঘুমাইতে পারিত না। সে চারিদিকে কেবল শৃষ্ঠ দৃষ্টিপাত করিত। ছই জনের কমে তাহাকে ধরিয়া বসাইতে পারা যাইত না। ঔষধ বা থাছবল্প খাওয়াইতে হইলে জোর করিয়া নাক চাপিয়া ধরিয়া তবে সামান্ত কিছু খাওয়াইতে পারা যাইত। কালী-ফ্স বাবস্থা করা হয়। তাহাতেই সে ভাল হয়।
- (২) ৮০ বংশর বয়য় জনৈক বৃদ্ধের বিষাদ বায়ু (মেলুাক্ষোলিয়া)

 জন্ম। তাহার জাবনে বিভূজা জন্মিয়াছিল, কিন্তু মৃত্যুভয়ও ছিল; সকলকে
 দেখিলেই সন্দেহ জন্মিত; সর্বাদাই বিষয়ভাবে বদিয়া থাকিত। প্রথমে
 বহু প্রকার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করা হয়। কিন্তু তাহাতে কোন
 ফল না দশিলে শেষে কালী-ফ্স ব্যবহার করা য়য়। ইহাতেই রোগী
 সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করে।
- (৩) ২৬ বংসর বয়স্ক এক মুবককে দেখিতে যদিও বলিষ্ঠ ছিল এবং তাহার উত্তম ক্ষুধা হইত, তথাপি তাহাকে কোন প্রশ্ন জিজ্ঞাসা করিলে 'হাঁ' বা 'না" বাতীত অন্ত কোন কথা বলিত না। এবং এই যে 'হাঁ' বা 'না" বিলিত তাহাও অতিশয় জড় বুদ্ধি ব্যঞ্জক ছিল। তাহার আচার বাবহারও নেহাৎ ছেলে-মামুষের মত ছিল। রোগীকে পরীক্ষা করায় তাহার সমুদায়

দস্ত ক্ষয়প্রাপ্ত হইয়াছে ও মস্তিক্ষের এক পার্ম (বাম) অপর পার্ম হইতে অপেক্ষাক্তত ছোট বলিয়' জানা যায়। সে অতিশয় স্নায়বীয় প্রকৃতির ছিল, কোণাও ৫ মিনিট কাল বসিয়া থাকিতে পারিত না। যথন তাহার সায়বীয় উত্তেজনা বাড়িত, তথন সে নিজের পরিধেয় কাপড় চোপড় ছিড়িয়া টুক্ড়া করিয়া চতুর্দ্দিকে উড়াইয়া দিত ও একেবারে উলঙ্গ হইয়া পড়িত। নিকটস্থ কাহাকেও চিনিতে পারিত না। লক্ষ্যশৃত্য দৃষ্টিতে কট্মট করিয়া তাকাইত।

একমাত্র জননী ব্যতীত আর কাহাকেও বড় ভয় বা সম্মান করিত না।
তাহার হস্ত-মৈথুনের অভ্যাসও ছিলনা, কোনও বিষয়েই তাহার চিত্ত আরুষ্ট
হইত বলিয়া মনে হইত না। এই যুবক ৭ম গর্ভজাত ছিল। কতিপর
বৎসরব্যাপা এলোপ্যাথিক চিকিৎসায় ইহার কোন উপকারই দেখা গিয়াছিল
না। ইহার পিতামাতা ও অক্তান্য লাতাভগিনী সকলেই বেশ বলশালা ও
স্কুকায় ছিল। প্রশ্নের উত্তরে জানা, গেল এই যুবক যথন গর্ভে ছিল তথন
তাহার মাতা কোন প্রকার ভয় বা মানসিক অশান্তি ভোগ করেন নাই,
পক্ষাস্তরে, তিনি ঐ সময় বেশ প্রফ্লাস্ত:করণেই ছিলেন। তথন
ইহার জন্ত ম্যাগ-ফ্ল ৩× ও ক্যান্ত-ফ্ল ৩× (৫ গ্রেণ মাত্রায়) দিনে প্রভি
ঘণ্টায় পর্যায়ক্রমে ব্যবহারের উপদেশ দেওয়া গেল। ইহাতেই ক্রমশঃ
তাহার অবস্থার উন্নতি দেখা যাইতে শাগিল। ৮ মাস ঔষধ ব্যবহার
করার ফলে সে কাজকর্ম্ম করিয়া থাইতে সমগ্য হইয়াছিল।

Metritis — মিক্রাইটিস।

জরায়প্রদাহ

প্রসবের বা গর্ভস্রাবের পর রক্ত দ্বিত হওয়া, বা প্রসবের অরকাশ পরে সদি লাগা, আঘাত, পতন, ঋতৃকালে অধিকক্ষণ দাঁড়ান বা বেড়ান এবং অতিরিক্ত মৈথুন প্রভৃতি কাবলে এই রোগ জন্ম। প্রথমে কম্প এবং তৎপর ক্রভনাডী ও জ্বর, নিমোদরে, কোমরে ও উরুতে বেদনা; জরায়তে গুরুত্ব ও ক্ষীততা অমুভব, মৃত্রত্যাগে কন্ত এবং বিবমিষা ও বমন ইত্যাদি ইহার শক্ষণ।

চিকিৎসা।

ফিরম-ফস।—প্রারম্ভ বা প্রাদাহিক অবস্থায় জর, বেদনা ও রক্ত-সঞ্চয় হ্রাস করিবার নিমিত্ত ব্যবহৃত হয়। জরায়্-প্রদেশে উষ্ণ সেকও উপকারী।

কালী-মিউর।—প্রদাহের দিতীয়াবস্থায় জরায়ু ফীত হইর। উঠিলে। জরায়ুর পুরাতন রক্তসঞ্চয়।

Mouth, Diseases of — মাউথ, ডিজিজেস অব — মুখের রোগ।

ফির্ম-ক্ষস ।—মুখের ষে কোন রোগে প্রাদাহিক অবস্থায় ইহ। ব্যবস্থেয়। মাড়ির ক্ষত, আরক্ততা ও বেদনা।

কালী-মিউর।—শিশু বা শুক্তদায়িনীদিগের মুখের খেতবর্ণ ক্ষত। প্রভূত লালাস্রাব বিশিষ্ট মুখ ক্ষত (নেট্রম-মিউর); মাড়ির ক্ষতে পূয জান্মি- বার পূর্বে। মাড়ির অতিশয় ক্ষীততা সহ গাচ শ্বেতাভ স্রাব নিঃসবণ।

নেট্ম ফস।—মুখের ক্তে সরের স্থায় পীতবর্ণ প্রাব নি:স্ত ত্তলৈ ইতা অতি উৎকৃষ্ট ঔষধ। অমু লক্ষণের বিভাষানতা।

ক্যাল্স-ফস।—মাড়ির পাণ্ডুবর্ণ (রক্তহীনতার লক্ষণ) থাকিলে একট দীর্ঘকাল এই ঔষধ ও তৎপর ফিরম-ফস ব্যবহার করিবে। দস্তোদগম কালে মাডিতে বেদনা (ফিরম-ফস)।

কালী-ফস।-মুখের পচাক্ষত। স্কার্ভি রোগ। হুর্গন্ধি খাস-প্রখাস। মাড়ি হইতে রক্তপাত। উজ্জ্ব-আরক্ত প্রান্ত বিশিষ্ট মাডি।

নেট্রম-মিউর।—প্রভূত লালাম্রাব। মুখের চারিদিকে ফোন্ধার নাায় পীডকা।

কালী-সলফ।--নিমোষ্ঠের শ্লেমা-প্রাবী ঝিল্লার শুম্বতা ও পতন (উঠিয়া হাওয়া)।

ক্যাল্প-তফু ার।—হমু বা চোয়ালের কঠিন ক্ষীভতা ও তৎসহ স্ফোটক।

Miscarriage — মিদ্ক্যারেজ — গর্ভপ্রাব।

(গর্ভ ও প্রসবেদনা দ্রফব্য)।

Morning Sickness — মর্ণি সিকনেস্ গভিণীদিগের প্রাতঃকালীন বিব্যাষা।

(চিকিৎসা)

নেট ম মিউর।—প্রাভঃকালীন বিবমিষা সহকারে জলবৎ ফেণিল শ্লেমা বমন। পুনঃ পুনঃ মুখদিয়া প্রভৃত জল বা লালাস্রাব। অভিশয় কুধা মনে হয় ষেন পেটে কিছুই নাই, কিন্তু কোন জিনিষেই রুচি জয়োনা।

নেট, ম-ফ্স ।—অমপদার্থ বমন সংযুক্ত প্রাতঃকালীন বিবমিষা।
ফিরম-ফ্স ।—আহারের পর ভুক্তদ্রব্য বমন। ইহাতে উপকার
না হইলে পর্য্যায়ক্রমে ক্যাল্ক ফস দিবে।

মন্তব্য।—অনেক সময় থালিপেটে থাকার দরুণ গর্ভিণীদিগের বিবমিষা ও বমন জন্মে, এরপাবস্থায় গর্ভিণীকে সকালে কিছু খাইতে দেওয়া কর্ত্তব্য। রোগিণীর বেশী নড়া চড়া কর্ত্তব্য নহে। শঘু ও বলকর পথা দেওয়া বিহিত।

Mucous membranes — মিউকঃদ মেম্বেন্স — শ্লৈছিক ঝিল্লীর রোগ।

স্রাবের বিশেষ বিশেষ প্রকৃতি অনুসারে বিভিন্ন ঔষধ ব্যবহৃত হইয়।
থাকে। তাহা নিমে প্রদর্শিত হইল। যথ:—

এব মেনের ভার প্রেত্মা -- ক্যাল-ফ্স ।

তন্ত্বময় (ফাইব্রিনঃস)—কালী-মিউর।
পীতাভ, ক্ষুদ্র ক্ষুদ্র হল্ছেন্ত শ্লেমাথণ্ড —ক্যান্ধ-ফোর
পীতবর্ণ, স্বর্ণের ন্যান্ধ বর্ণ বিশিষ্ট—নেউম-ফস।
সবুজাভ শ্লেমা—কালী-সলফ।
পরিষ্কার, স্বচ্ছ—নেউম-মিউর।
পৃষাক্ত শ্লেমা—ক্যান্ধ-সলফ।
অতিশয় হুর্গন্ধ বিশিষ্ট—কালী-ফস।
ক্ষতকর—নেউম মিউর, ক্যালী-ফস।

Mumps — মঃস্পদ,-কর্ণমূল-গ্রন্থির প্রদাহ।

লালাপ্রাৰী গ্রন্থি, বিশেষতঃ কর্ণমূলের প্রাদাহিক ক্ষীততাকে কর্ণমূল-প্রদাহ বলে। এই রোগে সময় সময় সদি লাগিয়া বা শীতল প্রয়োগ বশতঃ সহসা গ্রাবাদির ক্ষীততা বিলীন হইয়া পুরুষের অগুকোষ এবং স্ত্রীলোকের স্তন ক্ষীত হইয়া উঠে। এই রোগ অতিশয় সংক্রামক, কিন্তু বিপজ্জনক নহে। এই রোগের প্রারম্ভাবস্থায় জর থাকে।

> (গ্রন্থির রোগ দ্রফীব্য) (চিকিৎসা)

ক্ষির্ম-ক্ষস।—রোগের প্রারম্ভাবস্থায় জর লক্ষণ বিভ্যমান থাকিলে। কালী মিউর। — ইহা গ্রন্থির ক্ষীততার প্রধান ঔষধ। অধিকাংশ স্থলে ইহ। ফিরম-ফদের সহিত পর্য্যায়ক্রমে ব্যবহার করিলে বিলক্ষণ উপকার দর্শে।

েন্ট্রম-মিউর।— প্রভূত শাশাশ্রাব অথবা অণ্ডের স্ফীততা সংযুক্ত রোগে অপর কোনও ব্যবস্থেয় ঔষধের সহিত পর্য্যায়ক্রমে বা অস্তব্যতী ঔষধ স্বরূপ ব্যবস্থৃত হয়।

পথ্যাপথ্য।—গিলিতে কট হয় বলিয়া অর্দ্ধ তরল পথ্য ব্যবস্থা করিবে। দিনে ৩।৪ বার উষ্ণ সেক দেওয়াও রুপ্প স্থান ফ্লানেল দিয়া জড়াইয়া রাথা কর্ত্তব্য।

Neuralgia — নিউর্যালজিয়া — স্নায়ুশূল।

(চিকিৎসা)

ফিরম-ফস।—প্রাদাহিক কারণ জনিত স্নায়ু-শূল। ঠাণ্ডা লাগার দরুণ প্রবল দপদপকর অথবা প্রেকবিদ্ধবৎ বেদনা। কোন এক চক্ষুর উপরে বা কপালে আর্দ্ধ শির:শূল। ইহাতে উপকার না হইলে ক্যান্ধ-ফস দিবে। স্নায়ু-শূল সহকারে মুখমণ্ডলের আরক্ততা, জালাকর উত্তাপ, জর ইত্যাদি।

ম্যাহেশ্রশিরা কস। — সকল প্রকার স্নায়ু-শ্লেই উত্তপ্ততার উপশম ও শাতলতার বৃদ্ধি লক্ষণ থাকিলে ইহা স্থবাবস্থেয়। তীত্র খোঁচা বা চিড়িক মারার ভার বেদনা, বক্ষে আকুঞ্চক বেদনা; আক্ষেপিক বা খান্দ ধরার ভার এবং ভেদন অথবা মােচড়ানবং বেদনা; থাকিয়া থাকিয়া বেদনা

উঠে। স্বায়র গতি অমুসারে বেদনার গতি। মুথমগুলের স্বায়ুশূল; উষ্ণগৃহে উপশম, বিমৃক্ত বায়ুতে বৃদ্ধি।

কালী-ফ্স 1 — রক্তহীন সায়বিক প্রকৃতির ব্যক্তিদিগের রোগে উপকারী; স্বায়্শূল সহকারে ক্রোধপ্রবণতা ও থিটখিটে স্বভাব। আস্তে আস্তে নড়িলে চড়িলে উপশম। একাকা থাকিলে, উপবিষ্ট অবস্থা হইতে উত্থানকালে অথবা অতিরিক্ত পরিশ্রমে বৃদ্ধি। স্বায়্শূল সহকারে অতিশয় তুর্বলতা ও বলক্ষয়। আলোক ও গোলমালে বিদ্বেষ। শিরংশূল সহকারে নিদ্রাহানতা ও স্বায়বীয়তা, বেদনাকালে কর্ণে গুণ গুণ শব্দ।

ক্যাৰ ফ্যা ।—কোন ব্যবস্থের ঔষধে স্থফণ প্রাপ্ত না হইলে।
(পুরাতন রোগে অন্তর্কার্তী ঔষধ স্বরূপ) রাত্রিতে নির্দারিত সময়ে বেদনার
উপস্থিতি। মনে হয় যেন হাড়ে বেদনা করে। অবশতা ও ঠাণ্ডা স্থড়স্থড়ির
ভায় অনুভব সহকারে বেদনা। রাত্রিতে ও ঝড় বৃষ্টির দিনে বৃদ্ধি।
গুহুদারের সায়্শূল, মলত্যাগের পব অনেকক্ষণ পর্যান্ত বেদনার বিভ্যমানতা।

নেট্রম-াম উর।—লালা ও অপ্রশাব সহকারে থাকিয়া থাকিয়া লায়ু-শূলের উপস্থিতি। খোঁচামারা বা তারিবিদ্ধবং বেদনা। নেট্রম-মিউর ও মাারেশিয়া-ফদের বেদনার প্রকৃতি ঠিক একই রকম। উভয়ের পার্থক্য এই বে. নেট্রম-মিউরে প্রচুর অক্র বা লালা আব থাকে মাারেশিয়া-ফদে থাকে না। মুখমগুলের লায়ুশুল।

কালী-মিউর।—প্রবল বেদনা সহকারে খেত বা পাংগুটে খেত বর্ণের লেপারত জিহবা।

কালী-ফস।—সন্ধ্যাকালে বা উষ্ণ বার্তে বৃদ্ধি, শীতল বিমৃক্ত বারতে উপশ্য।

সিলিশিরা।—অসম্যক পরিপোষিত ব্যক্তিদিগের হর্দম্য রোগ। মাঝে মাঝে দেওয়া কর্ত্তব্য।

Ophthalmia---অপথ্যালিমিয়া - চক্ষুউঠা।

চক্ষুর খেতাংশের লালবর্ণ, চক্ষে বালুকণা বা কণ্টকবেধের স্থায় অমুভব, জল বা পূষ পড়া, চক্ষু কুট্কুট্ করা, অনবরত চক্ষু মুছিবার প্রবৃত্তি ও আলোকাসহ্যতা এই রোগের প্রধান লক্ষণ।

রৌদ্র, হিম বা শীত লাগা এবং চক্ষে ধূলিকণা, ধূম বা বাতাস লাগিলে এই রোগ জন্মে। হাম ও প্রমেহ জনিতও চক্ষু প্রদাহ জনিয়া থাকে।

চিকিৎসা।

ফিব্লম-ফস —সকল প্রকার প্রাদাহিক লক্ষণ সকল বিভ্যমান থাকিলে ইহা ব্যবস্থেয়।

নেট্রম-ফস।—শিশুদিগের চকু উঠার ইহা উৎকৃষ্ট প্রধ। সভজাত শিশুদিগের চকু হইতে পৃষাক্ত আব নি:সরণ। সরের ভাষ পৃষ্জাব।

काली मलक ।- मतुकाछ शृयसाव।

ক্যাক্স-সলফ।—গাঢ়, কখন কখন বা রক্তমিশ্রিত পূষবং প্রাব নিঃসরণ। গাঢ়, পীতবর্ণ প্রাব।

(চক্ষুরোগ দ্রম্টব্য)

Orchitis — অর্কাইটিস,অগুকোষ-প্রদাহ, একশিরা

আঘাত, উপঘাত, প্রমেহ বা উপদংশজ বিষ এবং শীত ও ঠাণ্ডা লাগিয়া এইরোগ জন্মিতে পারে। এক বা উভয় অগুই আক্রান্ত হইতে পারে। রোগাক্রান্ত অণ্ডের অভিশয় ক্ষীততা ও বেদনা থাকে। হাত বা কোন প্রকারে চাপ লাগিলে অভাস্ত বেদনা করে। স্ফীততা কখন কখন এড বাডিয়া থাকে যে, অণ্ড স্বাভাবিক অবস্থা হইতে প্রায় চারি পাঁচণ্ডণ বড় হইয়া পডে।

(চিকিৎসা)

কালী মিউর।—অণ্ডের প্রদাহ ও ক্ষীততা। প্রমেহের প্রাব বিলোপের ফলে অগুপ্রদাহ জিনালে ইহা প্রধান ঔষধ।

ফিবুম-ফস।—প্রাদাহিক লক্ষণ, যথা—জর, উত্তাপ ও বেদনা शिकत्न।

ক্যাল্স ফস।—অন্তর্কতী ঔষধ স্বরূপ অথবা রোগ পুরাতন আকার খারণ করিলে ইহা ব্যবহৃত হয়।

ক্যাল্স ফ্রোর।—অণ্ডের কঠিন ক্ষীততা।

Pain — পেইন-বেদনা । [শিরঃপীড়া ও স্নায়ুশূল দ্রফব্য] চিকিৎসা

ফিরম-কস।—শরীরের যে কোন স্থানের প্রাদাহিক বেদনায় ইহা ব্যবস্থার করা উচিত। সায়ুশূল, পৃষ্ঠবেদনা, কটি ও উরু প্রদেশের

বেদনা, বুক্ক বেদনা। ফিরম-ফসের সকল স্থানের বেদনাই রোগাক্রাস্ত স্থানে শীতল স্থানিক প্রয়োগে, এবং বেদনা গভীর স্থানে হইলে বাহ্য উষ্ণতায় উপশ্ম হইয়া থাকে।

ম্যান্থেশিয়া-ফস।—ভীত্র, তীরবিদ্ধবৎ, থোঁচামারণর ন্থায় অথবা মোচড়ানবৎ বেদনায় ইহা অভিশয় ফলপ্রদ। এই বেদনা উষ্ণভায় উপশম ও শীতলভায় বৃদ্ধি প্রাপ্ত হয়। খননবৎ, সবিরাম, সায়ুশুল।

কালী মিউর।—ক্ষাততা থাকিলে ফিরম-ফসের পর বা তৎসহ পর্য্যায়ক্রমে ব্যবহার্য।

কালী-ফস।—রোগাক্রান্ত স্থানের থঞ্জতা ও শক্তিশৃন্ততা।
যৎসামান্ত সঞ্চলনে বেদনা ও আড়েষ্টতার উপশম কিন্তু অত্যধিক সঞ্চলনে
উহার বৃদ্ধি। রক্তহান ও ক্রোধপ্রবেশ ব্যক্তিদিগের স্নায়ু শূল। সঞ্চলনের
প্রারন্তে বেদনার বৃদ্ধি, কিন্তু আন্তে আন্তে নড়িলে চড়িলে উপশম।
প্রফুল্লকর ঘটনায় বেদনার হ্রাস।

ক্যাক্স ফস।—বেদন। সহকারে ব্যথিতস্থানে অবশতা ও স্বড়স্বড়ি অনুভব। রাত্রিকালে ও বৃষ্টি বাদলার দিন লক্ষণের বৃদ্ধি। ক্ষয়কর রোগের পরবর্ত্তী বেদনা। কটিবাতে ফিরম-ফস সহ পর্য্যায়ক্রমে ব্যবস্থেয়।

ক্যাট্রম-মিউর :-- ম তারক্ত লাল। বা অঞ্জ্রাব সহকারে বেদনা। ফেণিল লালা দ্বারা লেপাবৃত জিহ্বা। মন্তকে মৃত্ গুরুত্ব সহকারে অঞ্জ্রাব। ম্যাগ্রেশিয়া ফদের বেদনার ক্যায় বেদনা সহকারে অঞ্জ্রাব থাকিলে এই ঔষধ ব্যবহার্যা। সাধারণতঃ প্রাতঃকালে বেদনার বৃদ্ধি।

কালী-সলফ।—একস্থান হইতে অক্সস্থানে সঞ্বণশীল বেদনা। সাধারণতঃ সন্ধ্যাকালে, উষ্ণগৃহে অথবা উষ্ণ বায়ুতে বেদনার বৃদ্ধি এবং শীতল বিমুক্ত বায়ুতে উপশম।

স্থাট্রম-কন।—বেদনা, বিশেষতঃ আমবাতিক বেদনা সহকারে সরের স্থায় পীববর্ণ লেপাবৃত জিহবা। আহারের পরবর্ত্তী বেদনায়, বিশেষতঃ অম লক্ষণ-বিভ্যমন থাকিলে ইহা সবিশেষ উপযোগী।

ক্যাক স্ফোর।—পৃষ্ঠ-বেদনা: কটি-বেদনা। বেদনা সহকারে কোষ্ঠবন্ধতা। অর্শ অথবা জরায়ুর নিমগ্রতা বশতঃ বেদনা।

Paralysis — প্যারালিসিস্, পক্ষাঘাত।

কোন অঙ্গের বা শরীরের অর্জাংশের গতিশক্তির বিলোপকে পক্ষাঘাত বলে। এই রোগে সময়ে সময়ে সঞ্জুন শক্তির সঙ্গে সঙ্গে আক্রান্ত অঙ্গের ম্পর্শক্তানত বিলুপ্ত হইয়া থাকে।

(চিকিৎসা)

কালী-ফস।—হঠাৎ বা ক্রমে ক্রমে এই রোগ উপস্থিত হইলে প্রথমেই এই ঔষধের বিষয় চিন্ত। করা উচিত। স্বর-রজ্জুব পক্ষাঘাত বশতঃ স্বর-নাশ। গতি শক্তির বিলোপ সহকারে জীবনী শক্তির ক্ষীণ্ডা ও মনের পচা গন্ধ। মুথমগুলের পক্ষাঘাত, অদ্ধাঙ্গের পক্ষাঘাত বা শিশুদিগের পক্ষাঘাতে ইহা প্রধান ঔষধ।

ম্যাত্রেশিক্সা কদ। —হস্ত বা মস্তকের অনৈচ্ছিক কম্পন (ক্যান্ত ফদ)। পেনার পক্ষাবাতে কালা-ফ্স সহ পর্যায়ক্রমে।

ক্যাল্য ফস।—নিমাঙ্গে শীতলতা, অবশতা ও স্বতস্তি অমূভব।

সিলিশিয়া।—টেবিস ডর্সেনিস রোগন্ধনিত পক্ষাঘাত। পক্ষাঘাত জস্তু সন্ধির তর্বলতা।

(চিকিৎসিত রোগী)

- (১) জনৈক যুবতী প্রেমভঙ্গে নিরাশ হইয়া আত্ম হত্যার জন্ত এক-প্রকার বিষ সেবন করেন। ভাহাতে তাঁহার মৃত্যু না ঘটিয়া হাত ও পায়ের পক্ষাঘাত জন্মে। ১২ পুরিয়া মাত্র ক্যাল্ল-ফস সেবনেই তাঁহার পক্ষাঘাত সম্পূর্ণরূপে দুরীকৃত হয়।
- (২) ২৪ বৎসর বয়য় এক য়ৄবকের দক্ষিণ গণ্ডের (গালের) পক্ষাঘাত জয়ে। রোগাক্রান্ত স্থানের অবশতা ও স্পর্শজ্ঞান বিলুপ্ত ছিল। মুথ বামদিকে একটু বক্রও ছিল। এফস্ত কথা একটু অস্পষ্ট হইত এবং

হাঁটিবার কালে পদ-বিক্ষেপেরও একটু ব্যক্তিক্রম জন্মিত (shuffling gait) চলৎ-শক্তির এইরপ ব্যক্তিক্রম দেখিয়া লোকোমোটর এটারিঃ জন্মিবে বলিয়া আশঙ্কা হয়। জলে কাজকরার ফলে, অথবা হস্তমৈথুনাদি কিবা অতিরিক্ত ইন্দ্রির পরিচালনার ফলে রোগোৎপত্তি হইয়াছে কিনা জিজ্ঞানা করিলে ভাহাতে অস্বীকার করে। যাহা হউক, কালী-ফন ৩× ও ক্যাক্র ফন ৩× প্রতি ৩ ঘণ্টাস্তর পর্য্যায়ক্রমে সেবনের ব্যবস্থা করা যায়। ২ সপ্তাহ এইরপ ঔষধ ব্যবহারের পর কেবল মাত্র কালী-ফনই সেবনের উপদেশ দেওরা হয়। উহাতে ক্রমে ক্রমে ভাহার যাবতীয় উপদর্গ দ্রীভৃত হইয়াছিল। পরে রোগী ভাহার হস্ত-মৈথুনের অভ্যাস ছিল বলিয়া স্বীকার করে।

Pthisis Pulmonalis — যক্ষাকাশ

(কনজম্পশন দ্রস্টব্য)

Pleurisy — প্লু রিসি — ফুসফুসবেষ্ট-প্রদাহ।

ফুসকুসের আবরণ ঝিল্লীর প্রদাহকে ফুসফুসবেষ্ট প্রদাহ বলে। ইহার লক্ষণ প্রায়ই ফুসফুস-প্রদাহের স্থায়'।

ফিরম ফস।—এই রোগের প্রারম্ভাবস্থায় জ্বর, পার্শ্বে স্কৃচিবিদ্ধবৎ বা চিড়িক মার! বেদনা, হ্রন্থ কাস এবং শ্বাস-প্রশ্বাসে কন্ত থাকিলে ইহা অভিশয় ফলপ্রদ। বুকে উষ্ণ গেক দেওয়া কর্ত্তব্য।

কালী মিউর।—রোগের দিতীয়াবস্থায় যথন ফুসফুস-বেষ্টদ্বয়ের মধ্যে চটচটে আব ক্ষরিত হয় তথন ইহা ব্যবহার্য্য। শ্বেত বা পাংশুটে শ্বেত লেপার্ত ভিহবা।

নেট্ম মিউর — ফ্স ফ্স-বেইছয়ের মধ্যে জলবং আব ক্ষরিত হইলে ইহা উৎকৃষ্ট ঔষধ। রোগের পরও যদি এরপ রসক্ষরণ জলে, তথনও ইহা ব্যবহার্য।

ক্যাক্স-সালফ। — ফুসফুস-বেইদ্বয়ের মধ্যে পূষ সঞ্জিত হইলে ইহা ব্যবহার্যা।

ক্যাল্ক ফস। —পুরাতন রোগী। প্রতি খাদেই বৃকে বেদনা অম্বভব।
(নিউমোনিয়া দ্রষ্টব্য)

Pneumonia – নিউমোনিয়া, ফুসফুস প্রদাহ।

ফুসফুসের মূল উপাদানের প্রদাহকে নিউমোনিয়া বলে। ইহাতে এক বা উভয় ফুদফুদই আক্রান্ত হইতে পারে। নিউমোনিয়ার তিন অবস্থা দেখিতে পাওয়া যায়। সাধারণতঃ নাত বোধ পূর্ব্বক জর হইয়া এই রোগের আরম্ভ হয়। জর ১০৩ ডিগ্রী হইতে ১০৬ বা ৭ ডিগ্রী পর্য্যস্ত উঠিয়া থাকে। প্রথমতঃ জর সহকারে বকে বেদনা ও কাসি থাকে এবং অল অল আঠা আঠা শ্লেমা অংবিত হয়। অনস্তর এই শ্লেমা মরিচার বা ইষ্টক চর্ণের বর্ণ ধারণ করে। কাসিবার কালে বকে আকৃঞ্চন অমুভব, ক্রন্ত শ্বাস, মাথাধরা ও নি:খাস-প্রখাসে কট্ট থাকে। পরে দ্বিতীয় অবস্থা প্রকাশ পায়। এই অবস্থায় বেদনা হাস পড়ে, কাসে ভত কটু হয় না, শ্লেমা সহজে উঠে এবং উহার হৃশ্ছেমতা ও আরক্ততা দুর হয় কিন্তু খাসের দ্রুততা তথনও বর্তমান থাকে। ইহার পর তৃতীয় অবস্থা প্রকাশ পায়। এই অবস্থায় রোগ আরোগ্যের দিকে গেলে হ্রর কম পড়ে, খাসের ক্রততা হ্রাস প্রাপ্ত হয়, কাস ও শ্লেমাস্রাবের লাবব জন্মে, কুধা প্রত্যাবৃত্ত হয় ও রোগী ক্রমশঃ স্কৃষ্ণ বোধ করে। কিন্তু পক্ষান্তরে ফুসফুদে পূব উৎপন্ন হইলে নাড়ী ক্রতভর ও ক্ষীততর, শ্বাস দ্রুততর, শ্লেমা পূষাক্ত ও প্রচুর দর্ম হয় এবং অবশেষে তুর্বলভাবশতঃ রোগীর মৃত্যু ঘটে। কথন কথন পূষ তুলিবার অক্ষমত। নিবন্ধন শ্বাস-রোধবশতঃ রোগীর মৃত্যু ঘটিয়া থাকে।

(চিকিৎসা)

ফিরম-ফস।—ফুসফুস-প্রদাহের প্রারম্ভ অর্থাৎ রক্তসঞ্চিতাবস্থায় ইহা প্রধান ঔষধ। উচ্চ গাতোভাপ, ঘন ও আয়াসিত খাস-প্রখাস, অন্থি- রতা, উদাসীনতা ও সময় সময় তব্দাল্তা। যে পর্যান্ত প্রচুর ঘর্মপ্রাব হইয়ারোগী একটু স্থন্থ বোধ না করে, সে পর্যান্ত ইহা ব্যবহার করা কর্ত্তবা। প্রাদাহিক অবস্থার পর ক্সফুসে শ্লেয়া সঞ্চিত হইলে ইহা ঘারা আর কোনও উপকার দর্শে না। শিশু ও বৃদ্ধদিগের ফুসফুস-প্রদাহে ইহা বিশেষ উপ-যোগী। পরিক্ষার রক্ত নিজীবন। ডা: গরেন্দি বলেন যে ফুসফুস-প্রদাহের প্রারম্ভাবস্থায় রক্ত নিজীবিত হইলে ইহা অভিশয় নির্ভর্বোগ্য ঔষধ। ফুসফুসের শিথর-দেশ ষক্তের ভায় নিরেট অবস্থা ধারণ করিলেও ইহা ব্যবহার্যা।

শহিরতা ও নড়িলে চড়িলে বিশেষরূপে বেদনা শস্কুতব না করিলেও (একোনাইট ও জেলসিমিরমের মাঝামাঝি অবস্থা . ইহা ব্যবহৃত হয়। টেথস্কোপ দ্বারা পরীক্ষা কালে বুকে চিড়চিড় শব্দ (crepitant rales) শ্রুত হইলে। মরিচার স্থায় বর্ণ বিশিষ্ট শ্লেমা নিষ্ঠীবন। ডাঃ লরেন্দ বলেন, এই রোগের চিকিৎসায় ভিরেট্রন-ভিরিডি ও এই ঔষধ দ্বারা ধেরূপ কল প্রাপ্ত হইয়াছি অপর কোনও ঔষধ দ্বারা ভ্রুপে স্কুফল প্রাপ্ত হই নাই।"

কালী মিউর।—তন্তময় পদার্থ বিশিষ্ট নিষ্ঠীবন। খেত লেপাবৃত জিহবা খেতবর্ণ, হম্ছেছ (আঠা আঠা) শ্লেমা। ফুসফুস-প্রদাহের সহিত কণ্ঠ নাসিকা ও কর্ণে প্রতিশ্রায়ের (সদ্দি) ভাব লক্ষিত হইলে এবং এই রোগের ভোগকালে হৃদ্ লক্ষণ বা শোথের ভাব বিছমান থাকিলেও, ইহা বিশিষ্টরূপে উপযোগী।

ম্যোগ-ফ্রুস।—শ্লেম। নিষ্ঠীবন ব্যতীত সময় সময় আক্ষেপিক কাসের উপস্থিতি। বুকে সঙ্কোচন অর্থাৎ এটেধরার স্থায় অমুভব। রাত্রিকালে এবং শক্ষিতাবস্থায় কাসের বৃদ্ধি।

কালী ফ্সা — গারিপাতিক অবস্থা। স্বায়ুমগুলের অবসরতা, নিদ্রা-হীনভা, অভিশয় ত্র্বলভা, ঘন খাস, ত্র্গন্ধি শ্লেমা নিষ্ঠাবন, স্বরভঙ্ক, গাঢ়, হরিদ্রাবর্ণ, লবণাক্ত নিষ্ঠাবন। আক্ষেপিক কাস সহকারে প্রভৃত, ফেণিল ও রক্তাক্ত শ্লেমা নিষ্ঠাবন, মনে হয় রোগীর খাস রোধ বশতঃ মৃত্যু ঘটবে।

সিলিশিয়া।—প্রাতন ও উপেক্ষিত রোগের পূষসঞ্চিতাবস্থা।

চিৎ হইয়া ভইলে খাসকষ্ট। ফুসফুসের গভীর-প্রদেশে বেদনা, শিথিল

বড় ঘড় শব্দ বিশিষ্ট গ্লেমা। নৈশজর, প্রভৃত নৈশ্বর্ম এবং গ্রুবল্ডা।

ক্যাক্স-ক্ষা — শিশুদিগের রোগে বিশেষ ফলপ্রাদ। কাসিতে কাসিতে হরিদ্রা বর্ণের শ্লেমা উঠে। প্রাতে বৃদ্ধি, বৃকে চিড়িক মারা বা স্কচিবিদ্ধবং অথবা ক্ষতবং বেদন।।

কালী-সলক। — ফিরম-ফস ব্যবহার করিয়াও যাদ পর্যাপ্তরূপে ঘর্মপ্রাব না হয়, তবে তৎ সহকারে পর্যায়ক্রমে এই ঔষধ ব্যবহার করিবে। গলায় সাঁই সাঁই বা ঘড়্ ঘড়্ শব্দ সহকারে পীতবর্গ, তরল অথবা জলবৎ পীতবর্গ মেয়া নিষ্ঠাবন পরিত্যক্ত হইলে ইহা সবিশেষ উপযোগী। কাসিবার কালে শ্রেমা কতকটা উঠিয়া পুনরায় পশ্চাদ্দিকে সরিয়া পড়ে ও উহা গিলিয়া ফোলতে হয়। খাস রোধের ত্যায় অনুভব। সাগো বাতাস পাইবার ইছো।

কাসিবার কালে হাতদারা বুক ধরিতে হয়। সন্ধ্যাকালে তাপের বৃদ্ধি। পূষ নিষ্ঠাবন বিশিষ্ট ফুসফুস প্রদাহ।

নেটুম-মিউর। — ফুসক্স প্রদাহে পরিষার, ফেণিল, ও ঘড়্ ঘড়্
শব্দ বিশিষ্ট তরল শ্লেমা নিষ্ঠীবন এই ঔষধের পরিচালক লক্ষণ। জিহুবার
উভয় পার্শ্বে লালার বুদ্দের বিশ্বমানতা। বিরক্তিকর কাস সহকারে গুরুত্ব
ও আঘাত্তিবৎ বেদনাবিশিষ্ট শিরঃপীড়া।

মম্ভব্য।

এই রোগে রোগীর গৃহ উষ্ণ ও শরীর উষ্ণ বস্তাবৃত রাখা উচিৎ। বক্ষঃস্থলের সকল প্রকার প্রাদাহিক রোগেই উচ্চ বালিশে ঠেকা দিয়া বুক উচু করিয়া রাখা উপকারী। দীর্ঘ ও পুরু মদিনার পোল্টিস্ছারা অবিরত বক্ষঃস্থল ও পৃষ্ঠ আর্ত রাখিলে অতিশয় উপকার দর্শে। রোগীর চুপ করিয়া থাকা উচিত। সাগু, এরারট, বালি প্রভৃতি এই রোগে পথ্য।

কভিপয় লাবণিক পদার্থের অভাবই এই রোগের কারণ। স্থতরাং লক্ষণদৃষ্টে উহার অভাব পরিপূরণ করিতে পারিলেই রোগ আরোগ্য প্রাপ্ত হয়। প্রথম বা প্রাদাহিক অবস্থায় ফিরম ফদের সহিত পর্যায়ক্রমে কালী-মিউর দিলে স্থানিক প্রদাহ ও জর প্রভৃতির বিরাম এবং দেহ হইতে আগুলালিক পদার্থের নিস্রব প্রতিক্রম হয়। ফেণিল শ্লেমা নেট্রম-মিউর জ্ঞাপক। ঐ লক্ষণে ইহা দিলে অভিশয় উপকার দর্শে। রোগের দ্বিতীয়াব্রায় ত্রক যখন অভিশয় শুক্ষ থাকে তথন কালী সলফ ব্যবহার করা উচিং। উষ্ণ জলের সহিত ইহার কভিপয় মাত্রা দিলে নিশ্চয়ই ঘণ্মপ্রাব হইয়া অভিশয় উপকার দর্শে। মধ্যে গরম জল থাইতে দেওয়া এবং গরম জলে পরিকার নেকড়া কিয়া গামছা ভিজাইয়া উত্মরূপে নিংড়াইয়া উহা দ্বারা দিনে হইবার করিয়া রোগীর গা উত্তমরূপে মুছিয়া ফেলাও অভিশয় উপকারী। অভিশয় আস্তে আস্তে বুক ও পিঠ মুছিয়া ফেলাও অভিশয় উপকারী। অভিশয় আস্তে আস্তে বুক ও পিঠ মুছিয়া ফেলাও উচিৎ, যেন উহাতে রোগীর বুকে বেদনা বা কন্ট না হয়।

Rheumatism — রিউমেটিজম্ — বাত, আমবাত।

ইহাকে সাধারণতঃ বাতের ব্যারাম বলে। শরীরে ল্যান্টিক এসিডের আধিক্য হইলে এই রোগ জন্মিয়া থাকে। রোগের প্রারম্ভে জর হয় এবং জরের সঙ্গে সন্ধিস্থল (গাইট, জয়েণ্টস্) ক্ষীত. আরক্ত ও বেদনাযুক্ত হইয়া উঠে। নজিলে চজিলে এই বেদনা অতাস্ত র্দ্ধি পায়। কথন কথন বা সমস্ত সন্ধিই পূর্ব্বোক্তরূপে ক্ষীত ও ব্যথিত হইয়া উঠে। এই বোগে ত্বক অতিশয় উত্তপ্ত ও হুর্গন্ধি অয় গরুর্ফু ঘর্ম্মে আরক্ত থাকে। সময়্ম সময় বেদনা এক সন্ধি হইতে অক্ত সন্ধিতে নজিয়া চজিয়া বেজায়। এই রোগ ২০০ সপ্তাহ পর আরোগ্য হয়, নতুবা পুরাতন আকার ধারণ করে। আমবাতে জর ১০৪০ ডিগ্রী পর্যান্ত উঠিয়া থাকে। ১০৪ ডিগ্রী পর্যান্ত জর উঠিলে স্থাপিশু আক্রান্ত হইবার আশক্ষা থাকে। এই রোগে হংপিশু আক্রান্ত হইলে অতিশয় উৎকট আকার ধারণ করে। হুৎপিশু আক্রান্ত হইলে অতিশয় উৎকট আকার ধারণ করে। হুৎপিশু আক্রান্ত হইলে বামপার্থে বেদনা, বুকে বেদনা, শ্বাস-কন্ত ও হুৎপিশ্রের

ক্রিয়ার বিশৃন্ধলা বা বৈষম্য উপস্থিত হয়।

আম শব্দের অর্থ ভরুণ, অর্থাৎ অপক। বাতের ব্যারাম ভরুণ অবস্থায় থাকিলে আমবাত বলে। আর আরোগ্য না হইয়া পুরাতন অবস্থা প্রাপ্ত হইলে ভাহাকে পুরাতন বাত বলে। পুরাতন বাতে কোমরের পেশা আক্রান্ত হইলে ভাহাকে কটিবাত বলে। এই কটিবাতে উক্ত-পৃষ্ঠের বৃহৎ

স্বায়ুর (সায়েটিক নার্ভ) বেদনা জিন্মলে তাহাকে গৃঙ্ধসী বা সায়েটিকা বলে।

গুঙ্জদী বা সায়েটিকায় বেদনা কোমর হইতে নিম্নান্তিমুখে নামিয়া উক্ন পর্য্যস্ত প্রসারিত হয় এবং নড়িতে চড়িতে অত্যস্ত বেদনা জন্মে।

ঠাণ্ডালাগ। অধিকক্ষণ ভিঙ্গা কাপড়ে থাকা, অধিক পরিমাণ মাংস, টক্ দ্রব্য বা ঠাণ্ডা দ্রব্য আহার হঠাৎ ঘর্মরোধ প্রভৃতি কারণে বাতরোগ জন্মিয়া থাকে।

(চিকিৎসা)

কিরম-কস।—প্রথম বা আক্রমণাবস্থায়, ও জর থাকিলে ইহা প্রধান ঔবধ। প্রারম্ভাবস্থায় পুন: পুন: এই ঔবধ প্রয়োগ করিলে রোগ স্চনায়ই আরোগ্য হয়। সদ্ধির তরুণ বাতে অভিশয় বেদনা থাকিলেও নড়িলে চড়িলে এই বেদনার বৃদ্ধি হইলে ইহা দ্বারা চমংকার ফল দর্শে। সমস্ত শরীরে বিশেষতঃ সদ্ধিস্থলে আড়প্রভা ও ক্ষতবং বেদনা। কটিবাত। ঠাপ্তা লাগার দরুণ গ্রীবার অন্যাতা। সকল প্রকার বাতের বেদনারই সঞ্চলনে বৃদ্ধি। বেদনার প্রারল্য জন্ত অনিদ্রা। বিশ্রামের পর সামান্ত সঞ্চলনে আড়প্রতান্তভব। নড়িলে চড়িলে বা নড়িবার কথা মনে হইলেই বেদনার বৃদ্ধি।

কালী মিউর।—আমবাতিক জরের দিঙীয়াবস্থা^ন সন্ধিস্থলে মস্ত (serum) সঞ্চিত্ত হইলে। রোগাক্রান্ত অঙ্গের স্ফীততা।

ম্যান্থেশিয়া-ফস। — সন্ধিতে তাত্র চিড়িক মারাবং বেদনা। আম বাতিক জর ও তংসহ খননবং বেদনা থাকিলে অপর কোন প্রধান ঔষধের সহিত পর্য্যায়ক্রমে ব্যবহার্যা। উষ্ণতায় ও দৃঢ়চাপে উপশম, সঞ্চলনে ও মৃত্রচাপে বৃদ্ধি।

কালী সলক। স্থানবিচরণনাল আমবাতিক বেদনা। উত্তপ্ত গৃহে বা সন্ধাকালে বেদনার বৃদ্ধি, নাতল বিমৃক্ত বায়ুতে উপশম। সন্ধির ভরুণ বা পুরাতন স্থানবিকল্পাল বেদনা; আমবাতিক শিরংপীড়ার সন্ধান

কালে বা উষ্ণ বায়ুতে বৃদ্ধি। উপরোক্ত লক্ষণাপন্ন পৃষ্ঠ, গ্রীবা বা হস্ত-পদের আমবাতিক বেদনা।

কালী-কস।—রোগাক্রান্ত স্থানের আড়স্টতা সহ তর্রণ বা পুরাতন বাতের বেদনায় ইহা অতিশয় ফলপ্রদ। সঞ্চলনের প্রারম্ভে বেদনার বৃদ্ধি কিন্তু অর অর হাঁটিতে থাকিলে উহার উপশম। প্রাতে অথবা উপবিষ্ট অবস্থা হইতে উত্থান কালে বেদনার বৃদ্ধি। আন্তে আন্তে নড়িলে বেদনার উপশম, কিন্তু অতিরিক্ত নড়িলে চড়িলে বা ক্লান্ডিতে উহার বৃদ্ধি।

নেটুম-কন।—ডাঃ স্পলার কতিপর ব্যক্তির আমবাতের প্রাদাহিক অবস্থার এই ঔষধ ব্যবহার করিয়া অতি ক্রত স্থফল প্রাপ্ত হইয়াছেন বলিয়া প্রকাশ করিয়াছেন। জিহ্বায় হরিদ্রাবর্ণের লেপ, অমু-লক্ষণের বিভ্যমানতা এবং ক্রফিউলাগ্রস্ত ব্যক্তিদিগের রোগ ইহার প্রধান প্রয়োগস্থল। সন্ধির বেদনা সহকারে প্রভৃত অমুগন্ধি ঘর্ম। কি তরুপ কি পুরাতন, সর্ব্ব প্রকারের রোগেই ইহা অতিশয় ফলপ্রদ। কোষের (cell) অভ্যন্তর্ম্থ ইউরিক এসিডের উপর এই পদার্থের ক্রিয়া থাকা বিধায় ইহা প্রয়োগে উহার দোষ দুরীভূত হয়। সন্ধির অতিশয় ফাততা, স্তন্ধতা ও বিদরণ্শালতা।

ক্যাক্স-ফস। — রাত্রিতে বা ঝড় বৃষ্টির দিনে বেদনার বৃদ্ধিত ফিরম-ফস সহ পর্য্যায়ক্রমে। শীতলভায় বা উষ্ণভায় এবং প্রত্যেক ঋতৃর পরিবর্ত্তনে বেদনার উপচয়। সন্ধির বাতে রোগাক্রান্ত স্থানের শাতলভাও অবশতামূভব। শাভলভাও আর্দ্রভা হইতে উৎপন্ন গ্রীবার স্তন্ধভায় ফিরম-ফস সহ
পর্যায়ক্রমে দিবে। গ্রাবা-পৃষ্ঠে প্রবল বেদনা; রাত্রিতে উহার বৃদ্ধি।
কটিবাত (ফিরম-ফস)। ইাটু বা উক্র সন্ধির শোধের ভায় স্ফীতভা।
যথনই ঠাণ্ডা লাগে তথনই সন্ধিতে বেদনা জন্মে।

নেট্রম-সলক ।—গাউট রোগের (গ্রন্থি বা গেটেবাত) তরুণাবস্থায়
এই ঔষধ ফিরম-ফস সহ পর্যায়ক্রমে ব্যবহার্যা। পুরাতন গ্রন্থিবাতের ইহা
প্রধান ঔষধ। রোগার সর্ব্যপ্রকার মন্ত পান নিষিদ্ধ। আমবাত সহকারে
পৈত্তিক লক্ষণের বিভামানতা। আর্দ্র ঋতুতে বৃদ্ধি।

নেট্রম-মিউর।—সন্ধির বিদারণ সংযুক্ত পুরাতন আমবাত। জ্লীয় প্রাবের বিছমানতা। আমবাতিক জ্বরে কালী-মিউরের পর ব্যবহার্যা।

ক্যাল্ক-কোর।—বাত জন্ম সন্ধির বিবৃদ্ধি (ক্ষীততা)। নেট্রম-সলফ সহ পর্যায়ক্রমে ব্যবহার্য।

ক্যাক্ষ-সল্ফ। -- সন্ধিতে পৃষ সঞ্চয় (সিলিসিয়া)।

প্রসাপর্য।—রোগের প্রারন্তাবহায় জ্বর থাকিলে সাপ্ত, এরোরুট বা বালি উষ্ণ উষ্ণ দেওয়া যাইতে পারে। রোগাক্রান্ত স্থানে ঠাণ্ডা লাগিতে না পারে এজন্ত তুলা বা ফ্লানেল দিয়া বাধিয়া রাথা কর্তব্য। বেদনার অতিশয় তীব্রতা ও রোগীর পক্ষে উহা অসহ্য হইয়া থাকিলে শীঘ্র শীঘ্র বেদনা কমে এজন্ত আদার সেক দিবে। (আদ' ছেঁচিয়া একথানি নেকড়ায় আলগা করিয়া বাধিয়া আশুনে গরম করিয়া সেক দিতে হয়)। জ্বর না থাকিলে এবং বেদনা হ্রাস প্রাপ্ত হইলে রুটি বা অর পথ্য দেওয়া কর্তব্য। এই রোগের প্রারন্তার কথনও ছয় দেওয়া কর্তব্য নহে।

Rachitis---রেকাইটিস, বালাস্থি বিকৃতি, অস্থির কোমলতা।

এই রোগে অন্থির কোমলতা ও নমনীয়তা জন্ম। অন্থিতে ফস্ফেটঅব-লাইম প্রভৃতি পদার্থের স্বল্পতা নিবন্ধন এই প্রকার অবস্থা উৎপন্ন
হয়। এবুমেন ও ফস্ফেট-অব লাইম একতা মিলিত হইয়া অস্থি নির্মিত
হইয়া থাকে। ক্যান্ধ-ফদ বা ফস্ফেট-অব লাইমের স্বল্পতা এই রোগের
মুখ্য কারণ। অস্থিতে যথন এবুমেনের আধিক্য ও ফস্ফেট-অব লাইমের
স্বল্পতা ঘটে, তথনই অস্থির কোমলতা জন্মে। গণ্ডমালা বা ক্ষীণধাতু
শিশুদিগেরই প্রায়ই এই রোগ জন্মিয়া থাকে।

(চিকিৎসা)

ক্যাক্ষ-ফস। ইহা এই রোগের সর্ব্ব প্রধান ঔষধ। অধিকাংশ স্থানেই এই ঔষধে বিশেষ ফল পাওয়া যায়। দাঁও ও বর্ষল বালক, পাপুর, মৃদ্বর্ণ মুখাক্লতি, বিমৃক্ত ব্রহ্মরন্ধ্র, দস্তোদগমে বিলম্ব ইত্যাদি। মেরুদপ্তের বক্রতা, মাথার খাল পাতলা ও কোমল। ফসফেট অব লইমের অপ্রচুরতা নিবন্ধন মন্তকোতোলনে অসমর্থতা। রেকাইটিস গ্রন্থ বালক-বালিকাগণের অতিসার। যে সকল স্ত্রীলোক রেকাইটিস ধাতুর সন্তান প্রসব্ব করে, তাহাদের গর্ভাবস্থায় ক্যান্ধ-ফস খাইতে দিলে এই দোষ বিদ্রিত হয়।

নেট্রম-ফদ।—ভূক্ত দ্রব্য উত্তমরূপে পরিপাচিত না হওয়ার দরুণ রেকাইটিস দোষ জন্মিলে ইহা অতি উৎক্লষ্ট প্রধা। অমলকণের বিভ্যানতা।

সিলিশিয়া।—মন্তকে প্রচুর ঘর্ম এবং অতিশয় ছর্গন্ধি মল বিশিষ্ট অতিসার থাকিলে এই রোগের প্রধান ঔষধ ক্যান্ধ-ফসের সহিত মাঝে মাঝে ব্যবহার করিলে উত্তম ফল দর্শে। কালী ফস। — শরীরের নার্শতা বা ক্ষয়, অতিশয় তুর্গন্ধি মল বিশিষ্ট অতিসার। এই ঔষধ অপর কোনও ব্যবস্থেয় ঔষধের সহিত পর্য্যায়ক্রমে মধ্যে মধ্যে দিতে হয়।

Scarlatina---কার্লেটিনা, আরক্ত জুর।

ইছা সন্ধাঙ্গে গাড় বজবর্গ পাড়কা ও গল-কোবের প্রদাহ বিশিষ্ট এক প্রকার সন্দোট জর। ইহাকে স্কার্লেট ফিভারও বলে

(চিকিৎসা)

ফির্ম ফস। — প্রথম বং থাক্রমণাবস্থায় জর জেত নাড়ী প্রভৃতি লক্ষণে কালী-মিউরের সহিত প্রয়ায়ক্রমে।

কাল্যা মিউর। – সাধারণ রোগে কেবল মাত্র এই ঔষধেই রোগাঝেগা ছল্মে। প্রাদাহিক লক্ষণ বর্তমান থাকিলে ফিরম-ফদের সহিত পর্যাযক্রমে।

কালী সলক। —ইহা ব্যবহার করিলে পাড়কা বা গুটিকাগুলি শাদ্র শাদ্র প্রকাশ পায় এবং ওঁহা শুকাইয়া গেলে শাদ্র শাদ্র উহা শল্প বা ফাঁইস উঠিয়া যায়। হঠাৎ পাড়কাগুলি বসিয়া গেলে ইহা ছারা উহার পুনঃ প্রকাশের সহায়তা হয়। উচ্চ-গাতোভাপ। শুক্ষ থ্যথ্যে ত্বক।

কালী ফস। —গলার ভিতর পচনের লক্ষণ বুঝিতে পারিলে এবং অভিশয় তুর্বল্ডা ও অটেডভা প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে ইঙা ব্যবহার্য।

নেট্ম-মিউর — জলবং তরল পদার্থ বমন নিদ্রালুতা বা তন্ত্রা, আন্তের উৎক্ষেপণ প্রভৃতি বিকারের লক্ষণ বর্তমান থাকিলে ইহা ব্যবহার্য। জিহবার লক্ষণ দ্রষ্টবা।

এই রোগের কুফলে ক্ষোটক ব্রণশোথ প্রভৃতি ধ্বন্দিলে তাহার চিকিৎসা সেই সেই রোগে দ্রন্তব্য।

Sciatica — সায়েটিকা--কটিবাত, গৃধু দী

(রিউমেটিজম্ দ্রুটবা)

(চিকিৎসা)

কালী-ফস। প্রধান ঔরধ। উরুর পশ্চাংদিয়া হাটু পর্যান্ত আকর্ষণবং বেদনা, আড্টুতা, উরুব গতিশক্তিহান্তা এবং অভিশয় অন্তিরতা ও স্নায়বিক দৌকাল্য থাকিলে এই ঔষধে অতিশয় উপকার দর্শে। কিছুক্ষণ আতে খাতে নডিলে চিভিলে বেদনার উপশ্য।

স্যাতপ্রশিয়া ফস।—আঞ্চেপিক ও খননবং বেদনা থাকিলে উফ দলের সহিত প্রঃ পূনঃ গুলিয়া খাওয়াইলে বিশেষ ফল দশে। প্রধান উব্ধেব স্থিত প্রায়ক্তমে ব্যবহার্য।

নেট্রা সলক :—গাউট বোগের লক্ষণ বিভ্যমান থাকিলে এই ঔষধ কালী-ফসেব সহিত পর্য্যায়ক্রমে ব্যবহার্য্য।

ক্যাল্ক কন্স :—এই রোগে অন্তর্গন্তী ঔষধ রূপে ব্যবস্থা হয়।
ম্যাগ্রেশিয়া-ক্স বিফল কইলে ব্যবহার করা কর্তব্য।

নেটুম-মিটর 1—-দক্ষিণ উক্ত-সঞ্জিতে আকর্ষণবং (tensive)
বেদনা; মনে হয় সাবেটিক-নার্ভ ছোট হইয়াছে, উহাতে খিঁচে ধরার ভায়
বেদনা। পদের শর্পতা ও ব্যথিততা। পুবাতন রোগ ও কুইনাইন
সেবনের পরবর্তী রোগ।

সিলি শেরা । — পুরাতন গুঞ্জী। সঞ্চলনে বেদনার বৃদ্ধি। উরদ্দিতে বেদনা। হাঁটিবার সময় পায়ের ডিমের হ্রস্বভাত্তব (calves feel too short)

Self-abuse--- সেলফ্ এবিউস, হস্তমৈথুন।

ক্যাল্ক ফস।—ইহা হন্তমৈথুন জনিত সর্ব্বপ্রকার কুফল নিবারণের প্রধান ঔষধ। শুক্রক্ষয়ের প্রধান ঔষধ।

কালী ফস।—সায়ুর ছর্বলতা জনিত সায়বিক লক্ষণে ক্যাল-ফস সহ পর্যায়ক্রমে ব্যবহার্য।

নেট্রম ফস।—অতিরিক্ত শুক্রক্ষম জন্ত পরিপাক যন্ত্রের হর্বলতা।
অন্ধীর্ণ ও অম রোগাদি থাকিলে ইহা অবশু দিবে। শুক্রের অতিশন্ধ তারল্য,
কাপডে লাগিলে উহাতে দাগ লাগে না। অজ্ঞাতসারে রেভ:আব।

এই রোগে কোনও প্রকার উত্তেজক থাত, লঙ্কা, পেঁরাজ, গরম মসলা ও মতাদি সেবন একেবারে দ্যণীয়। হবিষ্যার আহার ও ব্রহ্মচর্য্য পালন অতিশয় উপকারী। মাছ কাম বদ্ধিত করে, এজন্ত মাছ খাওয়া অতিশয় অপকারী।

Skin, Affections of the. ক্ষিন য়্যাফেক্সন্স অব্দি=চর্মারোগ।

(চিকিৎসা)

ফির ফস।—সর্ব প্রকার চর্মরোগের প্রথমাবস্থায় জ্বর, বেদনা ও রক্ত সঞ্চয়ের জন্ম ইহা ব্যবহার্য।

কালী মিউর।—চশ্বরোগের দ্বিভীয়াবস্থায়, ফিরম-ফদের পর। থেত, গাঢ় প্রাথশীল অথবা আমাশরের (ইমাক) গোলঘোগ সহকারে চর্মানরোগের প্রকাশ এবং জিহলার শ্বেতবর্ণ লেপ থাকিলে ইহা বাবহার্যা। উল্লিখিত লক্ষণ সংযুক্ত রণ বা কৃষ্কৃড়ি। মৃত্র-যন্তের বিশৃদ্ধালা সংযুক্ত মুখমগুলের উদ্ভেদ (ইরপ্সন)। বুদ্ধান্ত্বার সন্ধির বিবর্দ্ধন ও স্ফীততা, সাইকোসিস, আঁচিল ইত্যাদি। লুপস্ (নাসিকা ও মুখমগুলের প্রসারণশীল রক্তবর্ণ একপ্রকার পাড়কা) রোগেব ইহা প্রধান ঔষধ : চুলকুণি, শিশুদিগের শিরোদক্র। থারাপ গো-বাজে টিকা দেওয়ার দক্ষণ অথবা মৃত্র-যন্ত্রের জিয়ার বিশৃদ্ধালা নিবন্ধন চুলকুণিদ্ধ প্রকাশ। প্রব্যাক্ত সকল রোগেই এই ঔরধের লোশন স্থানিক প্রয়োগ উপকারী।

নেট্ম-মিউর।—কণ্ট্ ইইতে জলবং, পীতবর্ণ ও চুর্গন্ধি আব নিঃসরণ। উল্লিখিত প্রকারের আব বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র উদ্ভেদ বা কোন্ধা। অতিরিক্ত লবণ খাওয়ার কুফলে হকে শব্দ বিশিষ্ট ও জলবং আবনাল কণ্ডুর প্রকাশ। শিশুর সর্কাশরীরে ক্ষত ও উতা ইইতে জলবং আব ক্ষরণ (আভ্যা-স্তরিক ও বাহ্য)। <u>কীটাদির দংশন বা ছলভেদে</u> বাধিত স্থানে যত শাদ্র সম্ভব েই ঔষধের লোশন লাগাইলে তৎক্ষণাৎ বেদনা বিদ্বিত হয়। কোন পীড়ার ভোগকালে দক্তর প্রকাশ ও উহা হইতে জলবং আব ক্ষরণ। নেট্রম-ফর্স।—যে কোন প্রকারের চর্মরোগে সরের ন্তায়, মধুর বর্ণ অথবা স্বর্ণের ন্তায় পীতবর্ণ মামড়ি অথবা স্রাব নিঃস্ত হইলে এই ঔষধ উপকারী। চর্মরোগে সহকারে অন্ত্র লক্ষণের বিজ্ঞমানতা। শিশুদিগের শিরোদক্র। কাটাদির দংশনের স্থায় সর্বাঙ্গে তর্দ্ধমা কগুয়ন।

কালী-ফ্স। - অভিশয় ছুৰ্জমা ও ছুৰ্গন্ধ বিশিষ্ট একজিমা ব। কণ্ডুতে ইচ; সবিশেষ উপযোগী। অভিশয় ছুব্বলভা ও স্নায়বীয়ভা। ক্ষতের উপর বসার ভাগ্য মামড়ি পড়িলে এবং উহাতে অভিশয় ছুৰ্গন থাকিলে। আব লাগিলে ছুক্বের কণ্ডুখন ও ক্ষত। রোগাক্রান্ত স্থানের উত্তপ্তভা। রক্তাক্ত জলবং আব নিঃসরণ। ছুকের সূত্ স্থড়ি অনুভব সহ কণ্ডুয়ন। শতেক্যাটে কণ্ডুয়নযুক্ত বেদনা।

ক্যাক্স ফস।—উদ্ভেদ, বিশেষতঃ মুখমগুলের উদ্ভেদ হইতে আগুলালিক রক্তরাব। পীতাও বেতবর্ণের মামড়ি। একজিমা বাকপুসহ রক্তহানত।: অতিশয় কপুন বিশিষ্ট চন্মরোগে মধ্যে মধ্যে ব্যবহার করা করেবা। জড়ুর মেচেভা (treckles) প্রভৃতি এই ঔষধে আরোগ্য প্রাপ্ত হয় ! বৃদ্ধদিগের হকের বিরক্তিকর কপুন (কালা-ফ্স স্প্রায়ক্রমে)। প্রচুর ও পুনঃ পুনঃ ঘর্ম-স্রাব, বিশেষতঃ মুখমগুল হইতে। যৌবনোল্য বা রক্তহান ব্যক্তিদিগের ব্যোরেণ।

ক্যাল্কসাল্ক ।—চল্মরোগে গাড় পাতবর্ণ আব নিঃস্ত ছইলে বা পীতবর্ণের মামড়ি পড়িলে কালা-মিউরের পর ব্যবহার্য। প্রদাহের পর পুষোৎপত্তি হইলে আব ব্রাস করিবার নিমিত্ত। ত্রণে পূষ জন্মিলে ও শিশু-দিগের মস্তক-ক্ষতে পীতবর্ণের মামড়ি পড়িলে।

ক্যাল্কন্তেক্নার।—চন্ম বিদারণ ; হাত ফাঁটিলে সাবান দারা হস্ত উত্তম ক্লপে পরিষ্কার করিয়া ভেসিলিনের সহিত কিঞ্চিৎ এই ঔষধ মিশ্রিত করিয়া স্থানিক প্রয়োগ করিবে। কঠিন ও অসম প্রান্তবিশিষ্ট ক্ষতে পূষোৎপত্তি। গুহাদার বিদারণ।

সিলিশিয়া।—ত্বকে ক্ষুদ্র ক্ষুদ্র অপ্রাবী ক্ষোটক। যে কোন প্রকারের চর্ম্মরোগে পূষ অথবা রক্তমিশ্রিত পূষ নিঃস্ত হইলে। প্রচুর, অথবা অতিশয় হুর্গন্ধ যুক্ত পাদ-ঘর্ম। ঠাগুলাগিয়া ঘর্ম রোধ হইলেও ইছা ব্যবহার্যা; শিশুদিগের শিবোদ্মা।

েনট্রম-ফস।—পীতাভ জলবং আব বিশিষ্ট উদ্ভেদ (ইর:পশন)। পৈত্তিক লক্ষণ সহকারে ক্ষতের উপর পীতাভ মামডি।

Sleep – শ্লীপ--নিদ্রা।

(कालो-कम जम्हेवा)

কালী-কস।—অতিরিক্ত মানসিক পরিশ্রম, উত্তেজন। ক.জকম্মে বাস্ত সমস্ততা; শারীরিক ক্লান্তি অথবা স্নায়বিক কারণ জনিত নিদ্রাগীনতায় ইং! বিশেষ ফল্প্রদ।

ফির্ম-ফ্স।—মন্তিছের কৈশিকানাড়ীতে (copillary) অস্বাভা বিক রক্ত সঞ্চয় জনিত নিদ্রাগীনতায় কালী-ফ্স সহ প্যায়ক্রনে।

নেট্রম মিউর।—অতিরিক্ত নিদ্রা, সক্ষদাই নিদ্রা ঘাইবার
অস্বাভাবিক প্রর্তি; নিদ্রিতাবস্থায় মুখ গুইতে লালা নিঃসবণ, কোষ্ঠকাঠিত।
যথোপযুক্তকাল নিদ্রা গেলেও অপরিতৃপ্তি। প্রাতে নিদ্রা গুইতে উঠিলে
ক্লাস্তি ও অপরিতৃপ্তি। সামাঞ্জ জ্বকালেও অতিশয় নিদ্রালুতা ও
অটেততাকর নিদ্রা।

েনট্রম-সলাক ।— পৈত্তিক লক্ষণ সহকারে বা কামলা রোগের পূর্ব্বে অতিশয় নিদ্রালুতা। জিহ্বায় পাংশুটে বা কটাবর্ণের লেপ সহকারে নিদ্রালুতা। মুখে ভিক্তস্থাদ।

Small Pox — স্থলপক্স-বসন্ত।

বসস্ত অতিশয় সংক্রামক বা ছোঁয়াচে রোগ। ইহা সাধারণতঃ চুই প্রকার। যথা সংশ্লিষ্ট ও বিশ্লিষ্ট। গুটগুলি পর''র গায় গায় লাগিয়া পাকিলে ভাহাকে সংশ্লিষ্ট ও পৃথক পৃথক থাকিলে ভাহাকে বিশ্লিষ্ট বলে। এই রোগের বিষ শরীরে প্রবেশ করিবার ১২ দিন পর জর হয়। বসস্তের ন্ধরে নাত, দাহ, মালাধরা শ্বেতবর্ণের লেপ বিশিষ্ট জিহবা, ব্যুন, সর্ব্বারীরে বিশেষতঃ প্রষ্ঠে ও কোমরে অত্যন্ত বেদন। জন্মে। জর হইবার দ্বিতীয় বা তভায় দিনে গুটিকা প্রকাশ পায়। প্রকৃত বসস্তের গুটাকা প্রথমে হাত বা পায়ের তলায় প্রকাশ পায়, জলবসন্তের গুটিকা প্রথমে মুখমগুলে প্রকাশ পায়। গুটিগুলি স্পষ্ট প্রকাশ না পাইলেও হাত বা পায়ের ভলায় মশক দংশনের চিহ্নের ন্যায় লাল চিহ্ন দেখিতে পাওয়া যায়। একট জল দিয়া ছাত বা পারের তলা ধুইয়া ফেলিলেই এই চিহ্ন স্পষ্টরূপে দেখা যায়। গুটি প্রাণ পাইবার ১।৬ দিন মধ্যেই উহাতে জল সঞ্চয় হয়। জ্ঞটিতে জলসঞ্চয় হইলেই উহার অগ্রভাগ অবনত এথাৎ নাভার স্থায় কিছু নিমু হইয়া পড়ে। শুটি গুলির এই নাভাবৎ আকৃতি বসন্তের গুটিকার একটা বিশেষ পরিচায়ক ৬ষ্ঠ ২ইতে ৮ম দিবসের মধ্যে গুটির ভিতরে পুষ জন্ম। এইক্ষণ রোগীর গাত্র হইতে একপ্রকার বিশেষ তুর্গন্ধ বাহির হয়। সাধারণতঃ ১০ম দিবসেই গুটগুলি শুকাইতে আরম্ভ করে ও উহার উপর একপ্রকার মামড়ি

পড়ে। একবিংশন্তি (২১) দিবসের মধ্যেই এই মামড়ি পড়িয়া যায়। রোগ উৎকট আকারের হইলে শুকাইবার কালেই অনেক রোগীর প্রাণ বিয়োগ হয়। বাইওকেমিক চিকিৎসায় এই রোগে অতি আশ্চর্য্য ফল দর্শে। ১০।১১ দিনের মধ্যেই রোগী সম্পূর্ণরূপে আরোগ্য হইয়া কাজ কর্ম্ম করিতে সমর্থ হইয়া থাকে, অভিজ্ঞতায় ইয়া প্রমাণিত হইয়াছে। কালী-মিউর ৩২ এই রোগের অব্যর্থ প্রতিষেধক। বসন্তের প্রাত্তাবকালে প্রত্যাহ এই ঔষধ সেবন করিলে রোগের আক্রমণের ভয় দ্র হয়। ৪০ বংসরের অভিজ্ঞতায় দেখিয়াছি, য়য়ারার। এই ঔষধ প্রতিষেধকরূপে সেবন করিয়াছে তাহারা কেইই এই রোগে আক্রান্ত হন নাই।

(চিকিৎসা)

ফিরম-ফস।—বসন্তের প্রথমাবস্থায় জ্বর, উচ্চ গাতোভাপ, দ্রুত নাড়া প্রভৃতি লক্ষণে প্রধান ঔষধের সহিত পর্যায়ক্রমে বাবহার্য।

কালী-মিউর।—ইহা এই বোগের প্রধান ঔবধ। রোগের প্রারম্ভাবস্থায় ফির ফদের সহিত ঘন ঘন পর্য্যায় ক্রমে ব্যবহার করিলে রোগের তাঁব্রতা কমিয়া যায় এবং ইহা ব্যবহার করিবার পর আর নৃতন শুটা বাহির হয় না। কথন কথন দেখা গিয়াছে যে, সামাত কিছু গুটা বাহির হইবার পর ইহা (ফির-ফস ও কালা-মিউর) ব্যবহার করায় শুটাগুলি অদৃশ্র হইয়া গিয়াছে এবং কোন কু-ফল দর্শে নাই।

কাল্লী-ক্ষস।—রক্তের বিগলিত অবস্থায় এই ঔষধ ব্যবহার্য। গুটিকাগুলি পচিলে, সংজ্ঞাহীনতা ও অতিশয় দৌর্বলা বা অবসাদ পরি-লক্ষিত হইলে ইহা ব্যবহারে স্থল্যর ফল পাওয়া যায়।

কালী সলফ।—ইহা পুরাতন ত্বক উঠাইর। পূতন ত্বলেংপাদনে সাহায্য করে; স্কুতরাং গুটিগুলি শুকাইবার সময় ইহা ব্যবহার্য। নেট, ম-মিউর। — মৃত্ন প্রকৃতির রোগ। নিদ্রালৃতা, অচৈতন্ত ও প্রচুর লালাস্রাবাদি থাকিলে। ঘন সন্নিবিষ্ট গুটিকা। এই প্রকার রোগ অতিশয় মারাত্মক। ইহাতে এই ঔষধ প্রয়োগ করিয়া চমৎকার ফল পাওয়া গিয়াছে।

ক্যাক্স সলফ।—গুটকা পাকিলে ও উহা হইতে পুষস্রাব হইতে থাকিলে ইহা ব্যবহার্যা। এই সময় কালী-সলফের সহিত পর্যায়ক্রমে ব্যবহার্যা।

পথ্যাপথ্য

রোগের ভোগকালে বালি. এরাকট, বা সাপ্তর পাতলা মণ্ড, মুগ মটর মহরীর যুব ও ঘোল: দ্রাক্ষা দাড়িমাদি ফল এবং পানার্থে দাতল জল বা ডাবের জল দিবে। অনস্তর ক্রমে ক্রমে ত্রগ্ধ মাংসাদি পুষ্টিকর পথ্য ব্যবস্থা করিবে। উপদর্গবিহীন রোগে আমরা প্রটা বাহির ইইখার পর হইতেই কাঁচা মুগের ডাইল সহ প্রাহ্ম অন্ন পথ্য দিয়া থাকি। বসস্তেব রোগাকে প্রত্যহ ক'চা হলুদের রস এবং হেলেঞ্চা (হিক্ষে) ও কবলা দিল্ল খাইতে দিবে, ভাতের সহিত্য মাখনও দিবে। বসস্তের প্রটা কখনও গালিবেনা। প্রটাপ্তলি শুদ্ধ হইলে খোসা পড়িয়া গিয়া সত্তর আরোগ্য ঘটে। এই সময় গাঢ় তিল তৈল মাখা যাইতে পারে। প্রটা শুকাইয়া খোসা পড়িয়া গেলে, গায় নিম্মল্লদ মাথিয়া স্লান করিবে।

Sore throat সোর-প্রোট — গলক্ষত।

(ডিপথিরিয়া কুপ প্রভৃতি দ্রস্টব্য)

(চিকিৎসা)

ফিরম-ফন। — গলার যে কোন প্রকারের প্রদাহেই এই ঔরধ ঘন ঘন ব্যবহার্যা। ইহাব কুলিও অতিশয় ফলপ্রদ। গলক্ষত সহধারে উচ্চ গাতোত্তাপ ও অতিশয় বেদনা। বর-যন্ত্রের তরুণ প্রদাহ। গায়ক ও বক্তাদিগের গলক্ষত।

কালা-মিউর।—প্রদাহের দিতীয়াবস্থায় গ্রন্থি বা টন্সিলের ক্ষীততা জন্মিলে। ডিপথিরিয়া। এই ঔষধ গরম জলে মিশ্রিত করিয়া কুলি ক'রবে।

কালী-ফ্স।--গলক্ষতের নালীক্ষতে পরিণতি।

ক্যাল্প-ফ্স।—সর্বদা কাসিয়া স্বর-যন্ত্র পরিষ্কার কবিতে হয়, কাসিতে কাসিতে আগুলালিক শ্লেমা নিষ্ঠীবিত হয়।

ক্যাল্প-স্কোর।—স্বরংশে তুড়-তৃডি। শুইয়া থাকিলে গলকপুয়ন সংযুক্ত কাসিব উদ্রেক।

েনট ুম-মিউর।—সফ্, ফেণিল শ্লেমা দাং টিন্সিলের আবৃত্ত। সহ কঠ-প্রদাহ। গল-প্রদাহ সহ জলীয় লক্ষণের বিজ্যানতা।

ম্যা**রে শিরা ফ**স।—কঠের খাক্ষেপ ও তংসগ গিলিবার কালে খাসরোধান্তত্ত্ব।

নেট্রম ক্ষা — কণ্ঠ-প্রদাহ সহকারে জিহ্বায় সরের বা স্বর্ণের ন্থায় পীতবর্ণের লেপ। প্রাতে গলায় ক্ষতবং অনুভব। ক্যাল্প-সলাফ।—গৰ ক্ষতের ও টব্সিলাইটিসের শেবাবস্থায় গাঢ় পীতবর্ণ কথন কথন বা রক্তমিশ্রিত পূষ নিঃস্ত হইলে ইহা উপযোগা।

নেট্রম স্লক। — গলক্ষত সহকারে গিলিবার বা ঢোক গিলিবার কালে গলায় গোলার ভায় কোনও পদার্থের বিজ্ঞানতান্তভব।

Spasms, Convulsions, etc. স্প্যাজম্স, কনভঃলসন্—আক্ষেপ খেঁচুনি ইত্যাদি। (চিকিৎসা)

ম্যাত্রেশিরা ফস।—শরীরের যে কোন স্থানের এবং যে কোন প্রকারের আক্ষেপেই হউক না কেন এই ঔষধ অভিশয় উপকারী। আক্ষেপ, থল্লী, (হাত পা ইত্যাদি স্থানে থাল বা টাস ধরা) প্রভৃতিতে গরম জলের সহিত গুলিয়া ঘন ঘন থাইতে দিলে অতি সত্তর ফল দর্শে।

ক) ব্যক্তি ক্স। — আক্ষেপ ও মূর্জার ম্যাগ্রেশিরা-ফসের পর ব্যবহার্য।
শিশুদিগের দন্তোদগমকালীন আক্ষেপে ব্যবহার কবিলে আক্ষেপের
পুনরুপদ্বিতি স্থগিত হয়। রক্তহীন, পাপ্তুবর্ণ ব্যক্তিদিগের আক্ষেপে
বিশেষ ফলপ্রদ।

কালী ফদ 1—ভয়জনিত আক্ষেপ, মূর্চ্চার মুথের পাণ্ড্রতা থাকিলে।
কালী মিউর 1—ইচা মৃগীরোগের প্রায় আমোঘ ঔষধ। ইহা
ব্যবহার করিলে পুনরাক্রমণ প্রতিক্রত্ব হয়। আক্ষেপের সময় ম্যাগ্রেশিয়া
ফদ দিবে।

ফিরম ফস ।—শিশুদিগের দস্তোদগমকালীন আক্ষেপে জ্বর থাকিলে ইহা ব্যবহার্য।

Spermatorrhæa — স্পার্মাটোরিয়া শুক্রমেহ, অনৈচ্ছিক রেতস্রাব।

নিদ্রাকালে বা অন্তান্ত অবস্থায় অনিচ্ছায় শুক্রপ্রাবকে শুক্রমেই বলে। প্রাকৃতিক নিয়ম লঙ্ঘন পূর্ব্বক হস্তমৈথুনাদি কৃত্রিম উপায়ে ইন্দ্রিয়পরিতৃপ্তি এই রোগের প্রধান কারণ।

চিকিৎসা

নেট ম ফস।— অম লক্ষণ সহকারে শুক্রস্রাব। অতিশয় পাতলা, জালবং ও পচা গন্ধ বিশিষ্ট শুক্রপাত। শুক্রস্রাবের পর অতিশয় হর্মালত। ও কম্পন।

কালী ফস। —ইন্দ্রিয়ের অতিরিক্ত উত্তেজনা বা জননেন্দ্রিয়ের অপর কোনও প্রকারের বিশৃঙ্খলা হইতে উৎপন্ন স্নায়বিক লক্ষণে ইহা অতিশয় ফলপ্রদ।

ক্যাক ফস।—গুক্রপ্রাব ও ওজ্জ্ঞ সর্বাদীন হর্বল্ডা। ইহা ব্যবহার করিলে জননেক্রিয়ের হর্বল্ডা দ্রীভূত হইয়া সভেজ্তা প্রাপ্ত হয়। যুবকদিগের হস্তমৈথুনের প্রবৃত্তি।

এই রোগে বিশুদ্ধ বায়ুতে প্রাতে ও সায়াহ্নে ভ্রমণ, কঠিন শ্যায় শয়ন ও সহু হইলে ত্রিসন্ধ্যা স্নান অভিশয় উপকারী। সর্বপ্রেকার উত্তেজক খাছ্ম বর্জনীয়; চিৎ হইয়া শুইবে না।

Sunstroke — সন্ফোক — অর্কাঘাত ; সদ্দিগন্মি।

চিকিৎসা

নেট্রম মিউর ।—ইহ। এই রোগের প্রধান ঔষধ। মন্তিক্ষের লক্ষণ বর্তুমান থাকিলে কালা-ফস সহ প্র্যায়ক্রমে ব্যবহার।

Syphilis — সিফিলিস, উপদংশ, গন্মি

উপদংশ সংক্রামক রোগ। এই রোগগ্রস্ত ব্যক্তির সহিত সঙ্গমে ইহা উৎপন্ন হয়। কথন কথন বা উপদংশাকান্ত ব্যক্তিদিগের বন্ধ, তকা ও পানপারাদি ব্যবহারেও এই রোগ সংক্রামিত হইয়া থাকে। সাধারণতঃ স্পর্শ সংক্রমণই এই রোগের উত্তেজক কারণ রূপে দেখা যায়। কিন্তু জতি প্রথম এই রোগ কোথা হইতে উৎপন্ন হইল ? এই বোগের প্রথমেৎপত্তি স্থানে জানিতে হইলে বুঝিতে হইবে অধিক পুক্ষ কোনও একটি রম্পাতে উপগত হওয়ায় নানাপ্রকায় বীর্গালারা ভাহার জননাঙ্গে অথবা কোন পুরুষ বহু রম্পাতে উপগত হওয়ায় তাহার পুরুষাঙ্গে একপ্রকার উত্তেজনা (ইরিটেশন) বশতঃই ভধায় প্রদাহ (Inflamation) ও ক্ষত হইয়া অতি প্রথম এই রোগের উৎপত্তি হইয়াছে। এই প্রদাহ বশতঃ শারীরিক রজে কোনও ইন্জ্যানিক পদার্থের অভাব বশতঃই এই রোগের প্রথম উৎপত্তি হইয়া থাকে!

বাইওকেমিক প্যাথলজি মতে পূর্ব্বোক্ত প্রকারের সংসর্গই এই রোগের মুখ্য কারণ এবং <u>ভাগর ফলে শাবীরিক রক্তে কালী-মিউরের অভাব এই</u> রোগের গৌণ কারণ। এই কালী-মিউরের অভাব শীঘ্র পরিপূরিত না হইলে,

তাহার অভাব বশতঃ শীঘ্রই আবার অক্সান্ত ইন-অর্গানিক পদার্থের অভাব ঘটিয়। বহুপ্রকারের লক্ষণ উৎপন্ন হইয়া থাকে। যথন শরীরে যে দ্রব্যের অভাব হয়, লক্ষণ দৃষ্টে তথন সেই অভাব পূরণ করিয়া দিলেই রোগ আরোগ্য হইয়া থাকে। শারীরিক রক্তে কোন দৃষিত পদার্থের বিভ্যমানতাকে উপদংশ বলে না। রক্তে কোনও বস্তু বিশেষের অভাবই উপদংশনামে অভিহিত হইয়া থাকে।

চিকিৎসা

বাইওকেমিক মতে ঠিক প্রতিশ্যারের (সদি) স্থায় এই রোগের চিকিৎসা হইরা থাকে। স্থান্ধার ও শেতবর্ণের আস্রাবে কালী-মিউর; বাঘি সহকারে উত্তাপ, দপ্দপ্কর বেদনা, অতিশয় স্পশাসহতা থাকিলে ফিরম-ফস ৬× ক্রম; ক্যাজিডেনিক গ্রান্ধারে কালী-ফস, পৃষ্প্রাব হইতেথাকিলে কাল্ক সলফ, কঠিন ও অসম-প্রান্থ শ্রান্ধারে ক্যাল্ক-ফ্রোর এবং পুবাতন রোগে কাল্ন-সলফ, নেট্র্য-সলফ, নেট্র্য-মিউর ও সিলিশিরার প্রয়োজন।

পূলোক্ত লাবণিক পদার্থ সকলের আভ্যস্তরিক ও বাহ্য প্রয়োগ উপ-কারী। সাধারণ রোগে ৩× ক্রমের কালা-মিউরেব লোশন বিশেষ উপকাবী। এই লোশন দ্বারা পুনঃ পুনঃ ক্ষত ধুইয়া পরিষ্কার রাখা একান্ত কত্তবা।

(বিশেষ বিশেষ অবস্থায় চিকিৎসা)

ফির্ম-ফস।—বাঘীতে উত্তাপ, স্পশাসহাতা, দপদপ কব বেদনা ও জ্বর লক্ষণ থাকিলে।

কাল্রী-মিউর।—বাদীর অতিশয় ফীততা; কোমল বাঘি, পুরাতন উপদংশ। ই<u>হা এই বোগের প্রধান ঔষর।</u> আভান্তরিক ও বাহ্য-প্রয়োগ উপকারা। নেষ্ট্রম সলক্ষ।—উপদংশ হইতে উৎপন্ন গুহ্যদারের আঁচিল। আভ্যন্তরিক ও বাহ্য ব্যবহার্য্য।

নে টুম-মিউর। — প্রাতন উপদংশ, ক্ষত হইলে জলবং রস ক্ষরণ।
কালী-ফস। — ফেজিডেনিক আঙ্কারে অর্থাৎ যে সকল উপদংশে
কত শীঘ্র শীঘ্র বৃদ্ধিত হয় তাহাতে, বিশেষতঃ ক্ষতে অতিশয় হুর্গন্ধ থাকিলে
ইহা অতিশয় উপকারী।

কাল।-সলফ।—কত হইতে পীতাভ সবুজ বর্ণের প্রাব নিঃস্ত হইলে ও বৈকালে জর হইলে।

ক্যাল্ক-সল্ফ। — কতে পূব জ্মিলে কত শীঘ্র শীঘ্র শুক্ত হইবার জ্ঞা বাদীতে পূব জ্মিলে (সিলিশিয়ার সহিত প্র্যায়ক্রমে)।

সিলিশিয়া।—বাঘীতে পূষ জিনালে; পুরাতন উপদংশজ ক্ষতে পুযোৎপত্তি বা উহার কঠিনতা। অতিরিক্ত পারদ ব্যবহারের ফলে ত্বকে ক্ষত জনিলে। অন্থিতে নোডস অর্থাৎ অর্ক্স্ উৎপন্ন হইলে।

ক্যা**ন্ধ-**স্ক্রোর।—ইহা হার্ডগ্রাঙ্কারের প্রধান ঔষধ। ক্ষতের প্রান্তের অসমতা ও কঠিনতা। বাঘীর অতিশয় কঠিনতা।

এই রোগের চিকিৎসা কালে মংশু ও মাংস বর্জন করিবে। জর থাকিলে সাগু, বালি প্রভৃতি লঘু পথ্য দিবে।

Testicles, Diseases of— অওকোষের পীড়া।

(কুরগু দ্রম্টব্য)

ক্ষিত্রম-ফ্রন।—অণ্ডের যাবতীয় পীড়ায়ই প্রদাহ, বেদনা ইত্যাদি পাকিলে ইহা স্থপ্রযোজ্য।

কালী-মিউর।—<u>অও-প্রদাহের দিভীয়াবস্থায় ক্ষীততা থাকিলে</u> ইহা বাবস্থেয়: প্রমেহ-আবের বিলোপ জনিত অণ্ডের পীড়া।

ক্যাক্স-ফ্সন।—অও প্রদাহ; কুরও (নেট্রদ মিউরের পর)। অন্তর্বন্ধি (ক্যান্ধ-শ্লোর সহ পর্য্যায়ক্রমে)।

ক্যাক্স-স্ফোর:—<u>অগুকোষের শোথ</u> (ক্যাক্ষ ফস)। অন্তবৃদ্ধি। কুরগু।

নেটু মা মিউর।—অণ্ডের শোথ বা উহাতে জল সঞ্চয়; অণ্ডকোষ ও রেতঃরজ্জুর অভিশয় স্পর্শান্তভংত।; অণ্ডে অবিরাম মৃহ বেদনা; অণ্ড-কোষে হন্দম্য কণ্ড্ন। মাণপুরের (নাভীর নিয়বতী রোমার্ভ স্থান) রোম পতন।

Tongue and Taste—জিহ্বা ও আস্বাদন।

(প্রধান প্রধান লক্ষণ)

কালী-মিউর।—জিহ্নার শুষ্কতা এবং উহাতে খেত বা পাংশুটে খেত বর্ণের লেপ, জিহ্নায় পুরু খেতবর্ণের লেপ; জিহ্নার প্রদাহ ও ক্ষীততা।

ক্ষিরম-কস। — মলিন লোহিতবর্ণ সহকারে জিহ্বার প্রদাহ ও ক্ষীততা (কালী মিউরের সহিত পর্যায়ক্রমে ব্যবহার্যা); (জিহ্বার আরক্ততা শ্বীরের কোনও অংশের প্রদাহ জ্ঞাপক)।

কালী-কাস।— জিহবার বাসি সরিষা বাটার ন্যায় বর্ণ বিশিষ্ট ময়লার লেপ; জিহবার অভিশয় শুক্তা, (বিশেষতঃ প্রাতঃকালে) এবং মৃথের অভিশয় বিস্বাদ ও খাসে অভিশয় তুর্গন্ধ। মৃত্ প্রকৃতির ব্যাপক জর কালে জিহবার অভিশয় শুক্তা ও প্রদাহ।

নেটুম-মিউর।—পরিষার আঠা আঠা বা জলবং শ্রেমা দারা আবৃত জিহবা। জিহবার প্রান্তভাগে ফেণিল শ্রেমার কুদ্র কুদ্র বুদুদ। পরিষার আর্দ্র জিহবা; প্রভূত লালাম্রাব।

কালী-সলফ। — পাতবর্ণ, আঠা আঠা শ্লেমা দারা আরত জিহবা; কখন কখন জিহবার প্রাস্তভাগ শ্বেত বর্ণ ময়লার্ত; মুথের বিস্বাদ।

নেট্রন-ফস।—ভিহ্নার মূল দেশে এবং টন্সিলে সরের স্তায় বা সর্ণের স্তায় পীতবর্ণ, আর্দ্র ময়লার লেপ; কখন কথন মুথের অমুস্বাদ।

নেট্রম-সলক।—জিহ্বায় অপরিষ্কার কটাশে সবুজ বা পাংশুটে-সবুজবর্ণের লেপ; জিহ্বা আঠা আঠা; মুথে প্রচুর গাঢ়, আঠা আঠা শ্লেমা; পিতৃস্তাবের বিশৃষ্খলাস্চক মুথের তিক্ত স্বাদ। ক্যাল্ক-ফস।—পুরু, আড়ষ্ট ও অবশ জিহবা (কাদী-মিউর)।
ক্যাল্ক-স্ফোর।—প্রদাহের পর জিহবার কঠিনতা (সিলিশিয়া)
বেদনা বা বেদনাহীনতা সহকারে জিহবার অবদ্বব।

ক্যাল্ম-সলফ।—প্রদাহের পর জিহ্বার পূষ সঞ্চর।

ম্যাতগ্রশিস্থা কস। — শীতবর্ণ, আঠা আঠা লেপারত জিহ্বা, বিশেষতঃ উদর বেদনা অথবা আমাশয়ে (ষ্টমাক) গুরুভার বোধ সহকারে। মন্তব্য।

সাধারণত: জিহ্বার ময়লার বর্ণ দৃষ্টেই ঔষধ নির্বাচন করিতে হয় ; কিন্তু
আমাশয়ের (ইমাক) পুরাতন প্রতিশ্রায় কালে (ক্যাটার) কোনও নৃত্ন
রোগ উপস্থিত হইলে, জিহ্বার এই লেপ দৃষ্টে, উক্ত তরুণ রোগের ঔষধ
ব্যবস্থা করা উচিত নহে।

Tonsilitis — টব্দিলাইটিস — তালুমূল-প্রদাহ।

(ডিফথিরিয়া দ্রস্টবা)

তালুর উভশ্প পার্ষে বাদামের স্থায় যে গ্রন্থি আছে তাহার বেদনা সংযুক্ত ক্ষীততাকে টন্সিলাইটিস্ বলে। ভাল চিকিৎসা না হইলে প্রদাহিত টন্সিলে পূষ জন্মিয়া থাকে। থাকিয়া থাকিয়া গাত করিলে এবং দপ্দপ্কর ও কর্ণ

পর্যান্ত বিস্তৃত বেদনা জন্মিলে উন্সিলে পৃষ জন্মিয়াছে বলিয়া জানিবে।

(চিকিৎসা)

ক্ষিরম-ফ্স। — প্রদাহে জর ও বেদনা থাকিলে প্রারম্ভাবস্থায় এই ঔষধ ঘন ঘন ব্যবহার করা কর্তব্য। উষ্ণ জলের সহিত কিঞ্ছিৎ এই ঔষধ মিশ্রিত করিয়া উহার কুলি করাও বিশেষ উপকারী। কালী-মিউর।—টন্সিলের ক্ষাতত। থাকিলে ফিরম-ফসের পর বাবহার্যা। টন্সিলের উপর খেত বা পাংশুটে বর্ণের দাগ। তরুণ বা প্রাতন তালুম্ল-প্রদাহ। জিহ্বায় খেত ময়লার লেপ।

ক্যাক সলফ।—টন্সিলে পুষ জন্মিলে এই ঔষধ ব্যবস্থেয়।

ক্যান্ধ-ফ্স।—টন্সিলের প্রাতন স্ফীতত। সহকাবে কথন কথন ঢোকগিলিতে অতিশয় কষ্ট। বাবস্থেয় অপর কোনও ঔষধের সহিত প্র্যায়-ক্রমে ব্যবহার্য্য

লেট ম-ফস।—টিলিলেব প্রাত্তগায় (ক্যাটার) সহকারে জিহ্বার মূলদেশে স্বর্ণের প্রায় পীতবর্ণের লেপ।

নেটুম-মিউর।—আলজিজার প্রদাহ সহকারে এই ঔষধের বিশিষ্ট লেপারত জিলা ও জলীয় আবের বিজ্ঞমানতা থাকিলে।

Toothacke — টুংেক, দন্তশূল।

(দন্তোদগম দ্রস্টব্য)

মান্তপ্রশিক্ষা ক্রম।—দন্তশূল সহকারে খননবং বেদনা, উষ্ণ তরল পদার্থ মুখে করিলে বেদনার উপশম. শীতল পদার্থে বৃদ্ধি। অতিশয় অসহ্য বেদনা, স্নায়ু-পথে বেদনার গতি। প্রচাপনে অর্থাৎ চাপিয়া ধরিলে বেদনার উপশম, শীতল বাতাসে বৃদ্ধি।

ফিরম-ক্ষস।—মাড়ির অথবা সায়ুর প্রদাহ জন্ম দস্তশূল। শীতল তরলু পদার্থে অথবা ঠাণ্ডা বিমৃক্ত বায়তে বেদনার উপশ্ম, উত্তাপে বৃদ্ধি। মাড়ির প্রদাহ, আর্ক্ততা ও ক্ষতবং বেদনা। কালী-মিউর।—মাড়ির অথব। গালের ক্ষীততা সহকারে দন্তশূল থাকিলে ক্ষাততা হ্রাস করাইবার জন্ম (ফিরম-ফস সহ পর্যায়ক্রমে)।

কালী-ফস। — সাধবীর পাণ্ডুর ও মানসিক পরিশ্রমে ক্লান্ত রোগীর দন্তশূল। প্রকুলকর ঘটনার বেদনার উপশ্য। দন্তশূল সহকারে সহজেই মাড়ি হইতে রঞ্জ পাত অথবা মাড়িতে উজ্জ্বল লোহিত রেখা পরিদৃট হইলে।

ক্যান্ত্র-ফ্স। ক্ষপ্রপাপ দতে দণ্শূল : এত্র শাত্র দন্তের প্রাপ্তি, দন্তেন্দামে কই রাত্রিত দন্তবেদনার বিদ্ধা

কালী-সলফ। – সন্ধ্যাকালে বা <u>উষ্ণগৃহে দন্তবেদনার বৃদ্ধি;</u> শাতন, বিমৃক্ত বায়ুতে উপশুম।

েনট্ম-মিউর।— দওশ্ল ১৯কারে অনৈচ্ছিক অশ্রণাত বা প্রচুর গালামাব।

ক্যাক্স স্ক্রোর।—দন্তের শিথিলত। সহকারে দন্ত বেদনা। <u>আহাধ্য</u> দ্রবোর সংস্পর্নে দন্তে অভিশয় বেদনা দ্রব্যে।

সিলি শিরা—মাড়িতে ক্ষেটিক জন্মিবার কালে অতিশয় দন্তশূল। আতশয় গভার স্থানের বেদনা, দাঁত ধরিয়া টাানলে বেদনার কতকটা উপশম। রাত্রিতে বেদনার অভিশয় বৃদ্ধি। উষ্ণতা বা ঠাণ্ডা কিছুতেই বেদনার শাস্তি জন্মেনা।

ক্যাল্ক-সল্ফ ।—মাড়ি ইইতে পৃষ্ঞাব ও বেদনা নিবারণে ইহা অবার্থ মহৌষধ।

Tumors and Cancer—টিউমার এণ্ড ক্যান্সার—অর্দু ও দূষিত অর্দু ।

(চিকিৎসা)

কালী-সলফ ।—উপত্তকের (এপিথিলিয়াল) অর্ক্র্ন। ত্তকের
অর্ক্র্দেক্ষত হইতে এই ঔষধের বিশেষত্ব জ্ঞাপক পাতলা পীতবর্ণ পৃষ্প্রাব। আভ্যস্তরিক ও বাহু ব্যবহার্যা।

ক্যাল্ক ফ্লোর ।—স্তনের শক্ত, গ্রন্থিল অর্ক্,দ। বে কোন স্থানের কঠিন স্ফীততা।

কালী-ফস।—অর্ক্ দ হইতে তুর্গন্ধি ও বিবর্ণ প্রাব নিঃসরণ। এই ওষধ ব্যবহার করিলে বেদনার অভিশয় শান্তি জন্মে।

ন্যাট্রম-মিউর।—জিহ্বার নিয়ে কোষল, জলপূর্ণ ক্লীভভা।(রেণুলা)

ফিরম-ফস।—অর্ক্দের বেদনায় অপর কোনও ব্যবস্থেয় ঔষধের সভিত পর্যায়ক্রমে।

ক্যাল্ক-ফস। — গগুমালা ধাত্র ব্যক্তিদিগের শ্র্ন। গলগণ্ড (ব্যাগ)।

সিলিশিয়া ।—গ্রন্থির ক্ষীতভায় প্রজন্মিবার সন্তাবনা হইলে।
জরারুর অর্ধ্ন ।

লেট্র ফস ।—"জিহবার অর্কাদে এই ঔষধে অতিশয় ফল দর্শে।" (ডা: ওয়াকার)।

[ক্যানসার দ্রপ্তব্য]

Ulcers and Ulcerations — অঃলসাস এও অঃলসারেদন্স — ক্ষত ও পৃযস্রাবী ক্ষত

(এবসেস ও একজুডেশন দ্রফীব্য)

কালী মিউর।—কত হইতে গাঢ় খেতবর্ণ ও তন্তময় প্রাব নি:সরণ, জরায়ুর গ্রীবা হইতে পূর্ব্বোক্ত প্রকারের প্রাব করণ। প্রাবের অমূপ-দাহিতা। খেত বা পাংশুটে খেত লেপাবৃত জিহবা।

ফিরম-ফস।—ক্ষত সহকারে হর, প্রদাহ ও বেদনা থাকিলে।

সিলিশিয়া।—হস্ত-পদের গভীর-মূল ক্ষতে অস্থিবেষ্ট আক্রাস্ত হইলে। ক্ষত হইতে পাতলা, পীতবর্ণ চুর্গন্ধ পৃষস্রাব। নালীক্ষত ; গ্রন্থির কঠিন স্ফীততা ও উহাতে পূয সঞ্চয় হইলে অধিক মাত্রায় এই ঔষধ ব্যবহার্য্য। আভ্যন্তরিক ও স্থানিক প্রয়োগও কর্ত্তন্য।

ক্যাল্ক-সলফ।—কত ভকাইয়া গেলেও উহা হইলে আব করণ। সিলিশিয়ার পর ব্যবহার্য। গ্রন্থির বা হস্ত পদের কত হইতে পীতবর্ণ প্যাক্ত আব নি:সরণ। কাঁটা ঘা, পোড়া ঘা প্রভৃতি হইতে পৃয্সাব।

ক্যান্ক-স্থোর ।—অন্থির কত; গাঢ় পীতবর্ণ ও অন্তির খণ্ড সংযুক্ত মাব নিঃসরণ।

ক্যাল্ক-ফ্স।—ক্তে বিশেষতঃ অস্থ্যি ক্তে মধ্যে মধ্যে ব্যবহার করিবে।

নেট্রম-ফ্রন।—পাকস্থনী (ষ্টমাক) বা অন্ত্রের ক্ষত সহকারে অম্ন জনীয় পদার্থ বা কফিচ্পের ভায় মলিন পদার্থ বমন। উপদংশজ ক্ষত, জিহবার সরের ভায় পীত বর্ণের লেপ।

Urinary disorders — মূত্রযতের রোগ।

(বৃক্ক রোগ দ্রফব্য)

(চিকিৎসা)

ফিরম কস — ম্রাশর ব্রভার । ও ম্ত্র-মার্গের সর্বাপ্রবার প্রশানিক লক্ষণেই এই ঔষধ বাবহার্য। শিশুদিগের রাত্রিকালান বিছানায় মত্রহারে। পেশার স্বলভার বশভঃ অবারিত মূর্ত্যার, বিশেষতঃ স্বালাক-দিগের কাসেবার কালে মূর্র নিঃসরণ; প্রদাহ বশতং মত্র রোধ। <u>অধিকক্ষণ</u> মূত্রের পারণের ফলে স্বলি। মূত্র প্রবৃত্তি; প্রচুর মূত্রার।

ক† নি মিউর। — মূত্রাশয় প্রদাহের দিতীয়াবস্থায় ক্ষীততা থাকিলে পুরতেন মত্রাশয় প্রদাহেব প্রধান ঔষধ। মূত্রের সহিত গাড় প্রেতবর্গ শ্লেখা নিঃসংগ। মলিনবর্গ মূত্রত্যাগ মূত্রের সহিত ইউরিক এসিড নিস্ত হয়। যকুতেব ক্রিয়ার স্তর্ভা

ম্যান্থেশিয়া-ফস।—পেশার আক্ষেপ বশতঃ মৃত্ররোধ। শলাকা বা ক্যাথিটার প্রয়োগের পর এরপ অন্তভব যেন পেশা আর সঙ্কৃচিত হয় না। মত্রশিলা অর্থাং পাথরা রোগে অতিশর বেদনা থাকিলে হহা অতিশয় ফলপ্রদ।

কালী কস। — মৃত্রাশর-প্রদাহে অতিশয় দৌর্বল্য থাকিলে।
লায়বিক দৌর্বল্য বা পক্ষাঘাতবশতঃ প্রচুর মৃত্রপ্রাব; পুনঃ পুনঃ মৃত্র প্রবৃত্তি। মৃত্রবেগ ধারণে অসমর্থতা, মৃত্র যে স্থানে লাগে সে স্থান হাঁজিয়া যায়। মৃত্রমার্গ হইতে রক্তপ্রাব। পেশীর গুর্বল্ড। বশতঃ শ্যায় মৃত্রত্যার। নেট ্ম-সালফ । – মূত্রে ইষ্টক চূর্ণের স্থায় তলানি। যে পাত্রে মূত্রতাগে করা যায় তাহার পার্শ্বে ও তল-দেশে লিথিক এসিডের তলানি পরিদৃষ্ট হয়। বাত বা শৈত্রিক লক্ষণ সহকারে প্রগাঢ় বর্ণ মূত্রতাগে।

ক্যাল্ক ফস। — মূএ শারী বা ফল্ফেটিক অধঃক্ষেপ (ভলানি)
বিশিষ্ট মূত। নেউম সলফেব সভিত পর্যাহক্রমে বা তৎপর ব্যবহার করিলে
পাগরীব পুনকংপাতা নৰারিত হয়। ন্তে স্তবং অধঃক্ষেপ, মূত্রের সহিত
ভক্ত প্রাব (নেউম সলফেও ব্যবহৃত হয়। বুদ্দিগের অবাত্ত মূত্রাব।

ক্যাল ক সলফ।—মূত্রাশয় প্রদাহে পূ্য নি:স্ত হইলে।

েনট ্ম ফস । —শিশুদিগের অবারিত মূত্রত্যাগ বিশেষতঃ অন্ধ বা কুমির লক্ষণ বিভ্যমান থাকিলে। বুব্ধকে (কিড্নি) অশারীর উৎপত্তি। আমবাত সহকারে মলিন লোহিত রক্তপ্রাব।

েন্ট্রম মিউর।—এই ঔষধের অভাত লক্ষণের বিছমানত। সহ প্রচর মূত্রভাগেঃ

Uterus, Diseases of — জরায়ুর বেগগ।

[ডিসমেনোরিয়া, লিউকোরিয়া, মিট্রাইটিস এবং গর্ভ ও প্রসব বেদনা দ্রফীব্য]

ফিরুম ফস।—জরায়ুর সর্বপ্রকার প্রাদাহিক রোগের প্রথমা-বস্থায় গাত্রোজাপ, বেদনা ও রক্তসঞ্চয়ের জন্ম ব্যবহৃত হয়। রতিক্রিয়ার পর যোনিতে বেদনা। যোনির অতিশয় শুক্ষতা ও স্পর্শাসহতা। উষ্ণ জলের সহিত কিঞ্চিৎ এই ঔষধ মিশ্রিত করিয়া পিচকারী প্রদানও উপকারী। কালী-মিউর।—প্রদাহের দিঙীয়াবস্থায় রস শক্তি হইলে। জরায়ু গ্রীবায় ক্ষত ও উহা হইতে গাঢ়, খেত ও অমুপদাহকর প্রাব নি:সরণ। জরায়ুর প্রাতন রক্ত সঞ্চয়। জরায়ুর বির্দ্ধি, কিন্তু উহার প্রস্তারের ন্তায় কঠিনতা না থাকিলে এই ঔষধ ব্যবস্থেয়।

কালী-ফস।—জরায় হইতে পাতলা, গাঢ় লোহিত বা রুঞ্চাভ-লোহিত রক্তপ্রাব। জরায়ুর স্থান-চ্যুতি ও তৎসহ স্নায়বীয় লক্ষণের বিশ্বমানতা।

ক্যাল্ক-ফ্রোর ।—জরায়র স্থান চ্যুতির ইহা সর্বপ্রধান ওরধ।
উক্তে, জরায়ু প্রদেশে এবং কটিতে আকর্ষণবং বেদনা। জনন-যন্তের
হর্ষালভা সহ অভিশয় সঙ্গমেক্তা। জরায়ুর বিবৃদ্ধি ও প্রস্তরের ন্তায় কাঠিন্ত (কালী-মিউরের সহিত পর্যায়ক্রমে)। জরায়ু গ্রীবায় ছিন্নভা ও নিমগ্রভা।

ক্যাল্ক-ফস।—জরাষ্র স্থানন্ত তা সহ হর্মণতা ও নিমগ্রতা অমূভব। আমবাতিক বেদনা সহ জরাষ্র স্থান-বিচ্যুতি। জরাষ্-প্রদেশে হর্মণতা ও অস্বছন্দতা। জরাষ্র সকল প্রকার রোগেই এই ঔষধ মধ্যে মধ্যে ব্যবহার করা কর্ত্ব্য।

Vaccination — ভ্যাক্সিনেশন, টিকা দেওয়া।

খারাপ বীঞ্চে টিকা দেওরার জন্ত বদি কোন প্রকার শীড়া, বিশেষতঃ একজিমা অর্থাৎ কণ্ডু জন্মে তবে কানী-বিউর ৩× প্রধান ও স্থানিন্দিভ শ্বরধা ইহার পর প্রবোজন বোধ করিলে সিলিপিয়া দিবে।

Vertigo — ভার্টিগো---শিরোঘূর্ণন।

সায়বিক দৌর্বল্য, অগ্নিমান্য (ডিস্পেপশিগ্না) এবং মন্তিক্ষ, হুৎপিও ও বৃককের পীড়া হইতে শিরোঘূর্ণন উৎপন্ন হইয়া পাকে।

(চিকিৎসা)

ক্ষিব্রম-কস।—মন্তকে রক্তের প্রধাবনবশতঃ দপ দপ কর বেদনা ও মুখমগুলের আরক্ততা সহ শিরোঘূর্ণন ক্ষান্মিলে এই ঔষধ ফলপ্রদ।

কালী-ফস ।— হুর্বলত। বা স্নায়বিক কারণে উৎপন্ন শিরোঘূর্ণন। উত্থানে এবং উপরেব দিকে তাকাইলে শিরোঘূর্ণনের বৃদ্ধি।

লেট্রম-সলক।—পিতত্মাবের বিশৃঙ্খলা হেতু শিরোঘূর্ণন। পীত মলাবৃতজ্বিতা এবং মুখের তিক্তস্বাদ। অত্যধিক পিত্ত নি:সরণ।

েনট্রম-ফস।—পরিপাকের বিশৃশুলা সহকারে শিরোঘূর্ণন।
অন্নলকণের বিভ্যানতা।

Vomitting — ভমিটিং — বমন।

অজার্ণ, পচা বা গুরুপাক দ্রব্য ভোজন, অতিভোজন, গভ, মন্তিষ্ক বা সায়ুমগুলের পীড়া, পাকস্থলাতে ক্ষত, গর্ভ ও জরাদি বমনের প্রধান কারণ। আনেক সময় বমন দ্বারা বিশেষ উপশমই জন্মে। কিন্তু বমন দ্বারা উপশম না জন্মিলে রোগ উৎকট বা উপদর্গ সংস্কুত মনে করিবে।

(চিকিৎসা)

ফিরম ফস।— জণ্রিপাচিত ভুক্ত দ্রব্য, কখন কখন বা উহার সহিত অন্ন জলীয় পদার্থ ব্যন (নেট্র্যফ্স, নেট্র্য মিউর); উজ্জ্বল লোহিত রক্ত ব্যন, এই রক্ষ সহজেই ও নাঘুই জ্যাট হয়।

কালী মিউর।—গাঢ় খেত শ্লেমা, অপবা মলিন ব। প্রায় ক্ষেত্রণ ৫ শেছত ও সংযত রক্ত বমন।

নেট্র-মিউর।—অম জলীয় পদার্থ বমন; স্বচ্ছ, জলবং শ্লেমা বমন; মুখ হইতে জল উঠা ও উহার সহিত প্রায়ই কোঁচকাঠিয়।

কালী ফ্রন। - কফিচুর্ণের গ্রায় ক্রম্পর্বণ পদার্থ বমন।

েন ট্রম-ফস।—অমু জলবং পদার্থ, অথবা ছানা বা দধির ভায় পদার্থ বমন। জিহবার মূল-দেশেব বর্ণ দ্রষ্টব্য।

সেট্ মা-সালাক।—পিত বা পিত সংযুক্ত পদার্থ বমন এবং তৎসহ মুখের ভিক্তস্বাদ।

ক্যাক্স-ফ্রন্স।—পরিপাচিত পদার্থের আচ্যণের অভাব বশত: রাত্রির কোনও নির্দিষ্ট ঘটিকায় বমন; শিশুদিগের প্রতিনিয়ত বমন, বিশেষত: শীতল পানীয় দ্রব্য গ্রহণের পর।

ক্যাল্ক-স্ক্রের ।—অপরিপাচিত ভুক্তদ্রব্য বমন (ফিরম ফলে কোন উপকার না হইলে)।

Writers' cramp — রাইটাস্ ক্র্যাম্প

অতি লেখকদিগের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর পেশীর আক্ষেপ।

(চিকিৎসা)

নেট্রম-ফস।—লিথিবার সময় হাত কাঁপে। হাতে থালধরার স্থায় বেদনা (crampy pain). হস্তাঙ্গুলীর সন্ধিতে আমবাতিক বেদনা : মণিবন্ধে কাল করিয়া নেয় (aching pain).

কালী-মিউর।—লিথিবার সময় হন্তের স্তব্ধতা (hands get stiff).

ম্যাগ-ফস।—ইহা ব্যবহার করিলে এই রোগে বিশেষ স্থফল দর্শে। কালা-ফস ও ম্যাগ-ফস একত্র মিশ্রিত করিয়া ব্যবহার করায় অনেক রোগীতে স্থফল পাওয়া গিয়াছে।

ক্যাত্ম ফস।-মর্ণিবন্ধে ও হস্তাঙ্গুলীতে থালধরার ভায় বেদনা।

Whooping cough—হিপিৎ কঃফ হুপশক্তক কাসি।

ইহা একপ্রকার আক্ষেপিক কাস। বায়ুনলীভূজ (ব্রহ্মিরল টিউব) এবং এপিমোটিসের সংযোজক ভদ্ধর অভ্যস্তরে সৌত্রিক (ফাইব্রিণ) এবং অসাস্থ অর্গানিক পদার্থ সঞ্চিত হইলে উক্ত স্থানের স্ফীততা জন্মিয়া থাকে। এই স্ফীততা বশতঃ উক্ত স্থানের স্মায়ুর উপর চাপ লাগিয়া স্নায়ুর পরিপোষণের ব্যাঘাত জন্মাইয়া উহার ম্যায়েশিয়া-ফ্য এবং ক্যান্থেরিয়া ফ্য নামক উপাদান ছয়ের স্বল্পতা ঘটাইয়া থাকে। এই তৃই পদার্থের স্বল্পতা নিবন্ধন তথাকার পেশা-স্ত্র সকলের সঙ্কোচন জ্বিয়া আক্ষেপিক কাস উপস্থিত হইয়া থাকে।

শিশুদিগেরই এই রোগ সচরাচর জনিয়া থাকে। ইহা স্পর্শ-সংক্রামক ও বহুব্যাপক। কথন কথন সামান্তরপে এবং কথন কথন বা গুরুতর ও মারাত্মকরপে এই রোগ প্রাহৃত্ ও হইয়া থাকে। স্কুত্ব ও সবল বালকদিগের পক্ষে সময়ে সাংঘাতিক হইয়া উঠে। ইহাতে স্বরভঙ্গ ও আক্ষেপিক কাস থাকে। এক সপ্তাহের মধ্যে এই প্রকার কাসের ভবুতা এত বৃদ্ধি পায় য়ে, কাসের আবেশ কালে বালকের মুখমগুল রক্ত বা বেগুণী বর্ণ হইয়া উঠে। এবং মনে হয় য়েন কাসিতে কাসিতে শ্বাসরোধ কশতঃ বালকের মৃত্যু ঘটবে। এইরূপ কাসিতে কাসিতে শুসফুসের অভ্যন্তরন্থ সমস্ত বায়্ বাহির হইয়া গেলে রোগী দীর্ঘ নিঃশ্বাস গ্রহণ করে ও তাহাতে "হুপ" এইরূপ শক্ষ হয়। এজনা এই কাসকে হুপ শক্ষক বা হুপিং কাসি বলে।

(চিকিৎসা)

কালী মিউর।—খেত লোবৃত জিহ্বাসহ গাঢ়, খেতবর্ণ শ্লেমা নিষ্ঠাবিত হইলে ইহা প্রধান ঔষধ। ছপিং কঃফের স্থায় আক্ষেপিক কাসি। ম্যাভ্রেশিরা ফ্রস।—ছপিং কাসের আবেশের পর ব্যবহার্য। তরুণ রোগে উষ্ণ জলের সহিত দৃঢ়তার সহিত এই ঔষধ কিছু দিন ব্যবহার করিলে চমৎকার ফল পাওয়া যায়। পুরাতন ছপিংকঃফ (কালী-মিউরের সহিত পর্যায়ক্রমে)।

কালী ফস ।—অভিশয় হৰ্মলতা বা সায়বীয় লক্ষণ বিভ্যমান থাকিলে এই ঔষধ মধ্যে মধ্যে ব্যবহাৰ্য্য।

ফিরম-ফস।—জর থাকিলে বা কাসিতে কাসিতে রক্ত বমন হইলে এই ঔষধ ব্যবহার্যা।

কালী-সলফ।—এই ওয়ধের বিশেষত্ব জ্ঞাপক শ্লেমা নিষ্ঠীবন সংযুক্ত হুপিংকফ।

নেট্রম-মিউর ।—এই ঔষধের বিশেষত্ব জ্ঞাপক গ্লেগ্না বিশ্বমান থাকিলে

ক্যাল্ক ফ্স।—ম্যাগ্রেশিয়া-ফ্সের পর, অথবা ছরারোগ্য রোগে ব্যবহার্য্য।

Worms — ওয়ারম্স, কৃমি।

চিকিৎসা

নেট্রম-ফস। সর্বপ্রকার ক্রমিরই ইহা প্রধান ঔষধ। শিশুদিগের
অম লক্ষণসহ উদর বেদনা, নাক খুঁটা, গুগুদার কণ্ড্রম, অস্থির নিদ্রা বা
নিদ্রাকালে দস্তে দস্তে সংঘর্ষণ প্রভৃতি ক্রমি-লক্ষণের বিজ্ঞানতা। এই
ঔষধের ৩× ক্রমের বিচুর্ণন দৃঢ়ভার সহিত বাবহার করিলে নিশ্চিতরূপে
স্কল পাওয়। যায়। স্ত্র ক্রমিতে অদ্ধি পাইণ্ট গরম জলের সহিত কিছু
অধিক পরিমাণ এই ঔষধ মিশ্রিত করিয়া পিকচারা দিবে।

ক্যান্ত্র স্ক্রোর।—অশবশতঃ গুহুদ্বার কণ্ডুয়ন। অনেক সময় এই প্রকার কণ্ডুয়ন ক্রিমি জন্ম বলিয়া ভ্রম হয়। ছোট বড় সব রক্ম ক্রমিতেই ইহা ফলপ্রদ। রাত্রে মলদার কণ্ডুয়ন। দাঁত কড়মড়ি।

কালীমিউর ।—কুদ্র, খেতবর্ণ স্ত্রয়নি সহকারে গুহুদার কণ্ডুমন। খেত লেপাবৃত জিহুবা। গুটে-ফসের সহিত প্যায়ক্রমে।

ক্সিরম-কস।—মলের সহিত অপারপাচিত ভূক্ত দ্রব্য ও ক্লামর বিভাষানতা। ক্লমির লক্ষণের পহিত জ্বর থাকিলে। স্ত্র-ক্লমি।

সমাপ্ত

পরিশিষ্ট

এলোপ্যাথিক চিকিৎসার ফলাফল সম্বন্ধে কতিপয় অভিজ্ঞ চিকিৎসকের অভিমত

' (বাবু রাখালচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এল ক্বড 'জল চিকিৎসা' গ্রন্থ হইতে উদ্ধৃত)

- (1) I declare as my conscientious conviction, founded on long experience, that if there was not a single physician, surgeon, man-midwife, chemist, apothecary, druggist, nor drug on the face of the earth, there would be less sickness and less mortality, than now prevail'—James, Johnson M. D., F. R. S., Editor of Medico-Chirurgical Review. অর্থাৎ—"বছদিনের অভিজ্ঞভার ফলে আমার বিবেক-প্রণাদিত এই দৃঢ় বিশ্বাস ক্ষায়াছে বে, যদি পৃথিবীতে একটাও চিকিৎসক, সার্জন (অন্ত বিদ্যা বিশারদ). ধাত্রী, রসায়ণ শাস্ত্রবিদ্ পণ্ডিত, ঔষধ প্রস্তভকারী এবং ঔষধ বিক্রেভা না থাকিত বা আদপেই ঔষধের সৃষ্টি না হইত, ভাহা হইলে পৃথিবীতে বর্ত্তমান কালাপেকা রোগও অনেক কম হইত এবং মৃত্যু সংখ্যাও এত বেশী হইত না।'—ক্ষেমদ্ জনসদ্ এম, ডি; এফ আর এদ্ (মেডিকো চিরারজিক্যাল্ রিভিউ নামক সংবাদ পত্রের সম্পাদক)।
- (2) "I can not answer to my conscience to withhold the acknowledgment to my firm belief, that the medical profession (with its prevailing mode of practice) is productive of vastly more evil than good, and were it

ab-olutely abolished, mankind would be infinitely gainer"—Francis Goggswell M. D. of Oston B. বঙ্গান্থবাদ—"আমার দৃঢ় বিশ্বাস এই যে, বর্তুমান কালের প্রচলিত চিকিৎসাপদ্ধতি জনসাধারণের উপকারাপেক্ষা প্রভূত পরিমাণে অপকারই সাধন করিতেছে। অধিকন্ত, এইরূপ চিকিৎসা-পদ্ধতি একেবারে না থাকিলেই মানব জাতির প্রভূত কল্যাণ হইত। আমার এই নিশ্চিত ধারণা জনসমাজে ব্যক্ত না করিলে আমি আমার বিবেকের নিকট নিশ্চরই অপরাধী হইতাম।" ফ্রানসিদ্ গগ্সুওয়েল এম্, ডি অব অস্টন্ বি।

- (3) 'Our actual information or knowledge of disease does not increase in proportion to our experimental practice. Every dose of medicine given is a blind experiment on the vitality of the patient." Dr. Bosteck, Author of "The History of Medicine." অর্থাৎ "আমাদের এই পরীক্ষা-মূলক চিকিৎসা-প্রণালীর পসার বৃদ্ধির অন্থপাতে রোগ সম্বন্ধে আমাদের বাস্তব জ্ঞান বা অভিজ্ঞতার বৃদ্ধি একেবারেই হয় না। প্রত্যেক শুষধের মাত্রা, নাহা আমরা রোগী বিশেষকে দিয়া থাকি—তাহা সেই রোগার জাবনী-শক্তির উপর সম্পূর্ণ অন্ধভাবের পরীক্ষা ভিন্ন আর কিছুই নহে।' ডাঃ বোস্টক্, 'দি হিষ্টুরি অব্ মেডিসিন' অর্থাৎ "শুষধের ইতিহাস" নামক গ্রন্থের প্রণেতা।
- (4) "Let us no longer wonder at the lamentable want of success which marks our practice, when there is scarcely a sound physiological principle among us. I hesitate not to declare, no matter how sorely I shall wound our vanity, that so gross is our ignorance of the real nature of the physiological disorder called disease, that it would purhaps be better to resign the complaint

into the hands of Nature, than to act, as we are frequently complled to do, without knowing the why and wherefore of our conduct, at the obvious risk of hastening the end of the patient."-M Magendie, an eminent French Physiologist and Pathologist.—খাতনাম ফরাসী শরীর-বিজ্ঞান ভত্তবিৎ ও নিদান ভত্তবিৎ পণ্ডিত এম, ম্যাগেণ্ডাই বলেন—'যে কেত শ্রাধ বিজ্ঞান সম্বন্ধে আমাদের অভান্ত জ্ঞান নাই ধলিলেই চলে.— সে ক্ষেত্রে চিকিৎসা-ব্যবসায় ব্যাপারে আমাদের ঘোর অক্তবার্যান্ডা কিছুই আশ্চর্যোর বিষয় নহে। আমি ইঙা নিঃসঙ্কোচে ব্যক্ত করিভেছি যে. শারীরিক বিক্রতি ও তাহার প্রকৃত তত্ত্ব সম্বন্ধে আমাদের অজ্ঞতা এত বেশা (যদি ও এই স্বাকারোক্তি আমাদের রথাগর্কের থর্কতা সূচক) যে. বোগীকে আমাদের নিজ হল্তে না রাখিয়া স্বভাবের হল্তে গ্রন্ত করিলেই অনেকাংশে ভাল হয়। আমরা আমাদের কায়োর ভবিষ্যৎ ভালমন্দ কিছুমাত্র বিচার-বিবেচনা না করিলা যে সমস্ত কার্যা করিতে বাধ হই, ভাহার অন্যবহিত ফল, খুবই সম্ভবতঃ, অপেক্ষাকৃত স্বল্প সময়ের মধ্যেই রোগীর প্রাণবায়ু বহির্গত করিয়া দেওয়া ভিন্ন আর কিছুই নহে।"

(5) Assuredly the uncertain and most unsatisfactory art, that we call medical science is no science at all, but a jumble of inconsistent opinions, of conclusions hastily and often incorrectly drawn of facts misunderstood or perverted, of comparisons without analogy, of hypotheses without reason and theories not only useless but dangerous."—Dr. Frank, European author and practitioner.—ইউরোপের খ্যাতনাম চিকিৎসক ও গ্রন্থকার ডাজার ফ্র্যান্ধ বলেন,—"চিকিৎসা নামে বে এক অতীব অনিশ্চিত ও অতীব অসম্ভোষ-ক্ষমক বিজ্ঞান আছে, তাহাকে কোনও প্রকারেই 'বিজ্ঞান' নামে অভিহিত

করা চলে না। যে হেডু ইহার মধ্যে আমরা দেখিতে পাই কডকগুলি অসামশ্বস্থ পূর্ণ মতের সমষ্টি, কডকগুলি অপরিণত ও ভ্রান্তিমৃলক সিদ্ধান্ত, কডকগুলি ঘটনা যাহার সভাতা উপলব্ধি হয় নাই, বা যাহার বিরুতার্থ করা হইয়াছে এবং যাহাকে সাদৃশ্রশ্ব্য উপমা, প্রমাণবিহীন করনা এবং অসার বিপদ সন্তুল মতবাদ ব্যতীত আর কোন নামে অভিহিত করা চলে না।"

(6) "It cannot be denied that the present system of medicine is a burning shame to its professors, if indeed a series of vague and uncertain incongruities deserves to be called by that name. How rarely do our medicine do good! How often do they make our patients really worse! I fearlessly assert that, in most cases the sufferer would be safer without a physician than with one." Dr. Ramage, Fellow of the Royal College, London—লগুনের রবেল কলেনের ফেলো ভাক্তার র্যামেজ বলেন:--অধুনাতন প্রচলিত চিকিৎসা-প্রণালীকে চিকিৎসা-প্রণালী বলিয়া অভিহিত করা যাইতে পারে কিনা, সে বিষয়ে ঘোরতর সন্দেহ আছে। কারণ, এইরপ চিকিৎসা পদ্ধতি কেবল মাত্র কতকগুলি অনিশ্চিত, অসম্ভব ও অনিদ্ধির মভামতের উপর প্রতিষ্ঠিত। স্মার বাঁহার। এইরপ চিকিৎসা-প্রণালীর মতামুবত্তী চিকিৎসা করেন, তাঁহাদের পক্ষেত্ত ইহা এক মহা শক্জাজনক ব্যাপার ভিন্ন আর কিছুই নহে। আমরা যে সকল ঔষধ বাৰহার করি, ভদারা কদাচিৎ রোগীর উপকার হয়। বরং অধিকাংশ স্থলেই এই সমস্ত ঔষধ রোগীর অবস্থা অপেক্ষাকৃত থারাপ করিয়া তোলে। আমি সম্পূর্ণ নিভীকচিত্তে এ কথা বলিতে পারি বে, চিকিৎসকের সাহায্য ব্যভিরেকে বিনা চিকিৎসায়ই রোগীর অবস্থা অনেক নিরাপদ থাকে।"

⁽⁷⁾ Dissections daily convince us of our ignorance

⁽⁷⁾ Dissections daily convince us of our ignorance of disease, and cause us to blush at our prescriptions.

What mischief have we not done, under the belief of false facts and false thories! We have assisted in multiplying diseases. We have done worse—we have increased their fatality."—Benjamin Rush M. D., Formerly Professor First Medical College, Philadelphia. ফিলাডেলফিয়ার ফাষ্ট মেডিকেল কলেজের পূর্বতন প্রফেসার বেঞ্জামিন রাশ্ এম, ডি বলেন:—"রোগের কারণ নির্ণয় সম্বন্ধে আমরা কতদ্র অজ্ঞ, তাহা শব-ব্যবচ্ছেদ ক্রিয়া হইতে আমরা প্রত্যহ উপলব্ধি করিতে পারিছেছি। সেই অজ্ঞতার কথা ভাবিলে লজ্জায় আমাদের মস্তক অবনত হয়। কতকগুলি ল্রাস্থ ও অমূলক ভিত্তির উপর আস্থা স্থাপন করিয়া আমরা জগতের কতই না অনিষ্ট সাধন করিছেছি! রোগের সংখ্যার্দ্ধি ব্যাপারে আমরা সহায়তাই করিয়া থাকি। আর শুধু তাহাই নহে,—বে সমূদয়

রোগ প্রাণ হানি করিয়া থাকে আমরা তাহারও সংখ্যা রৃদ্ধি করিতেছি।"

নাই যাহা লোকের মনে এই বিশাস জন্মাইতে পারে।"

(9) "I have no faith whatever in medicine."—Dr. Baillie of London. লগুনের ডাক্তার বেলি বলেন,— 'গুষধের উপর আমার কিছুমাত্র আস্থা নাই।"

^{(8) &}quot;The medical practice of our day is at the best a most uncertain and unsatisfactory system; it has neither philosophy nor common sense to commend it to confidenc."—Prof. Evans, Fellow of the Royal College, London.—লগুন বয়েল কলেজের ফেলো, প্রফেসার ইভান্স বলেন:—
"বর্ত্তমান কালে আমাদের মধ্যে যে চিকিৎসা-পদ্ধতি প্রচলিত আছে তাহা অতীব অনিশ্চিত ও অসস্তোষজনক বৃত্তি ব্যতীত আর কিছুই নহে।
বিজ্ঞান বা সাধারণ জ্ঞান বাহাই কেন বলুন না, ইহার মধ্যে এমন কিছুই

- (10) "The vital effects of medicine are very little understood. It is a term used to cover our ignorance. Prof. E. H. David M. D., New York Medical College. নিউ ইয়ৰ্ক মেডিকেল কলেজের প্রফেলার ডা: ই, এইচ, ডেভিড বলেন—"ঔষধেৰ জীবনী-শক্তি দিবার ক্ষমতা আছে কিনা, তাহা আমরা বৃঝি না বলিলেই হয়। ঔষধ বলিয়া একটা নাম যে আমরা ব্যবহার করি তাহা কেবল আমাদেব অক্তভাকে লুকাইয়া রাখিবার জন্ত।"
- (11) In their zeal to do good, physicians have done much harm. They have burried many to the grave, who would have recovered, if left to Nature. All our curative agents are poisons and as a consequence, every dose diminishes the patient's vitality."—Prof. Alonzo Clark M. D.—প্রফেসার এলোঞ্জো ক্লাক এম্ ডি বলেম,—'রোগারোগ্য করিতে গিয়া চিকিৎসকগণ অধিকতর অপকার সাধনই করিয়া থাকেন। অনেক সময় এমন সব রোগী থাকে, যাহাদিগকে স্বভাবের উপর ফেলিয়া রাখিলে বোধ হয় বাঁচিতে পারিত কিন্তু চিকিৎসকেব হন্তে পড়িয়া অকালে কালগ্রাদে পতিত হয়। রোগারোগ্যের উদ্দেশ্যে 'ঔষধ' বলিয়া আমরা যে সব জিনিষ ব্যবহার করি, সেগুলি সকলই 'বিষ' এবং ভাহার প্রভাক মাত্রাই রোগীর জীবনী-শক্তি হ্রাস করাইয়া দেয়।"
- (12)"It is also taught in all their books and schools, that disease is an entity, a thing foreign to the living organism and an enemy to the life-principle. The truth is exactly the contrary. Disease is the life-principle itself at war with an enemy. It is the defender and protector of the living organism. It is a process of

purification. It is an effort to remove foreign and offensive materials from the system and to repair the damages the vital machinery has sustained. remedial effort. Disease is therefore, not a foc to be subdued or cured, or killed but a friendly office to be directed and regulated and every attempt to cure disease with drug poisons is nothing more nor less than a war on the human constitution. The treatment of disease with drugs, ever was, now is and always must be uncertain and dangerous experimentation. It never was and never can be reduced to reliable practical rules.'—(The Principle of Disease as curative crises-by Dr. Trall M. D., the well known Physiologist. —প্রানিরভন্তবিৎ ডা: ট্রল এম. ডি তাঁগার গ্রন্থে লিখিয়াছেন যে,-----"সমুদ্য ডাক্তারী পুস্তকে ও চিকিৎসা-বিদ্যালরে শিক্ষা দেওয়া হয় যে, 'রোগ' অর্থে এমন একটা জিনিষ, যাহা জাব-দেহ হইতে সম্পূৰ্ণ স্বতম্ত্ৰ এবং যাহ। প্ৰাণী দেহের শক্র বিশেষ। কিন্তু প্রকৃত প্রস্তাবে এ কথা মোটেই সতা নহে। রোগ অর্থে,--আমাদের শরীরের অভান্তরত্ব এমন একটী আভান্তরিক বুতি যাহার কার্য্য অপর একটী শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করা। রোগই আমাদের এই জীব-দেহের রক্ষাকর্ত। ও পালনকর্তা। শারীরিক বৃত্তিগুলিকে বিশুদ্ধ করাই হইল রোগের কার্যা। রোগের কার্যাই হইল আমাদের দেহ হইতে দ্বিত অনাবশ্রক পদার্থকে বহির্গত করিয়া দেওয়া এবং আমাদের ভগ্নস্বাস্থ্য মেরামত করা! রোগের অর্থ ই হইল দেহের ক্ষতি থেসারতের প্রতিকার। স্থাতরাং, ব্যাধি বলিলে আমাদের এরপ বুঝা উচিৎ নয় যে, উহা আমাদের একটা পরম শক্র যাহাকে হত্যা বা দমন করিতে হইবে। পক্ষাস্তরে, রোগ আমাদের শরীরের বন্ধ বিশেষ যাহার কার্যাকলাপ সংযত ও ঠিকভাবে

পরিচালিত করিতে হইবে মাত্র। এজন্ত বিষক্ত ঔষধ দারা রোগের প্রতিকার করিবার চেষ্টা মহন্য দেহের সহিত যুদ্ধে প্রবৃত্ত হওয়া ব্যতীত আর কিছুই নহে। বিষক্তে ঔষধ দারা রোগোপশম করিবার উল্লোগ ভূত, ভবিষাৎ ও বর্ত্ত মানকালে একই প্রকার অনিশিত বিপদ সমূল পরীক্ষার কার্য্য মাত্র। এরপ চিকিৎসা-প্রণালী বিশ্বাস বোগ্য ও কার্য্যকরী নিয়মের দারা কথনও বিধিবদ্ধ হয় নাই এবং ভবিষ্যতেও হইবার নহে।"

(১৩) অপর একজন বিশ্ববিখ্যাত ডাক্তার এই অভিমত প্রকাশ করিয়াছেন বে, বর্ত্ত মানে প্রচলিত চিকিৎসা বিষয়ক গ্রন্থগুলি যদি জলে ফেলিয়া দেওয়া যায় তবে মানবজাতির প্রভূত মঙ্গলই সাধিত হইবে সন্দেহ নাই কিন্তু ইহাতে হয় তো জলচর জন্তুগুলির ক্ষতি হইতে পারে।

অনাবশ্যক বোধে আমরা অপরাপর ডাক্তারগণের উক্তি উদ্ভূত. করিতে বিরত রহিলাম।

ডাঃ নৃপেজ্রচন্দ্র রায় এম-ডি, বি-এইচ্-এস্ কৃত পুস্তকাবলী

১। হোমিওপ্যাথিক সরল গৃহ-চিকিৎসা— (বছলরপে পরিবদ্ধিত ৩য় সংস্করণ); এই সংস্করণের পরিশিষ্টে "ভৈষজা-রত্নাবলী" নামে ৬০টা সর্বাদা ব্যবহার্য্য হোমিওপ্যাথিক ঔষধের প্রধান প্রধান ও পরিচালক লক্ষণ সন্নিবেশিত করা হইয়ছে। ইছাতে ঔষধ নির্বাচনে পাঠক-পাঠিকাগণের পক্ষে বিশেষ স্থবিধা হইবে। এই গ্রন্থে যাবতীয় রোগের কারণ, লক্ষণ, হোমিওপ্যাথিক চিকিৎসা ও পথ্যাদি বহু জ্ঞাতব্য বিষয় বিষদভাবে বণিত হইয়ছে। এওয়াতীত বহু রোগের টোট্কানট্কা, মৃষ্টিযোগ এবং বিনা ঔষধে রোগ আরোগ্যের কৌশলও এই গ্রন্থে বাণত হইয়ছে।

এই গ্রন্থ সম্বন্ধে **প্রধান প্রধান সংবাদ পত্তের মন্তব্য** নিমে উদ্ধৃত হইল—

বঙ্গবাসী:—গ্রন্থকারের নাম চিকিৎসা-জগতে স্থপরিচিত। আলোচ্য গ্রন্থথানি হোমিওপ্যাথি সংক্রাস্ত। ইহাতে নানা রোগের কারণ, লক্ষণ, হোমিওপ্যাথিক চিকিৎসা ও পথ্যাদি এবং বহু জ্ঞাতব্য বিষয় বিশদভাবে বির্ত্ত করিবার প্রশ্নাস আছে। গ্রন্থকার ইহাতে কৃতিত্ব দেখাইয়াছেন। এতদ্বাতীত, বহু টোট্কা-নাট্কা, মৃষ্টিযোগ এবং বিনাওবধে রোগ আরোগ্যের কৌশলও এই গ্রন্থে লিখিত আছে। পুস্তকের ভাষা সরল। এ গ্রন্থ চিকিৎসক ও গৃহস্থ উভয়েরই উপকারক। হিতবাদী: —পৃস্তকের উদ্দেশ্য ও প্রয়েঞ্জনীয়তা নামেই প্রকাশ পাইতেছে। এ পৃস্তক দারা গৃহস্থগণ বিশেষ উপকার পাইবেন; পৃস্তকের ভাষা সরল।

The Herald:—We have seen a copy of the above book by Dr. Nripendra Chandra Roy, Lecturer of Materia Medica & Practice of Medecine at the Dacca Homoeopathic College of Physicians & Surgeons. The book contains an exhaustive dealing of the cause, symptoms and treatment of female diseases & diseases of children. The book will no doubt be of good service to all householders. The price of the book is moderate. The get up is good & language lucid.

- ২। পুরাতন রোগ (হানিম্যানের ক্রণিক ডিজিজের বঙ্গান্থবাদ) (২য় সংস্করণ) যন্ত্রস্থা মূল্য ॥০।

 - ৪। কালাজ্বর ও উহার হোমিওপ্যাথিক চিকিৎসা (২র সংকরণ); মূল্য ॥ ।।
 - ৫। বাইওকেমিক রিপার্টরা (২য় সংস্করণ); ম্ল্য ১॥०।
 - ৬। বাইওকেমিক সরল গৃহ চিকিৎসা (২য় সংস্করণ); মূল্য ৮০ আনা।

৭। বাইওকেমিক ভৈষজ্যতত্ত্ব ও চিকিৎসা প্রদর্শিকা (৭ম সংস্করণ) প্রায় ৫০০ পৃষ্ঠা ; উৎকৃষ্ট বাধাই ; মূল্য ৩ টাকা মাত্র। এই গ্রন্থ সম্বন্ধে The East Bengal Times বলেন—

That this book has already undergone half a dozen more editions is the proof positive of its popularity. Biochemic treatment has more votaries today than it had some years back and as such the need of a book like this which covers the entire range of Materia Medica as well as Practice of medicine can hardly be over estimated. The unique feature lies in the copious illustrations cited from vast and varied experience of the author as a Practitioner with a wide reputation throughout the province. The lucid and simple style of writing has made the book all the more interesting and accessible to all classes of people who would surely welcome the publication as a veritable 'Home Doctor'.

- ৮। উপদেশ-সংগ্রহ (২য় সংস্করণ); ম্ল্য । ০ চারি আনা।
- ১। সাধক-সহচর (যন্ত্রস্ত) মল্য ॥ ০ আনা।

প্রাপ্তিস্থান :—
হোমিও পাবলিশিং হাউস্
২নং ওয়াার খ্লীট, পোঃ উয়ারী
(ঢাকা)